Shri Aswini Kumar Roy : Will the Hon'ble Minister be pleased to *read the statement* because though I have read it but the other members did not read this ?

Shri Gyan Singh Sohanpal : It is a rather a long statement. There is hardly five minutes left now.

Shri Aswini Kumar Roy : In so far as Calcutta Transport is concerned will the Hon'ble Minister be pleased to state whether there is any accountant or not in this Committee ?

Shri Gyan Singh Sohanpal : In so far as Calcutta State Transport is concerned there is one representative from the Accounts.

Shri Aswini Kumar Roy : Will the Hon'ble Minister be pleased to state who is that person — what is his qualification ?

Shri Gyan Singh Sohanpal : The Chief Accounts officer.

Shri Aswini Kumar Roy : Will the Hon'ble Minister be pleased to state whether determining the condemnation the entire body as a whole, i.e., the engine, chassis and the body, is taken into account and then the valuation is determined or the valuation is determined for each component parts, i.e., engine, chasis and the body ?

Shri Gyan Singh Sohanpal : The price is fixed on the basis of depreciated book value of the bus and its scrap value whichever is higher.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে, তৃতীয় এস্টিমেট কমিটির রিপোর্টে আছে যে, এই বাস বস্তুত চালু থাকাকালীন তাকে কমেডমেন্ট বলে বিক্রি করা হয়েছিল। যদি অবগত থাকেন তাহলে সে বিষয়ে এস্টিমেট কমিটির রিপোর্টের ভিত্তিতে কি ব্যবস্থা অবলম্বন করেছেন জানাবেন কি?

Shri Gyan Singh Sohanpal : Perhaps the Honourable Member is aware that there was also a Commission know as Banerjee Commission on the sale of this bus also. It is only after the recommendation of that

commission this Committee has been informed for condemnation.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : স্যর, এই এসেম্বলী সমাকালীন এস্টিমেট কমিটি তৈরী হয়েছিল।

Mr. Speaker : I understand that on the report of the Estimates Committee the Government has appointed that Committee to go into more details.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ এটা তো ওভারঅল ব্যাপারের জন্য। কিন্তু স্যার, এই এস্টিমেটস কমিটি একটি স্পেসিফিক ব্যাপারে বলেছিল এবং একটি বাসের ব্যাপারে অফিসার কনসার্নের নাম করে উল্লেখ করেছিল। এবং সেখানে রেকমেনডেসান ছিল ব্যবস্থা অবলম্বনের জন্য। সে সম্পর্কে কি কোন সিদ্ধান্ত নে নি?

শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ মাননীয় সদস্যা হয়ত খবর রাখেন না, ঐ পার্টিকুলার বাস নিয়েই কমিশন হয়েছিল।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ দু-বর তো হয়ে গেল এস্টিমেটস কমিটি রায় দিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জাবানেন, আর কতদিন বাদে কমিশন রায় দেবেন?

শ্রী জ্ঞানসিং সোহনপাল ঃ রায় অলরেডি বেরিয়ে গেছে এবং এ্যাকসান নেওয়া হয়েছে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ কি অ্যাকশন নেওয়া হয়েছ জানাবেন কি?

Shri Gyan Singh Sohanpal : Suitable action has been taken.

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ ডিসমিস করেছেন, না, সাসপেন্ড করেছেন, না, অন্য কি ডিপার্টমেন্টাল অ্যাকশন নিয়েছেন জানাবেন কি?

Shri Gyan Singh Sohanpal : In some case it will mean dismissal also.

[2-00 —2-10 p.m.]

পুরুলিয়ায় কৃষি গবেষণা কেন্দ্র

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭০।) **শ্রী শরৎচন্দ্র দাস ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,

(১) কানাডার কৃষি বিশেষজ্ঞের একটি দল বিভিন্ন এলাকায় সমীক্ষা করিয়া পার্বত্য স্থানে ফসল উৎপাদনের জন্য পুরুলিয়ায় একটি গবেষণা কেন্দ্র স্থাপনের সুপারিশ করিয়াছিলেন, ও

(২) উক্ত গবেষণা কেন্দ্রটি পশ্চিমবঙ্গে স্থাপন না করিয়া অন্য প্রদেশে করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কি?

শ্রী আনন্দমোহন বিশ্বাস ঃ

(ক) (১) কানাডার এক দল কৃষি বিশেযজ্ঞ ১৯৭৫ সালের ফেব্রুয়ারি মাসে পুরুলিয়া পরিদর্শন করেন। তাহারা পার্বত্য স্থানে ফসল উৎপাদনের জন্য পুরুলিয়ায় গবেষণা কেন্দ্র স্থাপনের কোনও সুপারিশ করেন নাই। তবে শুষ্ক জমি গবেষণার (Dry land Reseach) উপকেন্দ্র স্থাপনে সম্বন্ধে আলোচনা হয় এবং পুরুলিয়াতে এই উপকেন্দ্র স্থাপন হইতে পারে বলিয়া অভিমত প্রকাশ করেন।

(২) সরকার এবিষয়ে অবগত নহেন।

(খ) প্রশ্নই ওঠে না।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন তাদের যাতে করে চাষ হয় তার জন্য একটি গবেষণা কেন্দ্র পুরুলিয়ায় স্থাপন করার সুপারিশ করেছিলেন। এখানে গবেষণা কেন্দ্র কেন স্থাপন করলেন না। এটাতে সরকারের তৎপরতার অভাব আছে কিনা জানাবেন?

শ্রী আনন্দমোহন বিশ্বাস ঃ আমার মূল প্রশ্নের উত্তরে আমি বলেছি। এই ধরনের কানাডার একটা এক্সপার্ট কমিটি তারা ড্রাই ল্যান্ড রিসার্চ সাব-স্টেশন পুরুলিয়ায় খোলা যায় কিনা, তার প্রাথমিক স্তরে একবার পর্যাবেক্ষণ করেছেন। তাদের অভিমত আমি পেয়েছি এখানে উপকেন্দ্র খোলার কোনও পরিকল্পনা নেই।

Held Over Starred Questions
(to which Written Answers were laid on the Table)

স্টেট বাসের আয় বৃদ্ধি

***১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩২০।) শ্রী নিতাইপদ সরকার ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে স্টেট বাসের আয় বৃদ্ধি পাইয়াছে ;

(খ) সত্য হইলে বিগত ১৯৭৩, ১৯৭৪ এবং ১৯৭৫ সালের এই আয়ের পরিমাণ কত ছিল ; এবং

(গ) রাষ্ট্রীয় পরিবহনে অপচয় বন্ধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) রাষ্ট্রীয় পরিবহন (লক্ষ টাকায়)

কর্পোরেশনের নাম	১৯৭৩	১৯৭৪	১৯৭৫
কলকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশন	৪৯০.২৪	৪৮০.৮৬	৫৬৬.৮১
উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশন	২২৯.১৬	২২৩.৮৭	২৫০.৭৮
দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশন	৩২.৯৮	৪২.০৬	৪৭.৯৯

(গ) কলকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনের কার্যাবলী পর্যালোচনা করিয়া উহার সার্বিক উন্নতি বিধানের উপায় নির্ধারণের জন্য সরকার কর্তৃক নিযুক্ত সি. এস. টি. সি. ইনকোয়ারি কমিশন তাহাদের রিপোর্ট পেস করিয়াছেন। কমিশনের সুপারিশগুলি এবং তন্মধ্যে সাধারণ বিষয়গুলি অন্যান্য রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনে প্রয়োগের প্রশ্নটিও সরকারে বিবেচনাধীন আছে। তাছাড়া অপচয় নিবারণের জন্য রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনগুলিও স্বকিয় ব্যবস্থা অবলম্বন করিয়াছেন, যাহাদের মধ্যে আছে—

প্রশাসন ব্যবস্থার উন্নতি ;

বাসে বিশেষ চেকিং প্রথার দ্বারা আয়ের ফাঁকি রোধ ;

তেল, যন্ত্রাংশ ইত্যাদি অপচয় রোধের ব্যবস্থা এবং গাড়ি মেরামতি ও রক্ষণা-বেক্ষণের বিশেষ ব্যবস্থা।

হুগলি জেলায় সিড স্টোর

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৪।) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ কৃষি এবং সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত হুগলি জেলায় কতগুলি সিড স্টোর স্থাপিত হইয়াছে ;

(খ) উহাদের মধ্যে কতগুলি কার্যকর আছে এবং কতগুলি ব্যবহারের সম্পূর্ণ অনুপযুক্ত;

(গ) কতগুলি সিড স্টোর-এর সীমানার মধ্যে কর্মী বা কর্মচারী বাস করেন ; এবং

(ঘ) ১৯৭৫-৭৬ সালে (১০ই ফেব্রুয়ারি পর্যন্ত) হুগলি জেলার সিড স্টোরগুলিতে মোট কত বীজ রাখা হইয়াছিল?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ২৫টি।

(খ) উহাদের মধ্যে ১১টি কাযকর আছে এবং ১৪টি ব্যবহারের অনুপযুক্ত ;

(গ) দারোয়ান ভিন্ন অন্য কোনও কর্মচারী Seed Store-এ বাস করে না।

(ঘ) প্রায় ২০০ মেট্রিক টন।

কলকাতায় ট্যাক্সি বৃদ্ধির পরিকল্পনা

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫২।) শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় ট্যাক্সির মোট সংখ্যা কত ; এবং

(খ) এই সংখ্যা বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কম বেশি ৪,৬০০টি।

(খ) কলকাতা আঞ্চলিক পরিবহন সংস্থা কলকাতা অঞ্চলে ট্যাক্সি সংখ্যা বৃদ্ধির জন্য ট্যাক্সি পারমিট বিলির ব্যাপারে সহজ নীতি অবলম্বন করিয়াছেন। যে কোনও ব্যক্তি ট্যাক্সি পারমিটের জন্য আইনানুগত পদ্ধতিতে দরখাস্ত করিলে ও উপযুক্ত গাড়ি সংগ্রহ করিতে পারিলে তাহাকে ট্যাক্সি পারমিট দেওয়া হইয়া থাকে।

পানীয় জল সরবরাহ প্রকল্প

***১৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১০০২।) **শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার বারাবনী ব্লকের অন্তর্গত জামগ্রাম ও পানুরিয়া অঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য মঞ্জরীকৃত প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু করা হইবে :

(খ) ঐ প্রকল্পের কাজ কবে নাগাদ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) প্রস্তাবিত জলসরবরাহ প্রকল্পটির জন্য মোট কত টাকা মঞ্জুর করা হইয়াছে এবং চলতি আর্থিক বছরের খরচের পরিমাণ কত হইবে ; এবং

(ঘ) ইহা কি সত্য যে, উক্ত জলসরবরাহ প্রকল্পের মূল কার্যালয়ের নিকট অজয় নদের পাশে মনোরম পরিবেশে একটি অতিথিশালা নির্মাণের জন্য সরকার প্রস্তাব গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রাথমিক কাজ শুরু হয়ে গেছে।

(খ) দুই থেকে আড়াই বছরের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(গ) মঞ্জুরীকৃত টাকার পরিমাণ মোট ৫০,৬৮,৫০০ টাকা। চলতি আর্থিক বছরে খরচের পরিমাণ এখনই বলা যাচ্ছে না।

(ঘ) কোনও অতিথিশালা নির্মাণের প্রস্তাব নেই।

কলকাতায় রাষ্ট্রীয় পরিবহন ও কলকাতায় ট্রাম কোম্পানি

***১৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *৩২২।) **শ্রী নিতাইপদ সরকার ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় রাষ্ট্রীয় পরিবহনে মোট কতগুলি বাস ও কলকাতা ট্রাম কোম্পানিতে মোট কতগুলি ট্রাম আছে ;

(খ) তন্মধ্যে কতগুলি বাস ও কতগুলি ট্রাম রাস্তায় চলিতেছে ; এবং

(গ) অবশিষ্ট গাড়িগুলি না চলার কারণ কি?

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কলকাতা রাষ্ট্রীয় পরিবহনে ১,১১৭টি চালু বাস কলকাতা ট্রাম কোম্পানিতে ৪৮৭টি ট্রাম আছে।

(খ) গড়ে দৈনিক প্রায় ৬২৫টি বাস ও ৩০০টি ট্রাম রাস্তায় চলিতেছে।

(গ) কলকাতা রাষ্ট্রীয় পরিবহনে বাকি বাসগুলি নানারকমের ভারি ও অন্যান্য মেরামতি কাজের জন্য বিভিন্ন ডিপো ও কেন্দ্রীয় কর্মশালায় রহিয়াছে।

কলকাতা ট্রাম কোম্পানিতে রাজাবাজার ট্রাম ডিপোতে অগ্নিকান্ডের ফলে বেশ কিছু ট্রাম একেবারে অকেজো হয়ে পড়িয়াছে। ইহা ছাড়া বেশির ভাগ ট্রাম অতি পুরাতন হওয়ায় কয়েকটি গাড়ি... অচল হইয়া গিয়াছে এবং বেশ কিছু গাড়ি প্রায়ই অচল হইয়া পড়ে। কিছু ট্রাম, ভারি মেরামতির অপেক্ষায় অচল হইয়া আছে।

অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীম

***১৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৬।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,

(১) "অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীম"-এ যে সকল বেকারকে 'অটোরিক্সা' দেওয়া হইয়াছিল তারা কেহই ব্যাঙ্কের ঋণ পরিশোধ করিতেছেন না,

(২) ঐ 'অটোরিক্সা'-গুলি খুবই নিম্নস্তরের হওয়ার জন্য প্রায় সকল ক্ষেত্রেই ঐগুলি দু-এক মাসের মধ্যেই সম্পূর্ণ অকেজো হইয়া পড়ে এবং এই কারণেই ঋণগ্রহীতাদের পক্ষে ওগুলি চালানো এবং ঋণ পরিশোধ করা সম্ভব হয় নাই, ও

(৩) 'অটোরিক্সা'গুলির নিম্নমান সম্বন্ধে অনেক ঋণগ্রহীতা সরকারকে বারে বারে

জানানো সত্ত্বেও ঐগুলি সম্বন্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) (১) উদ্যোগী যুবকদের অধিকাংশই ব্যাঙ্কের ঋণ নিয়মিতভাবে পরিশোধ করিতেছেন না।

(২) না।

(৩) না।

(খ) 'বাজাজ' অটোরিক্সা সম্পর্কে তেমন কোনও অভিযোগ পাওয়া যায় নাই। তবে 'ল্যামপ্রেটা' অটোরিক্সা সম্বন্ধে কিছু কিছু অভিযোগ পাওয়া গিয়াছে।

'ল্যামপ্রেটা' অটোরিক্সার নির্মাণ প্রতিষ্ঠানকে বারংবার সচেতন করা হইয়াছে যে তাহারা যেন প্রত্যেকটি গাড়ি সরবরাহ করিবার পূর্বে যথাযথভাবে পরীক্ষা করিয়াছেন এবং যে সব গাড়ি কিছুদিন চলার পর অকেজো হইয়া পড়িয়াছে সেগুলির দ্রুত পরীক্ষা ও আশু মেরামতের বন্দোবস্ত করেন।

এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য ভারত সরকারকে ও অনুরোধ জানানো হইয়াছে।

হুগলি জেলায় বাস সংখ্যাল্পতা

*১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫২০।) **শ্রী গনেশ হাটুই ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে হুগলি জেলায় ৯, ১০, ২৫, ২৬ ও ৩১ নং রুটের প্রত্যেকটিতে কয়টি করিয়া বাসের অনুমোদন দেওয়া আছে ;

(খ) বর্তমানে উক্ত রুটগুলির প্রত্যেকটিতে প্রত্যহ গড়ে কয়টি করিয়া বাস চলাচল করিতেছে ;

(গ) ইহা কি সত্য যে, উক্ত রুটগুলিতে কমসংখ্যক বাস চলাচলের জন্য যাত্রীদের অশেষ দুর্ভোগ ভোগ করিতে হইতেছে ; এবং

(ঘ) সত্য হইলে, ঐ রুটগুলিতে বাসের সংখ্যা বাড়াইবার জন্য সরকার কি ব্যবস্থা

করিতেছেন?

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৯, ১০, ২৫, ২৬ ও ৩১ নং রুটের প্রত্যেকটিতে যথাক্রমে ১৭, ১০, ১৭ ও ৮টি করিয়া বাসের অনুমোদন দেওয়া আছে।

(খ) উক্ত রুটগুলির প্রত্যেকটিতে প্রত্যহ গড়ে নিম্নোক্তরূপে বাস চলাচল করিতেছে ঃ—

৯/১০ নং রুটে—১৪টি।

২৫ নং রুটে—৭টি।

২৬ নং রুটে—১৪/১৫টি।

৩১ নং রুটে—৬টি।

(গ) হ্যাঁ।

(ঘ) উক্ত রুটগুলিতে বাসের সংখ্যা বাড়াইবার জন্য যে সমস্ত পারমিট আধিকারিগণ রুটে বাস নামাইতে পারতিছেন না, তাহাদের পারমিট বাতিল করিয়া নূতন পারমিট দেওয়া ব্যবস্থা করা হইতেছে। ইহা ছাড়া ২৬নং রুটে শূণ্যস্থান পূরণের জন্য দরখাস্ত নেওয়া হইয়াছে।

বারাবনী ব্লকে শূণ্যপদ

***১৮৬**। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৪।) **শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার বারাবনী ব্লকে কতগুলি এবং কি কি পদ শূণ্য অবস্থায় আছে ;

(খ) উক্ত পদগুলি দীর্ঘদিন ধরে শূণ্য অবস্থায় পড়িয়া থাকার কারণ কি ;

(গ) জুরুরি অবস্থায় সরকার ঐ শূন্য পদগুলি পূরণের জন্য কোনও পরিকল্পনা করিতেছেন কিনা ; এবং

(ঘ) করিয়া থাকিলে, তাহার বিবরণ?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নিম্নলিখিত পদগুলি বারাবনী ব্লকে শূণ্য আছে—

১। ক্যাশিয়ার—১টি পদ।

২। গ্রামসেবক—১টি পদ।

(খ) ১ নং পদটি প্রমোশন পদ। প্রমোশনের ব্যাপারে অনেক তথ্যের প্রয়োজন যাহা সমস্ত ব্লক হইতে সংগ্রহ করিতে হয়। ২ নং পদ সম্বন্ধে বলা যায় যে সমগ্র বর্দ্ধমান জেলায় গ্রামসেবকের পদ খালি নাই। অন্য স্থানে ১ জন গ্রামসেবক বেশি আছে। সেখান থেকে বারাবনীতে আনয়ন করা হইবে।

(গ) হ্যাঁ।

(ঘ) কাগজ পত্রাদি পরীক্ষা করিয়া দেখা হইতেছে। আশা করা যায় অনতিবিলম্বে পদগুলি পূরণ করা সম্ভব হইবে।

কৃষি কাজে বিশ্বব্যাঙ্কের সাহায্য

***১৮৮**। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১।) **শ্রী নরেশচন্দ্র চাকি ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্কের সহায়তায় পশ্চিমবঙ্গে কৃষি উন্নয়নের জন্য যে কার্যসূচি গ্রহণ করা হইয়াছিল তাহা বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) উক্ত কার্যসূচি ত্বরান্বিত করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ; এবং

(গ) কবে নাগাদ উক্ত কার্যসূচি রূপায়িত হইতে পারে?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১,৮০০ অগভীর নলকূপ এবং ৩০০ গভীর নলকূপ স্থাপনের ব্যাঙ্কিং প্ল্যান প্রস্তুত করা হয়েছে। কিছু সংখ্যক সরকারি নদী সেচ (রিভার লিফট) প্রকল্প এবং গভীর নলকূপ সর্বতোভাবে সম্পূর্ণ করার কাজ হাতে দেওয়া হয়েছে। তিনটি নিয়ন্ত্রিত বাজার উন্নয়ন প্রকল্পের পরিবেদন (প্রোজেক্ট রিপোর্ট) প্রস্তুত করে প্রকল্পে অংশগ্রহণকারী রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিকে দেওয়া হয়েছে। ৯০টি কৃষি সেবা কেন্দ্র (এগ্রো সার্ভিস সেন্টার) স্থাপন করার প্রকল্পের পরিবেদন

. সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলিকে দেওয়া হয়েছে।

(খ) সরকার সংশ্লিষ্ট সকল পক্ষ অর্থাৎ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক, স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড, এগ্রিকালচারাল রিফাইনান্স ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে কাযকর যোগাযোগ রেখে চলেছেন। প্রকল্পের অন্তর্গত জেলাগুলিতে শতকরা ৭৫ জন গ্রাম সেবকদের অন্যান্য ব্লক পর্যায়ের কৃষি কর্মচারী এবং এ. ই. ও.-দের কৃষি কার্যে সম্পূর্ণভাবে নিয়োজিত করা হয়েছে এবং এদের কাজ দেখাশোনা করার জন্য মহাকুমা স্তরে নূতন কৃষি অফিস স্থাপন করা হচ্ছে। সংশ্লিষ্ট জেলাগুলিতে এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেটের অফিসগুলি কিছু নূতন পদসহ পুনর্বিন্যাস করা হচ্ছে। স্টেট ওয়াটার বোর্ডের প্রয়োজনীয় সংবর্দ্ধনসহ পুনর্বিন্যাস করা হচ্ছে।

(গ) এই কার্যসূচির রূপায়ন ইতিমধ্যেই শুরু করা হয়েছে এবং ১৯৭৮-৭৯ সালের পূর্বে সম্পূর্ণ করার চেষ্টা হচ্ছে।

নদীয়ায় গভীর নলকূপ স্থাপন

*১৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪০।) **শ্রী নিতাইপদ সরকার** ঃ কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার নদীয়া ২নং ব্লকের পাঁচবেড়িয়া ও বরবেড়িয়ায় দুইটি গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত প্রকল্পের কাজ বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(২) কতদিনের মধ্যে উক্ত প্রকল্পের কাজ চালু করিয়া দ্ররিদ্র কৃযকদের জন্য জলসেচের ব্যবস্থা করা সম্ভব হইবে?

কৃষি ও সমষ্টি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্তমান আর্থিক বৎসরে উক্ত অঞ্চলে নূতন গভীর নলকূপ বসানোর কোনও পরিকল্পনা নাই। তবে পাঁচবেড়িয়া ও বড়বেড়িয়া জন্য স্বাস্থ্য বিভাগের পরিত্যক্ত দুইটি নলকূপ পুনসংস্থাপনের একটি প্রস্তাব কৃষি বিভাগের বিবেচনাধীন আছে।

(খ) (১) নলকূপ দুইটির বর্তমানে কি অবস্থায় আছে তাহা পরীক্ষা করিয়া দেখা

হইতেছে।

(২) পুনসংস্থাপনের সম্ভবপর হইলে উক্ত নলকূপ দুইটি কি পরিমাণ জল দিতে সক্ষম তাহা না জানা পর্যন্ত এই বিষয়ে কিছু বলা সম্ভব নহে।

স্কুটারের পারমিট

***১৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৮০।) **শ্রী ফণিভূষণ সিংহবাবু ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারি পর্যায়ে কি পদ্ধতিতে এবং প্রতি মাসে কয়টি স্কুটারের পারমিট দেওয়া হয়?

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

প্রতি তিন মাসে বিভিন্ন উৎপাদকের মোট ২৩০টি স্কুটার নিম্নোক্ত পর্যায়ের প্রার্থীকে বন্টন করিবার নিমিত্ত রাজ্য সরকারকে বরাদ্দ করা হয় ঃ—

	বাজাজ	বিক্রয়	ল্যামরেটা
(১) এম. এল. এ.	৬	২	২
(২) সরকারি কর্মচারী	৮১	৩৭	৯৩
(৩) শারীরিক অক্ষম ব্যক্তি	২	১	২
(৪) সাংবাদিক	১	×	৩
	৯০	৪০	১০০

স্কুটার বন্টনের নিমিত্ত নির্দিষ্ট ফর্মে দরখাস্ত নিম্নোক্ত বিভিন্ন কর্তৃপক্ষ মারফৎ গ্রহণ করা হয় ঃ—

(১) এম. এল. এ. ঃ—বিধানসভা সেক্রেটারিয়েটের মাধ্যমে দরখাস্ত পেশ করিতে হয়।

(২) সরকারি কর্মচারী ঃ

(ক) জেলায় অবস্থিত কর্মচারিগণকে ডে সমাহর্ত্তার নিকট দরখাস্ত পেশ করিতে হয়। পরে তাহা বিভাগীয় কমিশনারের মাধ্যমে পরিবহন দপ্তরে গ্রহণ করা হয়।

(খ) কলকাতাস্থিত কর্মচারিগণকে তাহাদের দপ্তর প্রধানের মাধ্যমে দরখাস্ত

দাখিল করিতে হয়।

(৩) শারীরিক অক্ষম ব্যক্তি ঃ—দরখাস্ত সরাসরি স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগে পেশ করিতে পারেন।

(৪) সাংবাদিক ঃ—কেবলমাত্র তথ্য ও জনসংযোগ দপ্তরের মাধ্যমে প্রেরিত দরখাস্ত বিবেচনা করা হয়।

স্বরাষ্ট্র (পরিবহন) দপ্তর যোগ্যতা সম্পন্ন পার্থীগণকে দরখাস্তের ক্রমানুসারে স্কুটার বন্টন করিয়া থাকেন।

এসপ্লানেড-জাঙ্গিপাড়া সরকারি বাস

***১৯৪**। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩১।) **শ্রী গনেশ হাটুই** ঃ স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মার্টিন রেল উঠিয়া যাওয়ার ফলে, জাঙ্গিপাড়া থানার যাত্রীদের যাতায়াতের যে অসুবিধা হইতেছে তাহা দূরীকরণের জন্য এসপ্ল্যানেড হইতে জাঙ্গিপাড়া পর্যন্ত (ভায়া ডোমজুড়) সরকারি বাস চালু করার কোনও পরিকল্পনা আছে কিনা ;

(খ) ইহা কি সত্য যে হাওড়া জেলার ৬৩ নং ও হুগলি জেলার ৯ ও ১০ নং রুটের বাসের মালিকগণ ঐ রুটে যাতে অন্য কোনও বাস যাতায়াত করতে না পারে তার জন্য আদালতের আশ্রয় নিয়াছেন ; এবং

(গ) সত্য হইলে, ঐ ইঞ্জাংশন ভেকেট করার জন্য সরকার থেকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) হ্যাঁ।

(গ) হাওড়া এবং হুগলির আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ সরকার পক্ষের আইন পরামর্শ দাতার সহযোগিতায় ইঞ্জাংশন আদেশ প্রত্যাহার করাই বার জন্য সচেষ্ট আছেন।

বিচার বিভাগের মহিলা বিচারক

***১৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৯।) **শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিচার বিভাগে মোট কতজন বিচারক আছেন ; এবং

(খ) তন্মধ্যে মহিলা বিচারকের সংখ্যা কত?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৩৯৯ জন বিচারক আছেন।

(খ) একজন মহিলা বিচারক ছিলেন, তিনি বর্তমানে দিল্লি জুডিশিয়াল সার্ভিসে ডেপুটেশনে আছেন।

বারাবনী ব্লকে আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের জন্য উন্নয়নমূলক কার্য

***১৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১০০৭।) **শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল মহকুমার বারাবনী ব্লকে বিপুলসংখ্যক আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের লোক বসবাস করেন ;

(খ) অবগত থাকিলে,

(১) ১৯৭২ সাল হইতে অদ্যাবধি ঐ সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের জন্য ঐ ব্লকে কি কি উন্নয়নমূলক কাজ করা হইয়াছে ; এবং

(২) ঐ সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের জন্য আগামী বৎসরে কোনও ব্যাপক কর্মসূচি গ্রহণ করা সরকারের পক্ষে সম্ভব হইবে কি?

তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৭২ সাল হইতে ১৯৭৬ সনের ফেব্রুয়ারি মাস পর্যন্ত তফসিলি ও আদিবাসী সম্প্রদায় ভুক্ত ব্যক্তিদের জন্য যে সকল উন্নয়নমূলক কর্মসূচি তফসিলি ও আদিবাসী মঙ্গল বিভাগ কর্তৃক রূপায়িত হইয়াছে তাহার একটি তালিকা

নিম্নে রক্ষিত হইল।

(২) আগামী বৎসরে কোনও ব্যাপক কর্মসূচি গ্রহণ করা সরকারের পক্ষে সম্ভব হইবে কিনা সে বিষয়ে কোনও পূর্ব ঘোষণা এখনই করা সম্ভবপর নহে। বিগত বৎসরসমূহে যে সকল কর্মসূচি গ্রহণ করা হইয়াছে আগামী বৎসরেও অনুরূপ উন্নয়নমূলক প্রকল্প রূপায়িত হওয়ার সম্ভাবনা রহিয়াছে।

এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে বারাবনী ব্লকের যে সকল গ্রাম 'আসানসোল, বারাবনী, সালামপুর আদিবাসী উন্নয়ন প্রকল্প অঞ্চলের অন্তর্ভূক্ত হইয়াছে সেই সকল গ্রামের সার্বিক উন্নয়নের জন্য পর্যায়ক্রমিক বিভিন্ন পরিকল্পনা রূপায়িত হইবে।

তালিকা

১। বেলডাঙ্গা ও বাঁযপাহাড়ি গ্রামে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ	.. ২ টি
২। পানীয় জল সরবরাহের নিমিত্ত কূপ নির্মাণ	.. ৪ টি
৩। গোপাল বান্দ এবং চরণপুর গ্রামে আদিবাসীদের জন্য গৃহনির্মাণ	.. ১১ টি
৪। বেলডাঙ্গা, চরণপুর কমলসায়ার দোমোহানিবাজার এবং কেলেজোরা মৌজার ক্ষুদ্র জলসেচ ব্যবস্থার নিমিত্ত পুষ্করিণী খনন	.. ৪ টি
৫। জয়ন্তী গ্রাম প্রকল্পের অধীন অপরিচ্ছন্ন পেশায় নিযুক্ত তফসিলিদের জন্য বরাবনী কেন্দ্রে গৃহাদি নির্মাণ	.. ১৪ টি
৬। গৃহপালিত পশু বন্টন	.. ২০ টি ছাগল এবং ২টি পাঁঠা চলতি মাসে সরবরাহ হইবে

ইহা ছাড়াও বিশেষ শিশুপুষ্টি প্রকল্পে পুষ্টিকর খাদ্য বিতরণের জন্য সালতা, বাঁষপাহাড়ি ও বেলডাঙ্গায় তিনটি পুষ্টিকর খাদ্য বিতরণকেন্দ্র খোলা হইয়াছে।

Unstarred Questions

(to which written Answers were laid on the Table)

Appointment under the Food and supplies Department

21. (Admitted question No. 105.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the total number of persons appointed to classs III and class IV posts under the Food and Supplies Department by the present Government in the State up to 31st January, 1976; and

(b) the total number of them belonging to—

(i) Muslim commuity,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

The Minister-in-charge of the Food and Supplies Department: (a) Total number to persons appointed to class III and IV posts in the Food and Supplies Department by the present Government up to 31 January, 1976 are 471 and 143 respectively.

(b) The total number of them belonging to—

	Class III	Class IV
(i) Muslim community	34	14
(ii) Scheduled Castes	15	x
(iii) Scheduled Tribes	x	x

Appointment under Fire Services Directorate

22. (Admitted question No. 107.) **Shri Rajani Kanta Doloi** : Will

the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(a) the total number of persons appointed to classs III and class IV posts under the Fire Services Directorate Department up to 31st January, 1976 by the present Government; and

(b) the total number of them belonging to—

(i) Muslim commuity,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

The Minister-in-charge of the State for Municipal Services Department : (a) 708 (seven hundred and eight).

(b) (i) 21 (twenty-one).

(ii) 25 (twenty-five).

(iii) 1 (one).

পথিপার্শ্বস্থ সরকারি জমিতে বে-আইনিভাবে প্রবেশকারিদের উচ্ছেদ

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০।) **শ্রী কাশীনাথ মিশ্র :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে বিভিন্ন অঞ্চলে রাস্তার পাশের জমি বা বাড়ি সরকার কর্তৃক অধিগৃহীত হয়েছে এবং বাড়ি এবং বড় বড় ইমারতও ভেঙ্গে ফেলা হয়েছে ;

(খ) সত্য হইলে, সরকার কর্তৃক ক্ষতিগ্রস্ত মানুষদের কোনও ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা ; এবং

(গ) কোনও কোনও জেলায় কি কি পরিমাণে এই ক্ষতি পূরণ দেওয়া হয়েছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী : (ক) অধিগৃহীত হয় নাই, তবে পথিপার্শ্বস্থ সরকারি জমিতে বে-আইনিভাবে নির্মিত অনধিকার প্রবেশকারিদের ঘরবাড়ি ভাঙ্গিয়া দেওয়া হইয়াছে।

(খ) ও (গ) ক্ষতিপূরণ দেওয়ার প্রশ্ন উঠে না।

পশ্চিমবঙ্গে ডাকাতির সংখ্যা

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে পশ্চিমবঙ্গে মোট কত ডাকাতি ঘটেছে ;

(খ) ১৯৭৪ সালে পশ্চিমবঙ্গে মোট কত ডাকাতি ঘটেছে ;

(গ) ১৯৭৫ সালের ২৬শে জুন থেকে ১৯৭৬ সলের ৩১শে জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট কত ডাকাতি ঘটেছে ; এবং

(ঘ) ১৯৭৪-৭৫ সালের অনুরূপ সময়ে রাজ্যে ডাকাতির সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ৯০৪।

(খ) ১,১৭৫।

(গ) ৪২৪।

(ঘ) ৬২৫।

ডাকাতি ও ছিনতাই

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে পশ্চিমবঙ্গে ছিনতাই কত হয়েছে এবং ট্রেনে ছিনতাই-এর সংখ্যা কত ;

(খ) ১৯৭৪ সালে ঐ সংখ্যা কত ছিল ;

(গ) ১৯৭৫ সালের ২৬শে জুন থেকে ১৯৭৬ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কত ছিনতাই হয়েছে, উক্ত সময়ে ট্রেনে ছিনতাই-এর সংখ্যা কত ; এবং

(ঘ) ১৯৭৪-৭৫ সালের অনুরূপ সময়ে রাজ্যে ছিনতাই ও ট্রেনে ছিনতাই-এর সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) মোট ডাকাতি ও ছিনতাই-এর

সংখ্যা ২,৩১৫ ; ট্রেনে ডাকাতি ও ছিনতাই-এর সংখ্যা **৭২।**

(খ) মোট ডাকাতি ও ছিনতাই-এর সংখ্যা ২,৭৫১ ; **ট্রেনে ডাকাতি ও ছিনতাই**-এর সংখ্যা ১৩৯।

(গ) মোট ডাকাতি ও ছিনতাই ১,১৩৫ ; ট্রেনে ডাকাতি ও ছিনতাই ২৯।

(ঘ) মোট ডাকাতি ও ছিনতাই ১,৫৪৭ ; ট্রেনে ডাকাতি ও ছিনতাই ৯২।

জমি সংক্রান্ত বিরোধ

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে জমি নিয়ে মোট কতগুলি বিরোধ পুলিশের নজরে এসেছে ;

(খ) ঐ সময় জমি সংক্রান্ত বিরোধের ব্যাপারে পুলিশ কতজনকে গ্রেপ্তার করেছে ; এবং

(গ) উক্ত সংখ্যার মধ্যে (১) ভাগচাষী, (২) বর্গাদার, (৩) প্রান্তিক চাষী, (৪) ছোট চাষী, (৫) ক্ষেতমজুর, (৬) ধনী কৃষক এবং (৭) জোতদার কতজন?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ৭১টি।

(খ) ১৭০ জনকে।

(গ) ৭০ জন জোতদার, ৩০ জন বর্গাদার বা ভাগচাষী। অবশিষ্ট ব্যক্তিগণ বাকি শ্রেণীর অন্তর্ভূক্ত।

ফসল কাটার ব্যাপারে সংঘর্ষ

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালের ২৬শে জুন থেকে ১৯৭৬ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত এই রাজ্যে ফসল কাটা নিয়ে কতগুলি বিরোধ ঘটেছে ;

(খ) এ ব্যাপারে নিহত ও আহতের সংখ্যা কত ;

(গ) এ ব্যাপারে পুলিশ কতজনকে গ্রেপ্তার করেছে ; এবং

(ঘ) এই সংখ্যার মধ্যে ভাগচাষী, বর্গাদার, প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী ও ক্ষেতমজুরের সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ৩৫টি।

(খ) নিহত ১১ জন ; আহত ৮৫ জন।

(গ) ৮০ জনকে।

(ঘ) ৩৪ জন।

ধর্মঘট

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে পশ্চিমবঙ্গে ধর্মঘটের মোট সংখ্যা কত ; এই ধর্মঘটে মোট কত শ্রমিক জড়িত এবং তার ফলে কত শ্রমদিবস অপচয় হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে ১৯৭৫ সালের ২৬শে জুন থেকে ১৯৭৫ সালের ডিসেম্বর পর্যন্ত ধর্মঘটের সংখ্যা কত ; এই ধর্মঘটসমূহে জড়িত শ্রমিকের সংখ্যা এবং তার ফলে কত শ্রমদিবস নষ্ট হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ১৯৭৫ সালে পশ্চিমবঙ্গে ধর্মঘটের মোট সংখ্যা ১১৫। এই সংখ্যার মধ্যে আগের বছরে আরম্ব হয়ে ১৯৭৫ সালেও চলছিল এমন ১২টি ধর্মঘটও অন্তর্ভূক্ত আছে। এই ১১৫টি ধর্মঘটের সঙ্গে মোট ৩,০২,১১০ জন শ্রমিক জড়িত এবং এর জন্য মোট ১,০৮,৮৩,০৬১টি শ্রমদিবস নষ্ট হয়েছে।

(খ) ১৯৭৫ সালের ২৬শে জুন থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত ধর্মঘটের সংখ্যা ৫৯। এই ধর্মঘটের সঙ্গে ৩১,৯৯৭ জন শ্রমিক জড়িত এবং এর ফলে ২,৪০,১৫৯টি শ্রমি্দিবস নষ্ট হয়েছে।

ট্রাইব্যুনাল মাধ্যমে শিল্পবিরোধ নিষ্পত্তি

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে মোট কতগুলি শিল্পবিরোধ ট্রাইব্যুনালে বিচারার্থে পাঠানো হয়েছে ;

(খ) তন্মধ্যে কয়টির ক্ষেত্রে রায় দেওয়া হয়েছে ; এবং

(গ) ১৯৭৪ সালে কতগুলি শিল্পবিরোধ ট্রাইব্যুনালে পাঠানো হয়েছিল এবং কতগুলির রায় দেওয়া হয়েছিল?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ১৯৭৫ সালে শিল্পবিরোধ আইনের ১০ ধারায় ৪৭৩টি শিল্পবিরোধ ট্রাইব্যুনালে পাঠানো হয়েছে।

(খ) উক্ত ৪৭৩টি শিল্পবিরোধের মধ্যে ট্রাইব্যুনালগুলি ঐ বছরই মোট ৪৪টি ক্ষেত্রে রায় দিয়েছেন। তবে ঐ বছরে ট্রাইব্যুনালগুলি সর্বমোট ৪২৯টি বিরোধে নিষ্পত্তি করেন।

(গ) ১৯৭৪ সালে শিল্পবিরোধ আইনের ১০ ধারায় ৪২৪টি শিল্পবিরোধা পাঠানো হয়েছিল এবং তার মধ্যে ৬৮টির ক্ষেত্রে ঐ বছরেই রায় দেওয়া হয়।

লক-আউট

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে লক-আউটের মোট সংখ্যা কত ;

(খ) এই লক-আউটের ফলে কতজন শ্রমিক কর্মচ্যুতা হয়েছে ;

(গ) জরুরি অবস্থা ঘোষিত হওয়ার পর থেকে ডিসেম্বর ১৯৭৫ পর্যন্ত লক-আউটের মোট সংখ্যা কত এবং উহাতে কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছে ;

(ঘ) ১৯৭৪ সালের অনুরূপ সময়ে (১৯৭৪ সালের ২৬এ থেকে ডিসেম্বর ১৯৭৪) রজ্যে লক-আউটের সংখ্যা কত এবং তার ফলে কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছিল; এবং

(ঙ) জরুরি অবস্থার পরিপ্রেক্ষিতে এ ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ১৯৭৫ সালে মোট লক-আউটের সংখ্যা ১৬৪টি, তন্মধ্যে ৩৪টি ক্ষেত্রে লক-আউট আরম্ভ হয় পূর্ববর্তী বছরে।

(খ) উপরোক্ত লক-আউটের সঙ্গে ৬৩,৫০৭ জন শ্রমিক জড়িত ছিলেন, তন্মধ্যে পূর্ববর্তী বছরে আরম্ভ হওয়া ৩৪টি লক-আউটের সঙ্গে জড়িত শ্রমিকের সংখ্যা ৩,৫১০ জন।

(গ) ঐ সময়ে সংঘটিত লক-আউটের সংখ্যা ৫১। **এর সঙ্গে জড়িত শ্রমিকের সংখ্যা ৩২,৯৪০ জন।**

(ঘ) ঐ সময়ে সংঘটিত লক-আউটের সংখ্যা ৬৭ এবং উহার সহিত জড়িত শ্রমিকের সংখ্যা ছিল ১৩,২৭৩।

(ঙ) আপোশ-আলোচনার মাধ্যমে লক-আউট ও অন্যান্য ঘটনা সংক্রান্ত বিরোধ হ্রাস করার জন্য রাজ্য অ্যাপেক্স বডি গঠন করা হয়েছে। তা ছাড়া শিল্পবিরোধ আইন অনুযায়ী অন্যান্য যথাবিহিত ব্যবস্থাও নেওয়া হচ্ছে।

মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাদের নূতন বেতনহার

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে রাজ্যে মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকদের বেতন ও ভাতা সম্পর্কে যে ঘোষণা বিধানসভায় করা হয়েছিল তা চালু করা হয়েছে কিনা ;

(খ) হয়ে থাকলে, কবে থেকে চালু করা হয়েছে ; এবং

(গ) না হয়ে থাকলে, তার কারণ কি?

শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) ও (খ) মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাদের নূতন বেতনহার ১৯৭৫ সালের ১লা এপ্রিল হইতে চালু করার সরকারি আদেশ জারি করা হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

কলকাতা পৌর সংস্থা

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সালে কলকাতা কর্পোরেশনের পরিচালনভার সরকার কর্তৃক অধিগ্রহণ করার পর কলকাতা পৌর সংস্থার কি কি উল্লেখযোগ্য উন্নতি পরিলক্ষিত হয়েছে?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ ১৯৭২ সালে সরকার কর্তৃক কলকাতা কর্পোরেশনের পরিচালনভার অধিগ্রহণ করার পর কলকাতা পৌর সংস্থার উল্লেখযোগ্য উন্নতির বিবরণ নিম্নে বর্ণিত হয়েছে ;

(ক) সাধারণ প্রশাসন ও সংগঠন ঃ (১) কলকাতা কর্পোরেশনের কর্মীসংখ্যা ৩৩,০০০। কিন্তু এতদিন পর্যন্ত সেখানে কোনও কেন্দ্রীভূত পার্সোনাল ডিপার্টমেন্ট ছিল না। নিয়োগ, উন্নতি, বদলি, প্রার্থীগণের পরীক্ষা এবং চাকরি সংক্রান্ত বিষয় বিকেন্দ্রীভূত থাকায় প্রয়োজনীয় কর্তৃত্ব ও বিভিন্ন শ্রেণীর কর্মচারিদের মধ্যে বৈষম্য অত্যন্ত প্রকট ছিল। ১৯৭৪ সালের শেষের দিকে এসকল বিষয়ে দেখাশুনা করার জন্য ডেপুটি কমিশনারের অধীনে একটি কেন্দ্রীয় পার্সোনাল ডিপার্টমেন্ট খোলা হয়েছে।

(২) জঞ্জাল অপসারণ, বিভাগ, কলকাতা কর্পোরেশনের একটি অতি গুরুত্বপূর্ণ বিভাগ। কিন্তু এই বিভাগটি কিছুকাল চিফ ইঞ্জিনিয়ারের অধীনে এবং বিভিন্ন সময়ে বিভিন্ন অফিসারদের অধীনে ছিল। চোপড়া কমিটির সুপারিশ অনুযায়ী ডাইরেক্টার অফ কনজারভেন্সির অধীনে একটি বিশদ কনজারভেন্সি ডাইরেক্টরেট খোলা হয়েছে।

(৩) করদাতাদের ত্রৈমাসিক করের বিল প্রস্তুতকরণে যান্ত্রিক পদ্ধতি অবলম্বন করা হয়েছে।

(৪) আগে কলকাতা কর্পোরেশনে শ্রমিকদের অবসর গ্রহণের কোনও বয়স নির্ধারিত ছিল না। ফলে কাজ করতে অক্ষম এ ধরনের বহু লোক কর্পোরেশন থেকে বেতন নিয়ে যেতেন। বর্তমানে কর্পোরেশনের শ্রমিকদের ৬০ বছর বয়সে অবসর গ্রহণের বয়স স্থির ক'রে পূর্বপ্রচলিত প্রথার অবসান ঘটানো হয়েছে।

(৫) উপস্থিতি, শৃঙ্খলা, কাজকর্মের গতির সঞ্চার এবং ঊর্ধ্বতন কর্মীদিগের তদারকি প্রভৃতি কাজে উল্লেখযোগ্য উন্নতি পরিলক্ষিত হয়েছে।

(৬) বর্তমানে কর্পোরেশনের কর্তৃপক্ষ ও শ্রমিক ইউনিয়নের মধ্যে যে সম্পর্ক রয়েছে তা কর্পোরেশনের বিগত একদশকের অধিককালের ইতিহাসে অভূতপূর্ব।

(খ) আয়বৃদ্ধি ঃ কর্পোরেশন অধিগ্রহণকালে কর্পোরেশনের আয় উল্লেখজনভাবে বৃদ্ধি পেয়েছে। ১৯৭১-৭২ সলে যেখানে ট্যাক্স থেকে আয় হয়েছিল ৭৬৭ লক্ষ টাকা, ১৯৭৪-৭৫ সালে তা বেড়ে দাঁড়িয়েছিল ৯৫৮ লক্ষ টাকা এবং ১৯৭৫-৭৬ সালে এই অঙ্ক আরও বাড়বে বলে মনে হয়। ১৯৭১-৭২ সালে লাইসেন্স বিভাগে যেখানে আয় ছিল ৯৭ লক্ষ টাকা, ১৯৭৪-৭৫ সালে তা ১১২ লক্ষ টাকায় পৌছেছিল।

(গ) নাগরিকদের সুযোগসুবিধা ঃ কর্পোরেশন অধিগ্রহণকালে কর্পোরেশনের আর্থিক অসচ্ছলতার জন্য নাগরিকদের সম্যক সুযোগসুবিধা দেওয়া সম্ভব হয়নি এ কথা সত্য। কিন্তু আগের চেয়ে এ বিষয়ে বর্তমানে কিছুটা উন্নতি হয়েছে। বিভিন্ন বিভাগে এই বিষয়ে যে উন্নতি ঘটেছে নিম্নলিখিত সংক্ষিপ্ত বিবরণ থেকে তার পরিচয় পাওয়া যাবে ঃ

(১) **রাস্তাঘাট ঃ** সম্প্রতি কর্পোরেশনের আর্থিক অবস্থা বিবেচনা ক'রে সরকার রাস্তা মেরামতির জন্য ১৩৫ লক্ষ টাকা এই সংস্থাকে ঋণ হিসাবে দিয়েছেন। ১০০ মাইল মোট দৈর্ঘ্যের ৯০টি রাস্তা মেরামতির জন্য বেছে নেওয়া হয়েছে। চার মাসে কয়েকটি রাস্তা মেরামত করা হয়েছে এবং বাকি রাস্তাগুলিতে কাজ চলছে। রাস্তা মেরামতির কাজে নাগরিকদের সন্তোষ বেড়েছে—তা সবাই স্বীকার করবেন।

(২) **জল-সরবরাহ ঃ** বিভিন্ন ধরনের উন্নতিমূলক কাজ যথা জল শোধিতকরণ, পলি পরিষ্কার, যন্ত্রপাতির পরিবর্তন এবং পরিবর্ধনের কাজ টালা এবং পলতা পাম্পিং স্টেশনে ও অন্যান্য জায়গায় বিভিন্ন উন্নতিমূলক কাজ সি. এম. ডি. এ. এবং কর্পোরেশন হাতে নিয়েছে। তে জল-সরবরাহে প্রভূত উন্নতি হবে বলা যায়। ১৯৭১-৭২ সালে যেখানে ১৯০টি ব টিউবওয়েল থেকে দৈনিক ২০ মিলিয়ন গ্যালন জল পাওয়া যেত সেখানে আজ ২৩০টি বড় টিউবওয়েল থেকে দৈনিক ২৫ মিলিয়ন গ্যালন জল পাওয়া যাচ্ছে। ১৯৭২ সালের ছোট টিউবওয়েলের সংখ্যা যা ছিল এখন তা থেকে ৩০০টি বাড়ানো হয়েছে।

(৩) **নর্দমা ঃ** বৃষ্টির জল দ্রুত অপসারণের জন্য বালিগঞ্জ পাম্পং স্টেশনে পাম্প বসিয়ে উত্তোলন ক্ষমতা বাড়ানো হয়েছে। এই ক্ষমতা ১৯৭২ সালের আগে পর্যন্ত প্রতি ঘন্টায় ১২.৮১ মিলিয়ন গ্যালন ছিল। চারটে পাম্প বসিয়ে এই ক্ষমতা বাড়িয়ে প্রতি ঘন্টায় ২৪.৯১ মিলিয়ন গ্যালনে দাঁড়িয়েছে। পামার পাম্পিং স্টেশনের জন্য ৫টি পাম্পের অর্ডার দেওয়া হয়েছে। এর মধ্যে প্রতি ঘন্টায় ২.২ মিলিয়ন গ্যালন ক্ষমতাবিশিষ্ট দুটো পাম্প ইতিমধ্যেই পাওয়া গেছে এবং খুব শীঘ্রই বসানো হবে। কলকাতা কর্পোরেশনের পরিকল্পনা অনুযায়ী তোপসিয়া, কুলটি-ট্যাংরা, পাগলাডাঙ্গা এবং মোমিনপুর পাম্পিং স্টেশনের ক্ষমতা বাড়ানোর জন্য সি. এম. ডব্লু. এস. এ. কর্তৃক ঘন্টায় ৮.৫ মিলিয়ন গ্যাল ক্ষমতাসম্পন্ন ৯টি পাম্প চালু করা হয়েছে। ময়লা জল নিষ্কাশনের জন্য কর্পোরেশনের প্রকল্প অনুযায়ী যান্ত্রিক সাজসরঞ্জামের প্রবর্তন করা হয়েছে এবং এই প্রকল্প অনুযায়ী ১২টি পাওয়ার পুল টাইপ ও ৪টি রডিং টাইপ ময়লা নিষ্কাশন যন্ত্র কেনা হয়েছে। সি. এম. ডি. এ. এখন এগুলি চালু রেখেছে।

(৪) **আলো ঃ** কর্পোরেশন অধিগ্রহণ করার পর নিমতলা শ্মসানে ২টি ইলেক্ট্রিক শ্মশান চুল্লি এবং শাহানগর শ্মশানে ১টি পুরাতন চুল্লির অপসারণ ক'রে নূতন চুল্লি বসানো হয়েছে। প্রায় ৫০০টি নূতন 'ব্র্যাকেট ল্যাম্প' শহরের বিভিন্ন অপরিসর গুলিতে বসানো হয়েছে। প্রচলিত আলোকব্যবস্থার পরিবর্তন, নবীকরণ ও সম্প্রসারণের কাজ ইতিমধ্যে হাতে নেওয়া হয়েছে। সি. এম. ডি. এ. শহরের বিভিন্ন প্রধান প্রধান রাস্তায় আলোক ব্যবস্থার উন্নতিকরণের কাজ হাতে নেওয়ায়, কর্পোরেশন-এ ধরনের কাজ এখন

হাতে নেয়নি।

(৫) **জঞ্জাল অপসারণ ঃ** ১৯৭৩ সাল হ'তে পে লোডার, বুলডজার প্রভৃতি যন্ত্র, জঞ্জাল অপসারণের জন্য ব্যবহার করা হচ্ছে। জঞ্জাল বহন ও অপসারণ পদ্ধতি আরও যান্ত্রিকীকরণের জন্য ২০টি কমপ্যাক্টর গাড়ি এবং ২০টি গালিপিট খালি করার যন্ত্র সি. এম. ডি. এ.-র মাধ্যমে কেনা হচ্ছে। জঞ্জাল অপসারণের লরির সংখ্যা বাড়াবার জন্য সম্প্রতি ১৬টি নূতন লরি সি. এম. ডি. এ.-র মাধ্যমে কেনা হয়েছে। জঞ্জাল থেকে সার প্রস্তুতের বিষয়টি এখন বিবেচনাধীন আছে এবং এই জন্যে কর্পোরেশন এগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনকে এবং একটি প্রাইভেট পার্টিকে কম্পোস্ট প্ল্যান্ট স্থাপনের জন্য জমি দিয়েছে।

(৬) **স্বাস্থ্য ঃ** বোড়াল যক্ষ্মা হাসপাতালের শয্যাসংখ্যা ৫০টি বাড়ানো হয়েছে। ১৯৭৫ সালের মে মাস থেকে কলকাতা শহর গুটিবসন্তমুক্ত হয়েছে। কলেরাবিরোধী অভিযান চালিয়ে কলেরায় মৃত্যুর হার কমিয়ে ফেলা হয়েছে। ভেজালকারিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ জোরদার করা হয়েছে। ১৯৭১ সালে যেখানে মাত্র ১৫২ জন অপরাধী সাব্যস্ত হয়েছিল এবং ৯৭,০০০ টাকা ফাইন বাবত আদায় হয়েছিল, ১৯৭৫ সালে সেখানে ২৯৮ জন অপারাধী সাব্যস্ত হয়েছে এবং দেড় লাখের চেয়েও বেশি টাকা ফাইন হিসাবে আদায় হয়েছে। ১৯৭৪ সালে কলকাতার কোনও কোনও জায়গায় কলকারখানা স্থাপনের ওপর নিধেযাজ্ঞা দিয়ে একটি আদেশ জারি করা হয়েছে এবং এই সমস্ত জায়গা হ'তে বেআইনি কলকারখানা সরিয়ে দেওয়ার কাজে কর্পোরেশন হাত দিয়েছে।

(৭) **বাড়িঘর ঃ** যেখানে যেখানে যথেচ্ছভাবে এবং অস্বাস্থ্যকরভাবে যাতে বাড়িঘর তৈরি না হয়, তার জন্য কর্পোরেশন ব্যবস্থা নিয়েছে। বাড়িঘর নির্মাণের আইনকানুন যাতে ঠিকমতো মেনে চলা হয়, তার দিকেও কর্পোরেশন সজাগ দৃষ্টি দিয়েছে। যেখানে সেখানে বড় বড় বাড়ি তৈরি করে পৌর ব্যবস্থার যাতে অসুবিধার সৃষ্টি না হয়, সেজন্য বাড়িঘর নির্মাণের একটা সুষ্ঠু নিয়মাবলী চালু করার কথাও সরকার চিন্তা করছেন।

(ঘ) **সাধারণ ঃ** কর্পোরেশনের আয় বাড়াবার জন্য এবং সুষ্ঠু কাজকর্মের জন্য কলকাতা মিউনিসিপ্যাল আইনের বেশ কিছু ধারার সংশোধনের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। সরকার আশা করেন যে, উপযুক্ত আইন সংশোধনের পর কর্পোরেশনের আর্থিক অবস্থার উন্নতি হবে এবং এই সংস্থা জনসাধারণের সুযোগসুবিধার যথাযোগ্য ব্যবস্থা করতে পারবে।

কলকাতা কর্পোরেশনে নিয়োগ

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** পৌরকার্য বিষয়ক

বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে কলকাতা কর্পোরেশনে কোনও বিভাগে কতজন ;

(১) তৃতীয় শ্রেণীর কর্মচারী,

(২) চতুর্থ শ্রেণীর কর্মচারী,

(৩) শ্রমিক,

নিয়োগ করা হয়েছে ; এবং

(খ) কোনও কোনও ক্ষেত্রে কি কি পদ্ধতিতে এই নিয়োগ করা হয়েছে?

পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) (১) ও (২) কর্পোরেশনের কর্মচারিদের সরকারি অফিসের কর্মচারিদের মতো বিভিন্ন শ্রেণীতে ভাগ করা হয়নি। তবে কর্পোরেশনের ক্ল্যারিকেল ও সাব-অর্ডিনেট ক্যাডাভুক্ত কর্মচারিদের তৃতীয় শ্রেণী এবং পিয়ন, গার্ড, জুনিয়ার এবং শ্রমিক ভিন্ন অন্যান্য নিম্নমানের পদগুলিতে কর্মরত লোকদের চতুর্থ শ্রেণীর সমতুল্য বলে ধরা যেতে পারে। এই ভিত্তিতে বলা যায় যে, ১৯৭৫ সালে ৮২ জন তৃতীয় শ্রেণীভুক্ত এবং ৭৪ জন চতুর্থ শ্রেণীভুক্ত কর্মচারী নিয়োগ করা হয়েছিল।

(৩) কর্পোরেশন থেকে এ সম্বন্ধে এখনও প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়নি।

(খ) কলকাতা মিউনিসিপ্যাল আইনের ৮১(৬) ধারা অনুযায়ী মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন কর্তৃক প্রস্তুত ও কর্পোরেশন কর্তৃক অনুমোদিত বিভিন্ন পদে নিয়োগ সম্পর্কে নিয়মাবলীর ভিত্তিতে নিয়োগ করা হয়।

কারখানায় ক্লোজার, লক-আউট এবং লে-অফ

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২১।) শ্রী **নরেশচন্দ্র চাকি** ঃ শ্রম বিভাগ মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জরুরি অবস্থা চালু হবার পর থেকে পশ্চিমবঙ্গে কতগুলি কারখানায় (১) ক্লোজার, (২) লক-আউট ও (৩) লে-অফ হয়েছে ; এবং

(খ) উক্ত ঘটনাগুলিতে মোট কতজন শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) জরুরি অবস্থায় (২৫-৬-১৯৭৫ থেকে ৩১-১২-১৯৭৫ পর্যন্ত) (১) ৪৫টি ক্ষেত্রে ক্লোজার, (২) ৫১টি ক্ষেত্রে লক-আউট, (৩) ৩৯২টি

ক্ষেত্রে লে-অফ হয়েছে।

(খ) ঐসব ক্ষেত্রে জড়িত শ্রমিকের সংখ্যা নিম্নোক্ত রূপ ঃ

ক্লোজার ঃ ৪,২১৮ জন।

লক-আউট ঃ ৩২,৯৪০ জন।

লে-অফ ঃ ১,০৭,০৮৫ জন।

আহমেদপুর চিনি কারখানা

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫।) **শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূমের আহমেদপুর চিনির কারখানায় এ বৎসর কত চিনি উৎপাদন হইয়াছে; এবং

(খ) উক্ত কারখানায় বর্তমান আর্থিক বৎসরে (জানুয়ারি মাস পর্যন্ত) কত টাকা লোকসান হইয়াছে?

বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) বর্তমান উৎপাদন মরশুমে ১০-১২-১৯৭৫ তারিখ হইতে আহমেদপুর চিনির কারখানায় উৎপাদন শুরু হইয়াছে এবং ১৮-২-১৯৭৬ তারিখ পর্যন্ত মোট ১৪,৬৩০ কুইন্টাল চিনি উৎপন্ন হইয়াছে।

(খ) ৩০-৬-১৯৭৫ তারিখ পর্যন্ত নিরীক্ষকের হিসাব (অডিটরস অ্যাকাউন্টস) অনুযায়ী ওয়েস্ট বেঙ্গল সুগার ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের লোকসানের পরিমাণ নিম্নোক্ত রূপ ঃ

(১) অবচয় (ডেপ্রিসিয়েশন) হিসাবের পূর্বে লোকসান—টাকা ২০,৪৫,৫৩৮.৫১।

(২) অবচয় (ডেপ্রিসিয়েশন) হিসাবের পুর্বে লোকসান—টাকা ৩২,৩৭,৬৫০.৭৯।

যেহেতু, কারখানায় এখনও উৎপাদন চলিতেছে, বর্তমান লোকসানের অবস্থা নির্ণয় করা এখন সম্ভব নয়।

Mr. Speaker : The Question hour is over.

LEGISLATION

THE ORIENTAL GAS COMPANY (AMENDMENT) BILL, 1976

Shri Tarun kanti Ghsoh : Sir, I beg to introduce the Oriental Gas Company (Amendment) Bill, 1976, and to place a statement as requried under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Tarun Kanti Ghosh : Sir, I beg to move that the Oriental Gas Company (Amendment) Bill, 1976, be taken into consideration.

The Oriental Gas Company's Undertaking is a departmentally run organisation. It is administered by the State Government under the Oriental Gas Company Act, 1960 (West Bengal Act IV of 1960). It purchases town gas from the Durgapur Projects Ltd. and sells the same to different consumers. But the dues on account of sale of gas are not public demands as defined under the Bengal Public Demands recovery Act, 1913 (Bengal Act III of 1913). The results is that the only method of recovery of the arrear dues on account of sale of gas is through the civil suit as provided for in the Oriental Gas Company Act of 1857 (Act V of 1857). Civil suit is a time consuming and expensive process. On the other hand, the certificate procedure under the Bengal Public Demand Recovery Act, 1913 provides an easier method of recovering the Government dues.

There are a good number of consumers having heavy outstandings on account of use of gas. It was therefore necessary to promulgate an Ordinance, viz. the Oriental Gas Company (Amendment) Ordinance, 1975 (West Bengal Ordinance No. XXIV of 1975), 30th December, 1975 by the Governors the Assembly was not in session, so that dues on account of sale of gas could be recovered as public demand.

As the considerations for promulgating the Ordinance are still there, it is necessary to replace the Ordinance by a Bill.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন, এটা একদিক দিয়ে বলব যে আরও আগে যদি তিনি আনতে তাহলে খুশি হতাম। সুতরাং আমি মূলত এই বিলকে সমর্থন করি। আর এক দিক থেকে বলব, যে এই বিল আনার পর, চালু করবার ব্যাপারে সাবধানতার খুবই প্রয়োজন আছে, সেই বিষয়ে কি ভাবছেন? এই দুটো কথা কেন বললাম, সেটা ব্যাখ্যা করছি। প্রথমে দেখছি যে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির টাকা দীর্ঘদিন ধরে, বিরাট বিরাট অঙ্ক বিভিন্ন ফ্যাক্টরির কাছে, বিভিন্ন সরকারি বিভাগের কাছে বাকি পড়ে রয়েছে। ধরুন বেঙ্গল পটারিজ এর কাছে বাকি আছে ৩০ লক্ষ ৫২ হাজার ১৫৫ টাকা, গ্রেট ইস্টার্ন হোটেলের কাছে বাকি আছে ৬৩ হাজার ৮৫২ টাকা, মেটাল বক্সের কাছে বাকি আছে ২ লক্ষ ৯০ হাজার ৭৮ টাকা, ক্যালকাটা কর্পোরেশনের বাকি আছে ৪ লক্ষ ১৫ হাজার ৭৩৭ টাকা, ইন্ডিয়ান টিন· বক্স ম্যানুফ্যাকচারিং এর কাছে বাকি আছে ৫৫ হাজার টাকা, ডিভিসনাল সুপারিন্টেন্ডেন্ট, ইস্টার্ন রেলওয়েজ, শিয়ালদহ, তাদের কাছে বাকি ৩০ হাজার ২৯ টাকা, বসুমতী প্রাইভেট লিমিটেডের কাছে বাকি আছে ২৮ হাজার ৪০৫ টাকা, এম. এম. কে. ফার্মাশিটিক্যাল, এদের কাছে বাকি আছে ২৪ হাজার ৮২৬ টাকা, টিউব লাইট স্টার্টার, এদের কাছে বাকি আছে ২৫ হাজার ৫৭০ টাকা, পুরুষোত্তমদাস দাসগুপ্ত এদের কাছে বাকি আছে ২৩ হাজার ৯৪৭ টাকা, এন. আর. এস. হসপিটালের কাছে বাকি আছে ৭৮ হাজার ৩৯৯ টাকা। এই যেগুলো পড়লাম, এইগুলো রিপ্রেজেন্টেটিভ ইনস্টিটিউশন এবং প্রাইভেট কোম্পানিগুলো যেগুলো চালু আছে এবং যে প্রাইভেট কোম্পানিগুলো আগে ভাল চালু ছিল পরবর্তীকালে গোলমালের জন্য গভর্নমেন্ট টেকওভার করেছে, এদের কাছ থেকে পাওয়া যাবে। আবার দেখুন এর মধ্যে গভর্নমেন্ট পরিচালিত সংস্থাও আছে। আমি এই কারণে বলছি যে বিলটা আগেই আনা উচিত ছিল এবং বিলটাকে আমি মূলত সমর্থন করি, একটা গভর্নমেন্ট ডিপার্টমেন্টকে ডুবিয়ে দেবার জন্য আর বাকি গভর্নমেন্ট ডিপার্টমেন্টগুলো এমন চমৎকার যোগসাজস করেছে, মন্ত্রী মহাশয় এই বিষয়ে পাবলিক ডিম্যান্ডস রিকভারি করলে খুশি হব।

[2-10 —2-20 p.m.]

আমরা দেখব তরুণবাবু রেলওয়ের ওপর পাবলিক ডিমান্ডস করছেন, অজিতবাবুর ওপর পাবলিক ডিমান্ডস রিকভারি করছেন এন. আর. এস.-এ, বা সুব্রতবাবুর কর্পোরেশনে পাবলিক ডিমান্ডস রিকভারি করছেন। এটা করা উচিত এবং এটা করা হলে আমরা খুবই খুশি হব। কিন্তু স্যার, এছাড়াও যারা আছেন, যাদের কয়েক জনের কথা আমি

উল্লেখ করেছি এবং আমার যে জন্য দেরি হল দু' মিনিটের মধ্যে সেই নামগুলি আমি নিয়ে আসতে পারলাম না, আমি কতগুলি উল্লেখ করেছি, এগুলি হচ্ছে বড় বড় প্রাইভেট কোম্পানি, এই বড় বড় প্রাইভেট কোম্পানির নামের লিস্ট আছে, সেই লিস্ট তরুণবাবু নিশ্চয়ই জানেন, আমার হাতেও অ্যাভেলেবল ছিল, আমি সেগুলিই আনতে গিয়েছিলাম. তাড়াতাড়ি আরম্ভ হয়ে যাবার ফলে আমি আনতে পারিনি, তবুও একটু আগে আমি অনেকগুলির নাম করেছি। এই সব বড় বড় কোম্পানির গ্যাসের বিল, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির গ্যাসের বিল কি করে বাকি থাকতে পারে? এটা হচ্ছে একটা দুঃখের বিষয়, বিষয়টা বলছি, স্যার, সেই জন্যই আমি বলেছি যে এটা আগে করলেই ভাল হত, কিন্তু তার চেয়েও মুশকিল-এর কথা কি জানেন, এটা কি ভাবে চালু করা হবে? এখন বড় বড় কোম্পানির ব্যাপারে এই রকম অবস্থা চলছে, কিন্তু ছোট ছোট ইন্ডিভিজুয়াল কনজিউমারদের ব্যাপারে একটা গুরুতর অবস্থা চলছে। আমার অনেক বন্ধু আছেন, যারা কলকাতার লাইন গ্যাস ব্যবহার করেন—মধ্যবিত্ত কেরানি কর্মচারীর ঘরের বৌ, তাদের কাছে শুনেছি সাম্প্রতিক কালে প্রায়ই তাদের কাছে অনেক টাকার বিল যাচ্ছে. সামান্য ছোট পরিবার, তাদের কাছে বিল চলে গেল ৫০০ টাকার, ১,০০০ টাকার। আমার এক বন্ধুর কাছে শুনলাম ১,০০০ টাকার বিল চলে গেছে, চার জন মানুষের ফ্যামিলি তাদের কাছে ১,০০০ টাকার বিল যাচ্ছে ৩ মাস অন্তর। এই যে বিল যাচ্ছে বলাবাহুল্য এর পিছনে কোনও সাইন্টিফিক ক্যালকুলেশন নেই। সুতরাং এই রকম পরিস্থিতিতে দুম করে পাবলিক ডিমান্ডস রিকভার করলে রে-রে করে বহু লোক তেড়ে আসবে। তার চেয়েও বড় কথা, আমি যত দূর খবর নিয়েছি, মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই অবগত আছেন, ওরিয়েন্টাল গ্যাস যে মিটারগুলি দেয় সেগুলি নন-রেজিস্টারিং. তার মানে এই মিটারের ফলে কি হচ্ছে এই মিটারের রেজিস্টার করে ধরা যায় না এবং তিন মাস করে এই মিটারগুলি চলে এবং তারপর মিটারগুলি অকেজ হয়ে যায়। এর ফলে ঐসব বড় বড় কোম্পানিগুলির লাভ কি রকম হয় দেখুন, এর ফলে বড় বড় কোম্পানিগুলি যা খুশি, যাদের বেশি কনজামশন হয় তারা সেখানে যা খুশি দিয়ে গ্যাস নেয়। নন-রেজিস্টারিং থাকার ফলে তারা নানা রকম ব্যবস্থা করে এই জিনিস করে। তাদের ধরবার কোনও কায়দা নেই। আবার ছোট ছোট কনজিউমারদের দিকে দেখুন, নন-রেজিস্টারিং হওয়ার জন্য তাদের কাছে ৫০০ টাকার, ১,০০০ টাকার বিল চলে যাচ্ছে, সবটাই গোলমেলে। ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি সরকারি কোম্পানি, আমরা সবাই চাই সরকারি কোম্পানি ভালভাবে চলুক। কিন্তু এই সব ত্রুটিপূর্ণ মিটারের জন্য সরকারি কোম্পানি বিরাট লোকসান হচ্ছে। এই কনসার্নের যেটা লক্ষ্য তা পরিপূর্ণ কালেকশন হচ্ছে না, আর অপর দিকে সরাকরি সংস্থার ওপর লোকের ধারণা খারাপ করে দিচ্ছে। এরা ১২ মাসের অ্যাভারেজের বিল পাঠাচ্ছে, এদের অ্যাভারেজ যেটা করছে সেটাও

ফুটো আবার এদের যে বিল যাচ্ছে সেটাও ফুটো। নন-রেজিস্টারিং-এ ১২ মাসে যা উঠল সেটার ভ্যালিডিটি কি? ১২ মাসের ঐ অ্যাভারেজের ওপর পরবর্তীকালে একটা বিল পাঠিয়ে দিচ্ছে। সেই জন্য আমি বলছিলাম যে, এই বিলকে আমি মূলত সাধারণভাবে সমর্থন করি। কিন্তু এই পাবলিক ডিমান্ডস রিকভারি-টা ইন্ডিভিজুয়ালের ক্ষেত্রে কি হবে, কি ভাবে এটাকে আপনি প্রয়োগ করবেন? সে বিষয়ে আপনার সাবধান হওয়া উচিত বলে আমি মনে করি। তাই আমি বলছি বড় বড় কোম্পানি যাদের কথা আমি একটু আগে বললাম তাদের ব্যাপারে আমি এটাকে সমর্থন করছি। কিন্তু আমি বলছি এই অবস্থা মিটারের ক্ষেত্রে কেন থাকবে, এই মিটারগুলি বড় বড় অফিসাররা কিনছেন, তারা কি দেখে কেনবার ব্যবস্থা করেননি? অথবা সেই কোম্পানির সঙ্গে এগুলি টেক-আপ করে করেননি? আমি যত দূর জানি একটি মোনপলি কনসার্ন এই মিটারগুলির সাপ্লাই দিচ্ছে। এই অবস্থায় এ জায়গায় এই গোলমালগুলি দূর করতে না পারলে পাবলিক ডিমান্ডস রিকভারি করে এই অবস্থার মীমাংসা করা যায় না।

তারপর ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি-র ফিনান্সিয়াল অবস্থা উন্নত করার জন্য আরও কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা একান্ত প্রয়োজন। আমি জানি সেখানকার শ্রমিক ইউনিয়ন সরকার-এর কাছে এবিষয়ে বিভিন্ন সাজেশন দিয়েছে। উনি তার অনেকগুলি সম্পর্কে একমত হওয়া সত্ত্বেও, সহানুভূতিশীল ভাবে তাদের কথা দেওয়া সত্ত্বেও কার্যকর হচ্ছে না। মন্ত্রী মহাশয়ের কথায় সেখানকার ম্যানেজমেন্ট চলছে না, নিজেদের খুশিমতো চালাচ্ছেন। না কি উনি ইউনিয়ন-এ এক রকম বলে অন্য রকম করছেন। ইউনিয়ন-এর সঙ্গে দেখছি ওর বেশ ভাল সম্পর্ক আছেন। তারা বলে তাদের অনেক কথায় উনি আশ্বাস দিয়েছেন—যেগুলির বেশির ভাগই হচ্ছে কারখানা উন্নয়নের জন্য। আর একজন মন্ত্রী যিনি আপনাকে ডোবাচ্ছেন তা হচ্ছে ডি. পি. এল. তাদের যে প্রোডাকশন করার কথা তার চেয়ে অনেক কম প্রোডাকশন হচ্ছে। সেজন্য এই erratic সাপ্লাই-এর ফলে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি-র ফিনান্সিয়াল অবস্থা খারাপ হয়ে যাচ্ছে। আবেদিন সাহেব আরও চেষ্টা করুন ডি. পি. এল.-কে উন্নত করার। শ্রমিকরা অনেক দিন আগে থেকেই বলছে এখন ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি যে .....-এর উপরে আছে সেখানে যে যন্ত্রপাতি ছিল সেসব যন্ত্রপাতি দিয়ে ডি. পি. এল. ৩৫ মিলিয়ন কিউবিক ফুট প্রডিউস করা যেত। যেখানে ৭/৮ বছর আগে ১৫ মিলিয়ন কিউবিক ফুট লোড, এখানে ৫/৭ হচ্ছে। এইসব দেখেশুনে রাজাবাজারের যে ট্রাম ওয়ার্ক আছে তাতে গ্যাস প্রডিউস হতে পারে। সেই জায়গাকে কেন্দ্র করে আবার গ্যাস প্রোডাকশন-এর কথা ইউনিয়ন অনেক বার বলেছে। এখন সেই জায়গা অবস্থা—"জমবে ধুলা তানপুরায় তারগুলা, তখন আনায় নাই বা মনে রাখলে।" আবেদিন সাহেব যখন বলেন তখন মার্গ সঙ্গিত হয় বলে আমি একটু রবীন্দ্র সঙ্গীত করলাম। এই কারখানার যন্ত্রপাতি সব নষ্ট হয়ে যাচ্ছে। এ বিষয়ে শুধু

যে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে তা নয় ১৯৬৮ সালে এ নিয়ে ডাঃ এন. সি. রায় একটা কমিটি হয়েছিল। তাদের রিপোর্ট-এ একথা স্বীকার করা হয়েছিল এবং তা সব কাগজেও বের হয়েছিল। সেই কমিটির report-এর মধ্যে আছে—It is worth while considering that even by an inefficient and dilapidated plant at Sealdah Works the cost of unified gas per thousand did not exceed 40 paise in 1963. Beside the production of gas at Sealdah would have eliminated all associated problems of long-distance transmission of gas and ensure uninterrupted supply of gas. মন্ত্রী মহাশয় যখন এই দপ্তরের ভার নেন তখন নিশ্চয়ই সেই কমিটির report তার কাছে আসে। শ্রমিকরাও বারবার বলেছে এটা চালু করা হোক। কিন্তু কি কারণে করা হচ্ছে না সেটা বোঝা যাচ্ছে না এবং এটা করতে পারলে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি-র ফিনান্সিয়াল অবস্থা উন্নত করার পক্ষে সুবিধা হবে।

[2-20 —2-30 p.m.]

আপনি জানেন স্যার, এখন গ্যাসের চাহিদা অনেক বেড়ে গেছে, কিন্তু ইর‍্যাটিক সাপ্লাই এর জন্য ছোট ছোট কোম্পানিগুলি গ্যাস না পেয়ে তারা আর্থিক দুরবস্থার মধ্যে পড়েছে। এছাড়া ওখানে একটা ইঞ্জিনিয়ারিং কারখানা আছে ওদের সংশ্লিষ্ট, সেই ইঞ্জিনিয়ারিং কারখানাকে যদি কাজে খাটানো যায় তাহলে তার থেকে কিছু গ্যাস বারনার ওখানে তৈরি হতে পারে যেগুলি বাজারে বিক্রি করলে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি একটা লাভের সুযোগ পেতে পারে। কিন্তু শ্রমিক এবং কর্মচারিদের এই সমস্ত সাজেশনকে কার্যকর করবার জন্য ম্যানেজমেন্টের তরফ থেকে কোনও উপযুক্ত উদ্যোগ এখন পর্যন্ত দেখা যায়নি। সুতরাং ওরিয়েন্টাল গ্যাসের সমস্ত ব্যবস্থা ওভারহল করে তার আর্থিক অবস্থা উন্নয়নের জন্য আরও অনেক ব্যবস্থা নেওয়ার দরকার আছে, শুধু পাবলিক ডিমান্ডস রিকভারি অ্যাক্ট করলে হবে না। এই সমস্ত অযোগ্যতা অন্যায়ের জন্য ওরিয়েন্টাল গ্যাস কোম্পানিতে যে লোকসান হচ্ছে তার বহর বহন করতে হবে রাষ্ট্রকে, কনজিউমারকে এবং ওখানকার শ্রমিক কর্মচারিদের। আমি আশা করব ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির উন্নয়নের জন্য এই ব্যবস্থাগুলি গ্রহণ করবেন এবং শ্রমিক কর্মচারিদের ন্যায্য পাওনা দেবার ব্যবস্থা করবেন।

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা ছোট্ট বিল এবং আমি আনন্দিত যে মাননীয়া সদস্যা এটাকে সমর্থনও করেছেন। তিনি যে লিস্ট পড়েছেন সেটা ঠিকই, ভুল বলেননি, আরও কিছু নাম আছে, আমরা আদায় করতে পারছি না বলে এই বিল এনেছি যাতে উইকলি ডিমান্ড আদায় করতে পারি। এটা আমি জানাচ্ছি কোর্টে ইঞ্জাংশন থাকা সত্ত্বেও বেঙ্গল পটারি, বড় বড় ব্যবসাদারদের কেস পারসু করছি। এটা

হয়ে যাওয়ার পর একটা সেল তৈরি করব ওরিয়েন্টাল গ্যাস কোম্পানিতে যাতে করে বড় বড় যারা কেউ তাদের কাছ থেকে টাকা আদায় করতে পারি। তিনি আরও কতকগুলি কথা বলেছেন সে সম্বন্ধে নিশ্চয়ই নজর রাখব। তবে এটা ঠিক ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির লেবারদের সঙ্গে আমার ব্যক্তিগত সম্পর্ক খুব ভাল। ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির যে শ্রমিক সংগঠন আছে তারা আমার সঙ্গে যোগাযোগ রাখেন, আমার সঙ্গে তাদের কথাবার্তা হয়। তিনি যদি মনে করেন যে অফিসারদের সঙ্গে এক রকম কথা বলি আর শ্রমিক সংগঠনের সঙ্গে আর এক রকম কথা বলি তাহলে বলব তিনি অনেকগুলি জিনিস বোধ হয় জানেন না। আমি তাদের সঙ্গে এক সঙ্গে বসে অনেকগুলি জিনিস করে দিয়েছি। তবে যেগুলি ১০/১২ বছর আগেকার ব্যাপার সেগুলি সম্বন্ধে আমাদের ফাইনান্স ডিপার্টমেন্টের কনকারেন্সের দরকার। ওরিয়েন্টাল গ্যাস কোম্পানির প্রফিটেবিলিটি বাড়তে পারে যদি গ্যাস পেতে পারি। আপনি বলেছেন মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন এই গ্যাসের ব্যাপারে কিছু ভাবেন না, এটা ঠিক নয়, সেখানে যে লো লেভেল অব কোল পাচ্ছি তাতে গ্যাস প্রোডাকশন কমে গেছে। যেমন ধরুন আগে ৬ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস পেতাম এখন সেখানে ৩ মিলিয়ন কিউবিক ফিট গ্যাস পাচ্ছি এবং যেখানে ১০ হাজার থেকে ১১ হাজার কনজিউমার ছিল সেখানে যদি ১৭ হাজার হয়ে গিয়ে থাকে তাহলে ন্যাচারালি ডিমান্ডের চেয়ে গ্যাস সাপ্লাই অনেক কমে গেছে। আমরা নতুন করে চেষ্টা করছি গ্যাস সাপ্লাই করবার জন্য। আমরা আশা রাখি উন্নতি করতে পারব। একটা ব্যাটারি চালু হয়েছে, আর একটা ব্যাটারি চালু হবে, আমরা উন্নতি করতে পারব। ওখানে যে আগেকার ব্যাটারিগুলি ছিল যার ১৫ বছর লাইফ হওয়া উচিত, ১৫ বছর হয়ে যাওয়ার পর সেগুলি নিয়ে চালাবার চেষ্টা হচ্ছে। অতএব এটা প্রশ্ন নয় যে একটা বিভাগ অন্য একটা বিভাগের সঙ্গে সহযোগিতা করছে না। তারা বার বার চেষ্টা করছে। আমি বিশ্বাস রাখি নতুন ব্যাটারি চালু হয়ে গেলে আমরা এই অসুবিধা দূর করতে পারব। এই কথা বলে মিঃ স্পিকার, স্যার, এই বিলকে গ্রহণ করার জন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

The motion of Shri Tarun Kanti Ghosh that the Oriental Gas Company (Amendment) Bill, 1976, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Tarun Kanti Ghosh : Sir, I beg to move that the Oriental Gas Company (Amendment) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Voting on Demands for Grants

Demand for Grant No. 50

Major Heads : 298—Co-operation, 498—Capital Outlay on Co-operation and 698—Loans to Co-operative Societies.

[2-30 —2-40 p.m.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে ১৯৭৬-৭৭ সালের ব্যয়ের জন্য ডিম্যান্ড নম্বর ৫০-এর অধীন "২৯৮—সমবায়", "৪৯৮—সমবায়ে মূলধন বিনিয়োগ" এবং "৬৯৮—সমবায় সমিতিসমূহকে ঋণদান" এই সকল প্রধান খাতে আমি মোট ১৩ কোটি ১৬ লক্ষ ৩৬ হাজার টাকা মঞ্জুর করার প্রস্তাব করছি। গত বৎসর এই বাবদ মোট ৬ কোটি ৯৭ লক্ষ ১৬ হাজার টাকা মঞ্জুর হয়েছিল।

এই রাজ্যে কৃষিঋণ, কৃষিজ দ্রব্যের বিপণন, ভোগ্যপণ্য সরবরাহ, গৃহ-নির্মাণ ইত্যাদি ক্ষেত্রে সমবায় আন্দোলন যে বিপুল অগ্রগতি লাভ করেছে সে সম্পর্কে আমি আপনাদের কাছে আমার বক্তব্য রাখব। কিন্তু তার আগে এই আন্দোলনের সামাজিক তাৎপর্য সম্পর্কে আমি আপনাদের কাছে আমার বক্তব্য রাখব। কিন্তু তার আগে এই আন্দোলনের সামাজিক তাৎপর্য সম্পর্কে আমি দু'-একটি কথা বলতে চাই। এই আন্দোলন সত্যই ব্যাপক আন্দোলন। কেন না, কৃষক শিল্পজীবী ইত্যাদি গ্রামীণ জনগণের প্রায় ১৪ লক্ষ লোক এবং শহরাঞ্চলের আরও ১৪ লক্ষ লোক মোট প্রায় ২০ হাজার সমবায় সমিতির মাধ্যমে এই আন্দোলনে অংশ গ্রহণ করেছেন। রাজ্যে এমন অন্য কোনও আন্দোলন নেই যাতে মানুষ স্বেচ্ছায় নিজের টাকায় শেয়ার কিনে এমন বিপুল সংখ্যায় অংশ গ্রহণ করেছেন। এই আন্দোলন এমন একটি নীতির উপর প্রতিষ্ঠিত যা ২০-দফা কর্মসূচি প্রাণকেন্দ্রস্বরূপ। জনগণের আন্তরিক অংশগ্রহণ, তাদের দুর্বলতা দূর ক'রে শক্তিবৃদ্ধি করা এবং তাদের সম্পদ সংগ্রহ ক'রে সকলের কল্যাণে লাগানই হচ্ছে এই নীতির সার

কথা।

সমবায় আন্দোলনের আহ্বান মানেই গণতান্ত্রিক সমাজবাদের আহ্বান মানেই গণতান্ত্রিক সমাজবাদের আহ্বান যার আদর্শ হ'ল দুর্বলদের শক্তিমানদের শক্তি থেকে কিছু অংশ পেতে সাহায্য করা। ব্যক্তিগত মালিকানা ও সরকারি মালিকানার মধ্যে সমবায় হ'ল একটি সুবর্ণমন্ডিত মধ্যপন্থা। জনগণের কল্যাণে জনগণেরই অংশগ্রহণকে উত্তরোত্তর ব্যাপকতর করে তোলাই সমবায়ের উদ্দেশ্য। জনগণের এই অংশগ্রহণ পূর্বে উল্লিখিত সরকারি ও ব্যক্তিগত মালিকানাধীন সংস্থাগুলির তুলনায় অনেক বেশি। উৎপাদন ও বন্টনের পরিধিকে সম্প্রসারিত করতে পারে সমবায়। যার ফলে মধ্যস্বত্বভোগীর অসঙ্গত লোভকে এড়িয়ে উৎপাদনকারী শ্রমজীবিগণের হাতে পরিশ্রমের ফল আরও অধিক মাত্রায় পৌঁছে দেওয়া যায়, আর সঙ্গে সঙ্গে গ্রাহক-সাধারণের ক্রয়মূল্যকে নিচে নামিয়ে আনা যায়। কিন্তু এই আন্দোলনকে আরও জোরদার করতে এই মুহূর্তে আমাদের দু'টি জিনিস দরকার—প্রথমত, সুশিক্ষিত বেসরকারি নেতৃত্বকে আরও বেশি পরিমাণে আকর্ষণ করা এবং দ্বিতীয়ত, পরিচালনার ক্ষেত্রে ব্যবসায়ীসুলভ দক্ষতা বৃদ্ধি করা। এই দু'টি বিষয়ে আমি আপনাদের সহযোগিতা কামনা করি।

এই সভার মাননীয় সদস্যগণের কাছে বিগত কয়েক বছর আমরা এই রাজ্যের সমবায় আন্দোলনকে বদ্ধ জলাশয় থেকে মুক্তি দিয়ে জোয়ারের গতিবেগ দান করবার সংকল্প ঘোষণা করেছি। আজকে আমরা আপনাদের সামনে আনন্দের সঙ্গে ঘোষণা করতে পারি যে আমাদের সেই সকল সংকল্প বা প্রতিশ্রুতি বাস্তবায়িত হতে চলেছে। এই রাজ্যে সমবায় আন্দোলন বিগত কয়েক বছর কেমন ভাবে চলেছিল, বর্তমানে এর অবস্থান কোথায় এবং অদূর ভবিষ্যতে এই আন্দোলনের রূপরেখা কেমন হবে ব'লে আমরা আশা করছি সে সম্পর্কে তুলনামূলক দু'টি তথ্যচিত্র এই সঙ্গে পেস করছি।

সমবায় কৃষিঋণ

১৯৭৫ সালের জুন মাস পর্যন্ত স্বল্পমেয়াদি কৃষিঋণ দাদন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছিল ২৩ কোটি টাকা। আপনারা জেনে সুখি হবেন যে, আমরা এই লক্ষ্যের কাছাকাছি পৌঁছুতে পেরেছি। ১৯৭১-৭২ সালে, অর্থাৎ এই সরকার কার্যভার গ্রহণ করবার আগে পশ্চিমবঙ্গে সমবায়ের মাধ্যমে স্বল্পমেয়াদি কৃষিঋণ দাদনের পরিমাণ ছিল মাত্র ৪ কোটি ১৪ লক্ষ টাকা। ১৯৭১-৭২ সালে আদায়যোগ্য ঋণের দাদনের পরিমাণ ছিল মাত্র ৪ কোটি ১৪ লক্ষ টাকা। ১৯৭১-৭২ সালে আদায়যোগ্য ঋণের শতকরা ৮০ ভাগ বকেয়া ছিল। ১৯৭৪-৭৫ সালের সমবায় বছরে অর্থাৎ ১৯৭৫ সালের জুন মাসের শেষে কৃষিঋণ দাদনের পরিমাণ যেমন ২০ কোটি টাকারও অধিক হয়েছিল তেমনি বকেয়া ঋণের

পরিমাণ কমে গিয়ে দাঁড়ায় প্রায় ২৫ শতাংশে। ১৯৭৫-৭৬ সালের সমবায় বছরে ৩৬ কোটি টাকা কৃষিঋণ দাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

সর্বভারতীয় পরিকল্পনা অনুসারে এই রাজ্যে ইতিমধ্যে বাগমুন্ডি, হরিরামপুর, এ. বি. সিঙ্গুর, ইউকো, ইউনাইটেড, জোড়বাংলো এবং সিলিন্দা এই মোট ৭টি ফার্মার্স সার্ভিস সোসাইটি স্থাপন করা হয়েছে এবং আগামী ১৯৭৬-৭৭ সালের মধ্যে মোট ২৫টি অনুরূপ সমিতি স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ ছাড়া আদিবাসী অধ্যুসিত এলাকার চাষী ভাইদের জন্য বৃহদায়তন বহুমুখী কৃষি সমিতি (LAMPS) স্থাপন করার পরিকল্পনাও হাতে নেওয়া হয়েছে।

দীর্ঘমেয়াদি ঋণের ক্ষেত্রেও আমরা গত দু' বছরে অনেকটা অগ্রসর হয়েছি। ১৯৭১-৭২ সালের ৮৮ লক্ষ টাকার তুলনায় ১৯৭৩-৭৪ সালে যেখানে এই খাতে লগ্নি করা হয়েছিল ১ কোটি ৭ লক্ষ টাকা সেখানে ১৯৭৪-৭৫ সালে লগ্নির পরিমাণ প্রায় ২ কোটি ৯ লক্ষ টাকা এবং চলতি আর্থিক বছরে এই খাতে লগ্নির পরিমাণ নির্ধারিত হয়েছে ৭ কোটি টাকা। আগামী আর্থিক বছরের লক্ষ্যমাত্রা হ'ল ৮ কোটি টাকা। দীর্ঘমেয়াদি ঋণ আদায়ের ক্ষেত্রেও আমরা অভূতপূর্ব সাফল্য অর্জন করতে পেরেছি। ১৯৭৪-৭৫ সালে কেন্দ্রীয় ও প্রাথমিক ব্যাঙ্ক পর্যায়ে আদায়যোগ্য ঋণের যথাক্রমে শতকরা ৯৮.৪৯ এবং ৭৫.২০ ভাগ আদায় হয়েছে।

ক্ষুদ্র সেচ-পরিকল্পনা রূপায়ণের জন্য এগ্রিকালচারাল রিফাইনান্স কর্পোরেশনের সহযোগিতায় কেন্দ্রীয় ভূমি উন্নয়ন ব্যাঙ্ক এক বিরাট পরিকল্পনা গ্রহণ করেছে। এই পরিকল্পনার সার্থক রূপায়ণের জন্য কেন্দ্রীয় এবং প্রাথমিক ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলিকে শক্তিশালী করার প্রস্তাব রয়েছে।

সমবায় বিপণন ও কৃষিজাত দ্রব্য সংরক্ষণ

প্রাথমিক বিপণন সমিতিগুলিকে সঙ্গে নিয়ে রাজ্যস্তরে মার্কেটিং ফেডারেশন তার অগ্রগতিকে বিগত কয়েক বছরের মতো চলতি বছরেও অব্যাহত রেখেছে। সার বিক্রয়ের ক্ষেত্রে অবশ্য সাময়িক অসুবিধা কিছু দেখা দিয়েছে। নানা অনিবার্য কারণেই এরকম ঘটেছে। কিন্তু অদূর ভবিষ্যতে প্রাথমিক সমিতিগুলি এই অসুবিধা কাটিয়ে উঠতে পারবে বলে আশা করা যায়। ৫৩টি প্রাথমিক বিপণন সমিতির মাধ্যমে মার্কেটিং ফেডারেশন চলতি মরশুমে জুট কর্পোরেশন অব ইন্ডিয়ার এজেন্ট হিসাবে ১৯৭১-৭২ সালে মাত্র ১৩ হাজার মণের তুলনায় মোট ৮ লক্ষ ৭ হাজার মণ পাট ক্রয় করেছে। পাট সংগ্রহের আবশ্যিক অঙ্গ হিসাবে ২৮টি সমবায় বিপণন সমিতিকে গাঁট বাঁধার কল স্থাপন ও গুদাম তৈরি করার জন্য ৩৫ লক্ষ ৭০ হাজার টাকা সাহায্য দেওয়া হয়েছে।

এ বছর ৩৮৪টি প্রাথমিক বিপণন সমিতি ও কৃষি ঋণদান সমিতি ফুড কর্পোরেশনে এজেন্ট হিসেবে ধান সংগ্রহ করেছে এবং ১৫টি চালকল সরকারি আনুকূল্যে নিজের ধান সংগ্রহের কাজে অংশ গ্রহণ করেছে।

ক্রেতা সমবায় সমিতি

বিগত ১৯৭৪-৭৫ সালের সমবায় বছরে এ রাজ্যের ২৯টি পাইকারি ক্রেতা সমব সমিতির মধ্যে ২৪টি সমিতি লাভে ব্যবসা করেছে। এই সমিতিগুলি আগের বছরের ৩ কোটি ৭৬ লক্ষ টাকার স্থলে ১৯৭৫-৭৬ সালে ৪১ কোটি ১৯ লক্ষ টাকা মূলে ভোগ্যপণ্য বিক্রয় করেছে। ১৯৭১-৭২ সালে এই বিক্রয়ের মোট পরিমাণ ছিল ১ কোটি ৩৪ লক্ষ টাকা। মোট ৪২টি ছাত্রাবাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সরবরাহ করা হয়েছে "২০-দফা কর্মসূচি" অনুসরণে ৮২টি স্কুলে ক্রেতা সমবায় গঠন করা হয়েছে। এ সমিতিগুলির মাধ্যমে এ পর্যন্ত ১১ শত মেট্রিক টন কাগজ সস্তা দরে ছাত্রদের মধ্যে বন্টন করা হয়েছে। এ ছাড়া ২২টি পাইকারি ক্রেতা সমিতি মাধ্যমিক পর্ষৎ প্রকাশি পাঠ্যপুস্তক বিক্রয়ের দায়িত্বও গ্রহণ করেছে। কেন্দ্রীয় পরিকল্পনা অনুযায়ি গ্রামাঞ্চলে ন্যা মূল্যে পণ্য সরবরাহের একটি নতুন পরিকল্পনা ও দুর্গাপুর অঞ্চলে ন্যায্যমূে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের জন্য একটি বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ছাড়া ক্রেতা সমবায়ের মাধ্যমে কলকাতার দুইটি হাসপাতালে ওষুধের দোকান খোল হয়েছে। বৃহত্তর কলকাতার হাসপাতালগুলিতে এই ধরনের দোকান অদূর ভবিষ্যতে আর খোলা হবে।

সমবায় গৃহনির্মাণ সমিতি

সমবায়ের মাধ্যমে গৃহ নির্মাণের ক্ষেত্রেও এই রাজ্য উল্লেখযোগ্য অগ্রগতি লা করেছে। ১৯৭৩-৭৪ সালে যেখানে মোট ১৪টি প্রাথমিক সমিতিকে শীর্ষ সমিতি ৩৮ লক্ষ ৪০ হাজার টাকা ঋণ হিসেবে দিয়েছিল সেখানে ১৯৭৪-৭৫ সালে দিয়েছে ৩৩টি প্রাথমি সমিতিকে মোট ৯৫ লক্ষ ৩৫ হাজার টাকা। আমাদের আশা ১৯৭৫-৭৬ সালে লগ্নী পরিমাণ হবে ২ কোটি টাকা। আগামী বছরে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৬ কোটি টাকা। ১৯৭১-৭২ সালের ২১৮টি পরিবারের স্থলে ১৯৭৪-৭৫ সালে ৮৯১টি পরিবারকে গৃহ নির্মাণের জন্য ঋণ মঞ্জুর করা হয়েছে। এগুলি জেলা ও মহকুমা স্তরে অধিক সংখ্যক গৃহ নির্মাণ সমিতি গড়ে তোলার প্রচেষ্টাই অঙ্গস্বরূপ। কল্যাণী ও লবণ হ্রদে ইতিমধ্যেই অনেক প্রাথমিক গৃহ নির্মাণ সমিতি গড়ে তোলা হয়েছে। পঞ্চম পরিকল্পনার শেষে গৃহনির্মাণের জন্য মোট ৭ কোটি ৫০ লক্ষ টাকা ঋণ দেবার লক্ষ্য নির্ধারিত হয়েছে। সরকার শেয়ার ক্রয় করবেন ৮১ লক্ষ ৪০ হাজার টাকার।

মৎস্যজীবি, দুগ্ধ উৎপাদন ইত্যাদি সমবায়

যন্ত্রচালিত নৌকার সাহায্যে সমুদ্র উপকূলে মাছ ধরার জন্য এবং অন্তর্দেশীয় জলাশয়গুলিতে মৎস্য চাষের জন্য যে সকল ব্যবস্থা অবলম্বন করা হয়েছে এবং হতে যঅচ্ছে, সেগুলি অভাবগ্রস্ত মৎস্যজীবগণের জীবন ও জীবিকার অনিশ্চয়তা দূর করে জনসাধারমের মাছের চাহিদাও অনেকটা মেটাতে পারবে বলে আশা করা যায়। এর জন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ করা হয়েছে।

সমবায়ের মাধ্যমে দুগ্ধ উৎপাদন ও সরবরাহের সন্তোষজনক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। দার্জিলিং এবং নদীয়া-মুর্শিদাবাদ জেলায় ইতিমধ্যেই দুটি বড় দুগ্ধ প্রকল্প চালু হয়েছে এবং মেদিনীপুর জেলায় তৃতীয় একটি প্রকল্পের কাজ শীঘ্রই চালু হবে।

উপসংহার

পরিশেষে বলতে চাই যে, গত ১লা ফেব্রুয়ারি রবীন্দ্র সদনে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্কের প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আমাদের মহামান্য রাষ্ট্রপতি মহোদয় বলেছেন যে, পশ্চিমবঙ্গ সাম্প্রতিক কালে সমবায় আন্দোলন দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেছে এবং তিনি আশা প্রকাশ করেছেন যে, আমাদের এই রাজ্য শীঘ্রই সমবায় আন্দোলনের ক্ষেত্রে আশাব্যঞ্জক নেতৃত্ব দিতে পারবে। মহামান্য রাষ্ট্রপতি মহোদয়ের এই কথাগুলি শুধু সৌজন্যমূলক নয় তা বোধ হয় আপনারা বুঝতে পেরেছেন। আমরা মনে করি, আপনাদের সমবায়ীদের এবং জনসাধারণের কাছ থেকে এ পর্যন্ত যেরকম সহযোগিতা পেয়েছি তা যদি অক্ষুণ্ণ থাকে তাহলে আমাদের মহামান্য রাষ্ট্রপতি মহোদয়ের আশীর্বাদকে শিরোধার্য করে আমরা তার আশাকেও বাস্তব রূপ দিতে পারব। আর তা যদি পারি, তাহলে অদূর ভবিষ্যতে সমবায়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের পশ্চাদ্‌গামিতাকে কাটিয়ে উঠে এই রাজ্যের সমবায় আন্দোলনকেও সর্বভারতীয় স্তরে উন্নীত করতে পারব।

সমবায় দীর্ঘজীবী হোক্।

১৯৭৩-৭৪ সালের তুলনায় ১৯৭৪-৭৫ সালে সমবায় আন্দোলনের অগ্রগতির বিবরণ

	১৯৭১-৭২	১৯৭৩-৭৪	১৯৭৪-৭৫	শতকরা বৃদ্ধির পরিমাণ
	(লক্ষ টাকা হিসাবে)			
১। স্বল্পমেয়াদী কৃষিঋণ দান	৪১৪	১,৪৫০	২,০২৬	+৪০
২। স্বল্পমেয়াদী কৃষিঋণ আদায়	৪২৮	১,৩৫০	১,৫৫৮	+১৫
৩। আমানত সংগ্রহের পরিমাণ	১,০৬২	১,৪৪৮	১,৭৭৬	+২২
৪। দীর্ঘমেয়াদী ঋণ দাদন	৮৮	১২৫	২১৮	+৭৪
৫। কৃষিকার্যে ব্যবহার্য বীজ, কীটনাশক দ্রব্য ইত্যাদি সরবরাহের পরিমাণ	৩৫১	৫৪২	১,৩২৯	+১৪৫
৬। সার সরবরাহের পরিমাণ (মেট্রিক টন)।	২৯,৯৫১	৬৬,০০০	৮৯,০০০	+৩৫
৭। কৃষিজ দ্রব্যের বিপণন	৭০	৬৭৮	১,৭৩২	+১৫৬
৮। কাঁচা পাট সংগ্রহের পরিমাণ (হাজার মণ)।	১৩	৯০০	৬৮৫	−২৫
৯। গৃহনির্মাণের জন্য যতগুলি পরিবারকে ঋণ মঞ্জুর করা হয়েছে।	১,৮৩৪	৩,০৭৬	৪,১৩৫	+৩৪
১০। সরবরাহকৃত ভোগ্যপণের মূল্য।	১,৮৩৪	৩,০৭৬	৪,৩৫	+৩৪

১৯৭৪-৭৫ সালের জুলাই-ডিসেম্বর এই ছয় মাসের তুলনায় ১৯৭৫-৭৬ সালের জুলাই-ডিসেম্বর মাসে সমবায় আন্দোলনের অগ্রগতির বিবরণ

	লক্ষ টাকা হিসাবে			
	জুলাই–ডিসেম্বর ১৯৭৪	জুলাই–ডিসেম্বর ১৯৭৫	বৃদ্ধির (+) হ্রাসের (–) পরিমাণ	শতকরা বৃদ্ধি (+) হ্রাস (–)
১। কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক প্রদত্ত প্রাথমিক সমিতিকে স্বল্পমেয়াদি কৃষিঋণের পরিমাণ।	১২০.২১	৩২৪.৫৬	+২০৪.৩৫	+১৭০
২। কেন্দ্রীয় ব্যাঙ্ক থেকে প্রাথমিক সমিতিকে প্রদত্ত কৃষিঋণের পরিমাণ।	৩৪৮.৬৩	৬১৫.৪২	+২৬৬.৭৯	+৭৭
৩। কেন্দ্রীয় ব্যাঙ্কস্তরে অনাদায়ী ঋণের পরিমাণ (শতকরা)।	২২.৯	২০.৩	–২.৬	+১১
৪। কেন্দ্রীয় ব্যাঙ্কস্তরে আমানত সংগ্রহের পরিমাণ।	১,৫২৩.৩৯	১,৯৭৬.০০	+৪৫২.৬১	+৩০
৫। রাজ্যস্তরে সমবায় ব্যাঙ্ক দীর্ঘমেয়াদি ঋণ দাদন।	৮১.৪৪	১৭১.৩৪	+৮৯.৯০	+১১০
৬। সারের কারবারের পরিমাণ (মেট্রিক টন)।	৪৫,৫০৪	৬৮,৪২৩	+২৪,৬২০	+৫৬
৭। কাঁচা পাট সংগ্রহের পরিমাণ (হাজার মন)।	৫০৬.২১	৭৩৩	+২৭৭	+৪৫
৮। ক্রেতা সবায় ফেডারেশন কর্তৃক ভোগ্যপণ্য সরবরাহের পরিমাণ।	৫২.৪৪	৭৮.২৭	+২৫.৮৩	+৪৯
৯। গৃহ নির্মাণের জন্য মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ।	৫৩.২০	১০৩.১৯	+৪৯.৯৯	+৯৪

Mr. Speaker : All the cut motions are in order and are taken as move.

Shri Bhupal Chandra Panda : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Netaipada Sarkar : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

Shrimati Ila Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

শ্রী অজিতকুমার গাঙ্গুলি ঃ স্পিকার, স্যার, ওর সঙ্গে আমার একটা আত্মিক সম্পর্ক আছে। সেটা কি রকম? সেটা শুরুতে বললেই সম্পর্কটা বুঝতে পারবেন, স্যার। একটি ঘটনা বলছি, একজন শিকারি তিনি যেতে যেতে দেখলেন যে একটা হরিণকে নেকড়ে তাড়া করেছে, তিনি অনেক চেষ্টা করে সেই নেকড়ের মুখ থেকে হরিণটাকে রক্ষা করলেন এবং করে তার গায়ে বেশ হাত বুলিয়ে দিলেন কিন্তু তারপর তিনি একটা ধারালো ছুরি দিয়ে আহার করবার জন্য সেই হরিণটাকে কাটতে লাগলেন। তখন হরিণটা বলল যে আমাকে নেকড়ে তাড়া করেছিল ঠিকই কিন্তু এখন বুঝতে পারছি যে প্রকৃত নেকড়ে কে। এখন এখানে যে ফিগারগুলি দিয়েছেন তা সত্যিই খুব উৎসাহব্যাঞ্জক, আমাদের কাছে ইতিবাচক। স্যার, এই কথা বললেও আমি তাকে দেখাতে চাই যে আমাদের পশ্চিমবাংলায় রুর‍্যাল পপুলেশন হচ্ছে ৩ কোটি ৩৩ লক্ষ। যদি পুরো একটা ফাইভ ইউনিট ফ্যামিলি ধরা যায় তাহলে ৬০ লক্ষ ৬ হাজার পরিবার আছে। এখানে উনি খুব গর্ব করে বললেন গ্রামীণ জনগণের প্রায় ১৪ লক্ষ লোক এর দ্বারা উপকৃত হয়েছে। আপনি ভেবে দেখুন, ২৭ বছর ধরে এই সরকার এখানে আছে, অবশ্য মাঝে দেড় বৎসর ছিল না, এখন আমি সমবায় করি, সমবায়ের প্রতি আমার অত্যন্ত অনুরাগ এবং তিনি যে বিবরণ দিলেন যে গণতান্ত্রিক সমাজবাদের আহ্বান যার আদর্শ—নিশ্চয়ই তা মানি কিন্তু স্যার, আমি একটা জিনিস পড়ছি একজনের সম্প্রতিকালে monopolies operating in the production and distribution and item of mass consumption will be abolished. মিঃ ডাঙ্কেল একথা বলেননি, আমাদের চেয়ারম্যান মিঃ ডাঙ্কেল অনেক জোরের সঙ্গে বলেছেন মনোপলিকে কি করে আঘাত করা যাবে।

[2-40 —2-50 p.m.]

কিন্তু জয়নাল সাহেবও কম যাবেন না। তিনিই বলুন এটা কিন্তু ডাঙ্গে সাহেবের

কথা নয়। ট্রেড ইউনিয়ন লিডার ইন্দ্রজিৎ গুপ্তের কথা নয়। এটা আপনাদেরই নিজস্ব লোক টি. এ. পাইয়ের কথা, তিনি ইন্ডাস্ট্রি অ্যান্ড সাপ্লাই মিনিস্টার, খুব বেশি দিন আগে বলেননি, বলেছেন সম্প্রতি সেকেন্ড মার্চ একথা। এখন স্যার, সরকারও সমাজবাদের কথা বলেন কেননা ইট হিটস দি ক্যাপিটালিস্ট সে বিষয়ে সন্দেহ নাই। মনোপলিকে আঘাত করার দুইটি পথ আছে একটি পথ ন্যাশনেলাইজ করা, ন্যাশনেলাইজ মানে সোশ্যালিজম নয়। সেকেন্ড হচ্ছে যে সমস্ত জিনিস স্কেয়ার্স আছে সেগুলি তৈরি রা, এখন সেই জিনিসগুলি তৈরি করতে গেলে র-মেটিরিয়েলস যেগুলির অভাব আছে সেগুলি প্রাইভেট কোম্পানি দিয়ে করা সম্ভব নয়, কারণ তাতে যে পরিমাণ ক্যাপিটাল ইনভেস্ট করতে হবে তা সম্ভব নয়। তাই ন্যাসনেলাইজ যদি না করতে পারেন তাহলে কো-অপারেটিভের দিকে যান এবং এটাই হচ্ছে নেক্স অল্টারনেটিভ। ন্যাশনেলাইজেশন যেটা হচ্ছে মূল সলিউশন, সেটা যদি আপনারা অ্যাভয়েড করতে চান তাহলে কোঅপারেটিভ দিয়ে সেটা খানিকটা ফেস করতে পারেন, কাউন্টার করতে পারেন। কিন্তু আপনি মন্ত্রী মহাশয় জয়নাল সাহেব যে ফিগারস দিয়েছেন তাতে স্বল্প মেয়াদি দাদন ১৯৭৩-৭৪ সালের হিসাব দিয়েছেন। তাতে আদায়ও করেছেন ফিফটি পারসেন্ট। কিন্তু স্যার, আপনি লক্ষ্য করলে দেখবেন এই বিবরণের মধ্যে কোথাও একটা কথাও বলেননি দীর্ঘমেয়াদির কি করেছেন। এই টাকা আদায়ের কি করেছেন? মোটা টাকা দিয়েছেন, আপনি কোথাও বললেন না যে নন-এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটিতে একজন তিনবার মাছ রেখে টাকা মেরে নিয়ে গেল তার কিছু করেছেন কিনা। আপনারই কনসিটিটিউয়েন্সিতে গাঙপুরে টাকা মেরে যাচ্ছে, আগে মোক্তার ছিলেন, আজ পর্যন্ত তার কাছ থেকে আদায়ের কি চেষ্টা করেছেন? পর পর জয়নালদা বললেই সে রেহাই পেয়ে যাবে, আর বলা থাকবে যদি টাকা না দেয় এনিবড়ি পান্সিড হবে, এই আপনারা সমাজতন্ত্র করতে যাচ্ছেন। সমবায়ও সমাজতন্ত্রের সাহায্য করছে। কিন্তু একটা জায়গায় যেখানে হাজার হাজার সমবায়ের টাকা চুরি করছে, সে সম্বন্ধে তার রিপোর্টের মধ্যে কোথাও কিছু কেন নাই? কেন থাকবে না আমি জানতে চাইছি। আমি ৫ বছরের মধ্যে মনোপলির বিরুদ্ধে কো-অপারেটিভের কথা বলছি, কিন্তু এখানে গাঙপুরে মার্কেটিং কোঅপারেটিভের এই সমস্ত টাকাগুলি কোথায় গেল, এগুলি কি বলবেন? এগুলি এজন্য বলছি যে যদি দরকার হয় কো-অপারেটিভ করুন এগুলি প্রগতিশীল জিনিস আমি এখানে তার সঙ্গে সুর মিলিয়েই বলছি, কিন্তু তাতে তো তাদের বাঁচানো যাচ্ছে না কিন্তু আপনি কো-অপারেটিভকে শুকিয়ে নিয়ে যাবার দিকে যাচ্ছেন কেন? আজকে বিকাশ লাভ যাতে করতে পারে এবং সেদিকে কোনও জায়গায় নিয়ে যাচ্ছেন কিনা সেটা আমাদের দেখতে হবে। বাজেটের সময় আমি বলেছিলাম যে আপনি প্ল্যান কি এবং প্রোগ্রাম কি সেটা বুঝতে পারেন না। আমি আবার এখানে সেকথাই বলি। যেখানে যেখানে মানুষ নিগৃহীত হচ্ছে ধনিক শোষকের দ্বারা সেখানে আপনি কি করেছেন?

কেন সেকথা আমি বললাম। আমি বলি এই সরকার একটা ভাল আইন তৈরি করেছেন যার জন্য আমরা সবাই সরকারকে অভিনন্দন জানিয়েছি। মহাজনী ঋণের বাংলা থেকে কৃষককে বের করে এনেছেন। এই মহাজনরা হচ্ছে নেকড়ে। কত টাকা আপনি বরাদ্দ করলে তাদের আগামী পাট চাষের জন্য? এজন্য তাদের টাকা দিতে হবে। মহাজন যারা রখে দাঁড়িয়েছে। তাদের ঋণ দেওয়ার জন্য আপনি আপনার বাজেটে কত টাকা বরাদ্দ করেছেন? আমি দেখচি আপনার দপ্তরের অ্যাডমিনিস্ট্রেশন-এর জন্য এক কোটির ও বেশি টাকা বরাদ্দ করেছেন। আর এই রুর‍্যাল ক্রেডিট-এর জন্য রেখেছেন মাত্র ৮৭ লক্ষ টাকার মতো। যেখানে আজকে সমস্ত মহাজনরা তারফলে দাঁড়িয়েছে—সেখানে কৃষকরা ঋণ পাবে কোথায়? How will you satisfy them by 87 lakhs only ? It is impossible. এরা আমার কাছে এসেছিলেন কয়েকদিন আগে। এখন তারা যাবে কোথায়? আপনারা ব্যাঙ্কের কাছে যেতে বলেন। যেখানে গেলে তারা বলছেন report নিয়ে আসুন যে আপনি clear from all encumbrances etc. তা কি করে হবে বলুন? এই জায়গায় আজ যদি যেতে হয়, তাহলে সমবায় দপ্তরকে অনেক বেশি টাকা কৃষকদের জন্য বরাদ্দ করতে হবে। তা না হলে আপনি, জয়নালভাই দায়ী হবেন। সাধারণ মানুষের খাদ্যোৎপাদন প্রচেষ্টা ব্যাহত হয়ে গেলে, কৃষক ঋণ পেল না। এর জন্য আপনি সাধারণ কৃষকের কাছে দায়ী হবেন। আপনি কৃষকসমাজকে খুন করছেন। আপনি তো জানেন যাদের জ্বালায় মানুষ গলায় দড়ি দেয়—আপনি এই কৃষকদের হত্যার জন্য দায়ী হবেন কেন? আপনি হয়ত বলবেন না স্পষ্ট করে যে যে টাকা আপনি আপনার সাহয্যের জন্য চেয়েছিলেন—তা পান নাই সেটা বলতে গেলে লজ্জা লাগে। যখন কেবিনেটে বসেন, তখন তো আপনাদের মধ্যে টানাটানি লেগে যায়, ঝগড়া বেঁধে যায় কে কতটা বেশি নিতে পারেন। মিউনিসিপ্যালিটিতে কমিশনাররা কি করেন? নিজের নিজের ওয়ার্ডে বরাদ্দ বেশির জন্য, তখন এক পাটির কমিশনারদের মধ্যে ঝগড়া হয়। ওদের কেবিনেটেও তাই হয়।

(এ ভয়েস ঃ আপনাদের মধ্যেও ঝগড়া হয় তাহলে।)

তা হয় বৈ-কি। ঝগড়া মানে অ্যানটাগোনিস্টিক কিছু নয়। স্বামী-স্ত্রী-র ঘরের মধ্যে ঝগড়া হয় না? তেমনি। অ্যানটাগোনিস্টিক কিছু নয়। কিন্তু আপনাদের ঝগড়া অ্যানটাগোনিস্টিক। যা হোক আমার কথা উনি তো বলেন যে আমরা নাকি ৪ বার আমেরিকা, লবি করেছি, উনি আমেরিকার লবি করেন কিনা জানি না। আমি তাদের বলি এই উক্তিটি কালান্তরের নয়, নিউ এজেরও নয় ; এ কথাটা আমাদের দেশের একটা বুর্জোয়া পত্রিকা বলেছিলেন, সেটা আমি এখানে উল্লেখ করছি—The Bolsheviks would never have the peasants with them had there not been

something in their programme that was attractive and the promise made for peasants and toiling people. বলশেভিকরা দিতে পারত না যদি এরকম ব্যবস্থা না থাকত। গোরওয়ালা কমিটির রুর‍্যাল ক্রেডিট সার্ভে-এর একটি রিপোর্ট আছে সেই রিপোর্টে কতকগুলি বক্তব্য আছে তারা সার্ভে করেছিলেন অল ইন্ডিয়া সার্ভে করে কতকগুলো রেকমেন্ডেশন করেছিলেন—যে রেকমেন্ডেশন-এর সব চেয়ে বড় কথা হচ্ছে যে কো-অপারেটিভ ডেভেলপ করতে পরে না—নট মেয়ারলি বাই স্টেট গাইডেন্স অ্যান্ড স্টেট এইড এ দিয়ে আমাদের যে প্রবণতা, এই প্রবনতার মাধ্যমে কো-অপারেটিভ ভারতবর্ষকে অগ্রগতির দিকে নিয়ে যেতে পারছে না—বিশেষ করে আমাদের পশ্চিমবঙ্গে।

[2-50 —3-00 p.m.]

পন্ডিতনেহরু দুঃখ করে গিয়েছেন, গান্ধীজি বলে গিয়েছেন, সে কথা একই একথা কতবার বলেছি, আর রিপিট করতে চাই না। কিন্তু কো-অপারেটিভ মানে সমবায়। আমাদের মাননীয় সদস্য কুমারদিপ্তিবাবুর অত্যন্ত আগ্রহ এই ব্যাপারে। যদি তিনি কিছুদিন আগে এগিয়ে যেতে পারেন, জানি না, তিনি তা পারবেন কিনা, কেননা তাকে তো এদের কথায় চলতে হয়, জানি না চেয়ারম্যান হিসাবে তিনি কত দূরে নিয়ে যাবেন। গভর্নমেন্ট যদি পার্টনারশিপ না হয় উইথ দি কো-অপারেটিভ তাহলে কো-অপারেটিভ ডেভেলপ করতে পারে না। শুধু উপদেশ দিয়ে হবে না। ট্রেন্ড লোকও আমাদের নেই। আমরা বলছি জনসাধারণের সহযোগিতা চাই ২০ দফা কর্মসূচি রূপায়নের ব্যাপারে। তেমনি গভর্নমেন্ট এর ডেভেলপমেন্ট চাইলে Government should be a partner. সেইজন্য গভর্নমেন্টকে বলি আপনারা কৃষিক্ষেত্রে থাকলেন। তেমনি মনোপলির ক্ষেতের দেখুন। বাজেট খুলে দেখুন দু জায়গায় কো-অপারেটিভের কথা বলা হচ্ছে। একটা সুগার মিল, আর একটা ছিল স্পিনিং মিল। কো-অপারেটিভের ক্ষেত্রে আপনার এক পয়সাও সেখানে দেওয়া আছে কি? এক পয়সাও বাজেটে সুগার মিলের অন্য নেই। কারণ যদি বিড়লার আঁচড় লাগে। কিছুই নেই। কতটুকু লাগবে। সেই টেক্সটাইলে বিড়লা একটা নেকড়ে। পাছে তার গায়ে আঁচড় লাগে তাই করেননি। **(ডাঃ জয়নাল আবেদিন ঃ** ১৯৬৭ ও ১৯৬৯ কি করেছেন?) আপনার জানা উচিত ছিল, আপনি সেই সময় এখানে ছিলেন। সারা পশ্চিমবাংলায় একটা পার্টির যে এলিমিনেশন থিয়োরি, সেই সি. পি. এমের না থাকত তাহলে জনসাধারণের যে উন্মাদনা সৃষ্টি করতে পেরেছিল, সেই উন্মাদনা আপনারা ২০ দফার পিছনে সৃষ্টি করতে পারেননি। দ্যাট ওয়াস দি মেন অ্যাচিভমেন্ট। সারা পশ্চিমবাংলায় গরিব মানুষের একটা আপসারজ হয়েছিল। আজকে কি হচ্ছে। দেখুন কৃষকসভা বলছেন বেনামি জমি জমিচোর নিয়েছে। জমি কে নিয়েছে? এখন আমি সেই জায়গায় যেতে চাইছি না। আমি শুধু বলতে চাই এই কথা জায়গায় যদি না

এগিয়ে যান বাজেট বা মন্ত্রিসভা সেদিকে যদি নজর না দেন তাহলে সমবায়ের যে দৃষ্টিভঙ্গি পশ্চিমবাংলায় বিকাশ লাভ করতে পারছে না, সেদিকে নিয়ে যেতে সক্ষম লাভ হবে না। সংক্ষেপে এই কটি কথা বলতে চাই। এইগুলো অ্যাসেন্সিয়াল। উপযুক্ত পরিমাণে ঋণ দিতে হবে। লক্ষ টাকা, কোটি টাকা দেখিয়ে লাভ নেই। ১৪ লক্ষ পেজেন্ট্রি, ৬০ কোটি পরিবার, তিন কোটি কৃষক। দ্বিতীয়ত, হচ্ছে টাইমলি দিতে হবে। আমি গোপীনাথপুরে গিয়েছিলাম। আমাকে ধরে তারা বলছে, পাট হবে না, সমস্ত টাকা সুদ হয়ে আছে। ব্যাঙ্ক তাদের বলেছে তারা কুমরি গ্রামের সঙ্গে সংযুক্ত হয়ে আছে। তারা টাকা শোধ দিয়ে দিয়েছে অথচ তাদের এই অবস্থা। আমি তাদের বলেছি, শুক্রবার আসবে, দেখা যাক ব্যাঙ্ক কি বলে। ঋণ প্রোডাকটিভ হওয়া উচিত। চিপ রেট অফ ইন্টারেস্টে দিতে হবে। কো-অপারেটিভ ইজ নট অ্যা বিজনেস। বাজেট বক্তৃতায় গণতান্ত্রিক সমাজবাদ বলে যে সুদ নেওয়া আরম্ভ করেছে এত মহাজনের সুদ হয়ে গেল। আপনারা সুদ নিচ্ছেন ১৩ পারসেন্ট। (**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এটা ঠিক কথা নয়, আপনি জানেন না।) কেন এই ১৩ পারসেন্ট করেছেন। রিজার্ভ ব্যাঙ্ক যা করেছেন তাই করছেন না কেন? হোয়াট ইজ দি হারম? স্টেট ব্যাঙ্ক বলুন আর সেন্ট্রাল ব্যাঙ্কই বলুন সব জায়গাতে নানা রকম গ্যাঁড়াকল চলেছে। এগুলি কিছু কিছু আমাদের বুঝতে হবে। সবাই মিলে এর বিরুদ্ধে লেগেছে। Stop this, stop this. আর দুটি জিনিস বলে আমি শেষ করব। সুইডেনের মতো ছোট জায়গা সেখানে মহিলাদের কো-অপারেটিভের মধ্যে আনা হয়েছে। এমন কি স্বামী যদি সেই বোর্ডে থাকেন বোর্ডের ডিরেক্টার থাকে তাহলে স্বামীর অনুপস্থিতিতে স্ত্রীকে সেখানে অংশ গ্রহণ করার সুযোগ দেওয়া হয়। Even in Sweden, not a socialist country. সেখানে এ জিনিস হয়েছে। এখানেও জিনিস করুন। মেয়েদেরও খানিকটা এগিয়ে নিয়ে যান। আপনারা তো খুব সমাজবাদ প্রগতির কথা বলেন। সুইডেটে দে অ্যালাউ দেয়ার পাটনারস টু রিপ্রেজেন্ট—এখানেও সেটা করতে হবে। তার পর ফিগার দেখুন—আমাদের এখানে শিডিউল্ড কাস্ট হচ্ছে ৮০ লক্ষ ৮ হাজার ৩ কোটি লোকের মধ্যে। How many Co-operatives have been develop in the Scheduled Castes area ? Where are the tribals ? রিপোর্টে কিছু নাই যেটা আপনি আমাদের ছেপে দিয়েছেন। আমি হিসাবে দেখছি যে তার মধ্যে কোথায়ও নাই। এই সব আদিবাসীদের আগিয়ে নিয়ে যাবার জন্য কি করেছেন?

মিঃ স্পিকার ঃ মিঃ গাঙ্গুলি, আপনি যে ফিগার দিচ্ছেন, ১৯৭১ সালের সেন্সাসে সেটা আরও বেড়ে গেছে।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি ঃ তার পারফরমেন্স কোথায়? আপনারা সমাজবাদ চালাচ্ছেন, এখানে আপনাদের নিশ্চয় একটু সংকুচিত হতে হবে। আমার বক্তৃতা শেষ করার আগে

আবার বলছি যে এর মধ্যে মহিলাদের নিয়ে আসুন, আদিবাসীদের জন্য ব্যবস্থা করুন। এবং কৃষকদের যে ঋণের যে ঋণের ব্যবস্থা করা হয়েছে সেখানে সুদের পরিমাণ কমাবার ব্যবস্থা করুন। ১৯৬৭ সালের কথা বা ১৯৭১ সালের কথা বলা দরকার নেই। সমবায়ের মধ্যে সুগার মিল রাইস মিল এই জিনিসকে আনবার ব্যবস্থা করুন। আজকে মহীশূরের কথা বলতে পারি—সেখানে হোলসেল ডিলার কো-অপারেটিভের মাধ্যমে হচ্ছে প্রোকিওরমেন্ট অব ফুডস্টাফ অ্যান্ড আদার কনজিউমার গুডস কো-অপারেটিভ থেকে করেছে। সেখানে তো আমাদের গভর্নমেন্ট নাই—আপনাদেরই গভর্নমেন্ট আছে। মহীশূরের মতো জায়গায় যদি এই জিনিস হতে পারে এখানে কেন হবে না ইউ রান ইট—এগুলি করতে হবে। তা যদি না করেন তাহলে শুধু ফিগার দিয়ে কো-অপারেটিভের ডেভেলপমেন্ট হবে না। এই সব দিকে লক্ষ্য রেখে কাজ করুন। এর জন্য আমরা হাত বাড়িয়ে দিচ্ছি।

শ্রী জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়ান পয়েন্ট—এটা হচ্ছে পার্লামেন্টারি অ্যাডিকেট যে মন্ত্রী যখন এই সব বক্তব্যের জবাব দেবেন তখন সেই মেম্বারের উপস্থিত থাকা। স্যার, আপনি নিশ্চয় দেখবেন এই ব্যাপারে এটা আমি আশা করি।

মিঃ স্পিকার ঃ It is applicable to all the members আপনারা সবাই থাকবেন। যখন অপর মাননীয় সদস্য বক্তৃতা করেন তখন ট্রেজারি বেঞ্চে মিনিস্টারের উপস্থিত থাকাও দরকার তার সেই সমালোচনা শোনার জন্য। এবং মেম্বারেরও উপস্থিত থাকা দরকার কি পয়েন্ট তুলেছিলেন কি উত্তর দিলেন সেটা শোনা বা জানার জন্য। উভয় পক্ষেরই উপস্থিত থাকা দরকার।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি ঃ আমিও সেই কথা বলতে চাইছি স্যার, রিসিপ্রোক্যাল ভাবে এই জিনিস হওয়া দরকার। এর সঙ্গে আমি একমত।

Mr. Speaker : After hurling some charges you must be here to hears answers from the Hon'ble Minister to your charges and the Hon'ble Minister should also be here to hear the answers from the honourable members to the Hon'ble Minister's charges.

[3-00 —3-10 p.m.]

শ্রী কুমারদীপ্তি সেনগুপ্ত ঃ মিঃ স্পিকার, স্যার, অনন্ত আকাশের নিচে আশা হত মানুষের আশা ভরসার স্থল হল সমবায়। আজকের যে সমবায় দপ্তর আর যুক্ত ফ্রন্টের আমলে সমবায় দপ্তর, অজিতবাবু যার খোয়াব দেখছিলেন—যুক্ত ফ্রন্টের আমলে সেখানে

ছিল শোষণের নৈরাজ্য এবং শান্তি যেখানে প্রতিষ্ঠিত ছিল না, আজকে সেখানে স্রোতস্বিনী নদীর কল্লোলিনী ধারা বয়ে যাচ্ছে। হিমালয়ের পাদদেশ থেকে আরম্ভ করে বঙ্গোপসাগরের দিঘা পর্যন্ত, সুন্দরবনের জঙ্গল থেকে আরম্ভ করে আসানসোল পর্যন্ত যে বিরাট কর্মকান্ড শুরু হয়েছে, মাননীয় অজিতবাবু আপনি যদি তাকে অস্বীকার করেন তাহলে বলব তিনি মুর্খের স্বর্গে বাস করছেন। যুক্ত ফ্রন্টের আমলে যে দপ্তরে ২ কোটির বেশি টাকা খরচ করতে পারা যেত না আজকে সেখানে সাধারণ মানুষের পর্ণ কুটিরে চাঁদের আলো ভরিয়ে দেবার জন্য ৫৬ কোটি টাকা খরচ হচ্ছে—অজিতবাবু আপনি যার সমালোচনা করছেন, এটা কি আপনি অস্বীকার করতে পারেন, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ আজকে প্রথম হয়েছে? টি. এ. আই. বিজ্ঞান ভবনে যখন কো-অপারেটিভ কংগ্রেসের উদ্বোধন করছিলেন তখন তিনি পশ্চিমবঙ্গের সমবায় এবং সমবায় দপ্তরের যে ভূয়সি প্রশংসা করেছেন একজন বাঙালি হিসাবে আপনি যদি সেখানে উপস্থিত থাকতেন তাহলে নিশ্চয় গর্ব অনুভব করতেন। দার্জিলিং জেলায় যে আনারস, কমলালেবু আছে সেটা সংরক্ষণের অভাবে নষ্ট হয়ে যেত, স্বাভাবিকভাবে আমাদের কাছে অভিযোগ আসত, এই মহাজনদের কাছ থেকে চাষীরা যাতে লুন্ঠিত না হয় তার জন্য সমবায় দপ্তর থেকে প্রথম এই ফলগুলি বিক্রির ব্যবস্থা করা হয়েছে। আপনি বলেছেন শুকিয়ে দিচ্ছে? এইগুলি কি শুকিয়ে যাবার লক্ষ্মণ? এখানে মুখ্যমন্ত্রী এসে উপস্থিত হয়েছেন অজিতবাবু আপনি কি কোনওদিন চিন্তা করতে পেরেছেন সমবায় দপ্তর থেকে সিক ইন্ডাস্ট্রি খোলা হবে? একটি মেদিনীপুরের, আর তিনটি কলকাতার একটির নাম সুল ইন্ডাস্ট্রিজ, গ্ল্যাডস্টোন লায়াল, ক্যালকাটা গ্লাস সমবায় দপ্তরের কর্মপ্রচেষ্টার মাধ্যমে এইগুলি আমরা আজকে খুলতে সমর্থ হয়েছি। এইগুলি যদি আজকে শুকিয়ে যাবার চিহ্ন হয় তাহলে বাঁচার চিহ্ন কি সেটা যদি আপনি আমাদের দয়া করে বুঝিয়ে দেন তাহলে আমরা বুঝতে পারি বোঝালে বুঝব না, এই রকম লোক আমরা নই। মিঃ স্পিকার, স্যার, আপনি অনুন্নত সম্প্রদায়ের লোকদের জানবার জন্য এ প্রান্ত থেকে ওপ্রান্ত ঘুরে বেড়ান। আপনি তাদের সুখের সুখী হন, দুঃখের দুঃখী হন। আমরা অজিতবাবুর সার্টিফিকেট চাই না, মাননীয় স্পিকার, স্যার, আমরা আপনার সার্টিফিকেট চাই। যে সমস্ত অনুন্নত সম্প্রদায়ের মানুষ তারা ঢাক তৈরি করে চর্মকার, যারা মৎস্যজীবী ইত্যাদি কতগুলি লোককে আমাদের কাছে পাঠিয়ে দেন তাহলে আমি অজিতবাবুকে প্রতিশ্রুতি দিচ্ছি তাদের নিয়ে ১৫ দিনের মধ্যে সমবায় সৃষ্টি করে দুঃখ কষ্টের কিছুটা লাঘব আমরা করে দিতে পারব। আজকের দিনে সমবায়ের যে অগ্রগতি তাকে যদি আপনারা স্বীকার করেন তাহলে আমরা মনে করব আপনি যুক্ত ফ্রন্ট সরকারের যে জোয়ারের কথা উল্লেখ করলেন, এই কথা আপনাকে স্মরণ করতে হবে যুক্তফ্রন্ট সরকারের আমলে জোয়ার এসেছিল বিশৃঙ্খলার, যে জোয়ারে পশ্চিমবঙ্গের মানুষ তাদের ডাস্টবিনে নিক্ষেপ করেছে কাজে কাজেই অতীতের

তিক্ততার কথা না তুলে আজকের দিনের কথা চিন্তা করতে হবে। আবেদিন সাহেব বলেছেন ১৪ লক্ষ লোক আমাদের মধ্য দিয়ে প্রতিপালিত হয়। আমি মনে করি হিসাবটা ঠিক নয়—প্রত্যক্ষে ১৪ লক্ষ প্রতিপালিত হয়, কিন্তু পরোক্ষে আরও ১৪ লক্ষ লোক প্রতিপালিত হয়। অজিতবাবু এগুলি কি দেশকে শুকিয়ে দেবার লক্ষ্মন? আজকে কিন্তু আমরা গরিব পাট চাষীর কথা ভুলিনি, আমাদের কৃষকের কথা ভুলিনি, যারা গম চাষ করেছে অথচ মূল্য পাচ্ছে না, তাদের কথাও ভুলিনি। আজকে যে সবুজ বিপ্লব শুরু হয়েছে, চাষীদের যদি ন্যায্যমূল্য না দিতে পারি তাহলে এই সবুজ বিপ্লব কিন্তু দু দিন বাদেই ফিকে সবুজ বিপ্লব হয়ে যাবে।

সেখানে ডাঃ জয়নাল আবেদিনের দপ্তর যথাযথভাবে তৎপর। রবিশস্যের জন্য ৮ কোটি টাকা দেওয়া হয়েছে ন্যায্য মূল্যে খরিদ করার জন্য। সি. এম. ডি. এ.-কে ১। । লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং সার ও পাটের জন্য আমরা দিয়েছি ৩ কোটি টাকা। আজকে স্যার, মহারাষ্ট্র থেকে আমাদের কাছে মতামত জানবার জন্য চিঠি এসেছে। সেখানে তারা স্বাস্থ্য, শিক্ষা, ধর্মীয় অনুষ্ঠান, ক্ষেতমজুর এবং বর্গাদারদের জন্য প্রকল্প নিয়েছে এবং যাতে এই সমবায়ের মাধ্যমে তাদের অনুদান দেওয়া যায় সম্পর্কে জানতে চেয়েছে। সেই সমস্ত কাগজপত্র আমার কাছে রয়েছে, আমরা পরীক্ষা-নিরীক্ষা করছি। সেদিন হয়ত বেশি দূরে নয় যে দিন দেখবেন, যে দপ্তরের নিন্দায় আজ আপনারা মুখর সেই তারা ঐ বর্গাদার ও ক্ষেতমজুরদের ঘরে আশার আলো পৌঁছে দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সমবায়ের ব্যাপারে কতকগুলি মৌলিক পরিবর্তনের প্রয়োজন রয়েছে। আজকের পৃথিবীতে এগ্রিকালচার শুধু এগ্রিকালচার নয়। এগ্রিকালচার মানে হচ্ছে, পিগারি, ডেয়রি, পোল্ট্রি। পৃথিবীতে যে সমস্ত উন্নয়নশীল দেশ আছে—আমি সমাজতান্ত্রিক দেশের কতা বলছি না, পুঁজিবাদী যে সমস্ত দেশ আছে তারা কিছু কিছু জিনিস গ্রহণ করেছে যেগুলি যত তাড়াতাড়ি আমরা গ্রহণ করতে পারব ততই আমাদের পক্ষে মঙ্গল। যত আমানত আছে তার একের তিন অংশ ব্যয়িত হয় এই কৃষির জন্য। যদি ফরেন ব্যাঙ্ক হয় এবং তাকে যদি লাইসেন্স পেতে হয় তাহলে এই স্বীকৃতি তাকে দিতে হবে যে one third of the total deposit কৃষি ক্ষেত্রে খরচ হবে। বিদেশে আলোচনা করে আমরা দেখেছি তারা এই স্বীকৃতি আদায় করার পর ফরেন ব্যাঙ্ককে লাইসেন্স দেয়। কিন্তু স্যার, আমরা এটা চিন্তাও করতে পারি না। ঐ লয়েডস ব্যাঙ্ক বা গ্রিনডলেজ ব্যাঙ্ক এই ধরনের খরচ করবে সে চিন্তাও আমরা করতে পারি না। তারপর স্যার, এই পশ্চিমবঙ্গের মানুষরা যে আমানত করেছে বিভিন্ন ন্যাশনালাইজড ব্যাঙ্কে তার পরিমাণ হচ্ছে ১৪ শো কোটি টাকা। কিন্তু স্যার, তার পরিবর্তে ছিটেফোঁটা—মাত্র ১০০ কোটি টাকা, দেওয়া হয় পশ্চিমবঙ্গকে আর বাকি টাকাটা নিয়ে গিয়ে ঐ মহারাষ্ট্রে বা রাজস্তানের মরুভূমিতে ইন্দ্রপুরী বানানো হচ্ছে। আজকে স্যার, বড় আনন্দের কথা মাননীয়

মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন। স্যার, সারা পশ্চিমবঙ্গে যে কর্মকান্ড তিনি শুরু করেছেন তাকে ঠিক পথে এগিয়ে নিয়ে যাবার ব্যাপারে কিছু বক্তব্য আছে এই বিধানসভার সদস্যদের। স্যার, অনেক টাকা সমবায় দপ্তর দিতে পারে না কিন্তু একথা জেনে রাখবেন যে, সমবায় থেকে যে সমস্ত টাকা খরচ হয়—মোটামুটি ব্যাঙ্কের মাধ্যমে যে খরচগুলি হয় সেই খরচগুলি কিন্তু আসে রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে। সেই খরচগুলি আসে যারা ডিপোজিটরস রয়েছে তাদের কাছ থেকে। কিন্তু স্টেট গভর্নমেন্টের সঙ্গে তার কোনও সম্পর্ক নেই। আজকে যদি ঐ ইউনিভার্সিটি, প্রাইমারি এডুকেশনের ফান্ড, স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের ফান্ড, হায়ার সেকেন্ডারি এডুকেশনের ফান্ড, পাবলিক আন্ডারটেকিং-এর ফান্ডগুলি এই সমস্ত স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে রাখা হয় সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে রাখা হয় তাহলে কতটুকু দেশের ক্ষতি হবে? আজকে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কি দিতে পারে পশ্চিমবঙ্গকে? পশ্চিমবঙ্গে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক হচ্ছে শিডিউল ব্যাঙ্ক। এটার মালিক কিন্তু মোটামুটি ভাবে স্টেট গভর্নমেন্ট। এর চেয়ারম্যান আমি হতে পারি কিন্তু এর সত্যিকারের মালিক হচ্ছে গ্রামের ঐ কৃষক এবং এর সত্যিকারের মালিক যদি কেউ হয় তাহলে তিনি হচ্ছেন শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়। আজকে স্টেট ব্যাঙ্কের উপর আপনার কোনও অনুশাসন নেই। স্টেট ব্যাঙ্ককে আপনি বাধ্য করতে পারবেন না পশ্চিমবঙ্গের স্বার্থে যে টাকা রয়েছে সেই টাকা ব্যয় করতে। অথচ স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্কে যে টাকা থাকে—৩৬ কোটি টাকা যেটা খরচ করা হয় আমরা কোটি কোটি টাকা বাড়িয়ে নিয়ে এসেছি, ১৬ কোটি টাকা আমাদের, আমরা সরকারের মুখাপেক্ষী নই।

[3-10 —3-20 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে আজকে কি বাধা থাকতে পারে? আজকে তিনি যখন এই সমস্ত সংস্থার মালিক, তিনি যখন এই সমস্ত সংস্থার নিয়ন্ত্রণ করেন, তখন যে সংস্থার প্রতিটি অর্থ প্রতিটি সাধারণ মানুষের জন্য ব্যয়িত হয় সেখানে এই টাকাগুলি থাকবে না কেন? অজিতবাবু, এই ঠান্ডাঘরে বসে আপনি কোঅপারেটিভ দপ্তরকে বুঝতে পারবেন না। আজকে কো-অপারেটিভকে বুঝতে হলে গ্রামের আনন্দ অশ্রুর মধ্য দিয়ে বুঝতে হবে। কোঅপারেটিভকে বঝতে হলে বেকার যুবকদের কান্না ভালবাসার মধ্য দিয়ে বুঝতে হবে। কোঅপরেটিভকে বুঝতে হলে ঐ যে রিট্রেঞ্চড এমপ্লয়িস আছে তাদের আশীবাদের মধ্য দিয়ে বুঝতে হবে। আমি আশা করব যে সাজেশন আমি রাখলাম সেই সাজেশনগুলি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ক্যাবিনেটে নিশ্চয়ই উত্থাপন করবেন। আমি বিশ্বাস করি আমার সঙ্গে যে সমস্ত বিধানসভার সদস্য আছেন তারাও একমত হবেন। অজিতবাবু, আপনি একটা করুন চিত্র উত্থাপন করার চেষ্টা করছিলেন। কিন্তু আজকে এ কথা জেনে রাখুন যে, যিনি রিজার্ভ ব্যাঙ্কের ডাইরেক্টর,

যিনি জাতীতে মহারাষ্ট্রীয়, কিন্তু যিনি পশ্চিমবঙ্গের বিশেষ আপজন সেই মানুষ পর্যন্ত পাঞ্জাব থেকে শুরু করে বিভিন্ন জায়গার লোক আমাদের কাছে পাঠাচ্ছেন পশ্চিমবাংলার সমবায় উন্নতিটাকে দেখাবার জন্য। আজকে জেনে রাখুন, ফকুরুদ্দিন আলি আমেদ, যিনি পশ্চিমবাংলার এই যে সরকার সেই সরকারকে পূর্বাঞ্চলের সমবায়ের ক্ষেত্রে নেতৃত্ব দেবার জন্য অনুরোধ জানিয়েছেন। কাজেই অজিতবাবু, আজকে আপনার সার্টিফিকেটের উপর পশ্চিমবাংলার সমবায় দপ্তর নির্ভর করে না। আজকে পশ্চিমবাংলার সমবায়ের জাহাজ আনন্দ সাগরে ভাসিয়ে দিয়েছেন এবং আশা করব যে সেটা গরিবের জন্য তীরে এসে পৌঁছুবে।

শ্রী অজিতকুমার গাঙ্গুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বক্তৃতা দিয়েছিলাম। আমার যদি ভুল হয়ে থাকে সেটা আলাদা কথা। তবে আমি কখনই তাকে আমেরিকার লবি বলিনি। আমাকে আপনি অনেক সময় রাশিয়ার কথা তুলে বলে থাকেন। কিন্তু আমি আপনাকে কখনই বলি না। এই কথার জন্য যদি আপনি মনে আঘাত পেয়ে থাকেন, আমি সে জন্য খুব দুঃখিত, লজ্জিত। আমি আবার বলছি যে আমি আপনাকে আমেরিাকর লবি বলিনি। আশা করি আপনি খুশি হবেন।

শ্রী শীস মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথায় বলে কোঅপারেশন থাকলে পরে সব কিছুর উন্নতি হয়। যদিও সেই কোঅপারেশন বা কোঅপারেটিভ তার আলোচনায় অংশ গ্রহণ করে উঠে আমি বলি যে যখন সরকারি পক্ষের বিভিন্ন সদস্যরা বক্তব্য রাখতে ওঠেন তখন সেই ১৯৬৭, সেই ১৯৬৯, সেই ১৯৭১ সালের কথা বলেন। বিগত ২৭ বছর ধরে আমাদের এই কংগ্রেস সরকার পশ্চিমবাংলার গদিতে আছেন। মাঝে কেবলমাত্র ৯ মাস একবার এবং ১৩ মাস যুক্তফ্রন্ট সরকার হয়েছিল। ১৯৭১ সালে যেটা হয়েছিল সেটা যুক্তফ্রন্ট সরকার ছিল না। আজকে একজন সদস্য ১৯৭১ সালের কথা বললেন। তখন যুক্তফ্রন্টের সরকার ছিল না, তখন আপনাদেরই মুসলিম লিগের সহযোগিতায় অন্যান্য খিচুড়ি সরকার ছিল। যাইহোক, এই কোঅপারেটিভ-এর ব্যাপারে আমাদের ভারতবর্ষের তদানিন্তন প্রধানমন্ত্রী, জওহরলাল নেহেরু চেয়েছিলেন যে ভারতবর্ষে কোঅপারেটিভ আন্দোলন, সমবায় আন্দোলন জোরদার হয়ে উঠুক তাহলে দেশের প্রকৃতপক্ষে কল্যাণ সাধিত হতে পারে। কিন্তু বিগত ২৭ বছর ধরে আমরা যে চিত্র দেখছি, জয়নাল সাহেব ১৪ লক্ষ পরিবার, ২০ হাজার কোঅপারেটিভ সোসাইটি ইত্যাদি উল্লেখ করেছেন তার বক্তৃতার মধ্য দিয়ে। আমি স্বীকার করছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিন্তু ২৭ বছরে কি এখানে আসা উচিত ছিল না, এর থেকে আরও এগিয়ে যাওয়া উচিত ছিল? কাজেই জনসাধারণ, গ্রামের কৃষক সম্প্রদায়, গ্রামের তাঁতশিল্প, গ্রামের শঙ্খশিল্প সমাজের প্রতিটি স্তরের লোক তারা চায় যে কোঅপারেটিভ মুভমেন্ট জোরদার হয়ে উঠুক পশ্চিমবাংলায়

কিন্তু জয়নাল সাহেব যতই বলুন না কেন, তারা কি সেখানে এগিয়ে গেছেন? আমি জোর গলায় বলতে পারি, কোঅপারেটিভ আন্দোলনের ক্ষেত্রে জনসাধারণ যতটুকু সহযোগিতা করতে এসেছেন, যতটুকু সহযোগিতা পেয়েছেন জয়নাল সাহেব, ততটুকুও কিন্তু এগিয়ে যেতে পারেননি।

[3-20 —3-50 p.m.](including adjournment)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব থেকে একটা বড় কথা যে বর্তমানে পশ্চিমবাংলায় বেকার সমস্যা অত্যন্ত তীব্র আকার ধারণ করেছে, শিক্ষিত বেকারদের সংখ্যা সম্বন্ধে বহু হিসাব, বহু সমীক্ষা আমরা দেখতে পাই। কিন্তু বেকার সমস্যা সমাধানের একটা মাত্র পথ হচ্ছে কোঅপারেশন। শিক্ষিত বেকার যুবকদের কোঅপায়েটিভের মাধ্যমে যদি কিছু করে দেওয়া যায় তাহলে বেকার সমস্যার সমাধান হওয়া পশ্চিমবাংলায় সম্ভব। এই শিক্ষিত বেকার যুবকরা এই বিষয়ে বহু আবেদন নিবেদন করেছে, আমরা বারবার আবেদন নিবেদন করেছি, কিন্তু জয়নাল সাহেব সেই কোঅপারেটিভ আন্দোলনকে শিক্ষিত বেকার যুবকদের মাধ্যমে বিশেষ আকার দেবার চেষ্টা করেননি, বরং তাদের নানা রকম ভাবে সরিয়ে দিয়েছেন। আজকে আমরা রাস্তায় দেখতে পাচ্ছি বড় বড় মনোপলিস্টদের বাস চলছে, পরিবহন ব্যবস্থার কথা তিনি বলেছেন, সেই জন্য আমি এই বিষয়ে বলছি, রাস্তায় বাস চলছে, সেই সব আগরওয়াল প্রমুখ লোকেদের, যারা ব্যক্তিগত ভাবে টাকা পয়সা দিয়ে ব্যবস্থা করছে, মুনাফা করছে, তারাই কিন্তু বাসের মালিক। পশ্চিমবাংলার শিক্ষিত বেকার যুবকদের যদি জয়নাল সাহেব কোঅপারেটিভ করে দিয়ে, টাকা পয়সা দিয়ে, বাস কিনে দিয়ে, রুটে বাস বার করে দেবার ব্যবস্থা করতে পারতেন তাহলে পশ্চিমবাংলায় বেকার সমস্যা এত তীব্র আকার ধারণ করত না। এবং এই শিক্ষিত বেকার যুবকরা রাইটার্স বিল্ডিংসে গিয়ে ধর্ণাও দিত না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়, সেদিকে নজর দেননি। পশ্চিমবাংলার বেকার যুবকরা রাস্তায় যে ফ্যাল ফ্যাল করে ঘুরে বেড়াচ্ছে সেদিকে সরকারের কোনও নজর নেই। এই তো গেল শিক্ষিত বেকার যুবকদের কথা। তারপর আসুন কৃষি বিষয়ে। মহাজনী ঋণ মকুবের ব্যবস্থা করেছেন, খুব ভাল করেছেন, আমরাও সেটাকে সমর্থন করেছি। কিন্তু এই মহাজনী ঋণ মকুবের সঙ্গে সঙ্গে সেখানে কোঅপারেটিভের মাধ্যমে কৃষকরা যাতে ঋণ পেতে পারে, চাষবাস করতে পারে, বীজ কিনতে পারে, সেটা তিনি করেননি। আমি পাড়াগ্রামের ঘর থেকে আসছি, আমি সেখানকার প্রকৃত চিত্র কি সেটা বুঝতে পারি।

শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঃ আমরা বুঝি পাড়াগ্রাম থেকে আসিনি?

শ্রী শীশ মহম্মদ ঃ আপনি শহর থেকে এসেছেন কি পাড়াগ্রাম থেকে এসেছেন,

সেটা আপনিই বলতে পারবেন, কিন্তু আমি এইটুকু বলতে পারি যে আমি .পাড়াগ্রাম থেকে এসেছি। আজকে গ্রামবাংলার কৃষকদের যে ছবি, সেটা আমরা দেখতে পাচ্ছি, তাদের মহাজনী ঋণ মকুব হয়েছে এটা ঠিক কিন্তু সমবায়ের মাধ্যমে ঋণ তারা পাচ্ছে না, যাতে তারা সুষ্ঠু ভাবে চাষবাসের কাজ করতে পারে। সুতরাং উচিত ছিল কৃষকদের মধ্যে কোঅপারেটিভ সোসাইটি করে, তাদের ঘরে টাকা পৌঁছে দেওয়া। বারি সাহেব বললেন যে সেই ব্যবস্থা নাকি হয়েছে, আমি বারি সাহেবকে বলি, যেখানে ১৪টা দরকার সেখানে একটা হলে সেটাকে হওয়া বলে না।

শ্রী আবদুল বারি বিশ্বাস ঃ তা বলে মহাজনী শোষণ চালানো ও চলবে না।

শ্রী শীশ মহম্মদ ঃ ১৪টার জায়গায় একটা হলে, সেটাকে হওয়া বলে না। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন সাহেব যে কথা বলেছেন যে তিনি ১৪ লক্ষ পরিবারের জন্য ২০ হাজার কোঅপারেটিভ করেছেন, তাকে আমি বলি, পশ্চিমবঙ্গে কোঅপারেটিভ সোসাইটি যে ভগ্ন দশায় পরিণত হয়েছে, সেই সম্বন্ধে তিনি কোনও খোঁজ খবর রাখেন না। যে সমস্ত কর্মচারী বর্তমানে নিযুক্ত রয়েছে কোঅপারেটিভে তারা ম্যাল প্র্যাকটিসের সঙ্গে জড়িত, তার প্রমাণ আমাদের কাছে আছে, আপনি চাইলে আমি জমা দিতে পারি। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this Stage the House was adjourned till 3-00 p.m.)

(After adjournment)

[3-50 —4-00 p.m.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সমবায় বিভাগের ব্যয় বরাদ্দের দাবি আমাদের সমবায় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন যা রেখেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং আরও কিছু টাকা এই খাতে বাড়াবার দাবি রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় পশ্চিমবাংলার তথা ভারতবর্ষের কৃষি আন্দোলনের একটা বিশেষ স্থান গ্রহণ করে আছে। কারণ ভারতবর্ষ কৃষি প্রধান দেশ, আর কৃষকরাই হচ্ছে সমবায়ের অংশীদার

আমি আজকে এবিষয়ে বক্তৃতা করতে উঠে প্রথমে অজিতবাবুকে কিছু বলব না, শীশ মহম্মদ সাহেবকেও কিছ বলব না, কারণ ওরা কিছুক্ষণ আগেই কৃষি আন্দোলন বেং চাষীর দুঃখের কথা বলে এত চোখের জল ফেলেছেন যে বিধানসভা পিচ্ছিল হয়ে যাবার মতো অবস্থা হয়েছে। সমবায়ের কথা মহাত্মা গান্ধীজি বলেছেন, রবীন্দ্রনাথ বলেছেন, পন্ডিত নেহরু বলেছেন আর বলেছেন ওদের কার্ল মার্কস সাহেব, লেনিন সাহেব।

ওনারা সমবায়ের সমালোচনা না করে, কিছু সমবায় সমিতি গড়ে দেখাতে পারতে
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের এখানে বিগত কয়েক বৎসর
রাজনৈতিক অস্থিরতা ছিল সেটা পশ্চিমবাংলার সমবায় আন্দোলনকে অনেকটা পিছি
নিয়ে গিয়েছিল, সমবায়ের অনেক ক্ষতি করেছিল, সে বিষয়ে সন্দেহ নেই। আজকে যা
বিরোধী দলে বসে বড় বড় বক্তৃতা দিচ্ছেন—স্বীকার করি যে যতটা ওরা বলছেন তত
আমরা এগোতে পারিনি। কিন্তু আমরা যেটা করেছি সেটার পরিসংখ্যান যদি দে
তাহলে নিশ্চয়ই সেটা দেখে আনন্দিত হব। ঐ বেঞ্চে বসে দুঃখিত হওয়া স্বাভাবিক, কি
এটা দেখলেও আনন্দ নিশ্চয়ই হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গুজরাট, মহারাষ্ট্
সমবায়ের কথা সব সময়ে বলি। কিন্তু বর্তমানে পশ্চিমবঙ্গও যে পিছিয়ে নেই ত
সমীক্ষা ডাঃ জয়নাল আবেদিন মহাশয় যে বক্তব্য রাখলেন তাতে আমরা দেখলা
একটা কথা যদি আমরা পশ্চিমবাংলার ভাল করতে চাই তাহলে সমবায়কে ভাল কর
হবে। আজকে অর্থনৈতিক কাঠামোকে সুদৃঢ় করতে গেলে, সোসিও-ইকোনমিক স্ট্রাকচার
ভাল করতে গেলে সমবায়ের দরকার আছে। সুতরাং সমবায়ের যে প্রয়োজন সেটা
যদি ওনারা সমর্থন করতেন তাহলে আমরা সবচেয়ে বেশি আনন্দিত হতাম। কি
সমালোচনা করেছেন এবং কৃষি ক্ষেত্রে লোন দেওয়ার কথা বললেন এবং তার আদায়ে
কথা বললেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অজিতবাবু কিছু কিছু সমবায়ের সে
জড়িত আছেন, তিনি জানেন গত তিন বৎসরের সমবায় আন্দোলনের কথা। যে দি
থেকে ডাঃ জয়নাল আবেদিন মন্ত্রিত্ব নিয়েছেন, সেদিন থেকে পশ্চিমবাংলা আগে কৃ
ঋণ আদায়ের যেখানে ছিল সেখান থেকে শতকরা ৮০ ভাগ এগিয়ে গেছে।

ওরা জানেন, কিন্তু সবসময় সত্যি কথা বলেন না—এটা তাদের ধর্ম। মন্ত্রী মহাশ
বলেছেন সমবায়ের ক্ষেত্রে ২৮ কোটি লোক প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ জড়িত। সবচেয়ে ব
কথা হচ্ছে ২০০ কোটি টাকা প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষভাবে পশ্চিমবাংলার মানুষের প্রয়োজে
লাগছে। তাই আজ যদি দেশকে ভাল করতে হয় তাহলে সমবায়কে বড় করতে হবে
সেজন্য আজ সদস্যদের "ভাঁড়ায়" বলে একটা বই দিয়েছি যাতে সব কিছু পাওয়
যাবে। চাষীর কথা যদি চিন্তা করে থাকেন সরকার কি করছে সেটা বললে হবে না
আমি এ বিষয়ে একটা পরিসংখ্যান দিয়ে বুঝিয়ে দিচ্ছি। ১৯৬৭ সালে সমবায় by law
বিক্রি হয়েছে ২ হাজার টাকায়, এখন বিক্রি হচ্ছে ২০ হাজার টাকায়। এতেই বুঝতে
হবে সমবায় আন্দোলনের ক্ষেত্রে লোক এগিয়ে গেছে। আমরা যেটা গাইডলাইন অফ দি
ল, ফরমেশন অফ দি জেনুইন কো-অপারেটিভ সোসাইটিস করেছি সেটা বুঝতে হবে
আর একটা হচ্ছে ইনভলভমেন্ট অফ উইকের সেকশন অফ দি পিপল ইন কো-অপারেটিভ
সোসাইটিস এবং আমরা সেদিকেই বেশি জোর দিচ্ছি। উইকের সেকশন অফ দি পিপল
কে যদি ইনভলভ করতে হয় তাহলে কো-অপারেটিভ-এর মাধ্যমে আনতে হবে। একটা

total list দিচ্ছি। ৮০ লক্ষ লোকের যে involvement তাতে handicraft, weaver's co-operative fishermen co-operative scheduled caste, scheduled tribe জড়িত আছে। সুতরাং figure দেখলেই বোঝা যাবে আমাদের দেশের সমবায়ের ক্ষেত্রে প্রগতি হচ্ছে কিনা। আপনারা বললেন গমের দাম পড়ে গেছে, গম বিক্রি হয় না, এবং পাট চাষীদেরও কথা বললেন। কিন্তু আপনারা কটা সমবায় গ্রামে তৈরি করেছেন। পশ্চিমবাংলার যদি চাষীদের উপকার করতে হয় তাহলে কো-অপারেটিভ-এর মাধ্যমে করতে হবে এবং সমাজের যারা বঞ্চিত মানুষ তাদের পাশে গিয়ে দাঁড়াতে হবে। এই সব আমরা করছি এবং এবিষয়ে একটা পরিসংখ্যান দিচ্ছি। Amount of long term agricultural credit 1973-74 ছিল 1.77 crores হয়েছে 2.8 crores।

[4-00 — 4-10 p.m.]

এতে কারা আছেন জেনে নেবেন। টোটাল মার্কেটিং আমরা হ্যান্ডেল করেছি কমোডিটিজে ১৯৭৩-৭৪ সালে ৯.৭৫ ক্রোরস, ১৯৭৪-৭৫ সালে ১৭.৪২ ক্রোরস। কনজিউমার্স কো-অপারেটিভ হল সেলে আমরা ১৯৭৩-৭৪ সালে কনজিউম করেছি ৩৩৯.২৮ ল্যাখস, এবারে করেছি ৩৫০.২৪ ল্যাখস। কনজিউমার গুডস কোথায় যায় সেটা জানেন। হাউসিং-এ গরিব লোকদের টাকা দেওয়া হয়েছে, ১৯৭৩-৭৪ সালে ৩২৮, ১৯৭৪-৭৫ সালে ৮৫০ টাকা ইউনিট তৈরি করা হয়েছে, ১৯৭৩-৭৪ সালে ৯.৪১ ল্যাখস খরচ করেছিলাম, ১৯৭৪-৭৫ সালে ২৬৫ ল্যাখস গ্রামের গরিবদের ঘরবাড়ি তৈরি করার নজা দেওয়া হয়েছে, উইকার সেকশন অব দি পিপলকে দেওয়া হয়েছে। শিক্ষাটা বেড়েছে কিনা বুঝতে পারবেন, ১৯৭৩-৭৪ সালে নাম্বার পার্সন্স ট্রেন্ড ১১,৪৭০, ১৯৭৪-৭৫ সালে ১৫,৫৩৩, ১ বছরে। ম্যানেজার অ্যান্ড কো-অপারেটিভ সেক্রেটারিজ তাদের আমরা ট্রেনিং দিয়েছি গতবারে ৩৪৬, এবারে দিয়েছি ৫৭৮। নিশ্চয়ই এই পরিসংখ্যান থেকে বুঝতে পারছেন যে কনজিউমড গুডস কোথায় যায়, হাউসিং কোথায় হয়েছে, প্রত্যেকটি জায়গায় আমরা উইকার সেকশন অব দি পিপলকে বাঁচাতে পেরেছি কিনা। (**শ্রী অজিতকুমার গাঙ্গুলি** ঃ গ্রামে কতগুলি কনজিউমার গুডস হয়েছে, উকির সেকশরে কাছে গেছে কিনা?) আপনি খবর রাখুন, আমরা গতবার যতগুলি প্রাইমারি ক্রেডিট সোসাইটি ছিল প্রত্যেকটিকে ইনভলভ করে তাদের দিয়ে কন্ট্রোল্ড ক্লথ বিক্রি করিয়েছি। প্রত্যেকটি প্রাইমারি ক্রেডিট সোসাইটি দে আর ইনভলভড ইন দি কনজিউমার গুডস। আপনি নিশ্চয়ই জানেন, আপনার লোকরাই কিনেছে। আজকে পশ্চিমবাংলায় আমরা বুঝতে পারছি যে যতটা এগোবার দরকার ছিল ততটা আমরা এগোতে পারিনি, আরও এগোতে হবে। আপনারা ৫ বছরে যা করেছিলেন তাতে আমাদের এগোতে দেননি। পশ্চিমবাংলায় কৃষির ক্ষেত্রে, চাষীর ক্ষেত্রে, হাউসিং-এর ক্ষেত্রে সব জায়গায় যে আমরা এগিয়ে গেছি

সেটা কোঅপারেটিভ সেক্টরের পরিসংখ্যান দিয়ে আপনাদের বুঝিয়ে দিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি চাষীদের উপকার করতে গেলে আরও কোঅপারেটিভ করার দরকার আছে, আমাদের ওগুলি করতে হবে, সেটা করার জন্য সকলের কাছে জয়নাল আবেদিন সাহেব ডাক দিয়েছেন যে আপনারা কোঅপারেটিভ করুন। কোঅপারেটিভ না করে কো-অপারেটিভের সমালোচনা করা চলে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সোভিয়েত রাশিয়ার কথা বলা হয়েছে। আপনাদের কনজিউমড কো-অপারেটিভ সেখানে আছে, আমাদের দেশে কনজিউমড কোঅপারেটিভ আছে, কিন্তু আমাদের ল্যান্ড সিস্টেম আর সোভিয়েত দেশের ল্যান্ড সিস্টেম বেসিক্যালি আলাদা। সেখানে ল্যান্ডটা স্টেট কালেকটিভ ফার্মে, স্টেট ফার্মে আছে, আমাদের এখানে প্রাইভেট সেক্টরে আছে। সুতরাং প্রাইভেট সেক্টর, পাবলিক সেক্টর, কোঅপারেটিভ সেক্টর, সব সেক্টরের মধ্য দিয়ে আমরা কোঅপারেটিভে এগিয়ে গেছি, কিন্তু রাশিয়ার সঙ্গে মিল পশ্চিমবঙ্গ কেন ভারতবর্ষের কোনও রাজ্যের হয় না। গুজরাটে যতগুলি ব্যাঙ্ক প্রাইমারি ক্রেডিট সোসাইটি আচে আমরা তার কাছে পৌছে গেছি, বোধ হয় কিছু কম আছে। গুজরাট যেটা ভারতবর্ষের কোঅপারেটিভ সেক্টরে অগ্রগণী রাজ্য আমরা প্রাইমারি ক্রেডিট সোসাইটি ক্ষেত্রে সেখানে গেছি, আমরা সব দিক থেকে এগিয়ে যাচ্ছি এটা নিশ্চয়ই বই দেখলে বুঝতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লাল বাতি জ্বালিয়ে দিয়েছেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ দৌলত আলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সমবায় মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব সমবায় খাতে যে ব্যয় বরাদ্দ চেয়েছেন আমি তাকে নিশ্চয়ই সমর্থন করি। আমি আমার বক্তব্য রাখার আগে এই প্রসঙ্গে আমাদের শ্রদ্ধেয় অজিতবাবু এবং শীশ মহম্মদ সাহেব বক্তব্য রাখতে গিয়ে দু-চারটে সত্যের অপলাপ যা করেছেন সেটা তুলে ধরতে চাই। অজিতবাবু বলেছেন ওদের যে উন্মাদনার সৃষ্টি হয়েছিল সেই উন্মাদনা জয়নাল আবেদিন সাহেব সৃষ্টি করতে পারেননি। স্যার, ওরা যে উন্মাদনা সৃষ্টি করেছিল সেটা হচ্ছে, দক্ষিণ ২৪-পরগনায় সমবায়ের মাধ্যমে যারা ঋণ নিয়েছিল তাদের বলেছে তোমাদের আর ঋণ পরিশোধ করতে হবে না। আমি মনে করি এমন উন্মাদনা সৃষ্টি করা ডাঃ জয়নাল আবেদিনের পক্ষে শোভা পায় না। স্যার, আমি অকপটে স্বীকার করছি আজকে সমবায় আন্দোলনের ক্ষেত্রে ভগিরথ হিসেবে রয়েছেন ডাঃ জয়নাল আবেদিন। আমরা জানি ওদের সময় ওরা সমবায় আন্দোলনকে চিরতরে উৎখাত করেছিলেন। আজকে দেখুন এই সমবায়ের মাধ্যমে চাষী এবং ভাগ চাষীরা কত উপকৃত হচ্ছে। এবারে আমি তার দৃষ্টিভঙ্গির কথা আপনার সামনে তুলে ধরছি। আমরা জানি অনেক সময় সরকারি আমলারা, ব্যুরোক্রেটরা আমাদের সমাজবাদের চিন্তাধারা এবং গণতন্ত্রের চিন্তাধারার বিরোধী কাজ করেন। গত বছর আমন ক্রপের সময় আমাদের

দক্ষিণ ২৪-পরগনায় হঠাৎ ফতোয় জারি করে বলা হল, দক্ষিণ সুন্দরবন থেকে আরম্ভ করে থার্টি পারসেন্ট ফার্টিলাইজার ইউস করতে পারবে। সুন্দরবনে কোথায় সার তার বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি তাদের মনে আশার সঞ্চার করল। আমাদের প্রধানমন্ত্রী কিছুদিন আগে বলেছেন পশ্চিমবঙ্গ থেকে আশাব্যঞ্জক নেতৃত্ব আমাদের কাম্য। মন্ত্রী মহাশয় তার বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে যেভাবে আমাদের সমবায় আন্দোলনকে এগিয়ে নেবার চেষ্টা করছেন তাতে আমি তাকে সাধুবাদ দিচ্ছি। আজকে গরিব, দুঃখি মানুষ গ্রামে রয়েছে এবং সেখানে আমরা, আপনারা সকলেই আছি। আপনারা শিডিউল্ড কাস্টের কথা বলেছেন। আপনারা যদি এই শিডিউল্ড কাস্টের কথা অনুধাবন করেন তাহলে দেখবেন এর মধ্যে কি ফিশারম্যানরা নেই? দক্ষিণ ২৪ পরগনা কোঅপারেটিভ সোসাইটির চেয়ারম্যান হিসেবে আমি জানি সেই অখ্যাত অঞ্চলে আজ নূতন নূতন সোসাইটি তৈরি হচ্ছে এবং সেখানে কোঅপারেটিভ মুভমেন্ট বেশ ভালভাবে হচ্ছে। আমি অজিতবাবুকে খুব বিনয়ের সঙ্গে স্মরণ করিয়ে দিতে চাই যে, আপনাদের সময় যে উন্মাদনা ছিল সেটাতে দেশ গড়বে না। এবারে আমি মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি সাজেশনস রাখতে চাই। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা এবং কুচবিহার এই ৩টি ব্যাঙ্কে লালবাতি জ্বলেছিল এবং তখন মরেটোরিয়াম করে অ্যামালগ্যামেশনের মাধ্যমে সেই ব্যাঙ্কগুলি চলে। আমাদের দক্ষিণ ২৪-পরগনায় যেখানে আমরা ৮ লক্ষ টাকা দিতে পারতাম না, এখন সেখানে আমরা ১ কোটি ২৬ লক্ষ টাকা দিতে পারছি।

[4-10 — 4-20 p.m.]

এই প্রসঙ্গে আমার বক্তব্য যে এই অ্যামালগ্যামেশনকে আর বেশি দিন জীইয়ে রাখা ঠিক হবে না। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি এই কথা বলতে চাই যে আমরা যখন সেলপ সাপর্টেড হতে চলেছি তখন আমাদের অবস্থা আপনি নিশ্চয়ই বিচার বিবেচনা করবেন। এবং দক্ষিণ ২৪-পরগনা ক্ষেত্রে যেখানে ইরিগেশন কোঅপারেটিভের কথা আমি বারে বারে আপনাকে বলেছি যার মাধ্যমে সেখানকার অনুন্নত জায়গাগুলি উন্নত হবে, এবং সবজ বিপ্লব সেখানে সুন্দরভাবে গড়ে উঠবে, আমি আশা করি আপনার বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে সব ধরা পড়বে। আমাদের ঘরের কথা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে আজকে দেখুন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কিভাবে আপনাদের কাছ থেকে, আমাদের সরকারের কাছ থেকে নিচ্ছে। কি অপরাধ আমরা করেছি, কি অপরাধ করেছে স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্ক। সেখানে স্কুলের গ্রান্ট—ইন এড-এর টাকাগুলি কি আমরা স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্ক থেকে দিতে পারি না। অথবা প্রভিডেন্ট ফান্ডের টাকা ইত্যাদি ব্যাপারগুলি আছে সেগুলি কি স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্ক থেকে আমরা সেগুলি প্রপার ইউটিলাইজ করতে পারি না। আমি মনে করি এর আগে আমাদের স্টেট মিনিস্টার

মহাশয়ের একটি আবেদন এই ভাবে ছিল, আমিও তার সাথে একমত, তার সেই বক্তব্য যদি আজকে প্রতিফলত হয় এবং তিনিও যদি এই বক্তব্য ক্যাবিনেটে পেস করেন করেন তাহলে আমি মনে করি আজকে সমবায়ের আন্দোলনের ক্ষেত্রে এবং মানুষের মনের যে উদ্দীপনা সেই উদ্দীপনাকে আলোক সঞ্চরিত করা যাবে। আমি বলতে পারি মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেন্ট্রিফুগাল ফোর্স যেমন করে বিকেন্দ্রীত শক্তিকে সোসাইটি পিপল-এর মাধ্যমে তাদেরকে একটা জায়গায় আনতে পারে, একটা জায়গায় মিলিত প্রচেষ্টা সেখানে নতুন কর্মদ্যোগ সৃষ্টি করতে পারে আমি সেই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আনতে চাই। অন্য দিকে আজকে স্মল ফারমার বলুন সেই স্মল ফারমার ডেভেলপমেন্ট এজেন্সি রয়েছে, অত্যন্ত আনন্দের কথা যে আমাদের এই গণতান্ত্রিক সরকার ছাড়া আমাদের অজিতবাবুদের সরকার তা করতে সমর্থ হননি। আজকে সেজন্য পাঁচ একরের চাষী এবং তিন একরের চাষী এরা যাতে করে আরও বেশি ঋণ পেতে পারে, আমি মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখব সেটা যেন তিনি চেষ্টা করেন। এই কথা বলে স্যার আপনাকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুকুমার চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় এই যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন এই দাবির প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে ২/১টা বক্তব্য রাখব। এবং এই বক্তব্যে গ্রামবাংলার যে সাধারণ মানুষ নিশ্চিত তাদের উপকারে লাগবে এই আশা নিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমি এই বাজেটকে সমর্থন করি এই কারণে যে ১৯৭১-৭২ সালে গ্রামবাংলার যে অবস্থা ছিল সেখানে আমাদের সরকার কোঅপারেটিভে প্রাণ প্রতিষ্ঠা করে গ্রামবাংলার সাধারণ মানুষের মনে কোঅপারেটিভের চিন্তা ধারা পৌঁছে দিতে সমর্থ হয়েছে। আমি জানি ১৯৭১ সালে গ্রামবাংলায় কোঅপারেটিভের মাধ্যমে ক্ষুদ্র ঋণ দাদন বাবদ ৪ কোটি টাকা দাঁড়িয়েছিল সেটা আজকে ১৬ কোটি টাকায় দাঁড়িয়েছে। ঋণ আদায়ের ক্ষেত্রে ২০ পারসেন্ট থেকে ৮০ পারসেন্টে দাঁড়িয়ছে। স্যার, সারের এবং বীজের চরম দুর্দিনের মধ্যে এবং চরম সংকটের মধ্যে গ্রামীণ সমিতিগুলি প্রায় ৩ কোটি টাকার সার ও বীজ বিক্রি করতে সমর্থ হয়েছে। আমি জানি স্যার, গ্রামীণ কোঅপারেটিভগুলি বহু কন্ট্রোলের কাপড় নিয়েছে এবং সাধারণ মানুষের মধ্যে বিক্রি করে দিয়ে কোঅপারেটিভের আশার আলো সঞ্চারিত করতে সমর্থিত হয়েছে। ক্ষুদ্র ক্ষুদ্র চাষীর কাছে বহু শ্যালো টিউবওয়েল করে দিয়ে তাদের চাষের আশার আলো জাগাতে সমর্থ হয়েছে। বর্ধমান জেলায় ৪৫০ শ্যালো টিউবওয়েল হয়েছে এবং আমি আরও জোর করে বলতে পারি আরও কিছু শ্যালো টিউবওয়েল হওয়ার পথে। যদিও ইহাতে আত্মসন্তুষ্টির মনোভাব দেখানো উচিত নয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব তিনি যেন কোঅপারেটিভের মাধ্যমে ক্ষুদ্র এবং মাঝারি চাষীদের জন্য কুটির শিল্পের ব্যবস্থা করেন—ডায়েরি এবং পোল্ট্রির ব্যবস্থা

করেন। এবং আমি আরও বলতে চাই যে চাষীরা যখন দান বিক্রি করে এমন কি তাদের খোরাকি বিক্রি করে ও ঋণ শোধ করে কিন্তু তারা সেই সময়ে ঋণ ঠিক মতো দাম পায় না। তাই ঋণ শোধ করার পর যখন সে টাকা নিয়ে খাওয়ার জন্য পুনরায় ধান সংগ্রহ করতে যায় তখন তাকে বেশি দাম দিয়ে ধান ক্রয় করতে হয়। তাই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন সেই সস্ত ফসল বন্ধক রেখে টাকা দেবার ব্যবস্থা করেন। আমি আরও অনুরোধ করব যে আমাদের ব্লকগুলিতে যে কোঅপারেটিভ কর্মীরা কাজ করেন তাদের সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ অত্যন্ত বেশি এবং সেইজন্য তাদের অনেক পিরশ্রম করতে হয়, সুতরাং তাদের বি. ডি. ও. পর্যায়ে মর্যাদা দিতে অনুরোধ করছি। সর্ব শেযে আমি অনুরোধ করব য়ে সমস্ত গ্রামীণ কোঅপারেটিভ ন্যূনপক্ষে কে লক্ষ টাকা ঋণ নিয়ে সেন্ট পারসেন্ট শোধ করে এই সমস্ত গ্রামীণ কোঅপারেটিভের মেম্বারদের তিন বৎসরের মেয়াদ শৈথিল্য করে দিতে। সব শেষে আমি তাকে অনুরোধ করব আপনার মাধ্যমে তিনি যেমন বধশ্রীমান কোঅপারেটিভের দিকে ঐকান্তিক দৃষ্টি দিয়েছেন যার ফলে আজকে সারা পশ্চিমবাংলার মধ্যে বর্ধমান কোঅপারেটিভ প্রথম স্থান অধিকার করতে সক্ষম হয়েছে সেজন্য মন্ত্রী মহাশয়কে আমার ঐকান্তিক অভিনন্দন জানিয়ে আমি এই ব্যয় বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ, বন্দোমাতরম।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মহামান্য রাষ্ট্রপাল থেকে আরম্ভ করে কেন্দ্রীয় মন্ত্রী, বিভিন্ন রাজ্যে মন্ত্রীরা, এমন কি বর্তমানে যে বিরোধী দল সেই দলের অনেক সদস্যই বিভিন্ন অনুষ্ঠানে ও ব্যক্তিগতভাবে সমবায় আন্দোলন পশ্চিমবঙ্গে কিভাবে এগিয়ে যাচ্ছে তার প্রশংসা করেছেন। সেখানে আজকে বিরোধী দলের কিছু কিছু সদস্য আমাদের এই আন্দোলনের প্রতি কটাক্ষপাত করেছেন এটা খুবই দুঃখের বিষয়। আমি তাদের কাছে থেকে আশা করেছিলাম তারা এই দ্রুত গতিতে এগিয়ে যাওয়ার আন্দোলনকে আরও এগি নিয়ে যাওয়ার পথে কিছু কংক্রিট সাজেশন রাখবেন, দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম তারা সেই রাস্তায় না গিয়ে কিছু সমালোচনা করবার জন্য সমালোচনা করলেন। যাই হোক, একথা অনস্বীকার্য যে আমরা গত ৪ বৎসরে কিছুটা সক্ষম হয়েছি এই সমবায় আন্দোলনকে সঠিক পথে নিয়ে আসার। এবং যে সমস্ত তথ্য পরিবেশন করা হয়েচে তাতে নিঃসন্দেহে বলা যায় যে এই আন্দোলন অনেকখানি এগিয়ে গিয়েছে সঠিক পথে। আমরা ১৯৭৩ সালে একটা ব্যাপক আইন প্রময়ন করেছি। এই আইন প্রণয়ন করার সময় বিরোধী দলের সদস্যরা তখন কুব চিৎকার করেছিলেন যে এই আইন সমবায় আন্দোলনের পরিপন্তী হবে আর আজকে চিৎকার করে বললেন যে শাস্তির ব্যবস্থা কি কি নেওয়া হয়েছে। আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই এই আইন যখন ১৯৭৩ সালে আনা হয়েছিল তখন এই আইনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবার

কিছু কিছু ধারা ছিল এবং যে ধারাগুলি বেশি শাস্তিমূলক ছিল সেই ধারাগুলির বেশির ভাগ তারা বিরোধিতা করেছিলেন। আজকে ৩ বৎসর পর তারা শাস্তিমূলক ব্যবস্থা কি গ্রহণ করা হয়েছে সেই প্রস্তাব রাখলেন। স্যার, এটা কি পরস্পর বিরোধী বক্তব্য হচ্ছে না? যাই হোক, আমাদের সেই আইন প্রণয়নের পর থেকে দেখেছি বিভিন্ন জায়গায় এই আইনকে সামনে রেখে সেই সব রাজ্য আইন আবার পরিবর্তন করছেন। প্রথম না হলেও এর সুফল, এই আন্দোলনকে দ্রুত এগিয়ে নিয়ে যাওয়ার সম্ভাবনা আছে এটা উপলব্ধি করে অন্যান্য রাজ্য এই সমবায় আইন গ্রহণ করছে এবং তারা যে ধারাগুলির পরিবর্তন করেছেন তাতে তাদের আমাদের আইনের ধারাগুলি প্রায় এক রকম। এই আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে পশ্চিমবঙ্গ সক্ষম হয়েছে। এটা নিশ্চয়ই ভারতবর্ষের ক্ষেত্রে একটা দৃষ্টান্তস্বরূপ এবং ভবিষ্যতে আরও এগিয়ে যাবে আমাদের জনসাধারণের সহযোগিতায় এ বিষয় কোনও সন্দেহ নেই। কয়েকজন মাননীয় সদস্য বললেন জনসাধারণকে এই আন্দোলনের সঙ্গে জড়িত করার কথা, আমরা স্বীকার করি কেবলমাত্র সরকারি কর্মচারী দ্বারা এই আন্দোলন কখনই সাফল্যমণ্ডিত হতে পারেন না।

[4-20 — 4-30 p.m.]

আমরা সেজন্য চেষ্টা করছি যাতে জনসাধারণের কাছ থেকে এই আন্দোলনের নেতৃত্ব আসে। এমন কি বিধানসভা থেকে অনেক মাননীয় সদস্যরা এই আন্দোলনে নেতৃত্ব দেবার চেষ্টা করেছেন এবং আমি জোর গলায় বলতে পারি, গত চার বছরের অভিজ্ঞতায় বলতে পারি যে এমন অনেক জায়গা দেখেছি যেখানে বিরোধী দলের সদস্যরা, তারা বিধানসভার সদস্য না হতে পারেন, কিন্তু বিরোধী দলের, বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে হয়ত চেয়ারম্যান কি কোনও কর্তৃত্বে আছেন, যেখানে দেখেছি তারা সঠিক অনেতৃত্ব দিচ্ছেন সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার জন্য কোনও রকম দলবাজি না করে ; কেবল সমবায়ের কথা চিন্তা করছেন, তাদের আমরা নেতৃত্ব থেকে সরিয়ে দিইনি, এই নেতৃত্ব সেখানে বজায় রেখে আমরা আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি। আমি একথা বলতে চাইছি যে আমরা সমবায় আন্দোলনকে দলবাজি চোখে সরকার পক্ষ থেকে দেখি না। এই আন্দোলন পশ্চিমবাংলায় যাতে এগিয়ে যায় এবং সমাজতন্ত্র আনবার পথে বিরাট হাতিয়ার রূপে ব্যবহৃত হয়, সরকার পক্ষ থেকে তা চাইছি এবং আমরা বিরোধী দলের সদস্যদের কাছ থেকে সে মনোভাবেই চেয়েছিলাম। সেই আশায় নিরাশ হয়েছি। সেজন্য অনুরোধ করব, এখনও বেশি সময় যায়নি, তারা তাদের মতো পরিবর্তন করুন, মনোভাব পরিবর্তন করুন, পশ্চিমবঙ্গে এই আন্দোলনকে সত্যি সত্যি এগিয়ে নিয়ে যাবার জন্য সচেষ্টা হন। এখানে কিছু কিছু প্রশ্ন উঠেছে, তার কতকগুলির জবাব দেওয়া প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমাদের অজিতবাবু বলেছেন এখনও কনজুমার

মুভমেন্টে মনোপলি হাউসের কর্তৃত্ব আছে। অস্বীকার করি না। আমি মনে করি মনোপলি হাউসের কর্তৃত্ব কনজুমার মুভমেন্ট থেকে নিশ্চয়ই দূরীভূত হওয়া দরকার। আমি মাননীয় অজিতবাবুকে একথা বলতে পারি যে আমি যতবারই কোঅপারেটিভ মিনিস্টার কনফারেন্সে গিয়েছি, ততবারই বলেছি অন্তত ২০ ভাগ সামগ্রী যাতে আইন করে বন্টনের ব্যবস্থা হয়, সেই ব্যবস্থা করুন আইন প্রময়ন করার জন্য। আমি জানি না কেন সেটা আইনে রিণত হয়নি। আমি মনে করি ক্রেতা সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে গেলে যে সামগ্রী দরকার, সেই জিনিসগুলি বন্টনের জন্য সহজেই সমবায়ের মধ্যে আসা প্রয়োজন. যতক্ষণ তা না করা হয়, ক্রেতা সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয়। তবে বর্তমান অবস্থায় সমস্ত জিনিসই বিভিন্ন কারণে সমস্ত জিনিসই সুলভে পাওয়া যায়, এই অবস্থার মধ্যে ক্রেতা সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে পারি, তা পরিসংখ্যা থেকেই দেখতে পাবেন। একটা কথা এখানে বলতে চাই। আপনারা অনেক বলেছেন শহরে কথা, আর গ্রামের মধ্যে কি ক্রেতা সমবায় আন্দোলন করা হয়েছে। আমাদের যে সমস্ত সোসাইটি আছে তার মধ্যে গ্রামে ১৯০৭টি আরবানে ৭১৮টি, ১৯৭২ সাল থেকে প্রতি বছর আমরা প্রায় শতকরা ৪২ হার মূল্যে দ্রব্য সামগ্রী বন্টন করা হয়, জনসাধারণের কাছে ক্রেতা সমবায় আন্দোলনকে নিয়ে যাবার জন্য প্রতি বছর ৪২ পারসেন্ট হারে ১৯৭২ সাল থেকে বাড়িয়ে দিয়েছি। এরপরও যদি বলা হয় পশ্চিমবঙ্গে ক্রেতা সমবায় আন্দোলন ব্যর্থ হয়েছে তবে আমি জানি না কি দৃষ্টি দিয়ে কি পরিসংখ্যান দিয়ে তাদের বুঝাব। পশ্চিমবঙ্গ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে, তবে বলতে পারেন দ্রুততর কেন হল না, এই দ্রুততরে ক্ষেত্রে বিতর্কের অবকাশ আছে। রিজার্ভ ব্যাঙ্কের স্টাডি টিম বলেছে যে আমরা ৩৬ কোটি টাকা পর্যন্ত যেতে পেরেছি, আরও বেশি যেতে পারলে নিশ্চয়ই খুশি হতাম, কিন্তু সবই সময় সাপেক্ষ, এক বছরের মধ্যে, এসব তো ভেলকিবাজি নয়, আপনারা যেখানে চার কোটি টাকাতে স্বল্প মেয়াদি ঋণকে ফেলেছিলেন, সেটা এক বছরের মধে। ৭৮ কোটি টাকাতে সেটা সম্ভবপর নয়। তাকে তিন বছরের মধ্যে আমরা ৩৬ কোটি টাকাতে নিয়ে যেতে সক্ষম হয়েছি, ৫০ কোটি টাকাতে নিয়ে যেতে পারব বলে আমাদের বিশ্বাস আছে আগামী বছর এবং সেইভাবে কার্যকলাপ করেছি।

আপনারা বলেছেন কোঅপারেটিভ স্প্রিনিং মিলের কথা, কোঅপারেটিভ সুগার মিলের কথা। সুগার মিলের কথা পশ্চিমবঙ্গে না তোলাই ভাল। পশ্চিমবঙ্গে আপনি জানেন কয়টি সংখ্যায় একটা তো বন্ধ হয়ে গিয়েছিল, সরকারি সাহায্যে আবার সেটা বলা হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গে এত ব্যাপক আখের চাষ হয় না যাতে সেই বিরাট কোঅপারেটিভ সুগার মিল চালু হতে পারে। সেই জন্য আমরা একটা মিনি সুগার প্ল্যান্ট চালু করবার ব্যবস্থা করেছি। পশ্চিমবঙ্গে একটি কোঅপারেটিভ স্প্রিনিং মিল ছিল যা বহু দিন থেকে বন্ধ ছিল। প্রথম যুক্তফ্রন্টের আমলের ঠিকপরে একবার সেটা আমাদের

তৎকালীন গভর্নর খুলেছিলেনই তিনি ঘন্টার জন্য। তারপরে সেটা আবার বন্ধ হয়ে গিয়েছিল। আমরা আসবার পর ১৯৭৪ সালে থেকে আবার সেটা আমরা চালু করেছি। আপনি স্যার শুনলে খুশি হবেন সরকারের এই বাজেট বরাদ্দের বাইরে ২০ লক্ষ টাকা দিয়েছি আনবাজেটেড লায়াবিলিটি আমরা গ্রহণ করেছি কোঅপারেটিভ স্প্রিনিং মিল এর জন্য। আমরা আশা করব আগামী বছরগুলোতে আরও সরকারি অনুদান আমরা এর জন্য আর যাতে পশ্চিমবঙ্গের একটিমাত্র কোঅপারেটিভ স্পিনিং মিল যা হয়েছে তা ফুল ইউটিলাইজ হয় এবং ২৫ হাজার স্পাইন্ডস পর্যন্ত করা যায়।

আর একটি জিনিস বলে আমি আমার বক্তব্য শেষ করব। অনেক মাননীয় সদস্য বলেছেন যে যে টাকা আমরা দিচ্ছি তা শিডিউল্ড কাস্ট-দের কাছে যাচ্ছে কিনা বা সমাজের নিচু স্তরে যারা চাষীদের ভাইরা আছেন তাদের কাছে যাচ্ছে কিনা। আমি মাননীয় সদস্যদের কাছে বলতে চাই আমরা যে স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি ঋণের ক্ষেত্রে যে টাকা চাষীভাইদের কাছে বিলি করে থাকি, আমরা দেখেছি যে তার মধ্যে অন্তত শতকরা ৬০ ভাগ টাকা small and মারজিন্যাল ফরমারদের কাছে যায়। এ জিনিসটা আমরা বরাবর দেখছি আমাদের দপ্তর অতীতেও দেখেছে এখনও দেখছে এবং ভবিষ্যতেও দেখবে। শতকরা ৬০ ভাগ টাকা স্মল অ্যান্ড মারজিন্যাল ফরমারদের কাছে যাচ্ছে এবং ভবিষ্যতে যাবে এ বিষয়ে কোনও সন্দেহ নাই। তবে এর মধ্যে শিডিউল্ড কাস্টদের কাছে কত যাচ্ছে, যে তথ্য অবশ্য আমরা কাছে নাই। কিন্তু এই স্মল অ্যান্ড মারজিন্যাল ফরমারদের মধ্যে নিশ্চয় আমরা বুঝতে পারছি যে যেখানে শিডিউল্ড কাস্টদের সংখ্যা বেশি হবার সম্ভাবনা। আমি আশা করি আপনারা এই বাজেট নিশ্চয়ই সমর্থন করবেন। আমি যদি এই জিনিসটা দেখতাম মাননীয় সদস্যরা যদি বলতেন এই সামান্য বাজেট, এটাকে আরও বৃদ্ধি করা হোক তাহলে খুশি হতাম। আমি দেখে দুঃখিত হলাম মাননীয় শীশ মহম্মদ সাহেব যেখানে এই এত অল্প টাকার বাজেট সমবায় আন্দোলনকে দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যাবার পক্ষে সাফিসিয়েন্ট নয়, যেখানে তিনি আবার তাতেও একটি কাট মোশন এনেছেন। আমি তার কাছে এই অনুরোধ করব তিনি তার এই কাট মোশন প্রত্যাহার করুন। এবং যাতে ব্যয় বরাদ্দ আরও বৃদ্ধি হয় তার জন্য সচেষ্ট হন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, অপেক্ষাকৃত স্বল্প সময়ের জন্য সমবায়ের আলোচনা হলেও আমি আলোচনায় অংশগ্রহণকারী মাননীয় সদস্যদের কাছে কৃতজ্ঞ। তাদের অনেকেই সৃজনশীল বক্তব্য রেখেছেন এবং গঠনমূলক প্রস্তাব করেছেন। যুগপৎ আমি দুঃখিত অপর দিকে অজিতবাবু (গাঙ্গুলি) কেন জানি না মুখে রাশিয়া রাশিয়া বলে হঠাৎ আমেরিকা প্রবণতা দেখিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মিখ মেয়ো এক সময় ভারতে এসেছিলেন যিনি মাদার ইন্ডিয়া কুখ্যাত লেখিকা

তাকে বলা হয় ড্রেন ইন্সপেকট্রেস অফ ইন্ডিয়া মাননীয় অজিতবাবু সমবায়ের সাফল্যে তিনি ও মার্কিন লেখিকা মিস মেয়োকে ফলো করেছেন এবং সমবায়ের ব্যর্থতাই দেখেছেন—এর কোনও সার্থকতা তিনি কোথাও দেখতে পাননি। আমি দুঃখিত এজন্য আমি তাকে সমবেদনা জানতে পারি মাত্র এর বাইরে আর কিছু পারি না। তবু তার দৃষ্টিভঙ্গিতে তিনি যে লিমিটেশন রেখেছেন, আমি তার উত্তর দেবার চেষ্টা করব।

একদিকে বে-সরকারি উদ্যোগ পুঁজিপতিদের উদ্যোগ, অপরদিকে সরকারি উদ্যোগ মধ্যে তৃতীয় সংস্থা হিসেবে people involvement তৃতীয় শক্তি হিসেবে আমি সমবায়কে দাঁড় করাতে চাই। সমবায়কে সামাজিক অর্থনীতির একটা হাতিয়ার হিসেবে আমরা দাড় করাতে চাই সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য। আমি আমার প্রারম্ভিক ভাষণে একথা রেখেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এখানে যুক্তফ্রন্ট নামক এক কুৎসিৎ সরকার রাজত্ব করেছিল এবং এই সমবায় দপ্তরের দায়িত্ব ছিল আজকের এই কমিউনিস্ট পার্টির মাননীয় সদস্যদের হাতে। তার ফল কি হয়েছিল? ১৯৬৬ সালে ১৫ কোটি টাকা দাদনের জায়গায় এরা পশ্চিমবঙ্গকে শুকিয়ে মারার জন্য সেই দাদনের পরিমাণ ৪ কোটি টাকায় দাঁড় করিয়েছিল। এই অবস্থায় আমরা দায়িত্বভার গ্রহণ করি। মাননীয় কমিউনিস্ট পার্টির সদস্যদের ভূমিকা হচ্ছে বিশ্বাসঘাতকতার ভূমিকা, বেইমানের ভূমিকা, দেশদ্রোহিতার ভূমিকা, তাই আমরা দেখতে পাই সেই ভূমিকা তারা যথাযথ পালন করেছিলেন। আপনি দেখেছেন স্যার আজকে ২৩২ কোটি টাকার পরিকল্পনা গ্রহণ করা আমাদের পক্ষে সম্ভবপর হয়েছে এটা যেখানে সন্তুষ্ট ছিলেন মাত্র ৬৬ কোটি টাকায়। আরও কুৎসিৎ নজির দেবেন সেই ৬৬ কোটি টাকা ও ব্যয় করবার ক্ষমতা এদের তখন হয়নি। তারা চেয়েছিলেন বাংলাকে শুকিয়ে মারতে হবে চাষীদের হাতিয়ার যে এগ্রিকালচারাল ক্রেডিট আর ইনপুট ব্রিটিশ সরকার যেটা প্রবর্তন করে গেছে, কমিউনিস্ট পার্টি তেমনি বাংলাকে শুকিয়ে মারার জন্য তার উৎসকে বন্ধ করে দিতে চেয়েছিল।

[4-30 — 4-40 p.m.]

বলেই এদের পিপল ইনভলভ পারেনি। পিপলকে উস্কে ছিলেন। বলেছিলেন ব্যাঙ্কের টাকা ফেরত দিতে হবে না মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন আজকে সমবায় ঋণ হচ্ছে অনেকটা হার্ট সারকুলেশনের মতো। আজকে ক্রেডিট তখনই দেওয়া সম্ভব যখন রিটার্ন রিয়েলাইজেশন হয়। কি কারণে ১৯৬৫-৬৬ সালে ক্ষুদ্র স্মল ক্রেডিট লোন দেওয়া সম্ভব ছিল। আপনারা একে শুকিয়ে মেরে ৪ কোটি টাকাতে নামিয়ে আনেন। না উদ্দেশ্যে কি? দেশের উৎপাদন যাতে ব্যাহত হয়। আপনাদের পরিষ্কার করে জানিয়ে দিচ্ছি আপনাদের সেই ষড়যন্ত্র দেশের মানুষ ধরে ফেলেছিল। তাই আপনাদের এদিকে আর আসতে দেয়নি1 আমাদের লক্ষ্য পরিষ্কার, আমরা বলতে চাই, এই সমবায়কে

হাতিয়ার হিসাবে ব্যবহার করে সামাজিক রূপান্তর করতে চাই, সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে চাই, সমবায়কে দুর্বল এবং ক্ষুদ্র শ্রেণীর বাঁচার অস্ত্র হিসাবে ব্যবহার করতে চাই, আজকে জনসাধারণের কাছে পৌঁছে দিতে চাই। নম্বর ওয়ান মাননীয় চেয়ারম্যান মহাশয়, সমবায়কে আমরা পুর্নজীবিত করেছি রিভাইটালাইজেশন অফ দি সোসাইটিস, আমরা সমবায়কে ইকনমিক্যালি ভায়াবেল ইউনিট হিসাবে প্রতিষ্ঠা করতে পেরেছি। আজকে ওদের সময় কবার ছিল ফারমারসদের ১৪ পারসেন্ট, লেস দ্যান ১৫ পারসেন্ট। আজকে অজিতবাবু শুনলে আতঙ্কে উঠবেন, অন্তত মুখে খুশ হবেন আরমা ৩০ পারসেন্টের কাছাকাছি পৌঁছেতে পেরেছি। পঞ্চম পরিকল্পনার শেষে আমরা ৫০ পারসেন্ট ফারমার ফ্যামিলি কভার করতে চাই। অন্যদিকে ল্যান্ড ডেভেলপমেন্টের হাতিয়ার হিসাবে দীর্ঘমোদি ভূমি উন্নয়নের জন্য আমরা সমবায়কে ব্যবহার করতে চাই আমরা প্রারম্ভিক ভাষণে এটা আছে, আপনি কেন আগে দেখতে পাননি জানি না। আগে কত লক্ষ টাকা ছিল, আজকে কত কোটি টাকার দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং আরা কত টাকা আদায় করতে পেরেছি একথা আপনাদের জানিয়ে দিয়েছি আমার প্রারম্ভিক ভাষণে—এই সব তথ্য সেখানে আছে আছে অজিতবাবু বলেছেন পানিসমেন্টের কথা, যারা ডিফল্টার, আপনি শুনে খুশি হবেন আপনি ডাইরেক্টলি অথবা ইন্ডাইরেক্টলি জনিত নন। নর্থ ২৪-পরগনা সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্ক এর জন্য আমরা জুডিশিয়াল এনকোয়ারি বসিয়েছি। আপনারা চেষ্টা করেছিলেন, আমরা শুনেছি, কমিউনিস্ট পার্টির তাতে মুখ্য ভূমিকা ছিল তারা হাইকোর্টের ইঞ্জাংশন নিয়ে আমাদের এই আরম্ভ করা তদন্ত ব্যাহত করতে চেয়েছিল। আজকে ধরা পড়ে গিয়েছে। চেয়ারম্যান মহোদয়, আপনি শুনে খুশি হবেন আমাদের তদন্ত প্রায় সম্পূর্ণ। রিপোর্ট প্রকাশের অপেক্ষায়। আজকে জানা যাবে কে সমবায় আন্দোলনকে হত্যা করতে চেয়েছিল। অজিতবাবু আঁতঙ্কে উঠবেন না হয়ত শুনে মুখে খুসি হবেন ১৬ সারচার্জ কেসেস আমরা স্টার্ট করেছি। ওদের আমলে কেন পারেননি? আপনারা দ্বিতীয়বার দায়িত্ব-এ আসেননি? আমি আপনাদের এই কথা হুসিয়ার করে দিতে চাই আমরা সমবায়কে রাজনীতির উর্ধ্বে প্রতিষ্ঠা করতে চাই। আর একবার উদাত্ত কণ্ঠে ঘোষণা করতে চাই সমবায় নিয়ে রাজনীতি করবেন না। দেশের ক্ষতি অনেক করেছেন। এবার অন্তত গঙ্গা স্নান করে আজকে মন শুদ্ধ করার চেষ্টা করুন। ওরা বলেছেন নন-এগ্রিকালচারাল সেক্টারে কিছু ক্রেডিট দিই না। আপনি শুনে খুশি হবেন আমরা এখানে ৩,১০০ সোসাইটি ইন নন-এগ্রিকালচারাল সেক্টারে আছে এবং তাদের মেম্বারশিপ কম বেশি এক লক্ষ ৩০ হাজার। তাদের মেম্বারশিপ ইন্ডাস্ট্রিয়াল আলোচনায় এই তথ্য বিশদভাবে পরিবেশন করব। আজকে ওরা কত কবার করেছিলেন। আজকে উইভারসদের জন্য যে বিশেষ ব্যবস্থা করেছি, হ্যান্ডিক্রাফটস অ্যান্ড আরটিজানদের জন্য বিশেষ কোঅপারেটিভের ব্যবস্থা নিয়েছি। আপনারা কতবার করেছিলেন? কতটা করেছিলেন? কোথায় দৃষ্টিভঙ্গি আপনাদের? আজকে তার জবাব দিতে হবে।

মাননীয় চেয়ারম্যান মহাশয় ওনারা বলেছেন স্টেটের শেয়াল কোথায়। স্যার, আপনি জানেন সমবায়ের ফাইন্যান্স মেনলি ইনস্টিটিউশনাল ফাইন্যান্স। রিজার্ভ ব্যাঙ্কের লিমিট হচ্ছে সমবায়ের লিমিট। আজকে লাইফ ইনসিওরেন্স কর্পোরেশনের সম্ভার হচ্ছে সমবায় হাউসিংয়ের সম্ভার। ইনস্টিটিউশনাল ফাইন্যান্সের মাধ্যমে আমরা শুধু অ্যাডমিস্ট্রেটিভ কস্ট চালাই। আমাদের যেখানে ক্রিটিক্যাল গ্যাপ পূরণ করার কথা আজকে সরকার শুধু বর্তমানে অংশ গ্রহণ করেছে এবং at the end of the fourth five years plan. আপনি শুনে খুশি হবেন চেয়ারম্যান মহাশয় আমাদের স্টেট পার্টিসিপেশন অ্যাসেন্সিয়াল। কিন্তু স্যার, এই সমবায় আন্দোলনকে পিপলস আন্দোলন হতে হবে। তা না হতে পারলে সমবায় দিয়ে মানুষের উপকার করা যাবে না। এবং সেখানে আরও একটু সফিস্টিকেশনে যেতে হবে। সমবায়ে দুর্বল শ্রেণী যাদের কথা ওরা বলেছেন অবশ্য এটা ওদের অন্তরের কতা নয়, বলতে হয় তা বলেছেন, তফসিল এবং ট্রাইব্যালদের কথা স্যার, আপনি শুনে খুশি হবেন এই কারণে আমরা large size agricultural multi-purpose society exclusively for the tribal people করতে পেরেছি। আমাদের মূল উদ্দেশ্য ক্রেডিট স্ট্রাকচার large size agricultural multipurpose society এবং ফারর্মরস সার্ভিস সোসাইটি। এবং আপনি শুনে খুশি হবেন আমরা এ পর্যন্ত তাই করে চলেছি। আমরা মালটিপারপারস এক্টিভিটিজ যাতে হয় সেই অ্যাটিচিউড ওরিয়েনটেশন করছি আমরা ফারর্মরস ক্রেডিট সোসাইটিতে যাব যাতে বোথ এগ্রিকালচার প্রোডাকসন বাড়বে এবং সঙ্গে সঙ্গে মার্কেটিংয়ের দায়িত্ব নেব এবং ডাইভারসিফিকে-শনে সেটা হেলফ করবে। আমরা মাল্টিপারপাস অ্যাক্টিভিটিজ জেনারেট করব এবং সেইটাই হল আমাদের মূল লক্ষ্য। মাননীয় চেয়ারম্যান মহাশয়, তিনি বলেছেন যে আমরা কোঅপারেটিভে মহিলাদের আনতে পারিনি। যে দেশে কোঅপারেটিভের ব্যবস্থা দুর্বল স্যার, উনি চাইলেন বলে বলতে হচ্ছে, আমাকে বলতে উনি প্ররোচনা করেছেন তাই বলতে হচ্ছে, ... এ জিনিস যে কত শক্ত সেটা একটু ভেবে দেখবেন। ওনারা রাশিয়ার আশীর্বাদ থেকে বঞ্চিত হতে চলেছেন বলে এখন সুইডেনের নামাবলী নিয়েছেন, আমেরিকার নামাবলী নিতে আর ওদের দেরি নেই। ওরা বার বার ভোল পাল্টান—ভোগ পাল্টাতে ওরা অত্যন্ত ওস্তাদ ওরা বেশ ভাল কৌশল অবলম্বন করেন পার্টিটাই হচ্ছে কৌশল পার্টি। স্যার, ইন্টারন্যাশনাল কনফারেন্সে সুইডেনের প্রতিনিধিদের সঙ্গে কোঅপারেটিভ মুভমেন্ট নিয়ে আলোচনা করার সুযোগ আমার হয়েছিল। আমরা দেখেছি কনজিউমার কোঅপারেটিভ মুভমেন্ট ইউরোপীয়ন কান্ট্রিতে এগিয়ে গেছে বটে কিন্তু ক্রেডিট ব্যাপারে আপনাকে প্রায়রিটি ঠিক করতে হবে এগ্রিকালচার প্রায়রিটি পাবে, না কনজিউমারস মুভমেন্ট প্রায়রিটি পবে। আজকে কোঅপারেটিভ অ্যাট ভিলেজ লেবেলে নিয়ে যেতে হবে সেটা কি আপনারা চিন্তা করেছেন এবং সে ভায়েবিলিটি আছে কিনা দেখেছেন কি? ২২০টি

মার্কেটিং সোসাইটি তার ১০০টি ভায়েবল হয়েছে পুনরুজ্জীবন লাভ করেছে। আজকে অপারেশনাল পজেবিলিটি দেখতে হবে ইকনমিক ভায়েবিলিটি দেখতে হবে। আমরা চিন্তা করেছি এগ্রিকালচার প্রাইমারি ক্রেডিট সোসাইটিগুলি রিঅর্গানাইজ করে কনজিউমারস ফেসিলিটি এদের দেব এবং পাঁচটি জিনিস এসেন্সিয়াল কমডিটি যেটা আজকে রেশনে দেওয়া হয় সেগুলি ডিল যাতে করতে পারে মেনলি এগ্রিকালচার ইনপুটস ডিল করতে পারে এবং তাহলেই ওরা ভায়েবল হতে পারবে। অন্য কোনও পথ নেই—ইকনমিক ভায়েবিলিটি থাকতেই হবে। এবং আমরা চাইছি এই এগ্রিকালচারাল ক্রেডিট সোসাটি অন্তত হল টাইমার হবে—একটা রেকগনাইজড প্রফিট রাখবে যেখানে জনসাধারণ উপকৃত হতে পারব। এই ক্রেডিট সোসাইটিগুলি পঞ্চশীলের—অর্থাৎ ৫টি নীতি অনুসরণ করবে ডেমোক্র্যাটিক ম্যানেজমেন্ট-এর অ্যাফিসিয়েন্ট ম্যানেজমেন্ট রেগুলার অডিট ইন্সপেক্শন, রেগুলার জেনারেল মিটিং এই ব্যবস্থা যদি কোঅপারেটিভগুলি না করতে পারে তাহলে তাহলে ভেস্টেড ইন্টারেস্ট তাড়ানো যাবে না। আপনারা তো সাহস করেনই না, ভারতের আর কেউ সাহাস করেনি কিন্তু আমাদের পক্ষে তা সম্ভব হয়েছে। মাননীয় শীশ মহম্মদ সাহেব অধ্যক্ষ মহাশয়, I can sumpathise for his limited intelligence. তিনি কিছু বোঝেন না এবং কিছু বলবারও চেষ্টা করেননি।

[4-40 — 4-50 p.m.]

তাই ক্যান সিমপ্যাথাইজ ফর হিজ লিমিটেড ইন্টেলিজেন্স। তিনি কিছু বোঝেন না, বোঝবার চেষ্টাও করেননি। তবে তাকে জানিয়ে দিতে চাই যে আমরা কোঅপারেটিভকে ডাইভার্সিফাই করতে চাই, এগ্রিকালচারাল কমোডিটিজ বেসিক নেসেসিটিজে নিয়ে যেতে চাই, কনজিউমার্স মুভমেন্টে নিয়ে যেতে চাই, লং টার্ম মুভমেন্টে নিয়ে যেতে চাই। কনজিউমার্স মুভমেন্টে, হাুসিং মুভমেন্ট একটি জাতির এসেন্সিয়াল রিকোয়ারমেন্টস। কাজেই এই এসেন্সিয়াল নিডসগুলিকে কমপ্যাট করতে চাই। ভেস্টেড ইন্টারেস্ট-এর অ্যাগেনস্টে এবং মনোপলিস্টদের অ্যাগেনস্টে আমরা ফাইট করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ব্যক্তিগতভাবে সকলের কাছে চিঠি লিকেছি, আপনি বোধ হয় পেয়ে থাকবেন, আপনাদের এলাকায় একটি করে হাউসিং কোঅপারেটিভ অর্গানাইজ করুন, আম্াদের এখানে হাউসিং প্রবলেম আছে। নিরঞ্জনবাবু, আর একজন বন্ধুবর সাড়া দিয়েছেন ; সাধারণভাবে তো সাড়া আসেনি। অজিতবাবুর এই শিক্ষা যে তিনি এটা ব্যর্থ করে দিতে বদ্ধপরিকর। উনি ইন্টারেস্টের রেটের কথা বলেছেন। ইন্টারেস্টের রেট কি হবে সেটা রিজার্ভ ব্যাঙ্ক ঠিক করে। রাজ্য সরকারের পক্ষে কোঅপারেটিভের মাধ্যমে সামান্য ইন্টারেস্টে ক্রেডিট দেওয়া সম্ভব পর হয়—মিনিমাম পসিবল ন্যাশনালাইজড কোঅপারেটিভ ব্যাঙ্কের পক্ষে। উনি মানিলেন্ডারসের কথা বলেছেন। মানিলেন্ডারসদের এলিমিনেট করার

জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধী আহ্বান জানিয়েছেন, যার ফলে সৃষ্টি হয়েছে রুর‍্যাল ব্যাঙ্ক, লিকুইডেশন অব রুর‍্যাল ইনডেটেডনেস লোন যাতে পায় তার জন্য আমরা প্রগ্রেসিভ ফিগারের একটা টার্গেট দিয়েছি। আগে যেখানে ২০ কোটি টাকা ছিল এই বছর সামান্য কিছু বাড়িয়ে টার্গেট ৩৬ কোটি টাকা করা হয়েছে, যদিও এর দ্বারা পুরো সমস্যার সমাধান হতে পারব না। কনজামশন লোন পাবে কোথায়? সেখানে কমার্শিয়াল ব্যাঙ্ককে এগিয়ে আসতে হবে রুর‍্যাল পিপলদের রুর‍্যাল কনজামশন লোন দেবার জন্য, তাছাড়া আর কোনও গত্যন্তর নেই। সেই সম্ভাবনা দেখা দিয়েছে। কৃষি মন্ত্রী মহাশয় বলতে পারতেন ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রোজেক্ট সম্পর্কে এগ্রিকালচার সেক্টরে লং টার্ম কোঅপারেটিভ এর সুযোগ সুবিধা দিয়ে আমরা এটাকে ইমপ্লিমেনটেশন করতে চাই। গতবারেই আমি বলেছিলাম লেজিসলেশন করতে চাই এই ব্যাপারে। আজকে এপক্ষ থেকে সুকুমারবাবু বলেছেন বর্ধমানে সফল হয়েছে, হুগলির সদস্যরা বলতে পারবেন হুগলির অনেক জায়গায় সফল হয়েছে, হুগলির সদস্যরা বলতে পারবেন হুগলির অনেক জায়গায় সফল হয়েছে এবং প্রাথমিক ভাবে ওয়ার্ল্ড ব্যাঙ্কের অ্যাসিস্ট্যান্স ৬টি জেলায় ঠিক হয়েছে, কোঅপারেটিভের মাধ্যমে এই প্রোগ্রামগুলি ইমপ্লিমেন্ট করা আমাদের পক্ষে সম্ভবপর হবে। কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় তিনি সেটেট কোঅপারেটিভের চেয়ারম্যানও বটে, তিনি ডিপোজিটের কথা বলেছেন। স্টেটের স্বার্থ দেখতে হবে। আমাদের কোনও ব্যাঙ্ক, ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনে টাকা জমা দিলে, কোঅপারেটিভ সেক্টর নয়, রাজ্যবাসী হিসাবে ম্যাক্সিমাম বেনিফিট পেতে পারে। স্মল সেভিংসের ২/৩ থার্ড পাওয়া সম্ভবপর, আমরা অন্য ব্যাঙ্কে দিতে পারব, কোঅপারেটিভসে দিলে পাওয়া যায় না। পাবলিক আন্ডারটেকিংসের কথা বলেছেন, ডিপোজিটের কথা বলেছেন। আজকে কোঅপারেটিভকে বাঁচতে হবে তার নিজস্ব শক্তিতে। ডিপোজিট মবিলাইজেশনের প্রোগ্রাম ব্রাঞ্চিং অব দি ব্যাঙ্ক যেটা হয়েছিল সেন্ট্রাল কোঅপারেটিভ ব্যাঙ্কের সেটা নেই। পিপল রিসোর্সেস, ইকনমিক সারপ্লাস এই রাজ্যে যা আছে সেটাকে যদি আমরা মপ আপ করতে না পারি তাহলে এই সমস্যার সমাধান করা যাবে না। সেইজন্য স্মল আর্টিফিসিয়াল ফিডিং, ইনক্লুডিং অ্যাক্সপ্যানশন অব মেম্বারসিপ ৫০% ফ্যামিলিকে কভার করতে চাই, অন্যদিকে ইকনমিক কর্মযজ্ঞের সারপ্লাস জেনারেট হচ্ছে ফ্যামিলিই সেটাকে মোবিলাইজেশন করে কমার্শিয়াল ব্যাঙ্কগুলিকে পাল্লা দিয়ে সারপ্লাস মোবিলাইজেশন করতে হবে ইন ফেভার অব দি কোঅপারেটিভ ব্যাঙ্কস। মাননীয় সদস্য দৌলত আলি অ্যামালগ্যামেট ব্যাঙ্কের কথা বলেছেন। তিনি বলেছেন ২৪ পরগনায় এটা ভায়াবল হয়েছে। আমি নিশ্চয় তার প্রস্তাব বিবেচনা করে দেখব। সুকুমারবাবু ক্ষুদ্র চাষীদের স্বার্থে প্রশ্ন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এ পর্যন্ত কোঅপারেটিভ অ্যাকটিভিটি দ্বারা ৫৩% চ্যানেলাইজড ফর দি বেনিফিট অব দি উইকার সেকশন এবং মার্জিনাল স্মল ফারমারস এবং এস. এফ. ডি. এ. করা সম্ভব হয়েছে। ম্যাচিং গ্রান্ট দিয়ে,

ম্যাচিং লোন, এস. এফ. ডি. এ. করে কন্টিনিউয়াস লিয়াশন করে, স্টেট ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক করে, ডিস্ট্রিক্ট ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, প্রাইমারি ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, স্টেট ডেভেলপমেন্ট ব্যাঙ্ক করে ওরা যাতে লোন দিতে পারে তার জন্য আমরা চেষ্টা করেছি।

সুকুমারবাবু আরও একটা ভাল কথা বলেছেন যে, যেখানে হান্ড্রেড পারসেন্ট কালেকশন হয়, লোন রিয়েলাইজেশন হয়ে যায় সেখানে তিন বছরের যে ব্যবস্থা ডিরেক্টরশিপের থ্রি ইয়ারস অর থ্রি টারমস, হুইচ এভার ইজ লেস, সেটা কিছ শিথিল করা দরকার। আমি তাকে জানাতে চাই, আমরা এই প্রস্তাব নিয়ে আলোচনা করছি, অ্যাপেক্সের চেয়ারম্যানের সঙ্গে পরামর্শ করে, স্টেট কোঅপারেটিভ ডেভেলপমেন্ট কাউন্সিলের সঙ্গে পরামর্শ করে আমরা এবিষয়ে সিদ্ধান্ত নেব। তবে বর্তমান আইনে যে বিধান আছে তা দিয়ে আমরা ভেস্টেড ইন্টারেস্টগুলিকে এলিমিন্টে করতে পেরেছি। স্যার, আমার প্রারম্ভিক বাযণে যে সমস্ত তথ্য রেখেছি অজিতবাবুর সুবুদ্ধি হয়েছে তিনি সেই তথ্য চালেঞ্জ করেননি, গ্রহণ করেছেন। সেই তথ্য যদি গ্রহণ করে থাকেন তাহলে আমি মনে করব, ওর আধা সুবুদ্ধি আগেরবার হয়েছিল, এবারে বাকিটাও হবে। স্যার, ওর দলের বহু সংখ্যক কমিউনিস্ট সদস্য বন্ধু আছেন যারা বিকৃত তথ্য কিম্বা ব্যর্থতার অনুসন্ধানে সময় কাটান না, তারা কিছু সৃজনশীল প্রস্তাব রাখেন। এই রাজ্যে হাউসিং সেক্টারে যিনি নেতৃত্ব দিচ্ছেন তার দলের সদস্য, আমি তো রাজনীতিগত ভাবে তাকে জানি, আমাদের তরফে স্যার, কোনও বাধা নেই কারণ এই সমবায়কে আমরা রাজনীতির উর্ধ্বে রাখতে চাই। তাই আজকে অজিতবাবুকে পরামর্শ দেব যে, যে উদ্যোগগুলি আমরা শুরু করেছি এবং টাইম টু টাইম যে আবেদন ব্যক্তিগত ভাবে এবং সরকারের তরফ থেকে আমি করি তাতে আপনারা সহযোগিতা করুন। কোথাও যদি ত্রুটি থাকে—কাজ করতে গেলে ভুল হতেই পারে, আমি মনে করি সেই ত্রুটি সংশোধনের স্কোপ আছে। সে সম্পর্কে যদি আপনাদের কোনও প্রস্তাব আসে তা আমি বিবেচনা করে দেখব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও চাই এ রাজ্যে এডুকেটেড ইয়ংগার জেনারেশন শিক্ষিত তরুণ নেতৃত্ব এগিয়ে আসুক। আমাদের আরবান মুভমেন্ট এখানে অত্যন্ত স্ট্রং কারণ শিক্ষিত শ্রেণী এতে নেতৃত্ব দেয়। আজকে আমরা চাই আরও বেশি করে তরুণ নেতৃত্ব এগিয়ে আসুক। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের বাইরে যে অসংখ্য সমবায়ী আছেন—আপনিও মাঝে মাঝে সমবায়ে উৎসাহ সৃষ্টি করেন, তাদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি এবং তাদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। তা ছাড়া স্যার, আমার দপ্তরে বা ডিরেক্টরেটে সহকর্মী বন্ধুরা হাতে হাত মিলিয়ে সরকারের পরিকল্পনাকে সার্থক করবার জন্য এবং সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা করার জন্য যে ভাবে আত্ম নিয়োগ করেছেন তারজন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি। বেসরকারি নেতৃত্ব যে সহযোগিতা করেছেন

এবং সফল নেতৃত্ব দিয়েছেন তার জন্য তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি। স্যার, গভর্নমেন্ট অব ইন্ডিয়া এই সেদিন কোঅপারেটিভ মুভমেন্টের ডাইভারসিফিকেশনের জন্য নিউ রিটেল আউটলেট খোলার জন্য নির্দেশ পাঠিয়েছেন। আমরা ভারত সরকার এবং রিজার্ভ ব্যাঙ্কের কাছে কৃতজ্ঞ, আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। স্যার, মাননীয় রাষ্ট্রপতি দ্ব্যর্থহীন ভাষায় অপেন মিটিং-এ যে কথা বলে গিয়েছেন তারজন্য আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। সব শেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ পক্ষের মাননীয় বন্ধুরা যে সৃজনশীল প্রস্তাব, রেখেছেন তার জন্য তাদের আন্তরিক ধন্যবাদ দিচ্ছি এবং ও পক্ষের বন্ধুদের ক্রমান্বয়ে শুভবুদ্ধির উদয় হবে এই আশা করছি। স্যার, এই কথা বলে সমস্ত কাট মোশনের বিরোধিতা করে "সমবায় জিন্দাবাদ" এই কথা উচ্চারণ করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker : I now put the cut motions to vote.

The motion of Shri Bhupal Chandra Panda that the amount of the Demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Netaipada Sakar that the amount of the Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shrimati Ila Mitra that the amount of the Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs. 13,16,36,000 be granted for expenditure under Grant No. 50, Major Heads : "298—Cooperation, 498—Capital Outlay on Cooperation and 698—Loans to Cooperative Societies", was then put and agreed to.

[4-50 — 5-00 p.m.]

Demand for Grant No. 63

Major Heads : 321—Village and Small Industries (Excluding Public Undertakings), 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings).

Dr. Zainal Abedin : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,48,11,000 be granted for expenditure under Grant No. 63, Major Heads : 321—Village and Small Industries (Excluding Public Undertakings), 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)".

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের অনুমোদন অনুসারে আমি ৪ কোটি ৪৮ লক্ষ ১১ হাজার টাকার ব্যয়বরাদ্দের একটি দাবি সভার সামনে উপস্থিত করার অনুমতি চাইছি। এই ব্যয় হবে আমাদের ডিমান্ড নম্বর ৬৩—মেজর হেড '৩২১— ভিলেজ অ্যান্ড স্মল ইণ্ডাস্ট্রিজ', '৫২১—ক্যাপিটেল আউটলে অন ভিলেজ অ্যান্ড ইণ্ডাস্ট্রিজ' এবং '৭২১—লোনস ফর ভিলেজ অ্যান্ড স্মল ইণ্ডাস্ট্রিজ' অনুসারে।

সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটে আমাদের পরিকল্পনার মূল লক্ষ্য হল কুটির ও ক্ষুদ্র শিল্পের পরিপূর্ণ উদ্বোধন। কর্মহীনতার মোকাবিলার জন্যে বিশেষত অনুন্নত গ্রাম এলাকায় কুটির ও ক্ষুদ্র শিল্পকে বিশেষ ভূমিকা নিতে হবে, ভূমিকা নিতে হবে আঞ্চলিক অর্থনৈতিক বৈষম্য দূরীকরণের জন্যে, জাতীয় আয়ের আরো সুষম বন্টনের জন্যে, উৎপাদন কর্মসূচিতে সম্পদের আরো ব্যবহারের জন্যে। একথা আজ স্ফটিকস্বচ্ছ, গতানুগতিক পথে আমাদের ক্রমবর্ধমান বেকার সমস্যা সমাধানের সম্ভাবনা খুবই কম। সেই কারণেই আজ প্রয়োজন দেখা দিয়েছে শিল্পের নতুন দিগন্তে মুক্তির, অর্থনীতিতে নতুন অধ্যায় সংযোজনের, কুটির ও ক্ষুদ্র শিল্পে নতুন কর্মসৃষ্টির অভাবনীয় সুযোগের। এই হল আমাদের কর্মসূচির চালচিত্র এবং বহু ধরনের বাধার মধ্যে থেকেও আমরা আমাদের সঙ্কল্পের পথে এগিয়ে যেতে দৃঢ়পণ। একথা সত্য আমরা যা করতে পেরেছি তা যথেষ্ট নয়, সামাজিক ও অর্থনৈতিক দাবির শৈলছায়ায় আমাদের আত্মশ্লাঘার কোন স্থান নেই কিন্তু একথা সত্য আমাদের হাতে যে সম্পদ রয়েছে তার সর্বার্থক ব্যবহারের চেষ্টায় কোন ত্রুটি নেই।

পঞ্চম পরিকল্পনার অন্যতম প্রধান লক্ষ্য ছিল—গ্রাম ও অনুন্নত এলাকাকে উন্নতির মানচিত্রে এনে দারিদ্র্যকে দূর করা। আমাদের গ্রামে আজ মোট জনসংখ্যার ৭৫ শতাংশ বাস করে। আমাদের সমস্ত রকম চেষ্টা সত্ত্বেও সেই গ্রামাঞ্চলের অনুন্নত অর্থনীতির উপর যতটা দাগ কাটতে চেয়েছিলাম তা পারি নি। সেই কারণেই আমাদের প্রিয় প্রধানমন্ত্রীর বিশ-দফা কর্মসূচির ঘোষণা। যে ঘোষণায়, গ্রামাঞ্চলের, অনুন্নত এলাকার দুর্বল শ্রেণীর মানুষের অর্থনৈতিক উন্নতির বিশেষ কর্মসূচির কথা সোচ্চার।

বিশ-দফা কর্মসূচিতে তাঁত পেয়েছে বিশেষ স্থান। বর্তমান কর্মসূচি অনুসারে যে সমস্ত তন্তুজীবি শুধুমাত্র সমবায়ের মধ্যে আছেন তাঁদেরই সর্বাধিক সাহায্য দেওয়া যায়। কিন্তু যাঁরা রয়েছেন সমবায়ের বাইরে তাদের জন্যে বিশেষ কিছু করার উপায় নেই। সুতরাং সরকারের সাহায্য সূচির পরিপূর্ণ সুযোগ গ্রহণের জন্যে সমবায়ের বাইরের সমস্ত তাঁতী ভাইকে আমরা সমবায়ের মধ্যে আনার অক্লান্ত কর্মসূচিকে জোরদার করতে চেয়েছি। আমাদের এই বিশেষ প্রচেষ্টা ভারত সরকারেরে মেনে নেওয়া শিবরামন কমিটির অনুমোদনের সঙ্গে সঙ্গতি রেখেই এগিয়ে চলেছে। ওয়েস্ট বেঙ্গল হ্যাণ্ডলুম অ্যাণ্ড পাওয়ারলুম ডেভালপমেন্ট করপোরেশান স্থাপনের উদ্দেশ্যই হল তাঁত শিল্পে প্রয়োজনীয় কাঁচামাল যোগানো এবং তৈরি মাল বিক্রি করা। উদ্দেশ্য যাই থাক আর্থিক সঙ্কটের জন্যে করপোরেশান তার দায়িত্বের পূর্ণ লক্ষ্যে এখন পৌঁছাতে পারে নি।

বিশ-দফা কর্মসূচির ঘোষণা অনুসারে তাঁত শিল্পকে তার লক্ষ্যে পৌঁছে দেবার জন্যে প্রশাসনিক কাঠামো তৈরির ব্যবস্থা নেওয়া হয়েছে। একটি স্বতন্ত্র ডাইরেক্টরেট প্রতিষ্ঠিত হয়েছে। সমবায় ও সমবায়-বহির্ভূত তাঁতী ভাইদের এই শিল্পাধিকার রক্ষণাবেক্ষন করবেন। প্রশাসনিক দায়িত্বকে কর্মকেন্দ্রে প্রসারিত করা হয়েছে। পশ্চিমবাংলার প্রতিটি জেলায় অন্যূন একটি করে 'হ্যাণ্ডলুম ডেভালপমেন্ট অফিস' খোলা হয়েছে।

বিশ-দফা কর্মসূচির অঙ্গ হিসেবে কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্যের প্রতিশ্রুতি পাওয়া গেছে, যে অর্থে তাঁতের জন্যে একটি নিবিড় অঞ্চল উন্নয়ন প্রকল্প এবং একটি রপ্তানিমুখী প্রকল্প স্থাপন করা সম্ভব হবে। যথাসময়ে এই সাহায্যের পরিমাণ ও সাহায্যকে কাজে লাগাবার ধরন সম্পর্কে কেন্দ্রীয় সরকারের নির্দেশ আসবে। এই প্রকল্পের জন্যে একটি বোর্ড গঠিত হবে। বোর্ড কাজ করবেন হ্যাণ্ডলুম অ্যাণ্ড পাওয়ারলুম ডেভালপমেন্ট কর্পোরেশান এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যাণ্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের তদারকি ও নির্দেশ অনুসারে।

গ্রামীণ কর্মসংস্থানে রেশম শিল্পের ভূমিকা উল্লেখের অপেক্ষা রাখে না। ভারতের রেশম উৎপাদনকারী রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করে আছে। প্রায় ৬০ হাজার পরিবার রেশম চাষ ও রেশম উৎপাদনে নিয়োজিত। শিল্পের এই বিভাগ অভূতপূর্ব প্রগতির সম্ভাবনাকে বুকে ধরে রেখেছে।

১৯৭৪-৭৫ সালে সমস্ত সম্পদের সর্বাত্মক ব্যবহারের উদ্দেশ্যে রেশম শিল্পের জন্যে একটি সুগ্রথিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল এবং কার্যকরী করা হয়েছিল। ঋণদানকারী সংস্থার কাছ থেকে মোট সাহায্য এসেছিল এক কোটি টাকা। প্রকল্পের মূল লক্ষ্য ছিল দেশ ও বিদেশের বাজারের ক্রমবর্ধমান উন্নতমানের রেশমের প্রয়োজন মেটানো। এই

পরিকল্পনার লক্ষ্য (১) তুঁতচাষে জমির পরিমাণ বাড়ানো, (২) পশুপালন ঘর স্থাপন, (৩) সেচের ব্যবস্থা করা, (৪) গ্রেনেজ স্থাপন করা। এ ছাড়াও রেশম শিল্পের পরিপূর্ণ বিকাশের জন্যে বহুতর ব্যবস্থা নেওয়া হয়েছে। এর ফলে রেশমের উৎপাদন বছরে বাড়বে ৫ লক্ষ কেজি। এখন উৎপাদনের পরিমাণ ৩ লক্ষ ২৬ হাজার কেজি। আর পঞ্চম পরিকল্পনার শেষে আরো ১০ হাজার একর জমি তুঁত চাষের আওতায় এসে যাবে। ভবিষ্যৎ কর্মসূচি প্রণনয়ের জন্যে আগামী অর্তনৈতিক বছরে আমরা একটি রেশম শুমারির প্রস্তাব রাখছি।

১৯৭৫ সালের জুন মাসে ভারত সরকার লাক্ষার একটি মজুত ভাণ্ডার তৈরির অভিপ্রায় প্রকাশ করেছিলেন। উদ্দেশ্য ছিল বাজারের পড়তি দামের অর্থনৈতিক আঘাত থেকে দরিদ্র আদিবাসী লাক্ষা উৎপাদকদের বাঁচানো। রাজ্য কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তর, ওয়েস্টবেঙ্গল স্মল ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশানের সহযোগিতায় এই রাজ্যে সেই কর্মসূচি রূপায়ণের কাজে ব্রতী হয়েছে।

স্টেট ট্রেডিং কর্পোরেশান থেকে ৫০০ মেট্রিক টনের কাঠিগালার একটি অর্ডার পেয়ে রাজ্য সরকার অনুমোদিত সংস্থা ওয়েস্টবেঙ্গল স্মল ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশান বিপণনের কাজ শুরু করেন এবং অর্ডারের প্রথম কিস্তি প্রায় সরবরাহ করা হয়ে গেছে। কর্পোরেশান কর্মসূচিকে আরো কার্যকরী করার উদ্দেশ্যে বৈশাখী ফসল কেনার ব্যবস্থা করছেন। জেলাভিত্তিক প্রশাসনিক দপ্তরের সঙ্গে পরামর্শ করে জেলায় জেলায় সরাসরি ক্রেতা প্রতিনিধি নিয়োগের ব্যবস্থা চলেছে।

আশা করা যায়, এই ব্যবস্থায় বাজারে কাঠিগোলার মূল্য তিন টাকা প্রতি কিলোতে স্থিতিশীল হবে যাতে থাকবে ৫০ শতাংশ বীজলাক্ষা। এই নির্ধারিত মূল্যের সুযোগ পাবেন উৎপাদকরা।

ফিরে আসা যাক ক্ষুদ্র শিল্প বিভাগে। একথা আমি অকপটে স্বীকার করব বিশ্বাসযোগ্য সমীক্ষার অভাবে ক্ষুদ্র শিল্পের বর্তমান বিন্যাস ও সঠিক প্রগতির তথ্য পাওয়া শক্ত। তবে মোটামুটি একটা চিত্র তুলে ধরা যায়।

আজ পর্যন্ত নথিভুক্ত ক্ষুদ্র শিল্পের অগ্রগতি আন্দাজ করা যায়। ১৯৭০ সালে সংখ্যা ছিল ১৬ হাজার ৫ শো ৬৫, ১৯৭২-এ ছিল ২৪ হাজার ৭ শো ১২, ১৯৭৫ সালে সংখ্যা দাঁড়িয়েছে ৮৯ হাজার ৮ শো ২২।

১৯৭৩ সালে কেন্দ্রীয় সরকার সারা ভারতের ক্ষুদ্রশিল্প গণনার কাজ হাতে তুলে নেন। গণনা খুব তাড়াতাড়ি শুরু ও শেষ হয়। ফলে শিল্পের এক বৃহৎ সংখ্যা, যাদের

নিবিড় ক্ষুদ্র শিল্প অভিযানের সময় কিংবা সাধারণ গতিতে ১৯৭৩ সালে ৩১শে ডিসেম্বরের পর নথিভুক্ত করা হয়, প্রতিবাদ সত্ত্বেও গণনায় সেই সংখ্যা অন্তর্ভুক্ত করা হয়নি। অবশেষে কেন্দ্রীয় সরকার আমাদের প্রতিবাদ অনুসারে একটি বিশেষ সেল গঠন করে শিল্পগণনায় এইসব ফেলে রাখা ক্ষুদ্র সংস্থার অন্তর্ভুক্তির কাজ হাতে তুলে নিয়েছেন।

ক্ষুদ্র শিল্প বিভাগে রয়েছে গতানুগতিক শিল্প, জনপ্রিয় ভাষায় যার অপর নাম 'কুটির শিল্প' আর রয়েছে আধুনিক শিল্প। কুটির শিল্পের মধ্যে, কারুশিল্পকে যথোচিত কাঁচামালের যোগান দিয়ে শিল্পীকে আরো বেশি উপার্জনের সুযোগ করে দেওয়াই আমাদের প্রধান উদ্দেশ্য। আমার দপ্তর এই উদ্দেশ্যে ১০ লক্ষ টাকার মূলধন বিনিয়োগ করে একটি হ্যাণ্ডিক্রাফটস ডেভালপমেন্ট কর্পোরেশান স্থাপনের প্রস্তাব রাখছে যে, কর্পোরেশানের উদ্দেশ্য হবে কারুশিল্প ও শিল্পীকে শিল্প বিকাশের সমস্ত সুযোগ ও সাহায্য দেওয়া। দি অ্যাপেকস্ হ্যাণ্ডিক্রাফটস্ কো-অপারেটিভ সোসাইটি প্রাথমিক কারুশিল্প সমবায়ের উজ্জীবন ও পুনর্গঠনের কাজ সরকারের নিয়ম অনুসারে ঋণ দিয়ে সুষ্ঠুভাবে পালন করে চলেছেন।

আধুনিক শিল্পের ক্ষেত্রে আমাদের উন্নয়ন কর্মসূচির মুখ্য উদ্দেশ্য হল (১) স্থাপিত উৎপাদন ক্ষমতার পূর্ণ ব্যবহার, (২) অনুষঙ্গ শিল্প এবং নির্বাচিত শিল্প প্রগতি, (৩) প্রায়-শহর, গ্রাম ও অনুন্নত এলাকায় শিল্প বিকাশ।

গত দু-বছরের প্রচেষ্টায় মধ্যবর্তী প্রযুক্তির উপর ভিত্তি করে আমরা বেশ কিছু আধুনিক শিল্প স্থাপনের পথ প্রশস্ত করেছি যেমন, (১) সিন্‌থেটিক ডিটারজেন্ট, (২) মিনি সুগার প্ল্যান্ট, (৩) মিনি পেপার প্ল্যান্ট, (৪) সলভেন্ট একসট্রাকসান প্রভৃতি। এই ধরনের শিল্প অদ্ভুত কোন কারণে এ রাজ্যে ছিল না। ব্যাঙ্ক এবং ঋণদানকারি সংস্থার সাহায্যে এই দপ্তরের উৎসাহে বেশ কিছু সংস্থা এই বিভাগ ছড়িয়ে পড়েছে। উৎপাদন শুরু না হলেও নতুন জমিতে ক্ষুদ্র শিল্পকে দাঁড় করাবার চেষ্টা সফল হতে চলেছে। ক্ষুদ্র শিল্প আজ নতুন দিগন্তে মুক্তি পেতে চলেছে।

ইলেকট্রনিক্সের ক্ষেত্রে, টেস্টিং ল্যাবরেটারি তৈরি হচ্ছে। এটি রাজ্য ও কেন্দ্রীয় সরকারের একটি যৌথ সংস্থা হতে চলেছে। রাজ্য সরকার পরিচালিত সংস্থা ইলেক্ট্রো-মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রিজ লিমিটেডের মাধ্যমে এই কাজ হবে। ল্যাবরেটারির কিছু কিছু যন্ত্রপাতি সংগ্রহ করা হয়ে গেছে, আশা করা যায় ১৯৭৬ সালের এপ্রিল মাস নাগাদ ইলেক্ট্রনিক শিল্পের সাহায্যের জন্যে, এই ল্যাবরেটারি খুলে দেওয়া সম্ভব হবে।

আধুনিকীকরণের কর্মসূচি অনুসারে অনুসারে দশটি শিল্পকে বেছে নেওয়া হয়েছে এই বছরের জন্যে। আধুনিকীকরণের কর্মসূচিতে আছে—(১) যন্ত্রের আধুনিকীকরণ, (২) পরিচালন ব্যবস্থার উন্নতি, (৩) উৎপাদন ব্যবস্থার উন্নতি এবং (৪) শ্রমিকদের আচরণ

ও কর্মক্ষমতার পরিবর্তন।

চর্মশিল্পকেও এই বছরের আধুনিকীকরণের কর্মসূচির অন্তর্ভূক্ত করা হয়েছে। রাজ্যে এবং রাজ্যের বাইরে থেকে প্রচুর কাঁচা চামড়া পাওয়া সত্ত্বেও চর্মশিল্প এখন পেছনে পড়ে আছে। চর্মশিল্পে নিযুক্ত ক্ষুদ্র শিল্প সংস্থার পক্ষে ফিনিসিং প্ল্যান্ট বসানো সম্ভব নয়, ফলে কাঁচা এবং প্রায়-পাকা চামড়া চলে যায় তামিলনাড়ুতে এবং অন্যান্য রাজ্যে ফিনিসিংয়ের জন্যে। এই সমস্যার মোকাবিলার জন্যে আমার দপ্তর বর্তমানে ২ কোটি টাকা ব্যয়ে ওয়েস্ট বেঙ্গল লেদার ইন্ডাস্ট্রিড ডেভেলপমেন্ট কর্পোরেশন স্থাপন করেছেন এই রাজ্যে। আমার বিশ্বাস, এই কর্পোরেশন, এই রাজ্যের ক্ষুদ্র চর্মশিল্পকে সেই সাহায্য এগিয়ে দিতে পারবে যার ফলে চামড়া প্রসেসিং ও ফিনিসিংয়ের কাজ সহজ হবে এবং এই রাজ্যের চামড়াজাত দ্রব্যের রপ্তানি বাড়বে।

কেন্দ্রীয় সরকারের কাছে আমরা কৃতজ্ঞ। তারা দুটি সংস্থা স্থাপনের জন্যে আলাদা অর্থ সাহায্য দেবার প্রস্তাব নীতিগতভাবে স্বীকার করেছেন। সংস্থা দুটি হ'ল ঃ

(ক) চর্মশিল্পের জন্যে একটি কমন সার্ভিস ফেসিলিটি সেন্টার ;

(খ) চর্ম ও চর্মজাত দ্রব্যের জন্যে একটি টেস্টিং ল্যাবরেটারি।

[5-00 — 5-10 p.m.]

স্টেট ট্রেডিং কর্পোরেশনের প্রযুক্তিগত পরামর্শে এই কাজ হবে। স্টেট ট্রেডিং কর্পোরেশন তৈরি করছেন প্রোজেক্ট রিপোর্ট।

ষোল-দফা কর্মসূচির পথ ধ'রে ১৯৭৪ সালের অক্টোবর থেকে ১৯৭৬ সালের জানুয়ারির মধ্যে ৩,৩৩৭টি ক্ষুদ্র শিল্প সংস্থা স্থাপিত হয়েছে। চাকরি পেয়েছে ১৭,৬৩৫ জন। এর মধ্যে কিছু সংস্থা স্থাপিত হয়েছে অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প অনুসারে মার্জিন মানির সাহায্যে। ১৯৭৬ সালের জানুয়ারি পর্যন্ত মোট ৪৮ লক্ষ ৬৮ হাজার ৯১২ টাকা ৬৭ পয়সা মার্জিন মানি হিসেবে ৪৯৬টি ক্ষুদ্র শিল্প সংস্থাকে দেওয়া হয়েছে। বিগত বছরের পরিমাণ ছিল ৪৬ লক্ষ ৭৭ হাজার ২৪ টাকা ৭৮ পয়সা। পুরুলিয়া, নদীয়া ও মুর্শিদাবাদে কেন্দ্রীয় সরকারের অনুদান হিসেবে ২৮টি সংস্থা পেয়েছে ২ লক্ষ ৪৮ হাজার ৬২৪ টাকা।

রাজ্যের বিশাল কর্মহীনতার পরিপ্রেক্ষিতে আমাদের প্রচেষ্টা সমস্যার প্রান্ত স্পর্শ করেছে মাত্র। তবে আমার দৃঢ় বিশ্বাস রাজ্যে ক্ষুদ্র শিল্পের দ্রুত বিকাশের আবহাওয়া তৈরি হয়ে উঠেছে।

শিল্প স্থাপনের উপযুক্ত পরিমন্ডল সৃষ্টির কথায় এলে এই রাজ্যে দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনাকালে ১৫১ লক্ষ টাকা ব্যয়ে মাত্র সাতটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট তৈরি করতে পেরেছে। পঞ্চম পরিকল্পনায় ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপনের ভার পেয়েছে। সরকার এই কর্পোরেশনকে মার্জিন মানি দিচ্ছেন, ব্যাঙ্ক দিচ্ছেন ঋণ। এই অর্থ সাহায্যে সরকার অনুমোদিত একাধিক প্রকল্প রূপায়িত হ'তে চলেছে। ব্রেস ব্রিজের কাছে খিদিরপুরে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট তৈরি হয়ে গেছে, ৩৪টি শেড আছে। ট্যাংরা এবং কল্যাণীর এস্টেট তৈরি প্রায় শেষ পর্যায়ে। মালদার কমার্শিয়াল এস্টেট সমাপ্তির পথে। ইতিমধ্যেই অংশবিশেষে নির্বাচিত প্রার্থীরা জায়গা পেয়েছেন। খড়্গপুর, দুর্গাপুর এবং শিলিগুড়িতে একটি ক'রে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট আর রায়গঞ্জে একটি কমার্শিয়াল এস্টেট তৈরির কাজ ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন হাতে তুলে নিতে চলেছেন।

অনুষঙ্গ শিল্প প্রতিষ্ঠান স্থাপনের জন্যে নিবিড় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমাদের উন্নয়ন কর্মসূচির এ এক প্রধান দিক। রাজ্যভিত্তিক একটি কমিটি, দুর্গাপুরে একটি আঞ্চলিক কমিটি, তাছাড়া বিভিন্ন এলাকার জন্যে একটি টাস্ক ফোর্স গঠিত হয়েছে। আসানসোল, রাণীগঞ্জ এবং দুর্গাপুর অঞ্চলে অনুষঙ্গ শিল্পের পরিপূর্ণ বিকাশের জন্যে অনুষঙ্গ শিল্পসামগ্রীর একটি স্থায়ী প্রদর্শনী ও একটি সাব-কন্ট্রাক্ট এক্সচেঞ্জ স্থাপন করা হয়েছে দুর্গাপুরে। কলকাতার স্মল ইন্ডাস্ট্রিজ সার্ভিস ইনস্টিটিউটে এই ধরনের একটি এক্সচেঞ্জ তো রয়েছেই।

বিভিন্ন পরিকল্পনা খাতে ব্যয়বরাদ্দের বিস্তারিত দাবি পাওয়া যাবে ১৯৭৬-৭৭ সালের সিভিল বাজেট এস্টিমেটের দ্বিতীয় খন্ডের ১৫৫২ থেকে ১৬০২ পৃষ্ঠায়।

সবশেষে আমি মাননীয় সভ্যদের কাছে এই আবেদন রাখতে চাই সরকারের সঙ্গে সহযোগিতা করুন। গ্রামীণ ও ক্ষুদ্র শিল্পের বিকাশে আমাদের নীতিকে সফল করুন।

Mr. Speaker : All the cut motions are in order and are taken as moved.

Shri Shish Mohammad : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Bhupal Chandra Panda : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Shish Mohammad : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

Shri Nitai Pada Sarkar : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

Shrimati Ila Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

Shri Deo Prakash Rai : Mr. Speaker, Sir, the Hon'ble Minister, Dr. Zainal Abedin gave us a very very vague picture. You have seen how much time he took to move his grant, almost one hour which he could have finished within 45 minutes. Sir, I am one of those in Inida who supports 20-point economic programme of the Prime Minister and As a leader of the Gorka League also I support Prime Minister's 20-point programme but I do not want him to mislead the House by giving a very vague picuture. He could not explain actually what he wanted to do, Sir. You know that there is an organisation in Free School Street, called R.I.C., i.e., the Rehabilitaion Industries corporation and about 20 lakh sarees and dhoties are lying idle there. Every M.L.A. gets dhoties and sarees through Relief and Social Welfare Department to distribute there amongst distressed people. But instead of taking those commodities from R.I.C., these are bought from Bombay and Ahmedabad Mills. So, Sir, you will see that when our own industry is lying idle, Bombay sarees and dhoties are coming here. I want to know from the Hon'ble Minister why these things are happening. Sir, he was talking about cottage and small-scale industries. Has there been any change ? There has been no change.

There have been lapses. During one of the landslides in Darjeeling clay was discovered but nothing has been done to exploit it. I will tell you with due respect and with attachment to 20-point programme of the Prime Minister that this budget as was presented by Mr. Sankar Ghose here should have thrown some more light on the unemployment problem. Now, about the backlog of unemployed persons ? In this budget speech have you touched it ? No. I asked the Minister-in-charge when they formed the Ministry, what was the backlog of unemployed per-

sons? When you formed the Ministry in 1972 what was the backlog figure of unemployment ? Now, after you formed the Ministry can you tell me that ? Dr. Gopal Das Nag also cannot tell me. It was, I think, a class. (laughter from other benches) and Clowns always laugh. Now Sir, regarding the hill development, why there is not any special item in the budget ?

Shri Abdul Bari Biswas : On a point of order, Sir, Mr. Rai has uttered some unparliamentary words as fools and clowns. I very much object to it.

Mr. Speaker : He has not specifically identified any person. It is not in respect of any individual member. It is a general remark. I think you need not be so touchy because this remark is not made in respect of any individual person. It is made in a humourical sense. Mr Biswas, it is absolutely a humour without meaning any attack on any individual person.

Shri Abdul Bari Biswas : Sir, if you allow this, it will be a precedent.

Mr. Speaker : I am not allowing any unparliamentary word. What I mean is that this is a general word in a humorical sense. I think Mr. Rai, you do not want to attack any person.

[5-10 — 5-20 p.m.]

Shri Deo Prakash Rai : I did not say. স্যার, আমি আনপার্লামেন্টারি ওয়ার্ড "মিথ্যা" বলতে পারি না, কিন্তু অসত্য বলতে পারি। Now there is a budget provision about the Hill Development. A hill is also coming in this House. I am grateful to our Chief Minister and also to the members of the Council of Ministers. I expected it because I have written to the Chief Minister on this. I will tell you that the budget provisions are, Mr. Speaker, Sir,s as they have said, so much, but what about the remaining balance ? This was not utilised. They have brought it for-

ward. Now they have provided for Rs. 2 crores and something for the hill development. But Sir, I will tell you that actually it is not a new provision of Rs. 2.5 crores. This is only brought forward from the past. There is also a lapse here. So I want to raise it. You are bringing a Bill for the hill development council for which I am happy and thank the Chief Minister and the Council or Ministers. Sir, for the Hill Development Council there is a provision in the central sector. Why they have not given that to us?

মাননীয় স্পিকার মহাশয়, আপনাদের মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন যে বাজেট পেশ করেছেন সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে বর্তমানে গ্রামীন এবং ক্ষুদ্র শিল্প শুধু আমাদের রাজ্যেই নয়, সারা ভারতবর্ষে যে চেহারা ধারণ করছে সেটা আগের চেয়ে এখন পৃথক। আমাদের ক্ষুদ্র এবং কুটির শিল্প সম্পর্কে যে ধারণা ছিল গত ২/১ বছরে সেই ধারনার আমূল পরিবর্তন হয়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকার আগে ক্যাপিট্যাল কস্ট সাড়ে সাত লক্ষ টাকা ঘোষণা করেছিলেন এবং এখন শুনছি অতি সম্প্রতি তাঁরা নাকি এটাকে ১০ লক্ষ টাকা করেছেন। যাহোক, এই যে ১০ লক্ষ টাকা ক্যাপিটাল কস্ট তার মানে হচ্ছে তার ওয়ার্কিং ক্যাপিটাল আরও ১০/১৫ লক্ষ টাকা এবং দুটো মিলিয়ে ২৫ লক্ষ টাকা যে টোট্যাল ক্যাপিটাল সেটা এখন স্মল স্কেল ইণ্ডাস্ট্রির ক্ষেত্রে হবে। এটা ঘোষণা করার পর থেকেই সমস্ত রাজ্যে স্মল স্কেল ইণ্ডাস্ট্রির ধারণা আগাগোড়া পাল্টাচ্ছে। আজকে বিজ্ঞানের উন্নতির ফলে স্মল স্কেল ইণ্ডাস্ট্রি সেক্টরে অনেক জিনিস এসে গেছে। সোফিসটিকেটেড ইণ্ডাস্ট্রি যেমন ইলেকট্রোনিক্স, অর্থাৎ যেখানে বিজ্ঞানের কলা কৌশল দরকার হয় তারা আজকে স্মল স্কেল সেক্টরে এসে গেছে। কাজেই আমার মনে হয় চর্ম শিল্প থেকে আরম্ভ করে ২৫ লক্ষ টাকার যে ক্ষুদ্র শিল্প সেই সমস্তকে আপনি যদি ক্ষুদ্র এবং কুটির শিল্প বলে চালাতে চান সেটা বোধহয় আমাদের রাজ্যে সম্ভব হবেনা। আমার ধারণা হচ্ছে টাইম হ্যাজ কাম যখন এই রাজ্যে কুটির শিল্প এবং ক্ষুদ্র শিল্পের ব্যাপারে দুটি পৃথক দপ্তর করার দরকার হবে। সমগ্র ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পের স্ট্রাকচার দেখে আমার ধারণা হচ্ছে যে একটা বাজেটে এই আলোচনা করা সম্ভব হয়। একজন মন্ত্রীর পক্ষে চর্ম শিল্প থেকে আরম্ভ করে কামার, কুমোর এবং ২৫ লক্ষ টাকার ইলেকট্রনিক পর্যন্ত শিল্পকে বিচার বিবেচনা করা বোধহয় আর সম্ভব হবে না। ১০ লক্ষ টাকা মূলধন বিনিয়োগ করে হ্যাণ্ডিক্রাফট্স ডেভালপমেন্ট কর্পোরেশন স্থাপনের যে প্রস্তাব করছেন আমার মনে হয় এটা কুটির শিল্পকে পৃথক করবার জন্য করছেন। এটা যদি হয় তাহলে ভালই হবে। তারপর, স্মল স্কেল ইণ্ডাস্ট্রিস কর্পোরেশনকে শুধুমাত্র ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট তৈরি করতে না দিয়ে তাদের আরও কাজকর্ম দেবার দরকার আছে। তারপর আর

একটা যে ডাইরেক্টোরেট স্থাপনের প্রস্তাব করেছেন সেটা নিশ্চয়ই কুটির শিল্পের জন্য পৃথকভাবে হবে, এটা নিশ্চয়ই সফিসটিকেটেড স্মল স্কেল-এর জন্য নয়। তাহলে সফিসটিকেটেড-এর জন্য আপনি কোনটা করছেন? কাজেই আমার মনে হয় আপনি রিঅর্গানাইজেসনের কথা আর একটু ভাবুন কারণ এর উপরে পশ্চিমবাংলার স্মল স্কেল ইণ্ডাস্ট্রির গ্রোথটা ভবিষ্যতে অনেক কিছু নির্ভর করে।

[5-20 — 5-30 p.m.]

যে সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র সমবায় তৈরি হয়েছে—আমি এই রকম দুটো সমবায় তৈরি করেছি আমার নিজের বাস্তব অভিজ্ঞতা আছে যে কি সুন্দর ছোট ছোট সমবায়গুলি কাজ করে। অথচ তাদের যেহেতু শেয়ার ক্যাপিটেল কম সেজন্য তাদের টেন টাইমসের বেশি শেয়ার ক্যাপিটেল ওয়েস্টবেঙ্গল কো-অপারেটিভ দেয়না বলে আমি তাদের ক্যাপিটেল স্ট্রাকচার বাড়াতে পারছি না, এতে অত্যন্ত অসুবিধা হচ্ছে এই তাঁতিদের উন্নত করবার জন্য। সুতরাং এখন হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন হয়েছে, জানিনা কতটা মহাজনদের হাত থেকে ঋণমুক্ত হতে পারবে, তবে এ বিষয়ে যদি একটু দক্ষতার সঙ্গে বিশ্বস্ততার সঙ্গে কাজ করা যায় তাহলে হয়ত তাঁতীদের একটা পজিশনে এনে দেওয়া যাবে। তারপরে স্যার, চর্ম শিল্পের ব্যাপারটা এটা আমার কাছে সবচেয়ে দুঃখজনক। কেবল কাঁচা চামড়া রপ্তানি হচ্ছে আর কেন্দ্রীয় সরকার বলছেন যে না সেমি ফিনিস চামড়া পাঠান হচ্ছে, সরকারের এই আইন কেউ মানুছেন না। ঐ কাঁচা চামড়া সেমি ফিনিশ চামড়া বলে চালিয়ে দিচ্ছে এবং ট্রেডিশনাল যারা চামড়ার কাজ করে হরিজন সেই মুচিরা কর্মচ্যূত হয়ে যাচ্ছে। সুতরাং কোন মতে যদি পশ্চিমবঙ্গ থেকে মন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই চর্মশিল্প বা কাঁচা চামড়া রপ্তানি বা সেমি-ফিনিশ চামড়া রপ্তানি বন্ধ না করতে পারেন তাহলে চর্মশিল্পকে বাঁচান যাবে না। স্যার, রেশম শিল্পের ব্যাপারটা আমার বাস্তব অভিজ্ঞতা আছে। বীরভূমে একটা রেশমের কারবার আছে, বড় বড় মহাজনদের হাতে এন্টায়ার মার্কেটিং কিছুতেই ঐ এন্টায়ার মার্কেটিংটা ন্যাশনেলাইজ করা যায়নি। এবং আমি বলছি না যে সমবায় চেষ্টা করছেনা কিন্তু সমবায় চেষ্টা করলেও গরীবদের এত অর্থের অভাব যে, মহাজনরা যখন তাদের কাছে টাকা নিয়ে পড়ে—এত দাদন নিয়ে রেখেছে, যে মহাজনদের হাত থেকে এদের উদ্ধার করা সম্ভব হয় না। দড়ি শিল্প আমাদের দেশে কিছুই হয়নি। অথচ স্যার, এখানে দেখছি দড়ি শিল্পের কোন ব্যবস্থাই দেখছিনা। বীরভূমে স্মল প্ল্যান্টেশান আছে। স্মল প্ল্যান্টেশন থেকে দড়ি তৈরি করবার জন্য একটা ব্যবস্থা ওখানে হয়েছে কিন্তু স্যার, দড়ির মার্কেটিংটা এত ডিঅর্গানাইজড যে কোন সূত্রে সেই দড়ি বড় বজারের মহাজনদের হাতে এসে যাচ্ছে এবং বড় বাজারের মহাজন অতি উচ্চ মূল্যে বিক্রী করছে। এখানে এত নারিকেল হয়

অথচ দড়ির কারখানা তৈরী হয়নি। আমি এখানে দেখতে পাচ্ছি যে আপনারা কোয়ারে ওয়ান ট্রেনিং সেন্টার নিয়ার ক্যালকাটা এবং একটা শোরুম কাম সেলস রুম, কলকাতায় বসে শোরুম করলে দড়ি শিল্প কি গ্রামাঞ্চলে বাড়বে। আমি ঠিক ধরতে পারছিনা, দড়িতো বড় বাজারের গো-ডাউনে বিক্রী হয়, দড়ি সম্পর্কে যে দুটো স্কিম আপনারা সাদা বইতে দিয়েছেন, আমার মনে হয়, এই দড়ি শিল্প সম্পর্কে স্কিমটা ভাল হয়নি। অন্যদিক দিয়ে আরও বেশি চিন্তা করা প্রয়োজন দড়ি শিল্পকে কারখানা করতে হবে। এই হচ্ছে কুটির শিল্প সম্পর্কে আমার বক্তব্য। আমি বিশদ আলোচনার মধ্যে যেতে চাইছি না। এখন স্মল স্কেল ইণ্ডাস্ট্রি সম্পর্কে আলোচনা করতে চাই। স্যার, স্মল স্কেল সম্পর্কে প্রথম চিন্তা হচ্ছে ইণ্ডাস্ট্রিয়াল স্টেট করে দেবেন এতে ডাইভারসিফিকেশন করা হবে। পঞ্চম পরিকল্পনাতে চিন্তা করা হয়েছে প্রত্যেক জেলাতে ইণ্ডাস্ট্রিয়াল স্টেট করবেন, সে বিষয়ে কিন্তু বেশি দূর অগ্রসর হওয়া যায়নি। পঞ্চম পরিকল্পনার তো অনেক দিন কেটে গেল, এখন সমস্ত জিলাতে ইণ্ডাস্ট্রিয়াল স্টেট করা সম্ভব হয়নি। কিন্তু স্যার, ইণ্ডাস্ট্রিয়াল স্টেট তৈরি করাটাও ওয়েস্টবেঙ্গল স্মল স্কেল ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশনের হাতে। যদি ও আমার মতে এদের হাতে দেওয়া উচিত নয়। আমার মতে স্মল স্কেল ইণ্ডাস্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাজ হচ্ছে স্মল স্কেল ইণ্ডাস্ট্রি কারখানাগুলি করা এবং স্যার, রাস্তাঘাট সিমেন্ট আর ভাড়া দেওয়ার কাজ ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনের উপর ছেড়ে দেওয়া উচিত ছিল, তরুণবাবুর হাতে ছেড়ে দেওয়া উচিত ছিল, কিন্তু সেটা না দিয়ে স্মল স্কেল ইণ্ডাস্ট্রির যেটা আসল কাজ প্রডাকশন ওরিয়েন্টেড ইউনিটগুলি তৈরি করা, কেন যে ইণ্ডাস্ট্রিয়াল স্টেটগুলি তাদের হাতে দিয়েছেন সেটা স্যার, বুঝতে পারছি না। তা হোক। আমি স্যার, কয়েকটি ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট ঘুরেছি, কি দেখলাম? এই ইণ্ডাস্ট্রিয়াল এস্টেটগুলি, বিগ হাউসের, তাদের বেনামিতে জায়গা ভাড়া দিয়েছে, ইণ্ডাস্ট্রিয়াল এস্টেটের কারখানা করেছেন, আধা ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট গ্রো করলো কারা? এই আধা ইণ্ডাস্ট্রিলায় এস্টেট হচ্ছে বিরলার বেনামীতে। স্যার, শক্তিগড়ে বিরলার মিল রয়েছে অথচ ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট চলছে ছোট ছোট উদ্যোক্তাদের সুযোগ-সুবিধা দেবার জন্য। আপনি তো এগুলি বন্ধ করেননি। এই ইণ্ডাস্ট্রিয়াল এস্টেটগুলি হয়েছে এখানে কখনো বিরল এসেছে, কখনো হিম্মতসিংকা, গোয়েঙ্কা, বাজোরিয়া, কানোরিয়া এসেছে। এগুলি আপনি দেখবেন। দ্বিতীয়তঃ আমি দু-একটি জায়গা দেখেছি খালি পড়ে আছে কিন্তু ইণ্ডাস্ট্রিয়াল যাচ্ছে না। আমি, স্যার, এটাও দেখেছি যে কতকগুলি জায়গায় ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট এমন ইণ্ডাস্ট্রিস হয়েছে যেগুলি ঐ জেলার কৃষির সঙ্গে তার কোন যোগাযোগ নেই। আমরা যখন বলি যে ডিসপ্লেসওৈলর উদ্দেশ্যে কি, ঐ জেলায় কৃষিভিত্তিক শিল্পগুলি হোক, ঐ জেলার র-মেটিরিয়ালভিত্তিক হোক। তা, স্যার, সেখানে এমন ধরনের শিল্পগুলি প্রাইয়োরিটি পাচ্ছে যে প্রাইয়োরিটির নেচার নেই। এখানে আপনাদের বাধা দেওয়া উচিত

যে আমরা একটা পার্টিকুলার ডিস্ট্রিক্টে ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট করছি ঐ ডিস্ট্রিক্টের র-মেটিরিয়াল ইউটিলিজেশনের জন্য।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি একটা জায়গার নাম বলুন কোথায় এই রকম হয়েছে।

শ্রী হরশংকর ভট্টাচার্য ঃ জায়গাটার নাম ঠিক মনে আসছেনা, ঐ যেখানে হাদা টেক্সটাইল হয়েছে সেটা কেন আপনি করতে দিলেন। এছাড়া আমার কাছে লিস্ট আছে পরে আমি তা আপনাকে দিতে পারবো। তারপর যেমন ধরুন একটা উদাহরণ দিয়ে বলি যে আসানসোল-দুর্গাপুর-রাণীগঞ্জ কোল বেল্ট, আয়রন বেল্ট, এটা ছাড়া আপনি যদি লোহার কারখানা নর্থ বেঙ্গলে নিয়ে যান, মালদায় নিয়ে যান তাহলে এটা উচিত কাজ হবেনা, এটা ভায়াবেল হবে না। আপনাকে এটা চিন্তা করে কাজ করতে হবে। দ্বিতীয়তঃ স্যার, কাঁচামাল বন্টন এখন পর্যন্ত ভারত সরকারের সেই নীতি সেই নীতিতে বড় শিল্পগুলি বেশি পাচ্ছে। অনেক আলাপ আলোচনা হয়েছে, একটা সেনসাস হয়েছে, ওদের যুক্তি ছিল সেনসাস না হলে কি করে কাঁচামাল বন্টন হবে। স্যার, সেনসাস হয়ে গেল, সেনসাস হওয়ার পর কি ছোট ছোট শিল্পগুলি কাঁচামাল পাচ্ছে? এই প্রোরাটা—এই প্রোরাটা মানে কি, বড়বড় শিল্পগুলি তাদের প্রোরাটা ক্যাপাসিটি বেশি দিচ্ছে, আসলে হয়তো ক্যাপাসিটি অনেক কম। তারা সেই প্রোরাটা পেয়ে তার ফুল ইউটিলিজেশন করছে কিন্তু ছোট ছোট শিল্পগুলি প্রোরাটা পায় আন্ডার ইউটিলিজেশন তা হয়ে যাচ্ছে। স্যার, তিন নং এ আপনি আসুন, আমাদের এখানে মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন এ্যানসিলারি রিলেশনশিপ, এটা, স্যার, খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। কিন্তু, স্যার, আমাদের রাজ্যে আপনি জানেন যে অ্যান্সিলারি—এখানে এখন তো আমি শুনলাম ১৫ লক্ষ টাকা. আমাদের এই রাজ্যে, স্যার, অ্যান্সিলারিস আর প্র্যাকটিক্যালি এক্সপ্লয়টেড। এখানে অ্যান্সিলারি ইউনিট যেগুলি আছে সেগুলি প্র্যাকটিক্যালি এক্সপ্লয়টেড হচ্ছে। যেমন ধরুন আপনি জানে যে বড় বড় যেসব মাদার ইন্ডাস্ট্রিস সেই সব মাদার ইন্ডাস্ট্রিস তারা এই অ্যান্সিলারি ইউনিটদের সময়মতো টাকা দেয় না। সময়মতো টাকা না দেবার ফলে হয়েছে কি, ব্যাঙ্কের অ্যান্সিলারি প্রডাকশন যা করছে সেই অ্যান্সিলারি জিনিসপত্র মাদার ইন্ডাস্ট্রিস, বিগ ইন্ডাস্ট্রিস নিয়ে নিচ্ছে। এবং সেই বিগ ইন্ডাস্ট্রিস ইজ ইউটিলাইজিং অ্যান্সিলিয়ারিস অ্যাজ ক্রেডিট এজেন্সিস। আপনি আসুন প্রাসে, প্রাইস কোটেড ফর অ্যান্সিলিয়ারিস ইজ অ্যাবনরমালি লো। অ্যাবনরমালি লো হওয়ায় অ্যান্সিলিয়ারিসগুলি বড় বড় ইন্ডাস্ট্রিসের হাত থেকে বাঁচাতে পারছেন না। আমি গতবারও একথা বলেছি যে অ্যান্সিলারি প্রটেকশনের জন্য জাপানে ২২টি আইন আছে, আমেরিকাতে স্বয়ং প্রেসিডেন্ট এই স্মল স্কেল ইন্ডাস্ট্রিস প্রোটেকশনের জন্য যে কমিটি সেই কমিটির চেয়ারম্যান। এত

বড় বড় যে গণতান্ত্রিক দেশ তারা অ্যান্সিলিয়ারি প্রটেকশনের জন্য আইন করেছে, আর আমাদের এখানে কি রকম এখন হয়েছে, ১৫ লক্ষ টাকা যদি অ্যান্সিলিয়ারি ক্যাপিটাল হয়—এখন হচ্ছে অ্যান্সিলারি অব দি অ্যান্সিলারিকস, সেটা তৈরি করবার মতো সময় এখন এসে গিয়েছে। শুধু তাই নয়, আর একটা ইন্ডাস্ট্রি হচ্ছে কি, আমাদের দুর্গাপুরের ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিটা সিক হয়ে গিয়েছে। তাহলে গাছের কান্ডটা যদি শুকিয়ে যায় অন্যান্য শাখাগুলিও শুকিয়ে যাবে। সুতরাং ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিসের উপর ভিত্তি করে অ্যানন্সিলারি করছেন এটা বিপদজনক।

[5-30 — 5-40 p.m.]

আমি ডিটেইলসে যেতে চাই না। ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির নেচারই এমন যে ফাইভ পারসেন্ট ডিমান্ড যদি ওয়াগনের কমে যায় তাহলে এখানে হান্ড্রেড পারসেন্ট আনএমপ্লয়মেন্ট হবে, আমি আপানাকে ব্যক্তিগতভাবে দেব যে ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির যে অ্যানসিলিয়ারি তার সম্বন্ধে যে পলিসি সেটা যদি ঠিকমতো না করেন তো ভয়ানক বিপদজ্জন অবস্থা হবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ হরশঙ্করবাবু, ভুল তথ্য দেবেন না।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ এই যে অ্যাগ্রো বেসড ইন্ডাস্ট্রি হবে, কোল-বেসড ইন্ডাস্ট্রি হবে—আপনি যদি বিস্তৃত শুনতে চান তাহলে বলতে একটু সময় লাগবে, যখন বলছেন তবে শুনুন, একটা ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিতে ওয়াগন তৈরি হয়, ধরুন ১০০টি ওয়াগন রিপ্লেসমেন্ট হয়, ধরুন সেখানে এক হাজার ওয়াগন আছে, প্রতি বছর টেন পারসেন্ট ওয়াগন ডেপ্রিসিয়েশন তাহলে যেখানে টোটাল ওয়াগনের সংখ্যা হচ্ছে এক হাজার, টেন পারসেন্ট যদি ডেপ্রিসিয়েশন হয়, তাহলে ১০০ ওয়াগনের ডিমান্ড হয় এবং এই ১০০টি ওয়াগন তৈরি হয় এবং তা রিপ্লেসমেন্ট হয়। এখন এই ওয়াগনের ডিমান্ড যদি ১০ পারসেন্ট কমে তাহলে হান্ড্রেড পারসেন্ট রিডাকশন হয়। এটাই হল তথ্য, এটাই হচ্ছে ইন্ডাস্ট্রিয়েল স্ট্রাকচার, ইট ইজ পার্টিকুলারলি অ্যান ইকনমিক ন্যাচার অব দি ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি এবং অকেশনালি ফ্লাকচুয়েশন হবেই। আমি যেটা বললাম এটা সত্যসত্যই আপনার পক্ষে বুঝবার অসুবিধা। তবে আমি যেটা বললাম এটা অন্য কাউকে জিজ্ঞাসা করবেন সত্য কিনা। তারপর রিজার্ভেশন ফর স্মল স্কেল সেক্টার, এটা সকলেই আপনারা জানেন এস. এস. আই. লিস্ট গ্র্যাজুয়েলি এক্সপান্ড করছে, ক্রমেই বাড়বে, এর মধ্যে এত বেশি হয়ে গেছে এর মধ্যে প্রাইওরিটি করতে হচ্ছে, এটা ঠিক এবং শুধু তাই নয়, আমাদের একানে এগ্রিকালচার পাল্টে যাচ্চে নানা যন্ত্রপাতি ব্যবহৃত হচ্ছে, ইনসেক্টিচাইড পেস্টিচাইড ইত্যাদির জন্য ডিউ টু চেঞ্জ ইন এগ্রিকালচার, চেঞ্জ ইন এগ্রিকালচার ইনপুট হচ্ছে,

আজকে দেখা যাচ্ছে ছোট ছোট ছেলেরা এবং ভাল ভাল কেমিস্ট্রি পাশ করা ছেলেরা আমাদের কাছে বলছে স্যার, একটা ইনসেক্টিসাইড প্রোজেক্ট করব, আমরা বলেছি চল করবে, কিন্তু এই প্রসঙ্গে ব্যাঙ্কের কথা একটু না বলে পারছি না। ব্যাঙ্কের এমন অ্যাটিচিউড যে আমরা ভাল ভাল ছেলেদের পাঠাচ্ছি, খুব ভায়েবল প্রোজেক্ট, কিন্তু মার্জিন মানির প্রয়োজন, ব্যাঙ্ক বলছে গ্যারান্টর কোথায়? এখন তারা এই টেন পারসেন্ট টয়েন্টি পারসেন্ট কোথা থেকে পাবে, এই অবস্থায় যদি ব্যাঙ্ক ব্যবস্থাকে যদি ধাক্কা না দিতে পারেন তাহলে, স্মল স্কেল ইন্ডাস্ট্রির গ্রোথে ডিফিকাল্টি থাকবেই। স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের পলিসি পাল্টানো দরকার। আপনার বন্ধু ইলেক্ট্রিসিটি মন্ত্রী, আপনাদের ক্যাবিনেট পলিসি পাল্টান নইলে ব্যাক পলিসি পাল্টানো যাচ্ছে না, ইলেক্ট্রিসিটি চার্জ পাল্টানো যাচ্ছে না।

Calcutta Electric Corporation কেমন high change করছে—আপনি শুনলে স্যার, অবাক হবেন। যে বালক পারচেজস করবে, তাকে ইলেক্ট্রিসিটি সস্তা দামে দেবে। এই বালক কে কিনবে? একটি বাচ্চা ছেলে যে ছোট একটা কারখানা খুলেছে স্মল স্কেল-এর? না বিগ হাউস—বিড়লা, কানোরিয়া, বাজরিয়া যে কিনবে ইলেক্ট্রিসিটি? ক্যালকাটা ইলেক্ট্রিসিটি সাপ্লাই কর্পোরেশন প্রাইস শিডিউল এখনও পাল্টায়নি। ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড ও প্রাইস শিডিউল পাল্টায়নি। এই ইলেক্ট্রিসিটি-এর জন্য ফর ফাইভ ইয়ারস তাদের subsidy দেওয়া উচিত ছিল। আপনার লাল বই-এ দেখছি—মাত্র ১ লক্ষ টাকা ধরেছেন। যাহা বেশ করেছেন।

সর্বশেষ একটি কথা বলি ৪ কোটি ৪৮ লক্ষ ১২ হাজার টাকার বাজেট আপনার। এই পশ্চিমবঙ্গে স্যার, কত লোক? আমি আবেদন করব মাননীয় মুখ্যমন্ত্রী ও এখানে আছেন আমি আবেদন করব এই বাজেট বরাদ্দ বাড়াবার জন্য। এই বাজেট বরাদ্দ ডেফিনিটলি আরও অনেক বাড়ানো উচিত ছিল। লাল বই-এ যে সমস্ত প্রোগ্রাম দেখছি তার কিছু বুঝলাম না; এখানে যে প্রোগ্রাম দেওয়া আছে তা আমার ভালও লাগে না। এখানে রপ্তানির যে পথ খুলে গেছে এবং ওয়েস্ট বেঙ্গল-এর যে পসিবিলিটি রয়েছে এর যা dorment skill জনসাধারণের রয়ে গেছে, এই দুটোকে সামনে রেখে এই ৪ কোটি ৪৮ লক্ষ ১১ হাজার টাকার এই ক্ষুদ্র বাজেটটি খুবই আনহেপি বাজেট। এখানে ক্ষুদ্র শিল্পের ভবিষ্যৎ প্রচন্ড। বামপন্থী দলের ভেতর এই ক্ষুদ্র শিল্পের প্রতি একটি বিরূপতা ছিল লো টেকনোলজি এই কুটীর শিল্পে ও ক্ষুদ্র শিল্পে নাকি শ্রমিক exploit খুব বেশি হয়। এই যে কনসেপশন তাদের ছিল সেটা আজকে চেঞ্জ করে গেছে। আমাদের মতো জনবহুল দেশে বৈজ্ঞানিক কলাকৌশল হাই টেকনোলজি এই ক্ষুদ্র শিল্পে আজকে ব্যবহার করা যাচ্ছে বলে বামপন্থীদের মধ্যে একটি সেনস এসে গেছে। এই

স্মল স্কেল ইন্ডাস্ট্রি-তে এখন এমপ্লয়মেন্ট-এর যথেষ্ট সুযোগ বেড়ে গেছে। এই সমস্ত কিছু বিচার বিবেচনা করে এই বাজেট বরাদ্দ আরও বাড়াবার জন্য আবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নারায়ণ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রী কর্তৃক আনীত এই বাজেট আমি সর্বান্তকরণে সমর্থন করছি ও স্বাগত জানাছি এবং মন্ত্রী মহাশয়কে ও অভিনন্দন জানাচ্ছি—এই জন্য যে আমি বিশ্বাস করি যে আজকে আমাদের দেশে আমরা যে কথা ঘোষণা করেছি, যে নীতির কথা আমরা সমাজবাদের লক্ষ্যে দেশকে পৌঁছে দিচ্ছি, মনোপলি ক্যাপিটাল আমরা কার্ব করতে চাই। সীমিত করতে চাই। আর সাথে সাথে আমাদের দেশের সাধারণ গরিব মানুষের মধ্যে অর্থনীতিকে ছড়িয়ে দিতে চাই। আর সেটা করতে হলে আমাদের ক্ষুদ্র এবং কুটির শিল্প হচ্ছে তার বৃহত্তর মাধ্যম যা আমাদের সামনে রয়েছে। আমাদের এই পশ্চিমবঙ্গে বিশেষ করে যেখানে ৪ লক্ষ হেক্টর জমি, মাথা পিছু পড়ে যেখানে অত্যন্ত ..। এখানে প্রতি বর্গ কিলোমিটারে ৪ জন মানুষের বাস। সমগ্র দেশে প্রতি বর্গ মাইলে ১২০ জন। সমস্ত দেশে মাথাপিছু চায যোগ্য জমির পরিমাণ 0.34 হেক্টর ভারতবর্ষে, আর পশ্চিমবঙ্গে মাথা পিছু মাত্র ০.১৪ হেক্টর।

[5-40 — 5-50 p.m.]

আমাদের ৩৫ লক্ষ রেজিস্টার শিক্ষিত বেকার যুবক-যুবতী এবং তারও অনেক বেশি ল্যান্ড লেস এবং ল্যান্ড লেস বেকার রয়েছে যাদের আমরা অধিকার দিতে পারিনি। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ক্ষুদ্র এবং কুটির শিল্পের ক্ষেত্রে বিরাট ভূমিকা আছে। মুখ্যমন্ত্রী আগেই অসুবিধার কথা বলেছেন, কিন্তু আমি বলব ক্ষুদ্রশিল্প অবহেলিত হয়েছে এই বাজেটে। মাত্র ৪ কোটি ১১ লক্ষ টাকা যেখানে সমগ্র বাজেট ৯শো কোটি টাকার। মাত্র আট আনা পাবে। এটাতে খুশি হতে পারলাম না। এই সঙ্গে আমি যে অসুবিধার কথা বলতে চাই সেটা হচ্ছে ব্যাঙ্কের ইন্টারেস্টের কথা, সেকতা হরশঙ্করবাবুও বলেছেন। ১৫ পারসেন্ট থেকে ১৮ পারসেন্ট দিতে হয়। এই ব্যাঙ্ক ইন্টারেস্ট কমানো দরকার। সেইজন্য ফাইন্যান্স ডিপার্টমেন্টের সঙ্গে মন্ত্রী মহাশয় কথা বলুন এবং সাবসিডি দেওয়া যায় কিনা সেটা দেখুন। সত্যি সত্যি পশ্চিমবঙ্গের পুরুলিয়া এবং নদীয়া এখানে ক্যাপিটাল ইনভেসমেন্ট ১৫ পারসেন্ট হয়েছে। আমি অনুরোধ করতে চাই সমগ্র জেলাতে এই সুযোগ দেওয়া হোক। কেবল মাত্র বাঁকুড়া জেলায় এটা সরকারের আমাদের ২০ দফা কর্মসূচিতে এই হ্যান্ডলুম ইন্ডাস্ট্রির উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের এর বিরাট সুযোগ রয়েছে। অনেক তাঁতশিল্পী আজকে বৈকার বাজারের অভাব, সুতোর অভাব, তাঁতের অভাব তারা কাজ করতে পারছে না। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলছি

এদের জন্য কিছু করুন। পশ্চিমবঙ্গের প্রতিটি ব্লকে অন্তত একটা ক্ষুদ্র এবং কুটীর শিল্প প্রকল্প হাতে নেওয়া হোক। যেখানে অন্তত ৩০ জনের কর্মসংস্থানের সুযোগ হবে। এই প্রসঙ্গে উত্তরবঙ্গের কথা বলি। আমরা অনেক আশ্বাস পেয়েছি, বাস্তবে কিছু পোলম না। মন্ত্রী মহাশয় বহুবার বলেছেন, ক্যাবিনেট এই সম্পর্কে বিচার-বিবেচনা করছিলেন। কিন্তু আজও উত্তরবঙ্গে ক্ষুদ্র এবং কুটীর শিল্প বোর্ড গঠিত হল না। আমার প্রশ্ন সেটা হবে কি না আশ্বাসের বাণীই থেকে যাবে। আমি যে কথা বলছিলাম আমাদের দেশের শতকরা ৮০ জন মানুষ গ্রামে থাকেন। এরা গরিব এবং কর্মসংস্থানের সুযোগ নেই। পশ্চিমবঙ্গের সমস্যা ব্যাপক। এই সমস্যা যদি দূর না করা যায় তাহলে তা ধ্বংসের কারণ হবে। যদি এর প্রতিকার না করতে পারি তাহলে তা ধ্বংসের কারণ হবে। আজকে মণোপলি ক্যাপিলাস্টিদের চক্রান্ত দেখছি, বহু কারখানা বন্ধ হচ্ছে, হাজার হাজার শ্রমিক আত্মহত্যা করছে। প্রতিকার কোথায়? প্রতিকার লুকিয়ে আচে জয়নাল আবেদিনের হাতে। তাই আমি বলছিলাম আজকে এই দপ্তরকে আরও কিছু দেওয়া হোক। আমি আপনার মাধ্যমে বলতে চাই আমাদের এই পশ্চিমবঙ্গে তাহলে ক্ষুদ্রশিল্প এবং কুটীর শিল্পের ব্যাপক প্রসার হবে এবং যে র-মেটিরিয়ালস তারা পাচ্ছে না তার ব্যবস্থা করুন। মাননীয় স্পিকার মহাশয়, কিছুদিন আগে আপনি সুযোগ দিয়েছিলেন কেরালাতে দেখে এসেছি কয়ার বোর্ড হয়েছে, সেখানে ফ্যান্টাস্টিক ব্যাপার। হাজার হাজার মানুষের রুটির ব্যবস্থা হয়েছে নারকেলের ছোবড়া থেকে। নারকেলের ছোবড়া পশ্চিমবঙ্গে কত নষ্ট হয়ে যাচ্ছে। এর থেকে শিল্প সৃষ্টি হতে পারবে না? মানুষের মুখে আমরা রুটি তুলে দিতে পারতাম না। উত্তরবঙ্গে সানে চারশো চা-বাগান মানুষের অব্যবহার্য যে চা টী বোর্ড থেকে টন টন ওয়েস্ট করে ফেলা হয়। উত্তরবঙ্গের কয়েকটি জোটে কেফিন কারখানা তৈরি হতে পারে। কিন্তু সেদিকে সরকারের কোনও লক্ষ্য দেখতে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বনজ সম্পদ অনেক আছে—পাহাড়ে বাঁশ ও অ্যালিফ্যান্ট গ্রাস সাবই ঘাস দিয়ে মনি পেপার প্ল্যান্ট হতে পারে। কিন্তু সেগুলি দিনের পর দিন নষ্ট হয়ে যাচ্ছে।

শ্রী জয়নাল আবেদিন ঃ হবে হবে।

শ্রী নারায়ণ ভট্টাচার্য ঃ কবে হবে আমরা মরে গেলে তবে হবে? তার পর পাট কাঠি দিয়ে সুপিরিয়ার ক্লাসের পেপার তৈরি হতে পারে। কিন্তু সেই পাট কাঠি আমরা জ্বালিয়ে নষ্ট করে দিচ্ছি খুবই দুঃখের কথা। আমাদের গ্রামে গঞ্জে বহু র-মেটিরিয়াল রয়েছে সেগুলি ফাইন্যান্সের অভাবে ইনসেন্সিভের অভাবে পৃষ্ঠপোষকতার অভাবে নষ্ট হয় অপচয় হয়। পরিশেষে আমি একটি কতা বলতে চাই সেটা হচ্ছে উত্তরবঙ্গে একটা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট হবার কথা। আপনারা সবাই জানেন এবং মন্ত্রী মহাশয় উত্তরবঙ্গে গিয়েছিলেন তিনিও উত্তরবঙ্গ যে বঞ্চিত সে কথা বলেছেন এবং উত্তরবঙ্গে ইন্ডাস্ট্রিয়াল

স্টেট করা হবে একথা বলেছেন। আজকে আলিপুর দুয়ার মহকুমায় ৮ লক্ষ জনসংখ্যা। প্রায় একটা জেলার সমান কুচবিহারের কাছাকাছি। আমি এই আলিপুরদুয়ারে একটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গড়ে তোলার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে কাতর কণ্ঠে আবেদন রাখছি। এবং তার সাথে সাথে সেখানে যে তুঁত চাষ হচ্ছে সেরিকালচার হচ্ছে তার দিকে সরকার যেন একটু নজর দেন। সেখানে বিভিন্ন স্কুলের জমিতে, বন্যা বিধ্বস্ত এলাকার লোকের জমিতে এই তুঁত চাষ হচ্ছে। সেখানে এ ক্লাস রেশম শিল্প গড়ে উঠতে পারে বিশেষ ফলে আলিপুরদুয়ারের এক নং ব্লকে এ জিনিস খুব ভালভাবে হতে পারে—এই কাটিং ফর্ম সেটা যেন তিনি করেন। আবার আমি এই বাজেটকে স্বাগত জানাই এবং স্বাগত জানাই এই জন্য যে ১৯৭২ সালে আমাদের পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্পের সংখ্যা ছিল ২৪,৭০০ আর আজকে ১৯৭৫-৭৬ সালে সেটা হয়েছে ৮৯,৮০০। এই গত তিন বছরে প্রায় ৪০০% বেড়েছে। যুক্তফ্রন্টের পাঁচ বছরে তার করেছিল ২০০%। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে এই বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় শ্রী জয়নাল আবেদিন মহাশয় অনুমোদনের জন্য ৪ কোটি ৪৮ লক্ষ ১১ হাজার টাকার যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি সেটাকে সমর্থন করছি। কিন্তু আমাদের বন্ধুদের মতো আমিও বলব যে এটা অত্যন্ত নগন্য। আমরা যখন ভারী শিল্পের দিকে যেতে পারছি না তখন দেশের প্রগতির দিক থেকে আমরা যখন গ্রাম্য শিল্প ভিত্তিক করতে চাই তখন এটা বাস্তব সত্য কথা যে এই টাকা অতি নগন্য একথা অস্বীকার করা যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই কুটীর শিল্প আমাদের পল্লী অঞ্চলে এবং শহরাঞ্চলে বিশেষভাবে কর্মসংস্থান করবে এবং তার সাথে সাথে উৎপাদনও বৃদ্ধি করবে।

[5-50 — 6-00 p.m.]

১৯৭৩ সালের অক্টোবর থেকে ১৯৭৪ সালের সেপ্টেম্বর পর্যন্ত কর্মসংস্থান হয়েছিল ১৪ হাজার ৮২ জনের, তখন ইউনিট ছিল ২ হাজার ৭৫৪টি। তারপর ৪৮ হাজারের মতো হয়। তারপর সেটা ৩১/১২/৭৫ পর্যন্ত ৮৯ হাজার ৮২২ ইউনিট, তাতে কর্মসংস্থান হয় ১ লক্ষ ২৯ হাজার ৩৬৭, আর ইনভেস্টমেন্ট হয়েছিল ৩০ লক্ষ ৫২ হাজার ৬১৮ টাকা। এর মাধ্যমে আমরা কর্মসংস্থানের দিকে এগিয়ে যাচ্ছি এবং ক্ষুদ্র শিল্প, কুটীর শিল্পের মাধ্যমে আমরা উন্নয়ন করতে চাইছি। এই পরিকল্পনা অনুসারে উৎসাহমূলক ব্যবস্থাদি দ্বারা শিল্প ক্ষেত্রে ঋণের ব্যবস্থা করে সরকার কুটির শিল্পকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন। ক্ষুদ্র শিল্পে উন্নতির জন্য যে সব অসুবিধা আচে সেগুলিকে দূর করার দৃষ্টি সরকারের আছে এবং ব্যয় বরাদ্দ এত কম তার ইচ্ছা থাকলেও কার্যকর

করতে খুব অসুবিধা হচ্ছে। আজকে দেখতে পাচ্ছি হ্যান্ডলুম ইউনিটে সারা ভারতবর্ষে ব্যাপক উন্নতি হচ্ছে। ২০ দফা কর্মসূচির মধ্যে তাঁত শিল্পকে প্রাধান্য দেওয়া হয়েছে এবং এর মাধ্যমে পশ্চিমবাংলার ব্যাপক উন্নতির সম্ভাবনা আমরা দেখতে পাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন ইউনিটগুলি সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। গ্রামবাংলার তাঁতিদের হয়ত সমস্যা আছে অর্থনৈতিক দিক থেকে, সুতোর দিক থেকে, সে বিষয়ে ভারত সরকারও আজকে চিন্তা করছেন। সারা ভারতবর্ষে ৩০ লক্ষের মতো হস্ত চালিত তাঁত আছে এবং এখানে প্রায় ২৫ শতাংশের মতো বস্ত্র উৎপাদন হয়, এটার পরিমাণ আরও বেড়ে চলেছে দেখতে পাচ্ছি। তাঁত শিল্পের অসুবিধার কথা অনেক মাননীয় সদস্য বলেছেন। এই শিল্পের আমদানির চেয়ে রপ্তানি বেড়ে চলেছে। এই শিল্পের জন্য ব্যাঙ্কের কিছুটা সুযোগ যাতে বাড়ে তার জন্য আমি অনুরোধ করছি এবং আশা করছি মন্ত্রী মহাশয় তৎপর হয়েছেন ডাইরেকশন দিতে যাতে ব্যাঙ্কগুলি সাহায্য করতে এগিয়ে আসে। আমি শেষ আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। সেরিকালচারই হোক, কিম্বা সেরিকালচার নার্সারিই হোক, চর্ম শিল্পই হোক, তাঁত শিল্পই হোক—যে শিল্পই হোক, শিল্পে উন্নতি করার চেষ্টা যখন হচ্ছে তখন আমি বলব সেখানকার আবহাওয়া, সেখানকার মাটি বিবেচনা করে এগিয়ে যাবার দিন এসেছে এবং এই ক্ষুদ্র শিল্পের মাধ্যমে লক্ষ লক্ষ বেকারের কর্মসংস্থান হতে পারে। ২০ দফা কর্মসূচির মাধ্যমে গ্রামীণ উন্নতির সুযোগ এসেছে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তার আলোচনায় অংশ গ্রহণ করে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী হরশঙ্কর ভট্টাচার্য এবং কাশীনাথবাবু যে কথা বলেছেন, আমি সেই প্রসঙ্গে আরও কয়েকটি কথা বলব। স্যার, আপনি জানেন, আমাদের পশ্চিমবাংলার গ্রামে যারা বাস করে তাদের মধ্যে বহু লোক দারিদ্র সীমার নিচে বাস করে। তাদের যদি উন্নতি করতে হয় বা ভবিষ্যতে যদি তাদের অর্থনৈতিক অবস্থা পরিবর্তন করতে হয় তাহলে এই কুটির ও ক্ষুদ্র শিল্পকে বাড়াতেই হবে। আর তা যদি করা যায় তাহলে একদিকে আমাদের শিল্প উন্নত হবে অন্য দিকে বেকার সমস্যার সমাধান হবে। যদিও স্যার, একথা স্বীকার করি যে কুটিরশিল্প এবং পাবলিক ওয়ার্কস এই দুটি দপ্তরের বরাদ্দের পরিমাণ অনেক কম কিন্তু স্যার, তবুও বলব, ১৯৭৩ সালে এই বিধান সভায় আসার পর থেকে দেখছি গ্রামীণ ক্ষুদ্র এবং কুটির শিল্পের উন্নয়ন যতটা হবার কথা ছিল ততটা হয়নি। স্যার, আপনার অভিজ্ঞতা আছে আপনি জানেন, তাঁত শিল্প, লাক্ষা শিল্প—লাক্ষা শিল্পের কথা উনি বলেছেন, চর্ম শিল্প, শঙ্খ শিল্প ইত্যাদির উপর নির্ভর করে গ্রামবাংলায়

যে সমস্ত গরিব শিল্পীরা বেঁচে আছেন আজকে তাদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে। এই দ্রব্যমূল্যবৃদ্ধির দিনে চড়া দামে আনুষঙ্গিক জিনিসপত্র ও নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র কিনতে গিয়ে তারা অর্থনৈতিক ভারসাম্য একেবারে হারিয়ে ফেলেছে। যদিও লোকের চোখে দুলো দেবার জন্য যেটুকু দরকার সেইটুকু অর্থ দিয়ে মাঝে মাঝে সরকার লোকের চোখ ধাঁধাচ্ছেন, সেটা অস্বীকার করছি না কিন্তু স্যার, এদের অবস্থা দিনে দিনে অত্যন্ত শোচনীয় হয়ে পড়ছে। এই প্রসঙ্গে স্যার, কুম্ভকারদের কথা একটু বলি।আজকাল অ্যালুমিনিয়ামের জিনিসে বাজার ছেয়ে যাওয়ায় ঐ মাটির হাঁড়ি, কলসি তাড়াতাড়ি ভেঙ্গে যাওয়ার জন্য লোকে আর কিনছে না, তারা একটু বেশি পয়সা খরচ করে অ্যালুমিনিয়মের জিনিসপত্র কিনছে। কাজেই এই পরিপ্রেক্ষিতে ঐ কুম্ভকারদের অবস্থা বিবেচনা করে তাদের জন্য এমন ব্যবস্থা করা প্রয়োজন যাতে তারা বেঁচে থাকতে পারে, তারা রোজগার করে জীবন চালাতে পারে। সেখানে তাদের শিল্পে নিযুক্ত করবার জন্য তাদের অর্থনৈতিক সাহায্য দিতে হবে, গ্রান্ট দিতে হবে। তারপর স্যার, আর একটা কথা বলি, আজকাল এই হিপির যুগে দেখছি মহিলারা আর শাঁখা পরে না, সাদা সাদা এক রকম চুড়ি বেরিয়েছে তারা সেগুলিই পরছে। স্যার, এখানে রেস্টিকশন করতে হবে যে, না, ওসব চলবে না, শাঁখা পরতে হবে।

[6-00 — 6-10 p.m.]

অথবা শঙ্খ শিল্প যদি উঠে যায় তার অলটারনেটিভ শিল্প পৌঁছে দিতে হবে। সে দিক থেকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কোনও উদ্যোগ নেই। আজকে গ্রামাঞ্চলে চর্মকার যারা আছেন, মুচি যারা আছেন তাদের অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি গ্রামাঞ্চলে যান তাহলে দেখবেন যে তাদের পরনে সোডা কাচা কাপড় জোটে না। সোডা কেনবার মতো পয়সা তাদের জোটে না। তারা সেই চিরাচরিত ভাবে তাদের ঠাকুরদাদার আমল থেকে যে প্রকারে চামড়ার কাজ করে এসেছে, আজকেও সেই রকম ভাবে চলছে। তাদের ভিতরে নতুন করে শিক্ষা দেবার জন্য কোনও ট্রেনিং সেন্টার খোলার ব্যবস্থা বা তার মাধ্যমে শিক্ষানবীশ পাটিয়ে শিক্ষা দেবার কোনও ব্যবস্থা নেই। আজকে গভর্নমেন্ট থেকে আধুনিক ধরনের চামড়ার জিনিস তৈরি করবার জন্য এবং সেগুলি বিক্রয় করার জন্য মার্কেট তৈরি করার কোনও উদ্যোগ দেখছি না। সেই মুচি, হরিজন তাদের শিল্পকে ডেভেলপ করার জন্য, তাদের শিক্ষনবিশ করে তোলার জন্য কোনও ট্রেনিং সেন্টার এবং মার্কেটের কোনও রকম ব্যবস্থা আমরা দেখছি না। কাজেই আপনারা অন্তত ট্রেনিং সেন্টার খুলে তাদের আধুনিক যন্ত্রপাতি দিয়ে যাতে তারা ভালভাবে এই কাজগুলি করতে পারে, নুতনভাবে বৈজ্ঞানিক প্রথায় এগুলি তৈরি করতে পারে এবং সেই সঙ্গে সেই সব জিনিস যাতে বিক্রয় করতে

পারে তার জন্য যদি মার্কেট করতে পারেন তাহলে সমস্যার সমাধান হতে পারে কিন্তু সেই রকম ধরনের কিছু এখানে আমি দেখছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলের সেই মুচিরা হাড় কুড়িয়ে এনে এক জায়গায় জমা করে। তারপর কলকাতা থেকে বড় বড় মনোপলিস্টরা সেখানে গিয়ে সেই হাড়গুলি কিনে আনে এবং তা থেকে তারা সার তৈরি করে, যে সার আমাদের একান্ত প্রয়োজনীয়। এই সার বড় বড় মহাজনরা তৈরি করে। কিন্তু মুচিরাও সেই সার তৈরি করতে পারত যদি তাদের ছোট ছোট যন্ত্রপাতি দিয়ে, লোন দিয়ে অন্যান্য জিনিস দিয়ে সাহায্য করা যেত। আজকে যদি তারা সার তৈরি করতে পারত তাহলে আমরা যারা গ্রামবাসী তার সেই সার ক্রয় করতে পারতাম। এতে একদিকে আমরা সহজে সার পেতাম এবং অপর দিকে সেগুলি বিক্রয় করে তাদের ভরণপোষণ চলত। কিন্তু সেদিক থেকে বিগত ২৭ বছরের মধ্যে সরকারের কোনও প্রচেষ্টা দেখছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা জিনি দেখা যাচ্ছে সেটা হচ্ছে গুল। এই গুল ছাই থেকে, কয়লার গুঁড়া থেকে পশ্চিমবঙ্গে তৈরি হচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে যে সমস্ত বেকার যুবকেরা উদ্যোগি হয়ে এগুলি করছে তাদের ওয়াগন করে দুর্গাপুর এবং অন্যান্য জায়গা থেকে আনতে হবে এবং তার ফলে হেভি এক্সপেন্ডিচার হয়ে যায় এবং দাম বেশি হয়ে যাবার ফলে তাদের খুব একটা প্রফিট থাকে না। কাজেই তাদের যদি রোড পারমিট দেওয়া যায়, ট্রাকে করে আনার জন্য পারমিট দেওয়া যায়, তাহলে কম খরচ করে তার উৎপাদন করতে পারে এবং লোকেও কম দামে কিনতে পারে এবং তার সঙ্গে বেকার যুবকদের সমস্যাও সমাধান হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লাক্ষা সম্পর্কে একটা জ্বলন্ত দৃষ্টান্ত তুলে ধরে আপনার মাধ্যমে দু-একটি কথা বলতে চাই। আমি আমার ব্লকের ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান। আমাদের এক সময় শিল্প সপ্তাহ পালন করা হচ্ছিল। মধুমক্ষিকার ট্রেনিং দেওয়ার জন্য, লক্ষার ট্রেনিং দেওয়ার জন্য, লক্ষা চাষ সম্পর্কে একদিন ভারপ্রাপ্ত অফিসারকে ডাকা হয়েছিল। তিনি লাক্ষা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃষক ঘরের ছেলে। আমাদের বহু লাক্ষা গাছ আছে। যেহেতু লাক্ষার ডিমান্ড নেই পশ্চিমবাংলায় সেজন্য লাক্ষা গাছগুলি পড়ে আছে। তাকে এই সম্পর্কে বিভিন্ন কথা জিজ্ঞাসা করা হলে, ন্টিারোগেট করা হলে তিনি কোনও উত্তর দিতে পারলেন না। তখন তিনি বললেন যে নুতন ধরনের এক প্রকার গাছ থেকে লাক্ষা চাষ হবে আপনারা গিয়ে দেখবেন। আমি সেখানে গিয়ে দেখলাম যে মাত্র একটা গাছ রয়েছে। সেখানে আর কোনও গাছ নেই। সেখানে গিয়ে ট্রেনিং দিতে লাগলেন। সত্যকারের লাক্ষা চাযের উন্নতি করতে যদি চান তাহলে আমাদের পশ্চিমবাংলায় যে কুল গাছ, বা ডুমুর গাছ আছে, সেইগুলোর সদ্ব্যবহার করুন, তাছাড়া লাক্ষার যদি ডেভেলপমেন্ট করতে চান, লাক্ষার যদি উন্নতি করতে হয় তাহলে আপনারা লাক্ষা ক্রয় করার জন্য ব্যবস্থা করুন। অন্তত দরকার হলে ভরতকি

দিয়ে করুন, তা যদি না করেন তাহলে লাক্ষা চাষের কোনও উন্নতি করা যাবে না। আমার আর সময় নেই, কাজেই আমি যে কাট মোশন দিয়েছে, সেটা আমি মুভ করে আমার বক্তব্য শেষ করছি।

Fifth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Fifth Report of the Business Advisory Committee which at its meeting held on the 9th March 1976 in my chamber recommeded the following revision in the programme of business of 11th and 12th March, 1976, viz.

Thursday, 11-3-76 ..	(i) The Jadavpur University (Amendment) Bill, 1976 (Introduction, Consideration and Passing)—1/2 hour.	
	(ii) The West Bengal University Laws (Amendment) Bill, 1976 (Introduction, Consideration and Passing)—1/2 hour.	
	(iii) Demand No. 36—(280—Medical and 480—Capital Outlay on Medical)	3 hours
	(iv) Demand No. 37—(281—Family Planning and 481—Capital Outlay on Family Plannin)	
	(v) Demand No. 38—(282—Public Health, Sanitation and Water Supply and 682—Loans for Public Health, Sanitation and Water Supply)	
	(vi) Demand No. 57—(312—Fisheries, 512—Capital Outlay on Fisheries and 712—Loans for Fisheries)—1 hour.	
Friday, 12-3-76 ..	(i) Demand No. 65—(331—Water and Power Development Services and 531—Capital Outlay on Water and	

Power Development Serices)

(ii) Demand No. 66—(332—Multipurpose River Projects, 333—Irrigation, Navigation, Drainage and Flood Control Projects, 532—Capital Outlay on Multipurpose River Projects and 533—Capital Out on Irrigation, Navigation, Drainae and Flood Control Projects) — $2^1/_2$ hours.

(iii) Demand No. 67—(734—Loans for Power Projects)—$1^1/_2$ hours.

Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Fifth :eport of the Business Advisory Committee presented this day be agreed ιο by the House.

The motion was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 63

শ্রী নিতাইপদ ঘোষ ঃ মাননীয় স্পিকার মহাশয়, আজকে স্মল স্কেল ইন্ডাস্ট্রির ব্যাপারে মন্ত্রী মহাশয় যে বরাদ্দ চেয়েছেন, সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। সমর্তন করছি এই জন্য, আমরা আগে দেখেছি কি? গ্রামে যখন কোনও যুবকেরা মিলিত ভাবে বা একক ভাবে স্মল স্কেল ইন্ডাস্ট্রি গড়ে তুলতে চায় তখন তাদের কোনও সুযোগ ছিল না। কিন্তু আজকে আমরা সিড মানি দিই অর্থ ডিপার্টমেন্ট থেকে এবং এই স্মল স্কেল ডিপার্টমেন্ট থেকে স্কীম দিয়ে সাধারণ যুবকদের কুটির শিল্প গঠনের যে সুযোগ এবং সহায়তা এই সরকার করে দিয়েছেন এবং দিচ্ছেন, তার জন্য আমি এই ডিপার্টমেন্টকে ধন্যবাদন না জানিয়ে পারছি না।

[6-10 — 6-20 p.m.]

তবুও আমরা দেখেছি কতগলি ব্যাপারে এখনও এই স্মল স্কেল ইন্ডাস্ট্রিস ডিপার্টমেন্টের অনেক কিছু করণীয় আছে, যেমন আজকে অন্যান্য প্রভিনসে আমরা

দেখেছি যে তারা জায়গা নির্দিষ্ট করে শিল্প নগরী গঠন করছে এবং সে জন্য তারা সেখানে জলের ব্যবস্থা, ইলেক্ট্রিকের ব্যবস্থা এবং অন্যান্য সমস্ত ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে দিয়ে আহ্বান করছে সমস্ত ছোট ছোট শিল্পপতিদের বা গ্রামের যে সমস্ত গরিব ছেলেরা শিল্প গড়তে চাইছেন তাদের। বেকার যুবদের তারা সেই ভাবে কাজ করবার জন্য আহ্বান জানাচ্ছে। কিন্তু পশ্চিমবাংলায় এখনও পর্যন্ত আমরা দেখছি সেই জিনিসের অভাব রয়েছে। আমরা অবশ্য কিছু কিছু জায়গায় করে দিয়েছি, তবুও আমরা আসা করেছিলাম যে, এই ব্যাপারে এই স্মল স্কেল ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টে জন্য আরও টাকা বরাদ্দ হবে। কিন্তু এই যে কম টাকা বরাদ্দ হয়েছে, এই বরাদ্দ টাকার মধ্যে এই সব করা সম্ভব হবে কিনা আজকে এটা আমাদের চিন্তা করতে হবে। এটা চিন্তা করতে হবে এই কারণে যে, এত অল্প টাকা দিয়ে এই শিল্প নগরী গঠন হবে কিনা, এটা না করতে পারলে আমাদের পশ্চিমবাংলায় সত্যিকারের শিল্পের সম্ভাবনা বিশেষ করে ক্ষুদ্র শিল্পের সম্ভাবনা কমে যাবে। কারণ যদি কোনও ছেলে এসে ইন্ডাস্ট্রি করতে চাইল, ব্যাঙ্কের লোন হয়ত সে পেল, কিন্তু জায়গা জোগাড় করা, ইলেক্ট্রিক ডিপার্টমেন্ট থেকে ইলেক্ট্রিক জোগাড় করা, এগুলি তার পক্ষে প্রায় অসম্ভব হয়ে ওঠে। কারণ তার একার পক্ষে এই সমস্ত কিছু জোগাড় করা এখনও সম্ভব হয়ে ওঠেনি। কিন্তু সরকার থেকে সেখানে শিল্প নগরী করে দিলে শিল্প করার অনেক সুযোগ থাকবে। তাই আমি মাননীয় মনন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে, তিনি যত অল্প টাকাই পান না কেন, যতটুকু পেয়েছেন তাই দিয়ে যে কটা পারেন সেই কটা শিল্প নগরী যদি গ্রামে এবং শহরে গড়তে পারেন তাহলে সত্যিকারের গরিব ছেলেদের শিল্প গড়ার কাজে সহায় হবে। আমি কালকে বলেছিলাম, আজকেও বলছি যে, স্যার, যদি সরকার একজন লিয়াজো অফিসার নিয়োগ করেন বিভিন্ন ডিপার্টমেন্টের মধ্যে সংযোগ স্থাপনের জন্য তাহলে প্রকৃত কাজ হবে। আর তা না হলে এই ডিপার্টমেন্টের একার চেষ্টায় শিল্প গড়ে তোলা সত্যিই অসুবিধার ব্যাপার। কারণ একটি লোক হয়ত ওষুধের একটা ছোট কারখানা করবে, তার এর জন্য ড্রাগ লাইসেন্স চাই, ইলেক্ট্রিসিটি চাই, জল ইত্যাদি চাই এবং বিভিন্ন রকমের ফর্মালিটিস আছে একটি ছেলে কাজ করতে পারে, মাল তৈরি করতে পারে, ২৪ ঘন্টা খেটে কারখানা চালাতে পারে। কিন্তু খুটি-নাটির জন্য সে হয়ত ভাল শিল্প গড়ে তুলতে পারছে না সেই জন্য যে সমস্ত জিনিসের তার অভাব হচ্ছে, যে সমস্ত খুটিনাটির জন্য তার অসুবিধা হচ্ছে সেগুলি দেখবার জন্য এই অফিসার নিয়োগ করা দরকার। তারা দেখবেন এই সমস্ত খুটি-নাটি যাতে দূর হয় এবং তারা ঠিকমতো কারখানা চালাতে পারেন। সব শেষে আমি বীরভূম জেলার কথা বলব। আজকে সেখানে কতগুলি ক্রাসার বসেছে এবং সমবায়ের মাধ্যমে বহু ছেলে সেই ইউনিটগুলি তৈরি করেছে, ১৪/১৫টি সেখানে তৈরি হয়েছে এবং ইলেক্ট্রিসিটির অভাবের জন্য ছেলেরা মাথায় হাত দিয়ে বসে আছে। অতচ

সেখানে এই ডিপার্টমেন্টের কিছু করবার নেই। এই ডিপার্টমেন্টই তাদের সহযোগিতা করেছিল ক্রাসার বসাতে এবং এরা ক্রাসার বসিয়ে দিয়েছিল, ঐ সমস্ত বেকার ছেলেদের অন্ন সংস্থানের ব্যবস্থা করে দিয়েছিল। কিন্তু সেখানে তারা আজকে ইলেক্ট্রিক পাচ্ছে না, রাস্তা ঠিকমতো হয়নি, ফলে ছেলেরা মাথায় হাত দিয়ে বসেছে। সেই জন্যই আমি লিয়াজোর কথা বলছি। আজকে স্যার, স্মল স্কেল ইন্ডাস্ট্রিস ডিপার্টমেন্ট শুধু চেষ্টা করলেই হবে না, অন্যান্য ডিপার্টমেন্টের সহযোগিতা দরকার এবং তারা সেই সহযোগিতা করে এই ডিপার্টমেন্টের হাতকে শক্ত করুক এবং তার জন্য ব্যবস্থা করা হোক। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোবিন্দ চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে হিসাব এখানে উপস্থিত করেছেন এবং তার সঙ্গে ইকনোমিক রেভিনিউ-এ যে হিসাব দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে বছরে গড়পড়তা বাবে ৩ হাজারের কম শিল্প গড়ে উঠছে। ১৯৭৪-৭৫ সালে ২২ হাজার ৮১০টি ইউনিট সেট আপ হয়েছে সেখানে এমপ্লয়মেন্ট পেয়েছে ১৪ হাজার ৭০৫। ১৯৭২ সালে যদি করেসপন্ডেসিং ফিগার দেখি তাহলে দেখব ২ হাজার ৭৯৫টি ইউনিট সেট আপ হয় এবং সেখানে এমপ্লয়মেন্ট পেয়েছে ১৯ হাজার ৬০৪। তারা অকিউপাইড এই রকমটা ধরে নিচ্ছি। আজ .... বলছেন বর্তমানে এই শিল্পের সংখ্যা ৮৯ হাজার ৮২২। আবার এর মধ্যে কতকগুলি রুগ্ন, দুর্বল হয়ে গেল। সেই হিসাব আমাদের কাছে নেই। কিন্তু এটা পরিষ্কার যে এই যদি রেট অফ গ্রোথ হয় তাহলে বছরে গড়পড়তা ১৭/১৮ হাজার লোককে অকিউপাইড রাখছি স্মল স্কেল কটেজ ইন্ডাস্ট্রি-তে। তাহলে আনএমপ্লয়মেন্ট প্রবলেম সলভ করা বা তা মিনিমাইস করা কত দিনে হবে? ইকনোমিক রিভিউ-তে দেওয়া হয়েছে ১৯৭৪ সালের মাঝামাঝি রেজিস্টার বেকারের সংখ্যা ছিল ১৭ হাজার আমাদের দেশে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ রেজিস্টার-এর জন্য যারা যারা তাদের সংখ্যা কম। কারণ ইন্ডাস্ট্রি থেকে অনেকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ যায় না। রেজিস্টার বেকার যদি ইয়ার্ড স্টিক হিসেবে ধরি তাহলে যেখানে ১৭ লক্ষের উপর রেজিস্টার্ড বেকার সেখানে ১৭ হাজারের এমপ্লমেন্ট হলে কত দিনে ফুল এমপ্লয়মেন্ট হবে? এখন প্রশ্ন হতে পারে ফুল এমপলয়মেন্ট-এর দায়িত্ব কি শুধু স্মল স্কেল ইন্ডাস্ট্রি-র না পাবলিক সেক্টর আনডারটেকিং, প্রঃ সেক্টর, বিগ ইন্ডাস্ট্রি-র? মেজর এমপ্লয়মেন্ট স্কেল স্কেল-এ হবে এটা যদি কনসেপ্ট হয় তাহলে অন্য কথা। কারণ রাতারাতি আমরা বিগ ইন্ডাস্ট্রিস, কি ইন্ডাস্ট্রি গড়তে পারছি না। পাবলিক সেক্টর আন্ডারটেকিং-এ ইনভেস্টমেন্ট এর প্রশ্ন। সেন্ট্রাল গ্র্যান্ট-এর প্রশ্ন আছে। এটা যদি কনসেপ্ট হয় তাহলে রেট অফ গ্রোথ অনেক বেশি করতে হবে। এদিকে বিশেষভাবে আমি দৃষ্টি আকর্ষণ করছি। তারপর কথা হচ্ছে অ্যানসিলারি ইন্ডাস্ট্রি-র। পশ্চিমবাংলা যেখানে প্রাইভেট সেক্টর ইন্ডাস্ট্রি যেভাবে অর্গানাইজসড এবং তারা নিজেদের স্বার্থে স্মল

স্কেল ইন্ডাস্ট্রি-কে সাপোর্ট দেবে না। কারণ আমাদের রাজ্যে বিগ ইন্ডাস্ট্রি প্রধানত মনোপলি ক্যাপিটাল দিয়ে কন্ট্রলড সেদিক থেকে তারা স্মল স্কেল ইন্ডাস্ট্রিকে ব্যাক করবে না—একথা আমাদের মনে রাখতে হবে। সুতরাং ২০ দফা কর্মসূচির পরিপ্রেক্ষিতে এই ভাবে জিনিসটা দেখলে দেখব স্মল স্কেল ইন্ডাস্ট্রি বড় ইন্ডাস্ট্রি-র দ্বারা গ্রান্ড করিয়ে নিয়ে এগুতে হবে। এই কাজ কিভাবে করানো যায় সেটাই প্রশ্ন। এক্ষেত্রে অটমোবাইল ইন্ডাস্ট্রি-র কথা ধরা যাক। পশ্চিমবাংলার অটোমোবাইল ইন্ডাস্ট্রি সরকারের কাছে বিভিন্ন সময়ে রিলেক্সশন-এর জন্য এসেছে। তাদের করারা যদি কনসেশন দেন তাহলে স্মল স্কেল ইন্ডাস্ট্রি-কে গ্রো করাবার জন্য তাদের কাছে একটা ডিমান্ড অফ চার্ট উপস্থিত করা উচিত। এটা আপনার একার নয়। মন্ত্রিসভার সামাগ্রিক দায়িত্ব। সুতরাং মন্ত্রিসভায় একজন মন্ত্রী যদি বিগ ইন্ডাস্ট্রি হিসেবে পশ্চিমবাংলার অটোমোবাইল ইন্ডাস্ট্রি-কে কনসেপশন দেন। তাদের অর্ডার যদি প্লেস করেন তাহলে আর একজন মন্ত্রী নিশ্চয় এটা গুরুত্ব দিয়ে দেখবেন শুধু সেখানে প্রেসার দেওয়া দরকার।

[6-20 — 6-30 p.m.]

কিন্তু যেখানে আমরা যথোচিত গুরুত্ব দিয়ে কিছু করার ভূমিকা রাখি সেটা হচ্ছে পাবলিক সেক্টর ইন্ডাস্ট্রির ক্ষেত্রে। পাবলিক সেক্টর ইন্ডাস্ট্রি পশ্চিমবাংলায় কম, কিন্তু কম বলে নগন্য নয়। ধরুন পশ্চিমবঙ্গ সরকার ম্যানেজড কতকগুলি পাবলিক সেক্টর আন্ডারটেকিং রয়েছে, কেন্দ্রীয় সরকারের চিত্তরঞ্জন, দুর্গাপুরের মতো কতকগুলি বড় বড় শিল্প রয়েছে, কিন্তু রাষ্ট্রীয় মালিকানা শিল্প থেকে যদি অ্যানসিলিয়ারি ইন্ডাস্ট্রিকে সাপোর্ট না দেওয়া যায়, তারা যদি ফিডিং ইন্ডাস্ট্রি হিসাবে কাজ করতে না পারে তাহলে এটা আশা করা ঠিক নয় যে আমরা প্রাইভেট ইন্ডাস্ট্রির কাছ থেকে সেই সুযোগ আদায় করতে পারব। অথচ অ্যানসিলিয়ারি ইন্ডাস্ট্রিকে যদি গড়ে তুলতে না পারা যায় তাহলে স্মল স্কেল ইন্ডাস্ট্রি এই সেক্টরে আমরা খুব বেশি দূর এগোতে পারব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যানসিলিয়ারি ইন্ডাস্ট্রির কথা বলতে গেলে একটা কথা মনে পড়ে পেট্রোকেমিস্যাল ইন্ডাস্ট্রি এবং এগ্রো ইন্ডাস্ট্রিজের ক্ষেত্রে স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ একটা বড় ভূমিকা পালন করতে পারে, সেখানে অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ, পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রিকে গড়ে তোলা সম্ভব, যেখানে সেট আপ হয়েছে সেখানে সাপ্লিন্টে করা সম্ভব, এদিকে বিশেষভাবে গুরুতর দেওয়া দরকার। মন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতায় আমি সেই বিষয়ে উল্লেখ দেখলাম না। পাবলিক সেক্টর আন্ডারটেকিং আমাদের একই স্ত্রী মহাশয় ডাঃ জয়নাল আবেদিন সাহেবের আন্ডারে রয়েছে। কাজেই এখনই যদি একটা ইন্টিগ্রেটেড অ্যাপ্রোচ না নেওয়া যায় তাহলে আর কবে এগোন হবে? সুতরাং মন্ত্রী মহাশয় যাতে এই বিষয়ে সবিশেষ গুরুত্ব দেন সেজ্য অনুরোধ রাখছি। আমাদের বেঞ্চের প্রতি তার যতই অ্যালারজি থাক না কেন

তিনি বিশেষভাবে ধন্যবাদের পাত্র হবেন যদি তিনি এই বেসিক কাজ করতে পারেন এবং এটা করে তিনি শুধু ২০ পয়েন্ট প্রোগ্রামকে সাপোর্ট দিচ্ছেন তা নয়, তার সঙ্গে মনোপোলিকে ফাইট দিচ্ছেন, রাজ্যকে অনেকখানি এগিয়ে দিচ্ছেন। সুতরাং এই বিষয়ে তাকে চিন্তা করতে বলব। স্যার, স্মল স্কেল ইন্ডাস্ট্রিজের ক্ষেত্রে একটা বড় সমস্যা হচ্ছে স্কেল ইন্ডাস্ট্রিজ প্রতিদ্বন্দ্বিতায় পেরে উঠে না, তার পথে অনেক বাধা আছে। সেজন্য বহু অগ্রসর দেশে, হরশঙ্করবাবু একটু আগে বলছিলেন, যেমন জাপানে ২২টা আইন াছে, আমেরিকায় আইন আছে, বিভিন্ন অগ্রসর দেশে আইন তৈরি হয়েছে স্মল স্কেল ইন্ডাস্ট্রিকে সাপোর্ট দেওয়ার জন্য, তাদের প্রোটেকশন দেওয়ার জন্য। আমাদের এখানে সেই রকম ধরনের কোনও আইন তৈরি হয়নি। তবে কেন্দ্রীয় পরিষদে এ. আর. ভাট কমিটি রিপোর্ট দিয়েছেন এবং অন্যান্য দেশে যে স্ট্যাটুটরি প্রোটেকশন পায় সেই প্রোটেকশনের লাইনে এখানে কিছু প্রোটেক্শন দেওয়ার কথা সাজেস্ট করেছেন। যদিও এখানে কেন্দ্রীয় সরকারের কিছু করণীয় আছে তাহলেও রাজ্য সরকারের পক্ষ থেকে যদি আমরা কিছু কিছু গ্রহণ করতে পারি এবং যে বিষয়গুলি গ্রহণ করা আমাদের ক্ষমতায় আসছে না সেই বিষয়গুলি নিয়ে যদি রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে লেখালেখি করেন তাহলে খানিকটা কাজ হবে। কিন্তু প্রোটেকশন যদি না দেওয়া যায় তাহলে এদের বাঁচানো যাবে না। শুধু ৮৯ হাজারের মধ্যে কতকগুলি সিক হয়ে পড়ল, সেটা দেখার ব্যাপারও আছে। ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে কতটা বেশি করে নির্দিষ্ট ক্ষেত্র রাকা যায় সেটা বিচার করে ক্ষেত্র নির্দিষ্ট করে দেওয়ার সময় এসেছে। কেন্দ্রীয় সরকার বিভিন্ন সময়ে ইন্ডাস্ট্রিয়াল পলিসি রেজলিউশন করে সেখানে বড় ইন্ডাস্ট্রিজের জন্য কতকগুলি নির্দিষ্ট ক্ষেত্র বেঁধে দিয়েছেন, কিন্তু ক্ষুদ্র ইন্ডাস্ট্রিজের ক্ষেত্রে বড় ইন্ডাস্ট্রিজ যাতে ঢোকাতে না পারে, ক্ষুদ্র শিল্প যাতে অগ্রাধিকার পায়, কমপিটিশন থেকে যাতে তাদের বাঁচানো যায় তার জন্য তাদের আলাদা ক্ষেত্র রাখতে হবে। স্যার, যে শিল্পের কথা প্রথমে আমার মনে পড়ছে সেটা হচ্ছে হ্যান্ডলুম ইন্ডাস্ট্রিজের কথা। বহু প্রতিষ্ঠান বড় বাজারের মহাজন এবং হোলসেলারের উপর নির্ভরশীল এবং তার ফলে তাদের উপর এক্সপ্লয়টেশন হচ্ছে শুধু তাই নয়, তাদের লেবাররাও এক্সপ্লয়টেড হচ্ছে। এটা থেকে তাদের যাতে সহজে রিলিফ দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন বা আই. আর. সি. আই.-র মতো যারা এই রাজ্যে বেশ কতকগুলি বড় শিল্প চালাচ্ছে তাদের তরফ থেকে বা তাদের দিয়ে যদি এমন কোনও ব্যবস্থা করতে পারি যাতে এখানকার যে সমস্ত হ্যান্ডলুম ইন্ডাস্ট্রি রয়েছে তারা কাঁচা মাল পাবে তাহলে ভাল হয়। এন. টি. সি. আই. আর. সি. আই. এরা সেই ব্যবস্থা করবে।

এবং তার বিপণনের ব্যবস্থা এরা করবেন। এটা যদি হয় তাহলে বড়বাজারের নির্ভরতা থেকে তাদের বাঁচানো যায়। আমার মনে হয় এস. টি. সি., আই. আর. সি.

আই.-এর সঙ্গে একে ট্যাগ করবার জন্য আমরা যদি কোনও প্রোগ্রাম নেই তাহলে বড়বাজারের উপর এদের আর নির্ভর করতে হবে না। কিন্তু এই ব্যবস্থা না করলে তাদের বড়বাজারের উপর নির্ভর করতে হবে এবং কাঁচামাল, ওয়ার্কিং ক্যাপিটালের জন্যও তাদের নির্ভর করে থাকতে হবে। এবারে আমি ক্ষুদ্র শিল্পের ব্যাপারে কয়েকটা বিশেষ কথা বলব এবং তার মধ্যে একটা হচ্ছে ব্যাঙ্ক লোনের সমস্যা। আমাদের অর্থমন্ত্রীর বাজেট বক্তৃততায় দেখলাম সর্বভারতীয় অ্যাভারেজ হচ্ছে প্রতি ২৯ হাজার লোকের জন্য একটা ব্যাঙ্ক। এবং আমাদের এখানে ৪১ হাজার লোকের জন্য একটি ব্যাঙ্ক। এই যখন অবস্থা তখন আমরা বক্তব্য হচ্ছে এখানে নাম্বার অব ব্যাঙ্কস যাতে পরিকল্পনা মতো এক্সপ্যানশন হয় তারজন্য রাজ্য সরকারের উচিত প্রোগ্রাম নিয়ে পরিকল্পনা পেশ করা। এই ব্যাপারে ব্যাঙ্কের উপর ছেড়ে দিলে এই সমস্যার সমাধান হবে না। আমি মনে করি এই ব্যাপারে তাদের উপর চাপ সৃষ্টি করা দরকার। তারপর, যে সমস্ত ছেলেরা ব্যাঙ্কের কাছে গিয়ে বার বার হ্যারাজড হচ্ছে তাদের কথা চিন্তা করে তাদের কিভাবে রিলিফ দেওয়া যায় সেটা আমাদের দেখতে হবে। আমি আমার এলাকার একটা ঘটনা বলি। আমার এলাকায় একটি ছেলে ব্যাঙ্কের কাছ থেকে বিশেষভাবে হ্যারাজড হচ্ছিল। আমি তখন মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে একটা চিঠি দিলাম এবং আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি আমার চিঠি পাবার পর তিনি ব্যাঙ্ককে কড়াভাবে একটা চিঠি দেওয়ায় সেই ছেলেটি ব্যাঙ্কের কাছ থেকে টাকা পেয়েছে। তারপর, আমরা দেখছি অ্যালুমিনিয়াম প্রোডাক্টস—এ রমেটেরিয়ালস-এর অভাব থেকে যাচ্ছে এবং অধিকাংশ ক্ষেত্রে স্মল স্কেল ইন্ডাস্ট্রি সাফার করছে। আমি পরবর্তীকালে একটা স্পেসিফিক লিস্ট দেব। রমেটেরিয়ালস-এর ক্ষেত্রে তাদের যাতে প্রাইওরিটি দেওয়া যায় সেটা আমাদের দেখতে হবে। তারপর, এক্সাইড প্রোসিডিওর সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে যদিও সিমপ্লিফাইড প্রসিডিওর হয়েছে তবুও তাদের আরও রিলিফ দেওয়া উচিত। এটা দেখা উচিত যে, পেপার ওয়ার্ক থেকে স্মল স্কেল-কে যাতে রিলিফ দেওয়া যায়। তারা রাত্রদিন বসে শুধু কাগজ লিখবে এটা হওয়া উচিত নয়। তারপর, ব্যাঙ্ক লোনের ব্যাপারে দেখছি একটা ল্যাকুনা থেকে যাচ্ছে। কিভাবে অপটমাম রেজাল্ট পাওয়া যায় সেদিকে শিল্পপতিদের কোনও ধারণা নেই। কাজেই তাদের হেলপ করবার জন্য একটা মেশিনারি যদি সেট আপ না করা যায় অর্থাৎ তাদের যদি অ্যাডভাইসরি ক্যজকর্ম না দেওয়া যায় তাহলে কিছু হবে না। তারপর, মডার্নাইজেশন এবং লিবারেল ইনসেন্টিভ-এর প্রশ্নে কেন্দ্রীয় সরকার যেভাবে ডেভেলপমেন্ট রিবেট দেয় সেই রকম সেলস ট্যাক্স এবং এক্সাইজে রিলিফ দিতে পারেন কিনা সেটা আমাদের দেখা দরকার। তারপর, মেনটেনেন্স, রিপেয়ারিং, টেস্টিং, সার্ভিসিং-এ একটা জিনিস যা করেছেন স্মল স্কেল ইন্ডাস্ট্রিকে যাতে সেই সুযোগ দিতে পারেন সেটা চিন্তা করুন। তবে এই কাজ আমলাদের দিয়ে হবে না। তারপর আমার

বক্তব্য হচ্ছে ভলান্টারি অর্গানাইজশনকে অর্গানাইজ করতে হবে। বোথ নিউ অ্যান্ড একজিস্টিং এন্টারপ্রেরিওরদের ক্ষেত্রে যদি ভলান্টারি অর্গানাইজেশনকে গড়ে তোলা না যায় তাহলে হবে না। এই ব্যাপারে আমি একটা সাজেসনস্ দিচ্ছি। পার্লামেন্টে যেমন কনসালটেটিভ কমিটি আছে ঠিক সেইরকম বিধানসভার সব দলের সদস্যদের নিয়ে আপনারা একটা কমিটি করুন এবং দেখুন তাতে কোন ডেজায়ার্ড রেজাল্ট পাওয়া যায় কিনা এবং তারা স্টাডি করে সরকারকে কিছু কনট্রিবিউট করতে পারে কিনা দেখুন। এবারে আমি এক্সপোর্ট ওরিয়েন্টেড শিল্প সম্বন্ধে কিছু বলব। থার্টি এইট পারসেন্ট ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসেন স্মল স্কেল কনট্রিবিউট করে। কিন্তু এক্সপোর্ট ওরিয়েন্টেড ইণ্ডাষ্ট্রি, এক্সপোর্ট পোটেনসিয়াল যাদের আছে তাদের শেয়ার কিন্তু মাত্র ফাইভ পারসেন্ট। আমি মনে করি এঁদের ক্ষেত্রে স্পেশ্যাল ইনসেনটিভ দেবার প্রয়োজন আছে।

[6-30 — 6-40 p.m.]

প্রডাকটিভের কথা অধিকাংশ স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিতে মিনিমাম ওয়েজ দেয় না। এটার প্রতি মন্ত্রী মহাশয়ের ভাল করে দৃষ্টি দেবার প্রয়োজন আছে তানাহলে কিছুতেই প্রডাকটিভিটি বাড়তে পারে না এটা মন্ত্রী মহাশয়কে চিন্তা করে দেখতে হবে এবং যদি কম্পালসারি ইনসেনটিভ স্কিম চালু করা যায় তাহলে লেবাররা টেনিফিটেড হবে এবং প্রডাকটিভিটিও বাড়বে। স্মল স্কেল ইণ্ডাষ্ট্রির ফার্দার এক্সপনসনের কথা বাজেটের মধ্যে যথেষ্ট পরিমাণে উল্লেখ না থাকার জন্য এবং এ সম্বন্ধে মন্ত্রী মহাশয় যথেষ্ট সচেতন না হওয়ার জন্য আমি আমার কাট মোশানগুলি মুভ করতে চাই। With your permission, sir May I move cut motion.

শ্রী জয়নাল আবাদিন ঃ এটা হতে পারে না।

Shri Gobinda Chatterjee : I have already sought his permission.

Mr. Speaker : Mr. Chatterjee, you cannot move any cut motion new because at the beginning I have stated, that all the cut motions are in order and are taken as moved.

শ্রী শচীনন্দন সাউ ঃ মাননীয় স্পিকার মহাশয়, আজকে আমাদের পশ্চিমবাংলার মাননীয় ক্ষুদ্র এবং কুটির শিল্প মন্ত্রী জয়নাল সাহেব যে বাজেট এখানে উপস্থিত করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করি। স্যার, আজকে এই কুটির শিল্প এবং গ্রামীণ ক্ষুদ্র শিল্পের উপর নির্ভর করে পশ্চিমবাংলার গ্রামীন অর্থনীতি। আমাদের এই তাঁতী, কুমোর, জেলে, মুচি, ডোম এবং গ্রামবাংলার দরিদ্র মানুষ সম্পূর্ণরূপে কুটির শিল্পের উপর

নির্ভরশীল। সেজন্য কুটিরশিল্পের এবং ক্ষুদ্র শিল্পের উন্নতির উপর পশ্চিমবাংলার অর্থনীতি সম্পূর্ণ নির্ভর করে এই দিক দিয়েই দেখতে হবে। আমাদের পশ্চিমবাংলার কুটির শিল্পজাত দ্রব্য পৃথিবীর বাজারে বিখ্যাত ছিল এবং বাংলাদেশের এই সমস্ত কুটির শিল্পীরা যে সমস্ত জিনিস তৈরি করত পৃথিবীর বাজারে বিক্রি হত। স্যার, আজকে যে আমতাদের দেশে ভয়াবহ বেকার সমস্যা তার সমাধান একমাত্র কুটিরশিল্পের মাধ্যমে করা সম্ভব। তাই আমাদের মাননীয় প্রধানমন্ত্রী তিনি ২০ দফা কর্মসূচিতে কুটির শিল্পের উপরই জোর দিয়েছেন। এবং এই কুটিরশিল্পের যদি আমরা উন্নতি করতে পারি তাহলে এই ২০ দফা কর্মসূচিকে বাস্তবে রূপায়ণ করা সম্ভব হবে। আমাদের এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী জয়নাল সাহেব, তিনি একজন অতি দক্ষ এবং তাঁর উপরে পশ্চিমবাংলার মানুষ সম্পূর্ণ নির্ভর করতে পারে এবং তিনি এই দপ্তরকে অতি দক্ষতার সহিত পরিচালনা করছেন এবং পশ্চিমবাংলাকে কুটিরশিল্পে এবং ক্ষুদ্র শিল্পে দক্ষতার সহিত এগিয়ে নিয়ে যাচ্ছেন। পশ্চিমবাংলার এই যে কুটির শিল্পী এবং ক্ষুদ্র শিল্পীরা তাঁতী, কুমোর, ডোম, জেলে, মুচি এবং শোষিত গরীব মানুষ তাদের বাঁচান সম্ভব হবে বলে মনে করি যদি এই দপ্তরের উন্নতি করা যায়। আজকে বিধানসভার সমস্ত সদস্য স্বীকার করবেন যে আজকে গ্রামে গ্রামে ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্প প্রসার লাভ করছে এবং মাননীয়া প্রধানমন্ত্রীর যে ২০ দফা কর্মসূচি তাকে রূপায়িত করবার যে চেষ্টা মন্ত্রী মহাশয় করছেন। তাই যে ররাদ্দ উপস্থিত করা হয়েছে তা প্রয়োজনের তুলনায় খুবই কম, এতে কোন কাজ হবে বলে মনে করিনা। আপনি জানেন, স্যার, ব্লকে ব্লকে ব্লক ইণ্ডাস্ট্রি অফিসার আছে কিন্তু তারা কি করেন। আজকে পশ্চিমবঙ্গে মন্ত্রী মহাশয় এই ক্ষুদ্র শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ওয়েস্টবেঙ্গল হ্যাণ্ডলুম এ্যান্ড পাওয়ার লুম ডেভালপমেন্ট কর্পোরেশন ডিস্ট্রিক্টওয়াইজ খোলা হয়েছে, ওয়েস্টবেঙ্গল স্মল স্কেল ইণ্ডাস্ট্রিস কর্পোরেশন, হ্যাণ্ডিক্রাফট ডেভালপমেন্ট কর্পোরেশন, এ্যাপেক্স হ্যাণ্ডিক্রাফট্স কো-অপারেটিভ সোসাইটি, এই জিনিসগুলি সরকার করেছেন কিন্তু এই বাজেটে যা বরাদ্দ করা হয়েছে তাতে তো সেই সব অফিসের টেবিল, চেয়ার, এবং তার ঘরবাড়ির ভাড়া দিতেই সব চলে যাবে, শিল্পক্ষেত্রে এর কতটুকু পৌঁছে দিতে পারবেন আপনি। তাই আমি মনে করি পশ্চিমবঙ্গের কুটির শিল্পের দিকে নজর দিতে হবে। এখানে যে ভয়াবহ বেকার সমস্যা আছে এবং গ্রামের অর্থনীতিকে যদি গড়তে হয় তাহলে যে তাঁতির ছেলে তাকে সেই কাজ দিতে হবে। এখানে আমরা দেখতে পাচ্ছি একটি তাঁতির ছেলে সে কাজ না পেয়ে পিয়নের কাজের জন্য চেষ্টা করে। এইদিক থেকে চিন্তা করলে দেখা যাবে যে সরকার যে ব্যয়-বরাদ্দ করেছেন বাজেটে তা ঠিক হয়নি, এর বাজেট বরাদ্দ আরো বাড়ানো উচিত ছিল। আগামী দিনে সেই অনুযায়ী যাতে ক্ষুদ্র শিল্প ও কুটির শিল্প করতে পারেন সেই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ, বন্দেমাতরম্।

শ্রী অতীশচন্দ্র সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে মাননীয় বিধানসভার সদস্যের বক্তব্য থেকে একটি জিনিস পরিস্কার হয়েছে যার জন্য তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। এখানে ব্যয়-বরাদ্দ কম হলেও এই ক্ষুদ্র ও কুটির শিল্পর ভিতর দিয়েই যে আমাদের সমস্যার সমাধান হওয়া উচিত একথা একসঙ্গে বলার জন্য তাঁদের ধন্যবাদ দিচ্ছি এবং আমরা আশা করবো যে ভবিষ্যতে আমাদের আপনাদের সকলের সহযোগিতয় এই অঙ্ক যেটা ১ কোটি ৭২ লক্ষ আছে, প্ল্যান ফান্ডের ক্ষেত্রে আমরা ২.৩২ কোটি টাকা বাড়াতে সক্ষম হবো এবং তারজন্য কতকগুলি জিনিষ আমার মনে হয় আমরা করতে সক্ষম হয়েছি এটা ওঁরা স্বীকার করেছেন সেইজন্য ধন্যবাদ জার্নাচ্ছি। যদিও প্রয়োজনের তুলনায় সামান্য, এর থেকে আরো বেশি প্রয়োজন। এই সমস্যা সমাধান করতে গেলে কিছু কিছু পরিসংখ্যান আপনাদের কাছে না দিয়ে পারছিনা। আমাদের ১৬ দফা কার্যসূচির মধ্যে ১৯৭১—৭২, ৭৩-৭৪ সালে কিছু গোবিন্দবাবু এখানে উল্লেখ করেছেন, ১৬ কি ১৭ হাজার কর্ম সংস্থান দিয়েছি, এই কর্মসংস্থানের পরিমান আরো বেশি হওয়া উচিত ছিল। পশ্চিমবঙ্গে বেকার সংখ্যার দিকে দৃষ্টি রেখে যে সীমিত অর্থ বরাদ্দ আছে তার মধ্যে আমরা এই কাজ করতে সক্ষম হয়েছি। অবশ্য এছাড়া আমাদের নানা ধরনের স্কীম আছে। আপনাদের মধ্যে যাঁরা গ্রামে কর্মসংস্থানের জন্য উৎসুক সেই কর্মসংস্থানের দিক থেকে সকলেই জানেন এ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীম বলে একটি প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্প পশ্চিমবঙ্গে খুব ভালভাবে চলছে। এমন কি এতে যে টাকা বরাদ্দ করা সম্ভব হয়েছে তা সারা ভারতবর্ষের ক্ষেত্রে সবচেয়ে বেশি। একথা গত আগস্ট মাসে পার্লামেন্টে কেন্দ্রীয় মন্ত্রী স্বীকার করেছেন। ২,৯০০টি স্কিম স্যাংশন আছে। ব্যাংক যদি সংখ্যা বাড়ায় তাহলে সংক্যা প্রায় ৮ হাজার হবে।

[6-40 — 6-50 p.m.]

এবং যে পরিমাণ অর্থ প্রান্তিক অর্থ তার টেন পারসেন্ট মার্জিন মানি স্কীমের মাধ্যমে বন্টন করা হয়েছে, সেটা সর্ব ভারতীয় ক্ষেত্রে সবচেয়ে বেশি। ১৯৭৪-৭৫ সালে বেশি ছিল এবং ১৯৭৫-৭৬ সালে এখন পর্যন্ত বেশি আছে। জানুয়ারি মাস পর্যন্ত এক কোটি ২৬ লক্ষ টাকা মার্জিন মানি হিসাবে আমরা ডিস্ট্রিবিউট করতে সক্ষম হয়েছি। এতে আত্মসন্তুষ্টির কোন কারণ নাই। আমি মনে করি এবং অনেক মাননীয় সদস্যও এখানে উল্লেখ করেছেন—ব্যাঙ্কের উদারনীতি গ্রহণ করে এগিয়ে যাওয়া উচিত এই সমস্ত কর্মসংস্থান প্রকল্পে। পশ্চিমবঙ্গে ব্যাঙ্কের শাখা অত্যন্ত কম। মহারাষ্ট্রে ২৫ হাজার মানুষ পিছু একটি ব্যাঙ্ক, পশ্চিমবঙ্গে ৪১ হাজার মানুষ পিছু একটি ব্যাঙ্ক। কাজেই এখানে আরো বেশি সংখ্যায় ব্যাঙ্ক স্থাপন করা দরকার, বিশেষ করে গ্রামেগঞ্জে এই ৪২ হাজার লোকের মদ্যে টোটাল এভারেজ ব্রাঞ্চের সংখ্যা আরও বেশি হওয়া উচিত। আমি

নিশ্চয়ই আশা করব যে পশ্চিমবাংলার ব্যাঙ্কের সমস্যা, শাখা-প্রশাখা আরও বাড়বে এবং সেই সঙ্গে এটাও আশা করি যে পশ্চিমবঙ্গে এই সমস্ত ব্যাঙ্কগুলি যে আমানত যোগাড় করে, সেই অনুপাতে দাদনের পরিমাণও বাড়বে। আমি পরিসংখ্যান থেকে দেখছি—এ পর্যন্ত সেটা সম্ভব হয়নি। এই পর্যন্ত ১৯৭৪ সালের জুন মাস পর্যন্ত ন্যাশনেলাইজড ব্যাঙ্কের আমানত বেড়েছে. ৭২৬ কোটি টাকা আর পশ্চিমবঙ্গে দাদন বেড়েছে ৪৬৮ কোটি টাকা। আমি আশা করব আমানত যা সংগ্রহ করবে তার চেয়ে বেশি হলে নিশ্চয়ই খুশী হব কিন্তু অন্ততঃপক্ষে দাদনের পরিমাণ যেন তা থেকে কম না হয়।

আমি আরও দু-একটি কথা উল্লেখ করে আমার বক্তব্য শেষ করব। আপনি জানেন ক্ষুদ্র এবং কুটির শিল্পের ডাইরেক্টোরেটকে আলাদা করে দেওয়ার জন্য কেউ কেউ বলছেন। আমরা ইতিমধ্যে হ্যান্ডলুম ডাইরোক্টোরেট এবং ডাইরেক্টোরেটকে আলাদা করে দিয়েছি এবং এই উদ্দেশ্য নিয়ে করেছি যে মনোভাব অনেক সদস্য পোষণ করেন, সেটা হচ্ছে গ্রামেগঞ্জে ক্ষুদ্র কুটির শিল্প আছে অনেক যা সফিস্টিকেটেড স্মল স্কেল ইণ্ডাস্ট্রিজ, তার স্মল স্কেল ১০ লক্ষ বাড়িয়েছে, এমন অবস্থা ছড়িয়ে আছে, একটা ডাইরেক্টোরেট-এর পক্ষে সম্ভব নয়। মাননীয় হরশঙ্করবাবু সাজেস্ট করেছেন ক্ষুদ্র এবং কুটির শিল্পের জন্য আমরা যেন আলাদা ডাইরেক্টোরেট করে দিই। এই পরিকল্পনা আমরা এখন করছিনা বটে তবে এ সম্বন্ধে অনুভব করেই হ্যান্ডলুম এবং সেরিকালচার আলাদা করেছি যাতে দুটি আলাদা ডাইরেক্টোরেট হলে কাজে বিশেষ জোর দেওয়া যায় এবং আরও বেশি কর্মসংস্থানের সম্ভাবনা হয়। আমি আশা করব মাননীয় সদস্যগণ এই যে ব্যয়-বরাদ্দ নিশ্চয় সমর্থন করবেন এবং যাঁরা যাঁরা কাট মোশান দিয়েছেন, যেহেতু মাননীয় সদস্যগণ আরও বেশি টাকা এই বিভাগের জন্য সুপারিশ করেছেন, সেজন্য তাঁদের কাট মোশন উইথড্র করে নেবেন।

Mr. Speaker : Time will expire at 6.50 p.m. Dr. Abedin, how much time you require?

Dr. Zainal Abedin : I will require at least half an hour.

Mr. Speaker : So, with the sense of the House, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, may I extend the time by half an hour?

(Voices — Yes)

I extend the time by half an hour.

[6-40 — 6-50 p.m.]

ডঃ জয়নাল আবেদিনঃ মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্য হরশঙ্করবাবু বলছেন ১০ মিনিটে শেষ করে দিতে, আমি এখনি সেরে দিতে পারি, আমি কাট মোশানের বিরোধিতা করে এখনই বসে যেতে পারি যদি তাঁদের আমার কথা শোনবার আগ্রহ না থাকে। মাননীয় স্পিকার মহাশয়, হরশঙ্করবাবু আসল কমিউনিস্ট ছিলেন না কিন্তু এখন দেখছি তিনি খাঁটি কমিউনিস্টে পরিণত হয়েছেন। আজকে তিনি সত্য কথা শুনতে ভয় পান, সত্য কাজ করতে ভয় পান। আপনার মনটা যদি থাকে অন্য দিকে এবং কারণটাও থাকে অন্য দিকে তবে শুনবেন কি করে? স্যার, আমি কৃতজ্ঞ যে, আজকে কুটির ও ক্ষুদ্র শিল্পের ব্যয়-বরাদ্দের আলোচনায় মাননীয় সদস্যরা গঠনমূলক প্রস্তাব রেখেছেন এবং আমি বুঝতে পারিনা গোবিন্দবাবু গোটা বর্ক্তৃতায় তাঁর সমর্থন করেও তিনি কেন শেষে বিরোধিতা করেছেন। বোধ হয় কমিউনিস্ট বলেই বিরোধিতা করেছেন। কিন্তু তাঁর বত্তৃতা শুনে আমার মনে হচ্ছিল তিনি বোধ হয় সমর্থনই করছেন।

আবার ঐ বক্তৃতার শেষদিকে কার বিরোধিতা করলেন? তবু আমি কৃতজ্ঞ—উচুদরের আলোচনাই এ নিয়ে সবাই করেছেন।

মাননীয় দেওপ্রকাশ রাই বোধ হয় অসুস্থ ও অপ্রকৃতিস্থ ছিলেন, তাই তিনি পার্লামেন্টারী etiquete সব ভাইওলেট করে নানা কথা বলে চলে গেলেন। তিনি বললেন আমার বক্তব্য ভেগ্। কিন্তু আমার বক্তব্য স্পেসিফিক এখানে ভেগ্নেস নেই, তার কোন স্কোপ নেই। রিহ্যাবিলিটেশন ইণ্ডাস্ট্রিজ কর্পোরেশনের কাজকর্মে কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে ছিল, সেখানে আমাদের কোন say নাই। আমরা এখানে একটা টাস্ক ফোর্স করে একজামিন করে দেখতে চেয়েছিলাম কোন ইউনিট ভায়বেল হবে কিনা যাতে করে স্টেট এইড দেওয়া যেতে পারে। কার্শিয়াং কাটলারির কথা তিনি বলেছেন, চা বাগানে এর প্রোডাকশন নিচ্ছে। এর অবস্থা খুব খারাপ হয়ে পড়ায় সেটা ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মারের হাতে দেওয়া হয়েছিল। এখন তার ফেনোমেনাল পারফর্মেন্স হয়েছে ; আরো এর্ডভার্সিফিকেশন করা উচিত যঅতে করে আরও নিউ স্ট্রিম, নিউ ডিসিপ্লিন তাদের প্রোডাকশনে আনা যায়। সেজন্য ওটা তাদের হাতে হ্যাণ্ডওভার করা হয়েছে। এই বন্ধ কারখানাটি খুলে এখানে হিল পিপল যারা কাজ করত তাদের ইনসেনটিভ দেবার জন্য ক্যাগিটেল গ্রান্ট এণ্ড এ্যাসিস্ট্যান্ট ইত্যাদি দিয়ে একটা ইন্ডিপেনডেন্ট ইউনিট সেট-আপ করার পরিকল্পনা ছিল। কিন্তু দুর্ভাগ্যের কথা সে সম্বন্ধে তারা কতদূর কি করতে পেরেছে, সে সংবাদ এখনও আমার কাছে এসে পৌঁছায়নি। উনি জানেন হিল ডেভেলপমেন্ট বিল তার প্ল্যানিং এণ্ড ডেভেলপমেন্ট কি এ সম্বন্ধে তার বক্তব্য আমার কাছে ক্লিয়ার হয়নি। তিনি আনএমপ্লয়মেন্ট-এর কথা বলেছেন। এই দপ্তরের এই খাতের ব্যয়-বরাদ্দ

অপ্রতুল একথা আমিও স্বীকার করছি। তবে এই টাকা সঠিকভাবে ব্যয় হয়েছে। এখানে ম্যাক্সিমাম ইউটিলাইজেশন অব দি এভেইলেবল রিসোর্সেস হয়েছে কিনা, সেই নিরিখে মাননীয় সদস্যদের আমি বিচার করবার জন্য অনুরোধ করছি। আমি মনে করি যে অর্থ পাওয়া গেছে তাই দিয়ে যে পরিমাণ কাজ করা সম্ভবপর তা আমরা করতে পেরেছি। এখন ডিরেক্টোরেট সংশ্লিষ্ট তার কিছু এ্যাটিচিউড এবং এ্যাপ্রোচ তার স্কীমটাকে ট্রেনিং এণ্ড প্রোডাকশন, আগের চেয়ে অনেক উন্নত হয়েছে এবং তার প্রমোশন এণ্ড ডেভেলপমেন্ট হয়েছে। আমাদের স্কীমটাকে ডিরেক্ট যিনি আছেন, বর্তমানে হিজ রোল ইজ স্পেসিফাইড টু প্রমোশন এন্ড ডেভেলপমেন্ট।

হরশঙ্করবাবুর আজকাল কনসেপ্ট অব স্মল স্কেল ইণ্ডাস্ট্রি বদল হতে চলেছে। খাদি এন্ড ভিলেজ ইণ্ডাস্ট্রিজ কমিশান-এর হাতে কুটির শিল্পের নেতৃত্বে ছিল। এখন কুটির শিল্পের নেতৃত্ব দেবার জন্য খাদি এন্ড ভিলেজ ইণ্ডাস্ট্রিজ বোর্ড করতে হয়েছে। এই হাউসে কিছুদিন আগে খাদি এন্ড ভিলেজ ইণ্ডাস্ট্রিজ এনকুইয়ারি কমিশনর রিপোর্ট আমরা বিলি করেছি। তাতে দেখছি ১৯৬৭ সালে হরশঙ্করবাবুদের যুক্তফ্রন্ট সরকার একে কী ভয়াবহ অবস্থা করে দিয়েছে। আজও কী ভয়াবহ অবস্থা কুটির শিল্পের! তাদের এই কুটির শিল্পের উপর আক্রমণের কারণ কি? খাদিকে আইডল করে দেওয়া! পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের গোটা অর্থনীতিকে বিকল করবার জন্য কী কুৎসিত ষড়যন্ত্র। তাদের সেই অত্যাচারের কুৎসিত যড়যন্ত্রের রূপ ফুটে উঠেছে খাদি এন্ড ভিলেজ ইণ্ডাস্ট্রিজ এনকুইয়ারি কমিশনের রিপোর্টে।

আমরা এর ডাইভার্সিফিকেশনের জন্য সেক্রেটারিয়েট লেভেলে একটা ইমপ্লিমেন্টিং এজেন্সি গঠন করেছি। আমরা হ্যান্ডলুমের জন্য আলাদা একটা ডিরেক্টোরেট করেছি এবং সেরিকালচারের জন্যও আলাদা ডিরেক্টোরেট করেছি। উই আর অন দি থিংকিং—খাদি বোর্ডের বাইরে কুটির শিল্পের জন্য একটি পৃথক বোর্ড গঠন করবার কথা আমরা চিন্তা করছি। কিন্তু ক্ষুদ্র এবং কুটির শিল্প দুটি বিভিন্ন স্ট্রীম করা অপেক্ষাকৃত শক্ত যদি না করেসপন্ডিং এ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারি সেট-আপ করা যায়। তবে আপনারা একথা শুনলে খুশী হবেন যে ৩৩৫টি ব্লকের প্রত্যেকটিতে যাতে সার হেল্প দিতে পারি—এ্যাডমিনিস্ট্রেটিভ হেল্প তার জন্য প্রমোশনাল এজেন্সি হিসাবে একটি করে স্টেট ফিনান্সিয়াল ইন্সটিটিউশান স্থাপন করবার সিদ্ধান্ত করেছি যা ১৪টি ন্যাশনাল ব্যাংকের লিয়াঁসো হিসাবে কাজ করবে।

[6-50 — 7-00 p.m.]

তাদের এস্টাবিলশ করার সিদ্ধান্ত গ্রহণ করেছি এবং সেটা ক্রমান্বয়ে কার্যে রূপান্তরিত

হচ্ছে। আমাদের এখানে শিক্ষার একটা শিক্ষার একটা মূল ত্রুটি আছে, আমাদের ভোকেশনাল ট্রেনিংয়ের ব্যবস্থা নেই, আমাদের এখানে সাইকোলজিক্যাল ট্রেনিংয়ের ব্যবস্থা নেই, আমাদের এখানে হাতে কলমে শিক্ষার ব্যবস্থা নেই। আমরা এইজন্য ব্যবস্থা করছি। এদের শিক্ষার জন্য বিভিন্ন জায়গা থেকে হরিয়ানা, পাঞ্জাব থেকে বাইরের লোক আনতে হচ্ছে। আমরা বিভিন্ন ট্রেনিংয়ের ব্যবস্থা করতে বাধ্য হচ্ছি। আমরা আশা করছি এই বছর থ্রু প্রমোশন অফ স্মল স্কেল ইন্ডাস্ট্রিস আজকে যে ক্যাপিটেলের কথা বলা হয়েছে আজকে স্মল স্কেল ইন্ডাস্ট্রির যে ক্যাপিটাল বেস ছিল যে লিমিট ছিল সেটা এক বছরে আমরা বাড়িয়েছি। এখন বাড়িয়ে সেটা ১০ লক্ষ টাকা করেছি এবং অ্যান্সিলিয়ারির ক্ষেত্রে ১৫ লক্ষ টাকা করা হয়েছে। এটা করা সম্ভব হয়েছে। আমরা নিচের দিকটার কথা ভাবছি। ফারদার প্রোটেকশন যাতে দেওয়া যায়। পশ্চিমবঙ্গের ব্যাপার সর্ব ভারতীয় ভিত্তিতে চিন্তা করতে হবে। আজকে বিভিন্ন স্কীমের কথা বলেছি। আমি আগেই বলেছি, আমরা যদি নরম্যাল, ট্রাডিশনাল লাইনে, কনভেনশনাল লাইনে যদি যাই তাহলে ডেভেলপ করতে পারব না। সেইজন্য বেছে নিয়েছি যেখানে ডেভেলপ করার পোটেন্সিয়ালিটি আছে। সেইজন্য করেছি স্টেট লেদার ডেভেলপমেন্ট কর্পোরেশন। এদের লক্ষ্য হবে আমাদের এখানে 45 lakhs pieces of skins and hide যেখানে আমরা স্কিন ফিনিস করি। আমরা যদি ফিনিশিংয়ের দায়িত্ব নিতে পারি, আমরা যদি tanning and other manufacturing করতে পারি আমি মনে করব অনেক কাজ করা সম্ভবপর হবে। অন্যদিকে আপনি জানেন আমরা সফিটিকেটেড লাইনে চিন্তা করছি না। আমরা সেই লাইনে চিন্তা করছি, বিখ্যাত বিশেষজ্ঞরা চিন্তা করছেন চর্মশিল্প, রেশমশিল্প-এর উন্নতি। রেশম শিল্পের ব্যাপারে নারায়ণ ভট্টাচার্য মশাই বলেছেন জলপাইগুড়ির কথা। ফিফথ প্ল্যানে যাতে একটা নার্সারি আলিপুরদুয়ারে করতে পারি সেজন্য অগ্রসর হচ্ছি। এই আশ্বাস আমি দিতে পারি। আদার দ্যান দিস দার্জিলিংয়ের হিল এরিয়াতেও বিপুল সম্ভাবনা রয়েছে। এখানে যে মূল সমস্যা রয়েছে সেদিকেও আমরা দৃষ্টি রেখেছি। বীজ সরবরাহ করা, সিড সরবরাহ করা। গভর্নমেন্ট যাতে এটা কন্ট্রোল করতে পারে সেজন্য ভবিষ্যতে চেষ্টা করা হবে। আজকে আন্তর্জাতিক বাজারে সিল্কের অনেক সাবস্টিটুউট এসে গিয়েছে। অতএব ভারতীয় সিল্কে উন্নত করতে পারলে তবেই সে আন্তর্জাতিক বাজার দখল করতে পারবে। আপনি শুনে খুশি হবেন যে এই ব্যাপারে আড়াই গুণ বেশি হয়েছে সম্ভবপর হয়েছে অন্য রাজ্য থেকে এখানে। আপনি শুনে আরও খুশি হবেন যে ইতিমধ্যে প্রোডাকটিভিটি পার ইউনিট আমরা অ্যাট দি অ্যান্ড অফ দি ফোরথ প্ল্যান এতটা বাড়াতে পেরেছি। বাই দিস টামি মালবেরি কালটিভেশনও এক্সপান্ড করার চেষ্টা করা হবে। এবং এর সঙ্গে করেসপন্ডেংগলি ৫০ ... ফিলেচার করার চেষ্টা করছি আমরা এটা করতে পারব সব আয়োজন সম্পূর্ণ। আজকে দড়ির কথা বলা হয়েছে। আমরা ইতিমধ্যে দড়ির

ট্রেনিং দিতে পেরেছি এবং উলুবেড়িয়াতে একটা ইউনিট করেছি এবং আমরা অনেকগুলো কোঅপারেটিভ ২০৫ জনকে ট্রেনিং দিতে পেরেছি এবং বিভিন্ন জায়গায় কোঅপারেটিভ সোসাইটি গড়ে তুলেছি। আমরা আশা ছাড়িনি। আমরা মনে করি এর প্রোটেন্সিয়ালিটি আছে। হরশঙ্করবাবুরা এই রাজ্যকে জঙ্গলের রাজত্বে পরিণত করতে চেয়েছিলেন। তা পারেননি বলে তাদের অসুবিধা হচ্ছে। আজকে নূতন উদ্যোগ শুরু হচ্ছে। যে মেশিন ১৯৬৮ সালে ওরা কিনে ছিলেন সেটা চালু করা তাদের পক্ষে সম্ভব হয়নি আমরা সেটা চালু করেছি এবং নূতন মেশিন বসিয়ে সেখানে কাজ শুরু করে দিয়েছি। কগার ইন্ডাস্ট্রি সিসল ইন্ডাস্ট্রির ওরিয়েন্টেশন সম্বন্ধে বলেছেন। আমরা সেদিকে বিশেষ দৃষ্টি দিয়েছি। আমরা জানি এর প্রোডাকশনের পোটেন্সিয়ালিটি আছে। কিন্তু বিভিন্ন কারণে সেটা পুরোপুরি এক্সপ্লয়েটেড হয়ে যাচ্ছে। লাক্ষার কথা বলি। লাক্ষা শিল্প নির্ভর করে আন্তর্জাতিক বাজারের উপর। আমরা যদি ইন্টারনাল .কনজামশন বাড়াতে না পারি রেলওয়ে অ্যান্ড আদার পলিসিং ইন্ডাস্ট্রিজ-এর কোনও স্কোপ থাকবে না। সারা ভারতের প্রোডাকশনের মধ্যে পশ্চিমবাংলায় হয় টেন টু ফিপটিন পারসেন্ট। এবং এই জিনিস আমাদের এই কলকাতা দিয়ে মোর দ্যান ফিপটি পারসেন্ট বাইরে এক্সপোর্ট হয়। আমরা এর বাজার তৈরি করতে না পারার জন্য অ্যাসিলিয়ারি ইন্ডাস্ট্রিগুলি এনটায়ারলি এক্সপ্লয়েটেড হচ্ছে। স্টেট ট্রেডিং কর্পোরেশন যে রয়েছে তার সঙ্গে ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্টিজ কর্পোরেশন যোগাযোগ করে ডিস্ট্রিক্ট গ্রোয়ারসদের মালপত্র পারচেজ করা হচ্ছে অ্যাট দি প্রাইমারি লেভেলে প্রাইস স্টেবিলাইজ করে। আমাদের থাইল্যান্ড হচ্ছে কমপিটিটার। আমরা যদি ইন্টারনাল কনজামশন-এর স্কোপ লাক্ষা শিল্পের বাড়াতে না পরি তাহলে লাক্ষা শিল্পের পরিণতি কি হবে তা এখন ঠিক বলা যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়. ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের কথা বলেছেন। দ্বিতীয় পরিকল্পনার পর এর কাজ হয়েছে। কিন্তু এর ইনফ্রাস্ট্রাকচার করে পরিকল্পনা নেওয়া হয়নি। চতুর্থ পরিকল্পনায় নেওয়া হয়েছিল। ওরা ওদের সময়ে এ সম্বন্ধে কোনও চিন্তাই করেননি। আজকে এ সম্বন্ধে অনেক কথাই বলছেন আমরা চেষ্টা করছি—কিন্তু আমাদের ব্যয় বরাদ্দ অতি সামান্য। স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনকে এগিয়ে নিয়ে যাবার আমরা খুবই চেষ্টা করছি। তবে ব্যাঙ্ক [illegible] কথা আপনারা জানেন অ্যাট এ হায়েস্ট রেট অব ইন্টারেস্ট সেখানে টাকা [illegible] হয় সে কথাও মাননীয় সদস্যরা যেন চিন্তা করেন। ইনফ্রাস্ট্রাকচার ফেসিলিটিজ যেখানে আছে ইন্ডাস্ট্রি সেখানে আপনা থেকেই গ্রো করে ইন্ডাস্ট্রি সেট আপ হয়। এবং সেই ভাবেই আমরা পরিকল্পনা নিতে বাধ্য হয়েছি। আমরা দায়িত্বভার গ্রহণ করার পর ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের সম্বন্ধে অনেক দূর এগিয়ে গিয়েছি। তবে অনেক আমরা দেখছি বিগ হাউসের উপর নির্ভর করতে হচ্ছে। নূতন কোনও এজেন্সি করতে পারিনি। ইনফাস্ট্রাকচার কর্পোরেশনের কথা বলেছেন। সেদিন এ সম্বন্ধে [illegible] হয়েছে। আমরা এ

জিনিস পিক আপ করেছি হরশঙ্করবাবুদের মতো বসে থাকিনি। হরশঙ্করবাবু বিগ হাউসের কথা বলেছেন। উনি যদি প্রমাণ দিতে পরেন তাহলে they will be kicked out of these industrieal states যারা আগের থেকে বসে আছে এবং টেনেন্সি অ্যাক্ট ভায়োলেট করেছে আমরা চেষ্টা করছি একটা স্ট্রিক্ট মেজার নিয়ে স্ট্রিক্ট মেজারস, সার্টিফিকেট প্রসিডিংস অ্যান্ড ইজেক্টমেন্ট সুট করে অ্যালিমিনেট করার চেষ্টা করছি। আনএমপ্লয়মেন্ট প্রবলেম যেখানে আছে য়েখানে প্রোডাকটিভিটি রয়েছে সেখানে এগুলি অ্যালিমিনেট করা নিশ্চয় সম্ভব হবে। এই রকম হাওড়ায় আমরা অনেক স্টেট সেড দখল করেছি। তবে মাঝে মাঝে কমিউনিস্ট পার্টিরা বড় লোকদের সঙ্গে হাত মেলান। সেখানে আমাদের কিছু অসুবিধার মধ্যে পড়তে হয় অনেক কিছু বাঞ্চাল করে দেন। আমি তাদের অনুরোধ করব তারা যেন তাদের স্বভাব বদলান। বারসুল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, এখনও খালি আছে। আমরা অ্যানি ইন্ডাস্ট্রি সে ইঞ্জিনিয়ারিং হোক আর যাই হোক যারা অ্যানট্রাপেনিওর তাদের, আমরা সাহায্য করতে চেষ্টা করব। আমরা বর্ধমানে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করেছি। একটা ইন্ডাস্ট্রি গ্রো করে তার নিজের ফেসিলিটি অনুসারে—তার ইনফ্রাস্ট্রাকচার ফেসিলিটি, মার্কেটিং ফেসিলিটি, ট্রান্সপোর্ট কমিউনিকেশন ফেসিলিটি এই সব থাকলে ইন্ডাস্ট্রি গ্রো করে। কমিউনিস্ট পার্টির মতো যেখানে যখন যেমন সুবিধা সেখানেই ঢুকে পড়ে এই রকমভাবে গড়ে উঠে না। তারা একবার সি. পি. এম.-এর সঙ্গে একবার কংগ্রেসের সঙ্গে যেমন যোগ দেন সেই রকমভাবে ইন্ডাস্ট্রি গ্রো করে না। গ্রোথ সেন্টারস অ্যান্ড এরিয়া, তার পোটেন্সিয়ালিটি আইডেন্টিফাই করে এই সব এস্টেট গড়ে উঠে জাস্ট টু প্রোভাইড ইনফ্রাস্ট্রাকচার ফেসিলিটিজ। র-মেটিরিয়ালের যে অসুবিধার কথা বলেছেন, বর্তমানে র-মেটিরিয়ালের তেমন অসুবিধা নাই। কনভেনশনাল র-মেটিরিয়ালস, কনভেনশনাল ইন্ডাস্ট্রিতে লাগে স্টিল, ক্রোম অ্যান্ড প্লাস্টিক আজকে এ সবের কোনও সমস্যা নাই।

[7-00 — 7-10 p.m.]

অ্যালুমিনিয়ামের কথা বলেছেন। কোনও কোনও জায়গায় কোনও কোনও ভ্যারাইটির অ্যালুমিনিয়াম হয় সেটা জানতে হবে এবং তারা কোনও কোনও ইউনিটে র-মেটিরিয়াল নিয়ে প্রোডাকশন না করে ট্রেডে চলে যায়। আজকে সেফ গার্ড করার জন্য স্ক্রুটিনি অ্যান্ড একজামিনেশন-এর ব্যবস্থা, ভেরিফিকেশনের ব্যবস্থা—তার জন্য অনেক অসুবিধা হয়েছে। আপনি জানেন অনেকগুলি ইউনিটকে ব্ল্যাকলিস্টেড করতে হবে। কারণ, তারা প্রোডাকশন ছেড়ে দিয়ে ট্রেড অ্যাক্টিভিটিতে চলে গেছে। শীশ মহম্মদ সাহেব এখানে নেই, চলে গেছেন। স্যার, আপনি পাওয়ারলেস—আমরা হতাশায় মরি, বক্তৃতার সময় আক্রমণ করে, কিন্তু জবাবটা শুনে যায় না। ডিভিশন কল করলে ক্যানন্ট ফাইট উইথ আর্টিলারি অব মাউস—আমাদের কোনও ভয় নেই—কাজের ওর উত্তর দেবার প্রয়োজন

নেই। তাদের বোতাম টেপার শক্তি নেই, তাই এখান থেকে সরে গেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা কোনও একটা কথা নয়, ডিভিশন কল করে আমরা চলে যাচ্ছি—আক্রমণ করলে নিশ্চয় তার উত্তরটা শুনে যাব—না শুনলে আক্রমণ করার কোনও অধিকার থাকে না, এটাই হচ্ছে পার্লামেন্টারি বেসিক অ্যাটিকেট, ওদের অ্যাটিকেট বলে কোনও জিনিস নেই—ওরা সুবিধাবাদী। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে কথা বলছিলাম সেখানে আবার ফিরে আসি—অ্যানসিলারি ইন্ডাস্ট্রির কথা বলেছেন। আপনি জানেন দুর্গাপুরে অ্যানসিলারি কারখানা করা সম্ভবপর হয়েছে। আমরা অ্যানসিলারি কমিটি করে পারমানেন্ট একজিবিশন ওখানে রাখিনি, সাব-কন্ট্রাক্ট এক্সচেঞ্জ রাখিনি, বরানগরে এস. আই. এস. আই. আছে, সেখানে সাব-কন্ট্রাক্ট এক্সচেঞ্জ করা সম্ভবপর হয়েছে। অ্যানসিলারি ইন্ডাস্ট্রি নির্ভর করে ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির উপর—হরশঙ্করবাবু বললেন এই ইন্ডাস্ট্রি চালাব ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি বাদ দিয়ে, সরবরাহের জন্য তো ওয়াগন দরকার। স্যাক্সবি ফারমার ওয়াগন-এর অংশ তৈরি করে। আপনি শুনে খুশি হবেন ৪৫০টি ইউনিটে ৩ হাজার কম্পোনেন্ট ওরা তৈরি করে। কাজেই আজকে যেখানে পোটেন্সিয়ালিটি আছে সেট আপ করব। সম্প্রতি মুখ্যমন্ত্রী খড়গপুর রেলওয়ে অথরিটিকে লিখেছেন রেলওয়ে ইন্ডাস্ট্রির সাথে অ্যানসিলারি ইউনিট করার জন্য, ওদের তো সম্মতি নিতে হবে—তবে ওরা এখনও পুরো সম্মতি দেয়নি, আমরা চেষ্টায় আছি। যারা ইতিমধ্যে ডাইভার্সিফাই করেছে অ্যানসিলারি ইন্ডাস্ট্রি, সিপ বিল্ডিং, অটোমোবাইল, ওয়াগন বিল্ডিং, টেক্সটাইল মেশিনারি ম্যানুফ্যাকচারিং, মাইনিং মেশিনারি ম্যানুফ্যাকচারিং ইত্যাদি এই সব ইন্ডাস্ট্রির যে স্কোপ আছে, তাদের ওখানে ডাইভার্সিফাই করব। এটা ওরা আজকে দেখতে পান না? হরশঙ্করবাবু আমার বিশেষ বন্ধু লোক, কমিউনিস্ট বেঞ্চে বসে উনি দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেছেন কিনা আমি জানি না। ওর দৃষ্টির সময় চোখগুলি বাহিরে থেকে এসেছিল কিনা জানি না, উনি জিনিসটা দেখেও দেখেননি। উনি রিজার্ভেশনের কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, জাপানের মতো দেশে বহুকাল পরে সিরিজ অব লেজিশলেটিভ প্রোটেকশন দিয়ে তবে ইন্ডাস্ট্রিগুলি বাঁচিয়ে তুলেছে। আর আমরা এখানে লেজিশলেটিভ প্রোটেকশনের কথা চিন্তা করাছি, এবং বাই একজিকিউটিভ অর্ডার প্রোডাকশন রিজার্ভ করতে পেরেছি, এদিক দিয়ে যতটা করা সম্ভবপর সেটা করার চেষ্টা করার চেষ্টা করেছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহোদয়, অ্যাফিসিয়েন্সি যদি না বাড়াতে পারি তাহলে প্রোটেকশন দিয়ে আর্টিফিসিয়াল ফিডিং দিয়ে কোথাও ওদের দলের বাহিরের শুক্তি পেয়ে ক্রমশ ক্ষয় হয়ে যাবে। আর্টিফিসিয়াল ফিডিং দিয়ে কোনও ইউনিট, কোনও ট্রেডের ডিসিপ্লিনকে বাঁচিয়ে রাখা যায় না, তথাপিও যতদিন প্রয়োজন হবে ততদিন আমাদের এই রিজার্ভেশনের জন্য লেজিসলেটিভ প্রোটেকশনের কথা বলেছি। এখন পর্যন্ত এটা একজিকিউটিভ পর্যায়ে রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসে বার বার বলেছি ওয়েস্ট বেঙ্গলে

কেন জানি না, অ্যাপেন্ডিক্স ৬৮-এ ইম্পোর্টের যে সুবিধাগুলি আছে, অল ভলান্টারি অর্গানাইজেশনের নিজস্ব একটা ফেডারেশন অব স্মল ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব কর্টেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রি এবং ন্যাশনাল অ্যালায়েন্স অব ইয়ং অ্যানট্রাপ্রেনিওরস যা আছে তাদের সবাইকে আহ্বান করে বিশেষ করে ইম্পোর্টেড র-মেটিরিয়াল-এর উপর বেস করে ইন্ডাস্ট্রি সেট আপ করার প্রশ্নে এখানকার অ্যান্ট্রাপ্রেনিওরসরা এগিয়ে আসছে না।

সেই জন্য দমদমের কাছাকাছি এলাকার একটা এক্সপোর্ট প্রসেসিং জোন ই. পি. এস. করার চেষ্টা করছি এবং কেন্দ্রীয় সরকার জানিয়েছেন যে এটা এখন ফাইনাল পর্যায়ে আছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় বার বার দিল্লি গিয়ে এই বিষয়টির তদ্বির করেছেন। প্ল্যানিং কমিশনে এটা নাকি আটকে আছে। এটা যদি হয়ে যায় তাহলে আমরা আশা করছি এর একটা সুবিধা হবে এবং এর এমপ্লয়মেন্ট পোটেন্সিয়ালিটি খুব বেশি বেড়ে যাবে। কিন্তু এ ছাড়াও যেখানে যেখানে এক্সপোর্ট পোটেন্সিয়ালিটি রয়েছে সেটা বার করে তাকে আমরা বিশেষ ইন্সেন্টিভ দিচ্ছি। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী শঙ্কর ঘোষ মহাশয় স্মল স্কেল ইন্ডাস্ট্রিজের অনুকূলে যে ছাড় দিয়েছেন বা রিলিফ দিয়েছেন সেগুলি ছাড়াও আমরা অ্যানাদার ইন্সেনিটভ প্যাকেজ দেবার চেষ্টা করছি। এটা এখন ক্যাবিনেটের চূড়ান্ত বিচারের অপেক্ষায়, আমরা আশা করি কিছু অধিকতর সুযোগ সুবিধা আমরা দিতে পারব। তারপর স্যার, মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় আপনার কাছে কিছু তথ্য তুলে ধরেছেন এবং বলেছেন ামাদের অগ্রগতি উল্লেখযোগ্য। আমরা স্যার, এই যুক্তিতে মার্জিন মানি স্কীম, অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট স্কীমে ট্রেনিং দিয়ে ডিপ্লোমা হোল্ডারদের ব্যাঙ্ক পেসিলিটিস দিয়ে, ইন্টারেস্ট সাবসিডি দিয়ে, প্যাকেজ ইন্সেন্টিভ দিয়ে এই সমস্ত শিল্পে নিয়ে যেতে পারি কিনা দেখছি। উনি বলেছেন, নিউ ডাইমেনশন খুলে গিয়েছে। আমি মনে করি আমাদের যারা অর্থনীতিবিদ আচেন তাদের এ বিষয়ে চিন্তা করা দরকার, জনপ্রতিনিধি যারা আছেন তাদের চিন্তা করা দরকার এবং বিশেষ করে নেতৃস্থানীয় যারা আছেন তাদের চিন্তা করা দরকার। আমরা কখনই আমাদের দেশে ক্যাপিটাল ইন্সেন্টিভ দিয়ে আমাদের সমস্যার সমাধান করতে পারব না। এখানে আনএমপ্লয়মেন্ট যে রেটে বাড়ছে তাকে যদি কনটেন্ট করতে হয় তাহলে প্রোডাক্টিভ এমপ্লয়মেন্টের কথা আমাদের চিন্তা করতে হবে। আমাদের মতোন দরিদ্র দেশে বা অল্প পুঁজির দেশে যাতে লোকের কর্মসংস্থান হয় সে কথা আমাদের ভাবতে হবে। স্যার, এই বইটা বোধ হয় আপনার কাছে এখনও পৌছায়নি। এতে আমরা দেখাতে পেরেছি যে ১৯৬২ সালে যেখানে ইনভেস্টমেন্ট অ্যাপক্রসিমেটলি ৩০৫ কোটি টাকারমতোন হবে এবং ৬ লক্ষের মতোন লোক কাজ করছে। এটা যথেষ্ট নয়। উনি ঠিকই বলেছেন যে সঠিক তথ্য পাওয়া খুবই শক্ত। আমি আমার বাজেট বক্তৃতায় মধ্যেও সে কথা বলেছি। আমি বলেছি, "ফিরে আসা যাক ক্ষুদ্র শিল্প বিভাগে, একথা আমি অকপটে স্বীকার করব

বিশ্বাসযোগ্য সমীক্ষার অভাবে ক্ষুদ্র শিল্পের বর্তমান বিন্যাস ও সঠিক প্রগতির তথ্য পাওয়া শক্ত। তবে মোটামুটি একটা চিত্র তুলে ধরা যায়। আজ পর্যন্ত নথিভুক্ত ক্ষুদ্র শিল্পের সংখ্যা দেখে শিল্পের অগ্রগতি আন্দাজ করা যায়। ১৯৭০ সালে সংখ্যা ছিল ১৬ হাজার ৫শো ৬৫, ১৯৭২-এ ছিল ২৪ হাজার ৭ শো ১২, ১৯৭৫ সালে সংখ্যা দাঁড়িয়েছে ৮৯ হাজার ৮২২। ১৯৭৩ সালে কেন্দ্রীয় সরকার সারা ভারতের ক্ষুদ্র শল্প গণনার কাজ হাতে তুলে নেন। গণনা খুব তাড়াতাড়ি শুরু ও শেষ হয়। ফলে শিল্পের এক বৃহৎ সংখ্যা, যাদের নিবিড় ক্ষুদ্র শিল্প অভিযানের সময় কিম্বা সাধারণ গতিতে ১৯৭৩ সালের ৩১শে ডিসেম্বর-রে পর নথিভুক্ত করা হয়, প্রতিবাদ সত্ত্বেও গণনায় সেই সংখ্যা অন্তর্ভূক্ত করা হয়নি। অবশেষে কেন্দ্রীয় সরকার আমাদের প্রতিবাদ অনুসারে একটি বিশেষ সেল গঠন করে শিল্পগণনায় এইসব ফেলে রাখা ক্ষুদ্র শিল্প সংস্থার অন্তর্ভূক্তির কাজ হাতে তুলে নিয়েছেন। "মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সমস্ত প্রকার অপপ্রচার আমাদের রোধ করতে হবে। আর তা করে সবাই যাতে রেজিস্ট্রেশনে এগিয়ে আসে সেটা আমাদের দেখতে হবে। উনি পাওয়ারের কথা বলেছেন। স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড একটি স্বয়ং শাসিত সংস্থা। আমরা যদি একে কনটেন্ট করতে পারি—এটা করতে পারি আমরা ইন্সেটিভ পাওয়ার দিতে পারি কিনা—আপনি শুনলে খুশি হবেন, সেটা দেওয়া সম্ভব হয়েছে।

[7-10 — 7-20 p.m.]

১৯৭৫-৭৬ সালে ২ হাজার ইউনিটকে কম বেশি ৪ লক্ষ টাকা বেশি ইনসেন্টিভ দেওয়া সম্ভব হয়েছে ইন অ্যাডিশন টু দি রিবেট পেবেল টু দি হ্যান্ডলুম উইভারস। আজকে উইভারসদের জন্য কেন্দ্রীয় সরকার গুরুত্ব দিয়েছেন, মাননী প্রধানমন্ত্রী গুরুত্ব দিয়েছেন। আমরা আশা করছি ইন্টেন্সিভ ডেভেলপমেন্ট ফর উইভারস আমরা স্কীম করতে পারব। আমরা চারটি জোনের জন্য দাবি করেছি। আমরা যদি দু-একটাও পাইলট প্রোজেক্ট হিসাবে পাই তাহলে হ্যান্ডলুম ইন্ডাস্ট্রির জন্য বুষ্ট আপ দেওয়া সম্ভব হবে। আমরা ইকুয়ালি এক্সপোর্ট ওরিয়েন্টেড প্রোজেক্ট চেয়েছি এবং আশা করছি আমরা পাব। আমাদের এক্সপোর্টের শেয়ার খুবই নগণ্য। আজকে টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে, হ্যান্ডলম ইন্ডাস্ট্রিতে আমরা ফ্রেইট ইকুয়ালাইজেশন চেয়েছি। আজকে কয়লা, সিমেন্ট, আয়রণ এবং স্টিলের বেলাতে ফ্রেইট ইকুয়ালাইজেশন আছে। আমরা ফ্রেইট ইকুয়ালাইজেশ ফর কটন চেয়েছি এবং টেক্সটাইল অ্যান্ড হ্যান্ডলুম ইন্ডাস্ট্রিতেও সেই একই জিনিস আমরা দাবি করেছি যাতে এই ইন্টাস্ট্রিগুলো বুষ্ট আপ হয়। কিন্তু কটন ইয়ার্নের ক্ষেত্রে তা হয়নি। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্বাঞ্চলীয় সমস্ত রাজ্যগুলি থেকে এই দাবি করা হয়েছে। আজকে এই ফ্রেইট ইকুয়ালাইজেশন যদি না করা হয় তাহলে আমরা পার্মানেন্ট

ডিসঅ্যাডভান্সে থেকে যাব। কাজেই এই দাবি আমরা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লেবার ওয়েজেস-এর কথা বলা হয়েছে, এটা লেবার দপ্তরের এক্তিয়ার। ফিনান্সিয়াল ম্যানেজমেন্টের জন্য এডুকেশন দপ্তরের সঙ্গে আলোচনা চলছে। আজকে ফিনান্সিয়াল ম্যানেজমেন্টের জন্য আনতে পারবেন না, এর জন্য অর্গানাইজেশন সেট আপ করা দরকার। আজকে হায়ার সেকেন্ডারিতে ম্যানেজমেন্ট কোর্স, ফিনান্সিয়ার ম্যানেজমেন্ট এবং প্রিলিমিনারি কোর্স ছাত্ররা পড়তে পারে। আজকে যারা শিক্ষাবিদ রয়েছেন তারা এই কারিকালামগুলি সংশোধন করতে পারেন। যদি প্রয়োজন হয় এডুকেশন কারকিলামের সিলেবাস কিছু রিভিশন করা যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে লো টেকনোলজির কথা বলা হয়েছে। কেন্দ্রীয় শিল্পমন্ত্রীকে জানিয়ে দেওয়া হয়েছে। আজকে হাওড়ার মডার্নাইজেশন প্রোগ্রাম চলছে। ১০টি ইন্ডাস্ট্রি আমরা বেছে নিয়েছি ফর মডার্নাইজেশন এবং চর্মশিল্পও এর মধ্যে আছে। আজকে ময়নাগুড়িতেটি ওয়েস্ট থেকে ক্যাফিন তৈরির ব্যবস্থা চলছে। সেরি-কালচার ইন্ডাস্টিতে প্রোমোশন এবং ডেভেলপমেন্টের অ্যাক্টিভিটি চলছে। নর্থ বেঙ্গলে ডলোমাইট-এর এক্সপ্লোর করার ব্যবস্থা হচ্ছে। আজকে নর্থ বেঙ্গলের উড এবং টিমবারকে সদ্ব্যবহার করতে হবে তাহলে আমরা অনেকটা এগিয়ে যেতে পারব। আজকে রায়গঞ্জে স্পিনিং মিল হতে চলেছে, পশ্চিম দিনাজপুরে স্পিনিং মিল হতে চলেছে। আজকে যাদবপুর ইউনিভার্সিটির ফুট্র প্রিজারভেটর, প্রফেসর সমীর চ্যাটার্জির সহায়তায় মালদাতে ম্যাঙ্গো প্রোসেসিং সেন্টার হতে পারে। শিলিগুড়িতে পাইন আপেল প্রোসেসিং ইন্ডাস্ট্রি করার জন্য চেষ্টা হচ্ছে। এই সমস্ত অ্যাগ্রো বেসড ইন্ডাস্ট্রি গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে। আজকে মিনি পেপার মিল, মিনি সুগার প্লান্ট, মিনি সিমেন্ট প্ল্যান্ট এগুলি ভায়েবল হবে কি না সেটা দেখা হচ্ছে। যদি এগুলিতে আমরা সফল হই তাহলে আমরা অনেক দূর পর্যন্ত এগিয়ে যেতে পারব। আজকে গোবর থেকে বাইও-গ্যাস জেনারেট করার জন্য বিশেষ চেষ্টা করা হচ্ছে। আমাদের অফিসার যারা রয়েছেন তারা এটা নিয়ে চিন্তা করছেন। যদি এই গোবর থেকে গ্যাস জেনারেট করা যায় তাহলে বোথ ইলেক্ট্রিসিটি এবং হিটের ব্যাপারে এগুলি আমরা কাজে লাগাতে পারব। এই গোবর গ্যাস প্ল্যান্টের জন্য মার্জিন মানি দেওয়া হচ্ছে। আজকে বাঁকুড়ার প্রোজেক্ট এরিয়াতে হ্যান্ডলুমকে সীমাবদ্ধ রাখিনি। হ্যান্ডলুমকে কেব্লিলের বুষ্ট আপ করার জন্য, ট্রেনিং ফেসিলিটিজ-এর জন্য আমরা তমলুকে ফার্নিচার রিসার্চ স্টেশন করেছি। আমাদের প্রোডাকশন ফর হ্যান্ডলুম সেক্টর অনেক বেড়ে যাচ্ছ। ১৯৭০-৭১ সালে হ্যান্ডলুম প্রোডাকশন ছিল ১৮০ মিলিয়ন মিটার। আজকে ২০৩ মিলিয়ন মিটার-এ পরিণত হয়েছে এবং ভ্যালু অ্যাডেড ওভার ৪০ ক্রোরস। এটা সম্প্রসারণ করার চেষ্টা করছি। বাঁকুড়া প্রোজেক্ট এরিয়ায় রুর‍্যাল ইন্ডাস্ট্রিয়াল প্রোজেটের মাধ্যমে গ্রামাঞ্চলে ক্ষুদ্র শিল্পের প্রসার করার চেষ্টা করছি। কঞ্চ শেল সম্পর্কে বলি, মাননীয় শীশ মহম্মদ

মহাশয়, আজকে শুনে খুশি হবেন, এটার সফেস্টিকেশনের জন্য আমরা বাজারে ১৪ লক্ষ কণ্ঠ টাকার বিলি করেছি। অ্যাপেক্স হ্যান্ডলুম কো অপারেটিভ সোসাইটিতে ফিনিসড প্রোডাক্ট এর ভান্ডার করা আমাদের পক্ষে সম্ভব হয়েছে। বেঙ্গল স্টেট এইড টু ইন্ডাস্ট্রিজ থেকে আমাদের যে লোন দেওয়া হয়েছে তা পাওয়ার পর আমাদের এই ট্রাডিশনাল ইন্ডাস্ট্রি, কন্চ, বেলামেটাল, এই ইন্ডাস্ট্রি ডাইভারসিফায়েড এও ইম্প্রুভমেন্ট কিছুটা আমরা করতে পেরেছি, লো ডিস্টিবিউট করে দিয়েছি, এতে অনেকাংশে আমরা সফল হয়েছি। আমরা যে ইন্ডাস্ট্রিয়াল একজিবিশন করেছি, তাতে মাননীয় সমস্ত সদস্যদের ইনভাইট করেছি এবং আপনার মাধ্যমে সদস্যদের ইনভাইট করছি ঐ একজিবিশন দেখবার জন্য, এখন ঐ একজিবিশন ১৫ দিন থাকবে। আজকে এটাকে যদি এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে সবাইকে উৎসাহ দিতে হবে, এই ইণ্ডাস্ট্রি র ওরিয়েনটেশন বদলাতে হবে। প্রোনাউনসড প্রেফারেন্স ফর হোয়াইট কলার জবস বদলাতে হবে, সেই জন্য ব্যাঙ্কগুলোকে এগিয়ে আসতে হবে। ব্যাংক সম্বন্ধে রাষ্ট্রমন্ত্রী মহাশয় বলছেন মাননীয় সিদ্ধার্থ শংকর রায় এখানে যে ইস্টার্ন জোন কনসালটেটিভ কমিটি এসেছিল, তিনি সেই কমিটির কাছে আমাদের দাবি তুলে ধরেছেন এবং এখানে ডিপোজিট মোবিলাইজ, লেন্ডিং বাড়াতে যদি না পারি তাহলে ক্ষুদ্র শিল্পের প্রসার ঘটবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোন মিলের কথা বলা হয়েছে, বোন মিল ইণ্ডাস্ট্রিটি সাফিসিয়েন্ট মেটিরিয়ালের উপর নির্ভরশীল। এটা কোথাও কোথাও আমরা পুনর্জীবন করতে পেরেছি, আর কোথাও পড়ে যাচ্ছে ফর ওয়ান্ট অব র মেটিরিয়্যালস্। স্টোন কোয়ারি সম্বন্ধে নিতাই পদ ঘোষ মহাশয় বলেছেন যে রোড্স এবং ইলেকট্রিসিটিতে এইগুলো দরকার নতুন ইউনিট সেটআপ করতে গেলে। এইগুলো কতদুর করা যায় সেটা আমরা নিশ্চয়ই দেখবো। একজন মাননীয় সদস্য আমাদের সমর্থন করেছেন বিরোধিতা করেননি, তবে তিনি এক্সাইজ প্রসিডিয়োর সম্বন্ধে বলেছেন, আমরা সেটা আংশিকভাবে কি করে সিমপ্লিয়ায়েড হয়, সেটা দেখবো। আমি মনে করি পাবলিক আন্ডার টেকিং কমিটির কনট্রিবিউশন উল্লেখযোগ্য। এইরকম কমিটির মাল্টিপ্লিকেশন হওয়া উচিত। কিন্তু এইসব কমিটির মধ্যে একটা লিয়াসো থাকা দরকার। একজন সদস্য বলেছেন প্রোডাক্টিভিটির সঙ্গে মিনিমাম ওয়েজ স্থির করতে হবে। মিনিমাম ওয়েজের ব্যাপারটা আমার নয়, এটা লেবার ডিপার্টমেন্টের, তারাই এটা করবেন। আমার সময় শেষ হয়ে এসেছে, আমি আর বিশেষ কিছু বলতে চাই না, আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি এবং যে বন্ধুরা এখানে সৃজনশীল বক্তব্য রেখেছেন, তাঁদের সবাইকে ধন্যবাদ জানিয়ে, আমার কথা শেষ করছি এবং সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি।

Mr. Speaker : I now put the cut motions to vote.

The Motion of Shri Shish Mohammad that the amount of the Demand be reduced to Re. 1, was then put and lost.

The Motion of Shri Bhupal Chandra Panda that the amount Demand be reduced to Re. 1, was then put and lost.

The Motion of Shri Shish Mohammad that the amount Demand be reduced by Rs. 100, was then put and lost.

The Motion of Shri Netaipada Sarkar that the amount Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs. 4,48,11,000 be granted for expenditure under Grant No. 63, Major Heads : "321—Village and Small Industries (Excluding Public Undertakings), 521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 721—Lons for Village and Small Industries (Excluding Public Undertakings)", was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7.20 p.m. till 1 p.m. on Wednesday, the 10th March 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 10th March, 1976 at 1.00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 10 Ministers, 5 Ministers of State 1 Deputy Minister and 157 Members.

[1-00 — 1-10 p.m.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was no to be take oath)

Starred Questions
(to which Oral Answers were given)

বিদ্যুৎ সরবরাহ

***১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯০।) শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত কোনও জেলায় কতগুলি গ্রামে ও মৌজায় বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে ; এবং

(খ) অবশিষ্ট কতগুলি গ্রামে ও মৌজায় ঐ সময় পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করা হয় নাই?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ মিঃ স্পিকার, স্যার, "ক" ও "খ" একটি বিবরণী টেবিলে রাখা হল।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, এই যে স্কীম আপনি গ্রহণ করেছেন এই স্কীম অনুযায়ী ২৮,৪৫১ মৌজা এখনও পর্যন্ত বৈদ্যুতিকরণ হয়নি,

এটা কি কি কারণে হয়নি?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ মিঃ স্পিকার, স্যার, ১৯৭২-৭৩ সালে আমরা নন-প্ল্যান্ড ফান্ডে কিছু টাকা রেখেছিলাম। কেন হয়নি, এটা এক কথায় বলতে গেলে বলতে হয় যে, টাকার অভাবে হয়নি। বাট আই অ্যাম ট্রাইং টু এক্সপ্লেন, ১৯৭২-৭৩ সালে নন-প্ল্যান্ড ফান্ডে আমাদের কিছু টাকা ছিল এবং সেই টাকা থেকে কিছু ইলেক্ট্রিফিকেশনের কাজ করেছিলাম, গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ, তারপর টাকার অভাবে আমাদের প্ল্যান ড্রপ করতে হয়। আমরা এখন যে কাজগুলি করছি সেগুলির সমস্ত টাকা আর. ই. সি.-র টাকা এবং সেটার সবটাই প্ল্যান্ড ফান্ডের। মাননীয় সদস্যরা সবাই অবগত আছেন যে, এ বছর ৯ কোটি টাকা আর. ই. সি.-র স্যাংশন করা হয়েছে, এই ৯ কোটি টাকায় আমাদের যতটা করা সম্ভব আমরা ততটা করব। এখন এই আর. ই. সি.-তে তিন রকমের স্কীম আমরা নিয়ে থাকি বা ওরা নিয়ে থাকে। একটা হচ্ছে অনুন্নত জেলাগুলির জন্য স্কীম, এই অনুন্নত জেলা বলতে কলকাতা, হাওড়া এবং ২৪-পরগনা বাদে অন্যান্য জেলাকে ধরছে। আর একটা হচ্ছে মিনিমাম নিড প্রোগ্রাম স্কীম।

প্রথম ক্ষেত্রে অ্যাডভান্সড স্টেজ যেটা বললাম তাতে আর. ই. সি. ৭$^{১}/_{২}$ থেকে ৯$^{১}/_{২}$% সুদ ২০ বছরে। দ্বিতীয় ক্ষেত্রে ব্যাকওয়ার্ড ডিস্ট্রিক্ট-এ আর. ই. সি. ঋণ দিয়ে থাকে ৭$^{১}/_{২}$% ২৫ বছরের জন্য। তৃতীয় ক্ষেত্রে মিনিমাম নিড প্রোগ্রাম-এ ৭ থেকে ৭$^{১}/_{২}$% ৩০ বছরে। মোট কথা হল আর. ই. সি. ছাড়া আমাদের রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন করার কোনও উপায় নেই। আমরা টাকা যা পাই তা সবই আর. ই. সি. থেকে। আর. ই. সি. যে ৯ কোটি টাকা দিচ্ছে সেটা এগ্রিকালচারাল বায়াসড। অনেক সময়ে সদস্যরা বলেন গ্রামে হয়েছে ও গ্রামে হচ্ছে কেন? আর. ই. সি. যা দিচ্ছে সেটা সব সময় ১০০% পারফেকশন হিসেবে তা ঠিক নয়। তবে ওদের যে গাইড লাইন সেটা কপি করে আমাদের দিতে হচ্ছে। এটা মেনলি এগ্রিকালচার বায়াসড অ্যান্ড আন্ডার গ্রাউন্ড ওয়াটার কানেকশন আছে কিনা, স্মল স্কেলে ইন্ডাস্ট্রি-তে রিটার্ন-এর চান্স আছে কিনা এই রকম কতকগুলি গাইডলাইন তারা দিয়েছে যার উপর ভিত্তি করে আমরা অগ্রসর হই।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ আর. ই. সি. থেকে যে ৯ কোটি টাকা পাচ্ছেন তাতে এগ্রিকালচার বেল্টগুলি কি সব কভার করা যাবে?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ নিশ্চয় নয়।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ এই আর্থিক দুরবস্থা দূর করার জন্য কেন্দ্রীয় সরকার এই বাবদ টাকা অনুদান হিসেবে বা অন্য কোনও উপায়ে দেখার ব্যবস্থা করেছেন কি?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ আমি আগেই বলেছি আমাদের কোনও টাকা নেই এবং আমরা যে টাকা পাই তা সবই আর. ই. সি. থেকে পাই। এটা সেন্ট্রাল গভর্নমেন্ট অর্গানাইজেশন।

শ্রী শরৎ দাস ঃ আর্থিক ও সামাজিক দিক থেকে যারা প্রভাব ও প্রতিপত্তিশালী তাদের গ্রামেই বিদ্যুৎ যাচ্ছে এবং যারা দরিদ্র্য আদিবাস ও হরিজন তাদের জায়গায় লাইন যাচ্ছে না। সেজন্য এর একটা নির্দেশ দেবেন কি যাতে ঐ সমস্ত দরিদ্র্যদের জায়গায় আসে বিদ্যুতের লাইন যায়?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ এরকম অভিযোগ জানি না। তবে আর. ই. সি.-এর নরমস অনুসারে লাইন যাচ্ছে। আপনি যে কথাগুলি বলছেন সেগুলি ১৯৭২-৭৩ সালের কথা যখন আমরা নন-প্ল্যান থেকে কাজ আরম্ভ করেছিলাম এবং এই নন-প্ল্যান থেকে ৪ হাজার ৪৩টি গ্রামে আমরা কাজ আরম্ভ করেছিলাম। কিন্তু দুঃখের সঙ্গে বলছি টাকা অভাবে এই কাজ আমাদের ড্রপ করতে হয়। কোথাও ৪০%, কোথাও ৬০%, কোথাও ৭০%, কাজ হয়েছে। অনেকে বলেন পোল পড়ে গেছে তার চুরি হচ্ছে। এর একমাত্র কারণ হচ্ছে আমরা যে কাজ আরম্ভ করেছিলাম তা শেষ করতে পারলাম না। আমরা যে নন-প্ল্যান কাজ আরম্ভ করেছিলাম সেগুলি আর. ই. সি. নরমস-এর মধ্যে পরে না। বেশির ভাগ ক্ষেত্রে এগুলি এম. এল. এ.-দের সঙ্গে কথা বলে করেছিলাম।

[1-10 — 1-20 p.m.]

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ সেটা কমপ্লিট করতে হলে কোনও জায়গায় ৮০ পারসেন্ট, কোনও জায়গায় ৭০ পারসেন্ট, কোনও জায়গায় ৫০ পারসেন্ট, ১৮ কোটি ৩৮ লক্ষ টাকা প্রয়োজন। আমরা আজও প্রাণপণে চেষ্টা করছি, কিন্তু টাকা পাইনি ব'লে এগুলি কমপ্লিট করতে পারিনি।

Explorations for oil

*198. (Admitted question No. *57.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state the present position of explorations for extraction of oil from Bakultala in Sunderbans and other coastal belts of West Bengal?

Shri Tarun Kanti Ghosh : This concerns the Central Government. However, target drilling up to 3,500 metres at Bakultola has been

completed by the Oil & natural Gas Commission team and drilling near Lakshmikantapore is proposed to be taken up very soon. Land acquisition proceedings are being initiated. Results of exploratory drilling have not been made available to the State Government till now.

শ্রী রজনীকান্ত দলুই ঃ মন্ত্রী মহাশয় বললেন যে, বকুলতলায় যে টার্গেট ড্রিলিং ছিল সেটা কমপ্লিট হয়েছে এবং আমরা খবরের কাগজে দেখেছি ড্রিলিং-এর যে রিপোর্ট পাওয়া গেছে সেটা খুব ভাল। ওখানে তেল পাওয়া যাবে এটা কি সত্য?

Shri Tarun Kanti Ghosh : Results of exploratory drilling of state Government till now.

শ্রী রজনীকান্ত দলুই ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বোম্বে হাই-এর মতো পশ্চিমবঙ্গের অগভীর সমুদ্রে তৈল সন্ধানের কোনও পরিকল্পনা আছে কিনা?

Mr. Speaker : Does not arise.

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি আজ পর্যন্ত কতটা ড্রিলিং হয়েছে এবং কতটা বাকি আছে?

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, অ্যানসারটা পড়লাম সেটা আপনারা শুনেননি। However, target drilling up to 3,500 metres at Bakultola has been completed by the Oil & natural Gas Commission team.

কোলাঘাট বিদ্যুৎ প্রকল্প

*১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায়** ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোলাঘাট থার্মাল পাওয়ারের জন্য যেসব পরিবারের জমি অধিগ্রহণ করা হয়েছে তার মধ্যে কটি পরিবারের একজন ক'রে কর্মক্ষম লোক উক্ত বিদ্যুৎ প্রকল্পের কাজ পেয়েছে ;

(খ) এখনও কত পরিবারের এরূপ কাজ পেতে বাকি আছে ; এবং

(গ) এই সমস্ত পরিবারের একজন ক'রে কাজ কবে নাগাদ দেওয়া হবে?

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি ১ নং ইউনিটের কাজে

যখন এগোতে পারবার মতো মন্ত্রী মহাশয় টাকা পেয়েছেন তখন ১ নং ইউনিটের কাজকর্মে ২ হাজার পরিবারের নোমিনির কাজ হয়ে যাবে?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ মাননীয় সদস্যা অবগত আছেন কোলাঘাট সম্বন্ধে সমস্ত কথা। আমি তাকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি তিনি যেভাবে ইন্টারেস্ট নিয়েছেন এবং সাহায্য করেছেন। মাননীয়া সদস্যা এটাও জানেন যে, এন্টায়ার প্রোজেক্ট করতে দরকার ১৯২ কোটি ৫৩ লক্ষ টাকা। এই টাকা পেতে আমাদের অসুবিধা হয়েছে সেটা আপনারা জানেন। তবে একটা কথা হাউসে বলতে আমার আপত্তি নেই যে এই ব্যাপারে উনি আমাদের সাহায্য করেছেন। ১৯৭৫-৭৬ সালে এই কাজ করবার জন্য আমাদের ছিল ৫ কোটি ৮৫ লক্ষ টাকা এবং এবারে আমরা আশা করছি ১০ কোটি টাকা পাব। ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানের শেষের দিকে আমাদের যে টার্গেট ছিল সেই অনুসারে আমাদের ইউনিট হবার কথা। সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানের প্রথম দিকে বা দ্বিতীয় বছরে আমরা দুটি ইউনিট করার চেষ্টা করব। দুটি ইউনিটের মধ্যে আমাদের একটি ইউনিট রয়েছে। বর্তমান গভর্নমেন্টের কমিটমেন্ট এবং আমার নিজের কমিটমেন্ট হচ্ছে যেমন যেমন আমাদের কাজ এগুবে আমরা ঠিক তেমন তেমন লোক নেব এবং যে সমস্ত মানুষের জমি আমরা কেড়ে নিয়েছি, অ্যাকোয়ার করেছি এই কোলাঘাটের জন্য সেইসমস্ত পরিবারদের মধ্য থেকে ১ জন ক'রে লোককে আমরা চাকুরি দেব। এই ১০ কোটি টাকার খবর শুনে আমি অলরেডি ইনস্ট্রাকশন দিয়েছি আপনারা কিছু লোক নিয়োগ করতে পারেন।

শ্রী গৌতম চক্রবর্তী ঃ ফার্স্ট ইউনিট অব কোলাঘাটের পাওয়ার জেনারেশন কবে নাগাদ স্টার্ট হবে তার একটা অ্যাপ্রক্সিমেট ডেট দিতে পারেন কি?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানের শেষ বছরে আমরা আশা করছি। আমাদের যদি টাকার অসুবিধা না হয় এবং কাজে যেভাবে এগিয়ে যাচ্ছে এবং মাননীয় সদস্যরা যেভাবে কোঅপারেশন করছেন সেই ভাবে কোঅপারেশন যদি করেন তা হলে ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানের শেষের দিকে আমরা প্রথম ইউনিট চালু করতে পারব, প্রোভাইডেড দেয়ার ইজ নো ফাইনান্সিয়াল ডিফিকাল্টি।

লালগোলা ও ভগবানগোলা থানায় বৈদ্যুতিকরণ

***২০১।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০১।) **শ্রী মহম্মদ দেদার বক্স ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশন কর্তৃক মঞ্জুরীকৃত পরিকল্পনা অনুযায়ী ১৯৭৬

সালের ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত লালগোলা ও ভগবানগোলা থানায় কোনও কোনও মৌজার বৈদ্যুতিকরণের কাজ শেষ হইয়াছে ; এবং

(খ) ঐ থানাগুলির অবশিষ্ট মৌজাগুলিতে বৈদ্যুতিকরণের কাজ কতদিনে শেষ হইবে?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ

(ক) একটিও না। গত বছর জুন মাসে উক্ত পরিকল্পনা অনুযায়ী লালগোলা থানায় ২৭টি মৌজায় এবং ভগবানগোলা থানায় ১০৫টি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) প্রয়োজনীয় অর্থের সাপেক্ষে যত তাড়াতাড়ি সম্ভব মৌজাগুলিতে বৈদ্যুতিকরণের কাজ শেষ করার চেষ্টা করা হচ্ছে।

শ্রী মহম্মদ দেদার বক্স ঃ মন্ত্রী মহাশয় বললেন, একটিও না। গত বছর জুন মাসে ২৭টি মৌজা হাতে নেওয়া হয়েছে বললেন, আবার বললেন "একটিও না"। আপনি তা হলে কি পদ্ধতি নিচ্ছেন? জুন মাস থেকে আরম্ভ হয়েছে এখনও শেষ হয়নি যখন বললেন তখন আমার প্রশ্ন হচ্ছে, এই পদ্ধতিতে চললে কত দিন আপনাদের লাগবে?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ আপনি পদ্ধতিটা ভালভাবেই জানেন, কারণ আপনি এগ্রিকালচার মিনিস্টারের দেশের লোক। এগ্রিকালচার ডিপার্টমেন্ট যখন বলে তখন আমরা ইলেক্ট্রিফিকেশন ক'রে থাকি। যেমন, ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েলের জন্য তারা টাকা দেয় এবং আমরা ক'রে দেই। আমরা অবশ্য চেষ্টা করি তার আশেপাশের গ্রামগুলোতে বিদ্যুৎ নিতে। তারপর, আমাদের হেলথ ডিপার্টমেন্ট আমাদের যেগুলো রিকুইজিশন করে দেয় যেমন, হাসপাতাল ইত্যাদিতে সেখানে আমরা বিদ্যুৎ নিয়ে যাই। এখানেও আমরা আশেপাশের গ্রামগুলোতে করি। তারপর, আর এ. সি. কয়েকটা ইনস্টলমেন্টে আমাদের টাকা দিয়ে থাকে এবং আমাদের কাজ করবার পর আর এ. সি. এসে দেখে কতটা কাজ আমরা করেছি এবং সেটা দেখে তারপর তারা আমাদের সেকেন্ড ইনস্টলমেন্ট দেয়।

[1-20 — 1-30 p.m.]

এইভাবে কিছুটা ইনস্টলমেন্টে কাজ করেছি। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে মুর্শিদাবাদে এত চোরের উপদ্রব যে সমস্ত ট্রান্সফরমার এবং অন্যান্য জিনিস চুরি হয়ে যাচ্ছে যে ওখানে কাজ করা খুব মুশকিল। সেজন্য আমাদের কাজ করতে দেরি হচ্ছে।

মাননীয় সদস্য যদি আমার কাছে স্পেসিফিক ডেট চান সেটা আমার পক্ষে বাল মুশকিল। যেমন যেমন কাজ কমপ্লিট হবে টাকার যদি অভাব না হয় তা হলে যত তাড়াতাড়ি সম্ভব আমরা করব। আর. ই. সি. স্যাংশন করেছে লালগোলায় ২৭ টি মৌজা, আর ভগবানগোলায় ১০৫ টি মৌজা। তার মধ্যে কিছু শ্যালো টিউবওয়েল-এ কানেকশন দিতে পেরেছি আর কিছু ডিপ টিউবওয়েল দিতে পেরেছি এবং কিছু কিছু গ্রামে ইলেক্ট্রিফিকেশন দিতে পারব। আসল ডিফিক্যালটি হচ্ছে আমাদের কাজ শেষ হয়ে যাবার পর ওরা আবার এসে দেখেন যে তারা যে টাকা দিয়েছে সেই বাবদ আমরা খরচ করেছি কিনা. এবং তারপরে নেক্সট ইনস্টলমেন্টের টাকা দেয়। তবে যত তাড়াতাড়ি সম্ভব আমরা করব।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন যে, তারকাটা চোরদের জন্য কাজ তাড়াতাড়ি হচ্ছে না, তবে আমি যদি মাননীয় মন্ত্রী মহাশয়কে তারকাটা চোরদের নাম দিই তা হলে কি তাদের অ্যারেস্ট করবেন?

Shri Abul Barkat Atawal Gani Khan Chowdhury : Sir, it is a law and order problem and it is for the Home Minister to answer. It is not for me to answer.

বীরভূম জেলার গভীর নলকূপের বৈদ্যুতিকরণ

***২০৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৪২৭।) **শ্রী শচীনন্দন সাউ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার কোনও কোনও থানা আর. ই. সি.-র অন্তর্ভূক্ত করা হইয়াছে ;

(খ) দুবরাজপুর ও ইলামবাজার থানায় ডিপ টিউবওয়েলগুলিতে বিদ্যুৎ দেওয়া হইয়াছে কিনা ; এবং

(গ) কিভাবে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন কর্পোরেশন-এর অন্তর্ভূক্তিকরণ নির্ধারণ করা হয়?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ

(ক) রামপুরহাট, ময়ূরেশ্বর সাঁইথিয়া, মহম্মদবাজার, নানুর, লাভপুর ও মুরারই থানার অংশ বিশেষ গ্রাম বৈদ্যুতিকরণ প্রকল্পের অন্তর্ভূক্ত হইয়াছে।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগের রিকুইজিশন অনুযায়ী দুবরাজপুর ও

ইলামবাজার থানার সকল ডিপ টিউবওয়েল বিদ্যুৎ দেওয়া হইয়াছে।

(গ) সাধারণ কৃষি ভিত্তিক ও ক্ষুদ্র গ্রামীণ শিল্প উন্নয়ন ভিত্তিক প্রকল্প গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশন মঞ্জুর করিয়া থাকে এবং এইরূপ সম্ভবনাময় এলাকা বৈদ্যুতিকরণ প্রকল্পের অন্তর্ভূক্ত হইয়া থাকে।

শ্রী শচীনন্দন সাহু ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তিনি বললেন যে কৃষিভিত্তিক এলাকায় এই পরিকল্পনার অন্তর্ভূক্ত হয়েছিল। কিন্তু আমি তাকে জিজ্ঞাসা করছি যে, দুবরাজপুর, ইলামবাজার থানায় এত ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, রিভার লিফট ইরিগেশন থাকা সত্ত্বেও এই থানাকে আর. ই. সি.-র অন্তর্ভূক্ত না করার কারণ কি?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ কারণ তো কিছু নেই। আমরা যেভাবে ইলেক্ট্রিফিকেশন করে থাকি যখন এগ্রিকালচার ডিপার্টমেন্ট শ্যালো টিউবওয়েল বা রিভার লিফট বা ডিপ টিউবওয়েল খনন করে আমাদের বলে অর্থাৎ রিকুইজেশন দেয়, টাকা দেয়, তখন আমরা সেগুলি করে দিই। আসেসেসারিলি যেখানে শ্যালো টিউবওয়েল হয়েছে বা রিভার লিফট বা ডিপ টিউবওয়েল হয়েছে সেই জায়গা আমাদের আর. ই. সি.-কে দিয়ে দিতে হবে নরমালি তা আরা করে থাকি না। এইজন্য করি না যেগুলি ইলেক্ট্রিফিকেশন করা হয়েছে আমরা সেই গ্রামগুলিতে করে দিয়েছি, কিন্তু যেখানে শ্যালো টিউবওয়েল বা ডিপ টিউবওয়েল বা রিভার লিফট হয়নি সেগুলি আমরা আর. ই. সি.-তে ঢোকাবার চেষ্টা করছি বিয়ারিং ইন মাইন্ড যে এগ্রিকালচার পোটেন্সিয়ালিটিস আর দেয়ার অর্থাৎ আন্ডার-গ্রাউন্ড ওয়াটার অ্যাভেলেবেলিটি ইজ দেয়ার।

মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গন

***২০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪।) **শ্রী শীশ মহম্মদ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ থানা এবং ধুসড়িপাড়া হইতে সুড়ি থানার নুর পর্যন্ত গঙ্গার ভাঙ্গন অব্যাহত রহিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, ইহার প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ

(ক) হ্যাঁ, ইহা আংশিকভাবে সত্য। ফরাক্কা ব্যারাজ হইতে সামসেরগঞ্জ থানার দুর্গাপুর (নিমতিতা) গ্রাম পর্যন্ত এবং রঘুনাথগঞ্জ থানার কুতুনপুর হইতে

খানদুয়ার নিম্নাংশ পর্যন্ত গঙ্গার দক্ষিণ তীরে ভাঙ্গন পরিলক্ষিত হইতেছে। সাম্প্রতিককালে নুরপুর এলাকায়ও ভাঙ্গন দেখা যাইতেছে।

(খ) এই ভাঙ্গন প্রতিরোধ করা অত্যন্ত কষ্ট সাধ্য ও ব্যয়বহুল। এই সংকটের মোকাবিলা করা রাজ্য সরকারের পক্ষে এককভাবে আর্থিক দিক থেকে সম্ভব নহে। তাই ফরাক্কা ব্যারাজ হইতে লালগোলা পর্যন্ত প্রায় ৪০ মাইল দীর্ঘ গঙ্গার তীরে ভাঙ্গন প্রতিরোধের জন্য ৬৩ কোটি টাকার একটি প্রকল্প প্রস্তুত করিয়া কেন্দ্রীয় সরকারের বিবেচনার জন্য প্রেরণ করা হইয়াছে। এই সম্বন্ধে কেন্দ্রের সিদ্ধান্ত এখনও জানা যায় নাই। তবে, ইতিমধ্যে রাজ্য সরকার তাহার সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে ঐ এলাকায় কিছু কিছু ভাঙ্গন প্রতিরোধমূলক কাজ করিয়াছেন। রঘুনাথগঞ্জ থানার ব্রাহ্মনগঞ্জ—হাজারপুর এলাকা ও হাজারপুর—সিদাইগাছি কুতুবপুর এলাকা এবং সামসেরগঞ্জ থানা দুর্গাপুর ধুলিয়ান এলাকায় ভাঙ্গন প্রতিরোধমূলক কাজ গ্রহণ করা হইয়াছে।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয়মন্ত্রী মহাশয় বললেন যে, সম্প্রতিকালে নূরপুর এলাকায় ভাঙ্গন দেখা দিয়েছে—একথাটা ঠিক নয়, নূরপুর গ্রাম শেষ হয়ে গিয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করছি যে, এই নূরপুর এলাকায় আমারে রাজ্য সরকারের সীমিত অর্থের মধ্যে কোনও পাড় তৈরি করার পরিকল্পনা আছে কিনা?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ আমি উটা আগে ওকে বলেছি, আবার বলছি আমাদের সীমিত অর্থের মধ্যে যে কাজগুলি করা সম্ভব তা আমরা করে থাকি। আমি মাননীয় সদস্যকে অনুরোধ করব তিনি যেন আমাদের টেকনিক্যাল অ্যাডভাইসারের সঙ্গে কথা বলেন এবং আমার সঙ্গে দয়া করে তার পরে কথা বলেন।

শ্রী গৌতম চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, ফারাক্কা ব্যারেজ হওয়ার আগে মুর্শিদাবাদ জেলা এই বিরাট ভাঙ্গনের মুখে যেত না, এটা কি সত্য যে ফারাক্কা ব্যারেজ হওয়ার ফলে মুর্শিদাবাদের এই বিরাট এলাকা আজকে ভাঙ্গনের মুখে পড়েছে?

Mr. Speaker : It is a matter of opinion. It is difficult for the Hon'ble Minister to reply.

গোসাবায় কোঅপারেটিভ রাইস মিল বন্ধের কারণ

***২০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৬।) শ্রী পঞ্চানন সিংহ ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার গোসাবায় (সুন্দরবন) কোঅপারেটিভ রাইস মিলটি কবে থেকে এবং কি কারণে বন্ধ হয়ে আছে ;

(খ) ঐ মিলটি চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(গ) থাকলে, কবে নাগাদ ঐ মলটি চালু হবে ব'লে আশা করা যায় ;

(ঘ) অনুরূপ কোঅপারেটিভ রাইস মিল সুন্দরবনের বাসন্তী ও অন্যান্য সংস্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঙ) থাকলে, কোন কোন স্থানে?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ

(ক) ১৯৭১ সাঁল থেকে রাইস মিলটি নিম্নলিখিত কারণে বন্ধ আছে ঃ

(১) ১৯৭০ সালে ক্রিত ধানের একটা বড় অংশ অসময়ের বৃষ্টিতে নষ্ঠ হয়ে যায় ;

(২) কার্যকর মূলধন প্রয়োজনের তুলনায় অপ্রতুল ছিল ;

(৩) ১৯৭৪-৭৫ সালের পূর্বে খোলা বাজারে ধান ক্রয় লাভজনক ছিল না :

(খ) হ্যাঁ, আছে।

(গ) ন্যাশনাল কোঅপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন. সি. ডি. সি.) বা ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন মিলটির মেরামতি ও নবীকরণের জন্য টাকা বরাদ্দ করলেই উপযুক্ত ব্যবস্থা গ্রহণের পর মিলটি চালু করা যাবে।

(ঘ) না, এরূপ কোনও পরিকল্পনা আপাতত নাই।

[1-30 — 1-40 p.m.]

শ্রী পঞ্চানন সিংহ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বন্ধ কোঅপারেটিভ রাইস মিলটার সম্পত্তি বা যন্ত্রপাতি দেখাশোনা করার জন্য কোনও লোক দায়িত্বে আছে কিনা?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ এখানে একটা বোর্ড অব ম্যানেজমেন্ট আছে, সেখানে স্টেট নমিনি আছে এবং তারাই এই মিল রক্ষণাবেক্ষণ এবং চালাবার জন্য দায়িত্বে

বর্তমানে আছে।

শ্রী পঞ্চানন সিংহ ঃ এই বন্ধ রাইস মিলের বহু মূল্যবান যন্ত্রপাতি কাজকর্ম না হওয়ায় স্বাভাবিকভাবেই নষ্ট হচ্ছে, বহু যন্ত্রপাতি অপসারিত হচ্ছে—এই খবর আপনি জানেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ না এ খবর আমার জানা নাই।

শ্রী পঞ্চানন সিংহ ঃ অনুসন্ধান করে যদি দেখেন এটা সত্য তা হলে কোনও ব্যবস্থা গ্রহণ করবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ যদি মাননীয় সদস্য জানানো নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করব।

শ্রী তুহিনকুমার সামন্ত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, বিভিন্ন জায়গায় পশ্চিমবঙ্গে কোঅপারেটিভ রাইস মিল চালু না থেকে বন্ধ আছে, সেগুলি চালাবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন?

Mr. Speaker : The question does not arise.

শ্রী পঞ্চানন সিংহ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, ন্যাশনাল কোঅপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন, ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন টাকা বরাদ্দ করলেই মিলটা চালু হবে, এই টাকা বরাদ্দ হতে কত সময় লাগবে জানাবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ এটা বলা সম্ভব নয়, তবে আমার দপ্তর থেকে এ বিষয়ে যাতে তাড়াতাড়ি হয়, টাকা পয়সার ব্যবস্থা হয় তার জন্য চেষ্টিত আছি।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ পাথর প্রতিমা মথুরাপুর কোঅপারেটিভ রাইস মিলটা চলছে কিনা বা কি অবস্থায় আছে সেটা জানেন কি?

Mr. Speaker : The question does not arise.

হুগলি ও বর্ধমানে বোরো চাষের জন্য সেচের জল

***২০৮**। (অনুমোদিত প্রশ্ন নং *৫০০।) **শ্রী গণেশচন্দ্র হাটুই ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান মরশুমে ডি. ভি সি.-র জলাধার থেকে হুগলি এবং বর্ধমান জেলা কত একর জমিতে বোরো ধান চাষের জন্য সেচের জল দেওয়া হবে ;

(খ) তেনুঘাট থেকে বোরো চাষের জন্য এই বৎসর (১৯৭৬) কত জল পাওয়া যাবে;

(গ) তন্মধ্যে হুগলি এবং বর্ধমান জেলার জন্য প্রাপ্তব্য জলের পরিমাণ কত ;

(ঘ) উক্ত জলের জন্য বিহার সরকারকে কত টাকা দিতে হবে ; এবং

(ঙ) ডি. ভি. সি.-র জলাধার ও তেনুঘাট থেকে বোরো ধান চাষের জন্য সেচের জল ১৯৭৬ সালের মে মাস পর্যন্ত সরবরাহ অটুট রাখার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ

(ক) মোটামুটিভাবে স্থির হইয়াছে যে, পর্যাপ্তি পরিমাণে সেচের জল পাওয়া গেলে, (১) হুগলি জেলায় প্রায় ৫০ হাজার একর জমিতে এবং (২) বর্ধমান জেলায় প্রায় ৮০ হাজার থেকে ১ লক্ষ একর জমিতে বোরো চাষের জল সরবরাহ করা সম্ভব হবে।

(খ) ১,২০,০০০ একর ফুট জলের জন্য বিহার সরকারকে অনুরোধ করা হইয়াছে ; আশা করা যায় ১ লক্ষ একর ফুট জল পাওয়া যাবে।

(গ) মোট প্রাপ্তব্য জলের পরিমাণ হইতেই দুইটি জেলাতে উপরি উক্ত পরিমাণ জমিতে বোরো চাষের জন্য জল দেওয়া স্থির হইয়াছে ;

(ঘ) এখনও জলের মূল্যহার স্থিরীকৃত হয় নাই ;

(ঙ) বিহার সরকারের তেনুঘাট জলাধার এবং ডি. ভি. সি.-র জলাধারগুলি হইতে অতিরিক্ত জল সংগ্রহের চেষ্টা চলিতেছে, তদুপরি প্রাপ্তব্য জলের অপচয় রোধ করিবার জন্য সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষদিগকে প্রয়োজনীয় ব্যবস্থা লইতেও অনুরোধ করা হইয়াছে। উল্লেখ থাকে যে, খালগুলি মেরামতির স্বার্থে এ বৎসর ৩০শে এপ্রিল তারিখের পর আর বোরো চাষের জন্য জল সরবরাহ করা সম্ভব হবে না।

শ্রী গণেশচন্দ্র হাটুই ঃ এটা আগেই ঠিক করা হয়েছে যে হুগলি জেলায় ৫০ হাজার একরে এবং বর্ধমান জেলার ১ লক্ষ একরে সেচের জল দেওয়া হবে তেনুঘাট থেকে জল পাওয়া গেলে। তেনুঘাট-এর জলের অনিশ্চয়তার জন্য আমাদের জঙ্গীপাড়া, হরিপাল, সিঙ্গুর থানার জমির ধান শুকিয়ে গেছে এটা জানেন কি?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ মাননীয় সদস্য আমাকে কয়েক বারই বলেছেন, কিন্তু ডিফিকাল্টি হচ্ছে তেনুঘাটের জলের, আমরা তেনুঘাটের জল পাবার জন্য চেষ্টা করছি, আমরা তখন যে অ্যাসেসমেন্ট করেছিলাম তাতে ভেবেছিলাম যে ৫০ হাজার একর থেকে ১ লক্ষ একরে জল দিতে পারব।

এখন পর্যন্ত আমরা তেনুঘাটের জল পাইনি। তেনুঘাটের জল না পেলে ডেফিনিটলি আমাদের ডিফিকাল্টি হবে। কারণ আমাদের রিজার্ভয়র ও যে জল আছে ডি. ভি. সি. ও কংসাবতীর সমস্ত জল আমরা ডেফিনিটলি দিয়ে ফেলব এবং দেওয়ার ফলে ডিমান্ড এর যে টার্গেট রেখেছিলাম তাতে আমরা পৌঁছতে পারব কিনা যথেষ্ট সন্দেহ আছে। আপনি যে সংবাদ দিলেন তাতে আমি আশ্চর্য নই। আমাদের সেই দপ্তরের অফিসাররা জানিয়েছেন যেহেতু তারা জানতে পারছেন না যে তেনুঘাটের জল পাবেন কিনা, সেই জন্য অনেকটা তারা ইকনমাইজ করবার চেষ্টা করছেন। সুতরাং ন্যাচারালি যেখানে ডিফিকাল্টিস দেখা দিয়েছে। এই সমস্ত ব্যাপারে একটা ডিসিপ্লিন থাকা দরকার। যে জলটা হলে এনাফ হয়ে যায় তার চেয়ে চাষী ভাইরা বেশি জল পাবে সেই ডিসিপ্লিন এখন পর্যন্ত আমরা যেখানে এনফোর্স করতে পারিনি।

শ্রী গণেশচন্দ্র হাটুই ঃ এই যে তেনুঘাটের জল পাওয়া যাবে না অফিসাররা জানিয়েছেন এতে চাষীদের মধ্যে একটা আশঙ্কা ও আতঙ্কের সৃষ্টি হয়েছে। যেখানে যে জল আছে তা বেশি অপচয় হয়। তেনুঘাটের জল সম্বন্ধে যদি তারা নিশ্চিত হতে পারে যে জল পাওয়া যাবে, তা হলে জলের আমরা কম হয়। যে ধান জলের অভাবে মারা যাচ্ছে তা বাঁচাতে পারে। কতদিন নাগাদ তেনুঘাটের জল পাওয়া যাবে বলে সিদ্ধান্ত করবেন?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ বর্তমানে তা বলা ডিফিকাল্ট। আমরা বিহার গভর্নমেন্টকে বলেছি—তোমরা যা দাম চাও তা আমরা দিতে রাজি আছি জল দেও ইউনিয়ন ইরিগেশন মিনিস্টার দামটা ঠিক করে দেবেন। আপনারা দয়া করে জলটা দেন। এখন পর্যন্ত সেই জল আমরা পাইনি। মাননীয় সদস্যরা জানেন আমি বাইরে যাবার দিন বলে গেছি বিহার গভর্নমেন্টের সঙ্গে একটি আন্ডারস্ট্যান্ডিং হচ্ছে। সেই আন্ডারস্ট্যান্ডিং হলে তেনুঘাটের জল পাওয়া বেটার হত বিহারে চিফ মিনিস্টারের সঙ্গে যে আলোচনা হয়ে গেছে, ততে এগ্রিমেন্ট সই করতে অসুবিধা ছিল না। কিন্তু ডি. ভি. সি. এসে যাচ্ছে আগের আলোচনার মধ্যে, আমরা বিচার করে দেখেছি ডি. ভি. সি.-র কতকগুলি বক্তব্য এই সম্পর্কে থাকতে পারে কাজেই যে এগ্রিমেন্ট আমরা সই করতে যাচ্ছি সেটা আমরা ডি. ভি. সি.-কে দিয়েছি তাদের রি-অ্যাকশন বক্তব্য শোনবার জন্য। দু-এক দিনের মধ্যে সেটা আমরা জানতে পারব। তাদের রি-অ্যাকশন যদি

ফেভারেবল্ হয়, তা হলে আমি বলতে পারি রিজেনেবল তেনুঘাটের জল পেতে পারব।

শ্রী পুরঞ্জয় প্রামাণিক ঃ তবে কেন আপনি আগে বলেছিলেন জল পাওয়া যাবে বোরোর জন্য? সেই জল যদি আজকে না পাওয়া যায়, তা হলে কিসের চুক্তি হয়েছে?

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : Sir, the chukit has nothing to do with tenughat water. The chukti is with regard to very many outstanding problems with the Bihar Government. If those are settled, it is expected that the Bihar Government will make a gesture and there will not be difficulty in getting the water.

শ্রী পুরঞ্জয় প্রামাণিক ঃ আজকে তেনুঘাটের জল পাওয়া নিয়ে যে অসুবিধা দেখা দিচ্ছে সেখানে এ বছর বোরোর জন্য জলের ব্যবস্থা না করে কেন চাষী ভাইদের বলা হল তেনুঘাট থেকে জল পাব?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ স্যার, আই হ্যাভ বিন মিস আন্ডারস্টুড। আমরা বার বার বলেছি আমাদের রিজার্ভয়ার-এ যে জল আছে, সেটা বোরো চাষের জন্য নয়। তবু আমরা দেখছি যে কোনও কারনেই, হোক বোরো চাষ হচ্ছে অ্যাজ এ ম্যাটার অব দ্যাট উই হ্যাড ডিসকারেজড দিস বাট আনফর্চুনেটলি তবু একটা হচ্ছে। আমি এগ্রিকালচার ডিপার্টমেন্টকে বলেছি, বোরো চাষের জন্য মাইনর ইরিগেশন থেকে হোক বা অন্য কোনওভাবে হোক। তাদের একটা ব্যবস্থা করতে হবে। টেকনিক্যাল সাজেশন হচ্ছে, এইভাবে জল দিতে থাকলে ডি. বি. সি.-র যে সমস্ত ক্যানেল আছে তা শুকিয়ে বন্ধ হয়ে যাবে, কোনও কাজ করা যাবে না। ডেসপাইট দি টেকনিক্যাল অ্যাডভাইস আমরা জল দিচ্ছি। আগে থেকে এটা করা য়ায় না। তেনুঘাটে জল যা আছে তার কতটা স্পেয়ার করতে পাবে তা তারা দেখছে বিরার সরকারের সঙ্গে আলোচনা আরম্ভ করেছি, দু মাস আগে থেকে। অল দিস ফ্যাক্টর্স হ্যাভ টেকেন ইন্টু অ্যাকাউন্ট। এছাড়া নট দ্যাট উই আর কেলাস ; নট দ্যাট উই ডু নট নো। উই হ্যাভ বিন ট্রাইং অ্যান্ড সার্টেনলি, উই উইল ট্রাই।

[1-10 — 1-50 p.m.]

শ্রী পুরঞ্জয় প্রামাণিক ঃ উনি চেষ্টা করছেন, অস্বীকার করছি না। কিন্তু যখন চুক্তি করলেন তখন বর্ধমান জেলার সমস্ত এম. এল. এ. জেলাশাসক এবং সেচ বিভাগের কর্মচারিদের নিয়ে সভা হল. সেখানে অফিসারেরা স্থির করলেন এক লক্ষ একর জমিতে জল দেওয়া হবে। কিন্তু তখন জল দেওয়া হবে না বললে চাষীরা চায করত না। এখন

হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে।

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ ইট ওয়াজ থ্রাস্ট আপন দি ডিপার্টমেন্ট।

শ্রী অশ্বিনী রায় ঃ গতবারে এক লক্ষ ৮৯ হাজার একর জমিতে জল দিয়েছিলেন। এবার কমিয়ে এক লক্ষ ৩০ হাজার করলেন। এখন আপনি যদি জল না দেন, তা হলে এই জমির ফসল নষ্ট হয়ে যাবে। আপনি তেনুঘাটের জল পান বা না পান আপনি কি এখানে জলের ব্যবস্থা করবেন?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ আমি পাওয়ার বন্ধ করে দিয়েছি। আই হ্যাভ টেকেন শো মাচ রিস্ক। আমি ডি. ভি. সি.-কে বলেছি পাওয়ার বন্ধ করতে। আই হ্যাভ রিকোয়েস্টেড ডি. ভি. সি. নট টু বাদার অ্যাবাউট পাওয়ার, বাট গিভ মি ইরিগেশন। আই হ্যাভ গন টু দ্যাট এক্সটেন্ট। আমি এইটুকু অ্যাসিওর করতে পারি যে, যেটুকু জল থাকবে তার সমস্ত জল ইরিগেশননের জন্য দেওয়া যাবে।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ মন্ত্রী মহাশয় কি জানাবেন, ডি. ভি. সি.-তে যখন জল কম আছে বলছেন তখনই দামোদর নদী দিয়ে জল অকারণে ছেড়ে দেওয়া হচ্ছে—তার কারণ কি?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ আই হ্যাভ অলরেডি সেড অ্যান্ড আই অ্যাম রিপিটিং ইট ইজ আনফর্চুনেট। যে ডিসিপ্লিন অ্যানফোরস করা দরকার সেই ডিসিপ্লিন আমরা অ্যানফোরস করতে পারিনি এবং অনেক ক্ষেত্রে অপচয় হয়। এটা মাননীয় সদস্যরা নিশ্চয় স্বীকার করবেন এবং মাননীয় সদস্যরা নিশ্চয় জানেন যখন আমরা আলোচনা করি এগ্রিকালচার ডিপার্টমেন্টের সঙ্গে তখন আনফর্চুনেটলি মাননীয় সদস্যরা আসেননি। দু-একজন সদস্য আসেন। তারপর যখন দেখেন জল যায়নি, ন্যাচারালি তাদের কনস্টিটুয়েন্সিতে হাঙ্গামা হয়, তখন জলের জন্য চিৎকার করেন টু প্লে অ্যাক্টিভ রোল অন দি টু ইন্ট্রোডিউস ডিসিপ্লিন। দ্যাট ইজ নাম্বার ওয়ান। নাম্বার টু ইজ হোয়েদার উই লাইক ইট অব নট। বোরো কল্টিভেশন হ্যাজ টু বি ডিসকারেজড। এইভাবে আনসার্টেন উপর চলতে পারে না। জল না থাকলে কোথা থেকে জল দেব।

গ্রাম বৈদ্যুতিকরণ

***২১০।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৬।) **শ্রী নিতাইপদ সরকার ও শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান মন্ত্রিসভা গঠনের পর হইতে ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত মোট কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ

করা হইয়াছে?

Mr. Speaker : I think the honourable member is already satisfied with the answer given by the Hon'ble Minister in connection with another question. So the answer need not be repeated.

মিঠাকুন্ড খালের উপর স্লুইস গেট

***২১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৭।) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় শ্যামপুর থানায় নবগ্রাম অঞ্চলের মিঠাকুন্ড খালের উপর একটি স্লুইস গেট প্রস্তুতির কোনও পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কবে নাগাদ কার্যকর হবে?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ ১৯৭২ সালে এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। আজ পর্যন্ত কেন হয়নি সে কথা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ দুটি কারণে হতে পারে। একটা হচ্ছে টাকা-পয়সার অভাব, আর একটা টেকনিক্যাল অ্যাপ্রুভ্যাল না থাকায়। যেহেতু টেকনিক্যাল অ্যাপ্রুভ্যাল ছিল না, তাই টাকা-পয়সা পাওয়া যায়নি।

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ এই স্লুইস গেটটির একজিকিউটিভ ইঞ্জিনিয়ার অফিস থেকে প্ল্যান, এস্টিমেট ইত্যাদি হয়ে গিয়েছিল এবং ১৯৭২ সালেই সব কিছু হয়ে গেছে। তবুও বন্ধ হয়ে পড়ে আছে যেটা ১৯৭২ সালে হবার কথা। কেন বন্ধ হয়ে আছে সে কথা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri A. B. A. Ghani Khan Chowdhury : It is not in my record. So. I cannot give any answer to this question.

বাধ্যতামূলক অবসর গ্রহণ

***২১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৭।) **শ্রী গঙ্গাধর প্রামাণিক ঃ** সমবায় বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায় বিভাগে গত তিন বৎসরে কত জন কর্মচারীকে কি কি কারণে বাধ্যতামূলকভাবে অবসর গ্রহণ করানো হইয়াছে ;

(খ) উক্ত কর্মচারিগণ কোনও কোনও পদ অধিকার করিয়াছিলেন ;

(গ) উক্ত কর্মচারিগণের মধ্যে কতজন (১) তফসিল জাতি ও উপজাতি, (২) মুসলমান সম্প্রদায়ের এবং (৩) অন্য সম্প্রদায়ভূক্ত ; এবং

(ঘ) এই সমস্ত কর্মচারীর নিকট হইতে তাহাদের বিরুদ্ধে আনীত অভিযোগ সম্বন্ধে কোনও বক্তব্য রাখিবার সুযোগ দেওয়া হইয়াছিল কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ

(ক) ৪ জন কর্মচারীকে বাধ্যতামূলকভাবে অবসর গ্রহণ করানো হইয়াছে। ঐ ৪ জন অফিসারের গত দশ বৎসরের কার্যাবলির রিপোর্ট বিচার করিয়া দেখা গিয়াছে যে তাহা সন্তোষজনক সীমার নিচে।

(খ) ১ জন—সমবায় সমিতিসমূহের উপনিবন্ধক ; ২ জন—সমবায় সমিতিসমূহের সহ-নিবন্ধক ; ১ জন—জিলা সমবায় সমিতিসমূহের হিসাব পরীক্ষক।

(গ) উক্ত কর্মচারিগণের মধ্যে তিনজন অ-তফসিলভূক্ত এবং এক জন অন্য সম্প্রদায়ভূক্ত; মুসলমান সম্প্রদায়ের কেহ নাই।

(ঘ) পশ্চিমবঙ্গ সার্ভিস রুলের ৭৫(এএ) ধারা অনুসারে উক্ত কর্মচারিগণকে বাধ্যতামূলক-ভাবে অবসরগ্রহণ করানো হইয়াছে। সুতরাং তাহাদের বিরুদ্ধে অভিযোগ সম্বন্ধে কোনও বক্তব্য রাখিবার সুযোগ দেওয়ার কোনও কথা ওঠে না।

[1-50 — 2-00 p.m.]

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই বিভাগে ফোর্সফুলি মোট কতজনকে রিটায়ার করানো হয়েছে?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ আমি তো আগেই বললাম ৪ জনকে রিটায়ার করানো হয়েছে।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ এর মধ্যে মোট কতজন শিডিউল্ড কাস্ট অ্যান্ড শিডিউল্ড

ট্রাইবস অফিসার আছেন, জানাবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ সে প্রশ্ন এখানে আসে না। আপনি যদি আমাকে স্পেসিফিক কোয়েশ্চেন এই ব্যাপারে করেন, তা হলে আমি তার উত্তর দেব।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ যাদের ডিসচার্জ করা হয়েছে তাদের মধ্যে কতজন শিডিউল্ড কাস্টস অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস অফিসার আছে, জানাবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ এই ৪ জনের মধ্যে ৩ জন হচ্ছে তফসিলি সম্প্রদায়ভূক্ত এবং একজন অন্য সম্প্রদায়ের।

শ্রী নোরঞ্জ প্রামাণিক ঃ ফোর্সফুলি যাদের রিটায়ার করানো হয়েছে তাদের মধ্যে কতজন শিডিউল্ড কাস্ট শিডিউল্ড ট্রাইবস আছে, বলবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ এর উত্তর আমি তো আগেই বলেছি—এর উত্তর দিতে গেলে নোটিশ চাই। আপনি এখন যে কথাটা জানতে চাইছেন প্রশ্ন করার সময় সেইভাবে কিন্তু করেননি। আপনি যা প্রশ্ন করেছেন ফোর্সফুলি কতজনকে রিটায়ার করানো হয়েছে—সমস্ত ডিপার্টমেন্টের মধ্যে কতজন তফসিলি সম্প্রদায়ভূক্ত আছে—এই প্রশ্নটা তো তার মধ্যে আসেনি। "খ" প্রশ্নের উত্তরে আমি বলেছি ৪ জনকে ফোর্সফুলি রিটায়ার করানো হয়েছে, তার মধ্যে ৩ জন তফসিলি সম্প্রদায়ভূক্ত।

মিঃ স্পিকার ঃ মোট ৪ জন গেজেটেড অফিসারকে ফোর্সফুলি রিটায়ার করানো হয়েছে। এই ৪ জনের মধ্যে আউট অব দ্যাট আপনি উত্তর দিয়েছেন ৩ জন হচ্ছে শিডিউল্ড কাস্টস। উনি জানতে চাইছেন ঐ ডিপার্টমেন্টে কি ৩ জন শিডিউল্ড কাস্টস গেজেটেড অফিসার আছে, না আরও আছে?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ সেই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়। আপনি যদি স্পেসিফিক কোয়েশ্চেন এই ব্যাপারে করেন তা হলে তার উত্তর দেব।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ শিডিউল্ড কাস্ট অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস কর্মচারিদের যে অফিসার ব্যাঙ্কে নিয়োগ করা হয়, তাদের যোগ্যতার ক্ষেত্র কি কিছু কমিয়ে নেওয়া হয়?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ অফিসার হিসাবে যাদের নিয়োগ করা হয় তাদের যোগ্যতার বিচারেই নিয়োগ করা হয়।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ যোগ্যতার বিচারে যদি শিডিউল্ড কাস্ট ক্যান্ডিডেটদের উপর বেশি প্রেফারেন্স দেওয়া হয় তা হলে তাদের অ্যাপয়েন্টমেন্টের পরে অযোগ্য বলে

ফোর্সফুলি রিটায়ারমেন্ট কি করে করেন সেটা জানাবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তো উত্তরে বলেই দিয়েছি সেইসমস্ত অফিসারের গত ১০ বছরের কার্যাবলির রিপোর্ট গ্রহণ করেছি—মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রশ্নটি এখানে বার বার ঘুরিয়ে করা হচ্ছে সে সম্বন্ধে পরিষ্কার ভাষায় এই সভায় আমি জানিয়ে দিতে চাই যে ৪ জনকে ফোর্সফুলি রিটায়ার করানো হয়েছে তার মধ্যে ৩ জন শিডিউল্ড কাস্টস হয়ে গেছে। এখন বেছে বেছে ফোর্সফুলি শিডিউল্ড কাস্টসদেরই রিটায়ার করানো হচ্ছে—এইটা যদি বলতে চান তা হলে আমি বলব সেটা আপনাদের সম্পূর্ণ ভুল ধারণা হচ্ছে—আমরা কিন্তু সেইভাবে কখন কোনও সময়েই দেখিনি।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ শিডিউল্ড কাস্ট অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস্ অফিসাররা যোগ্যতার দিক থেকে কম ছাড়া অন্য কোনও অফিসারদের যোগ্যতার মাপকাঠি নিরূপণ করেছেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ এখানে সমস্ত অফিসারের যোগ্যতার মাপকাঠি নিরূপণ করা হয়েছিল। এই ৪ জনের পারফরমেন্স ওয়াজ ওয়ার্স্ট ইট সো হ্যাপেন্স যে ৪ জনের রিটায়ারমেন্ট হয়েছে সেই ৪ জনের মধ্যে ৩ জন শিডিউল্ড কাস্টস হয়ে গেছে। আমাদের সরকারের ঘোষিত নীতি হল শিডিউল্ড কাস্টসদের কিছু কিছু সুযোগ-সুবিধা দেব। অতএব সেখানে বেছে বেছে ৩ জন শিডিউল্ড কাস্টসকে ফোর্সফুলি রিটায়ার করিয়ে দিলাম এই জিনিস নয়।

শ্রী অশ্বিনীকুমার রায় ঃ যে ৪ জনকে ফোর্সড রিটায়ারমেন্টে করানো হয়েছে রিটায়ারমেন্টের সময় তাদের বয়স কত হয়েছিল, জানাবেন কি?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ ৫০ বছরের উর্ধ্বে নিশ্চয় হয়েছিল রিটায়ারমেন্টের সময় এবং রুল ৭৫(এ) অনুসারে না হলে তো হয় না—তবে ৫১ কি ৫২ হয়েছিল একজ্যাক্টলি সেটা বলা মুশকিল, তবে ৫০ বছরের উর্ধ্বে নিশ্চয় হয়েছিল।

শ্রী মনোরঞ্জন প্রামাণিক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই বিভাগে কি ঐ তিন জনই মাত্র শিডিউল কাস্ট ছিলেন এবং ঐ তিন জনকেই কি অবসরগ্রহণ করতে বাধ্য করা হয়েছে?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ বিভাগে মোট কতজন শিডিউল কাস্ট আছেন সে প্রশ্ন আদৌ করা হয়নি। সেভাবে যদি প্রশ্নটা দেওয়া হত, তা হলে আমি নিশ্চয় সেইভাবে তৈরি হয়ে আসতাম। এখানে জানতে চাওয়া হয়েছে কতজনকে

বরখাস্ত করা হয়েছে এবং তার মধ্যে কতজন শিডিউল কাস্ট। সেখানে আমি পরিষ্কারভাবে সংখ্যাগুলি দিয়েছি। তবে এখানে তারা শিডিউল কাস্ট বলেই তাদের বরখাস্ত করা হয়েছে বলে মাননীয় সদস্যরা যেটা কটাক্ষ করে বলছেন সেটা আদৌ সত্য নয়। এটা হয়ে গিয়েছে ৪ জনের মধ্যে তিন জন তফসিল জাতির। স্যার, আপনি জানেন, আমাদের সরকারের ঘোষিত নীতি হচ্ছে তফসিলভূক্ত সম্প্রদায়কে সুযোগ-সুবিধা দেওয়া। তবে এটা হয়ে গিয়েছে—ইট ইজ এ মেয়ার কো-ইন্সিডেন্ট।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, তাদের ১০ বছরের কাজকর্ম দেখা হয়েছে এবং সেখানে অসন্তোষজনক কাজকর্মের জন্য তাদের বাইফোর্স রিটায়ার করানো হয়েছে। আমার জিজ্ঞাস্য, যেখানে তারা ১০ বছর ধরে এই সমস্ত অপকর্ম করে আসছে সেখানে কি এমারজেন্সির জন্য অপেক্ষা করে ছিলেন যে এমারজেন্সির পরিপ্রেক্ষিতে তাদের রিটায়ার করাব?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ প্রশ্নের সঙ্গে এটা আসে না। ফোর্সড রিটায়ারমেন্টের প্রভিসন ৭৫(এ) রুলে আছে। এটা এমারজেন্সির পর করতে পারা যায়, আগেও করা যেত। তবে কখন ব্যবস্থা নেওয়া হবে সেটা সরকারের বিবেচনার উপর নির্ভর করে।

শ্রী শরৎচন্দ্র দাস ঃ যারা সন্তোষজনকভাবে কাজ করবে না তাদের পত্রপাঠ বিদায় করা উচিত। ১০ বছর ধরে যারা যারা ক্ষমাহীন অপরাধ করল, তাদের ক্ষমা করা হল এবং তারা তা করবার সুযোগ পেল। আমার জিজ্ঞাস্য, ১০ বছর ধরে যখন তারা অপকর্ম করছিল তখন আগে তাদের কেন বরখাস্ত করলেন না, হঠাৎ কেন করলেন?

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইট ইজ এ ম্যাটার অব অপিনিয়ন। আমি এসে হয়ত মনে করলাম যে একজন অপকর্ম করছে আবার অন্য জন হয়ত মনে করলেন না। আমাদের একটা রিভিউ কমিটি আছে এবং সেই রিভিউ কমিটি আলোচনা করে বলেছেন যে, সেই সমস্ত অফিসারের কাজ ১০ বছরের মদ্যে সন্তোষজনক হয়নি। ৫০ বছরের ঊর্ধ্বে, রুল ৭৫(এ)-তে তাদের জোর করে রিটায়ার করানো হয়েছে।

কয়লাখনি হইতে রয়্যালটি ও সেস

***২১৮**। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৯।) **শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে অবস্থিত কয়লাখনিগুলি হইতে ১৯৭২ সাল হইতে ১৯৭৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত রয়্যালটি ও সেস বাবদ রাজ্য সরকারের মোট কি

পরিমাণ অর্থ পাওনা হইয়াছে ;

(খ) উক্ত পাওনার মধ্যে রাজ্য সরকার কি পরিমাণ অর্থ কয়লাখনিগুলি কর্ত্তৃপক্ষের নিকট হইতে পাইয়াছেন ;

(গ) কয়লা খনিগুলি হইতে রাজ্য সরকারের রয়্যালটির পরিমাণ কিভাবে নির্ধারিত হয়; এবং

(ঘ) বকেয়া অর্থ কয়লা খনিগুলির কর্তৃপক্ষের নিকট হইতে আদায়ের জন্য রাজ্য সরকার কি কি কর্মপন্থা গ্রহণ করিয়াছেন?

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ

(ক) জাতীয়করণের পর হইতে ফেব্রুয়ারির শেষ পর্যন্ত ধার্য করা রয়্যালটির পরিমাণ কোকিং কোলের বাবদ ৩১,৩১,১৪৭.২৭ টাকা ও নন-কোকিং কোলের বাবদ ৮,৮৮,০৭,২১৪.৯৬ টাকা হইয়াছে। সেসের হিসাব ভূমি ও রাজস্ব দপ্তরের বিষয়।

(খ) কোকিং কোল বাবদ আদায় হইয়াছে ১৭,৯৯,৫১৪.৭৮ টাকা ও নন-কোকিং কোল বাবদ ৫,১৯,৫০,০০০ টাকা।

(গ) ইজারার বিধান অনুযায়ী প্রত্যেক খনি হইতে নিয়মিতিভাবে কয়লা উত্তোলন ও অন্যত্র পাঠানোর হিসাব দাখিল করিতে হয়। সাধারণ তাহারই ভিত্তিতে রয়্যালটি ধার্য করা হয়। সন্দেহ হইলে আসানসোল অফিসের মাইনিং অফিসারগণ খনির প্রকৃত হিসাব ও মালের পরিমাণ জায়গায় গিয়া পরীক্ষা করেন।

(ঘ) ইস্টার্ন কোল ফিল্ড, কোল ইন্ডিয়ার বিভিন্ন স্তরের কর্মচারিদের সহিত আলোচনা, পত্রালাপ ছাড়া কেন্দ্রীয় খনি মন্ত্রকের পদস্থ কর্মচারী ও রাজ্য কেন্দ্র মন্ত্রী পর্যায়েও পত্রের দ্বারা যোগাযোগ করা হইয়াছে।

[2-00 — 2-10 p.m.]

শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবরণ দিলেন তাতে দেখছি যে পশ্চিমবাংলা সরকারের বেশ কয়েক কোটি টাকা কয়লাখনি কর্তপক্ষের কাছে বাকি আছে। সেই টাকা আদায়ের জন্য আলোচনাও চলছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে, এই যে বিপুল টাকা রাজ্য সরকারের পাওনা হয়েছে বিগত কয়েক বছর ধরে, সেই টাকা আদায়

করার জন্য সুনির্দিষ্ট সময়সীমা কি কেন্দ্রীয় সরকার দিয়েছেন যে, এই সময়ের মধ্যে দিতে হবে?

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ আমি মাননীয় সদস্য সুকুমারবাবুকে বলতে পারি যে কয়লা খনির যারা কর্তৃপক্ষ তারা একটা অদ্ভুত যুক্তির অবতারণা করে টাকা নিয়ে টালবাহনা করছেন। তারা যুক্তি দিয়েছেন যেহেতু স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের কাছে টাকা পান, যেতে ডি. পি. এল.-এর কাছে টাকা পান। সেহেতু পশ্চিমবঙ্গ সরকারের যেটা পাওনা সেটা তারা দিতে চাচ্ছেন না। তাদের কাছে চিঠি লেখা হয়েছে যে ওটার সঙ্গে এটার কোনও সম্পর্ক হতে পারে না। আমাদের রয়্যালটি দিতে হবে। আমাদের কাছে যদি তাদের কিছু পাওনা থাকে, তা হলে সেটা তারা আদায় করে নিতে পারেন। এই ব্যাপারে আলাপ-আলোচনা চালিয়ে যাচ্ছি এবং তাদের বলা হয়েছে যে, কোনও ডিপার্টমেন্ট যদি তাদের টাকা বাকি থাকে তা হলে সেই টাকা আদায় করার জন্য তারা যে বন্দোবস্ত করতে পারেন করুন। কিন্তু তার জন্য আমাদের যেটা পাওয়া আছে সেটা থেকে আমাদের বঞ্চিত করতে পারবেন না।

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, জাতীয়করণ করার পরে ৫০ কোটি টাকারও বেশি এই কয়লা খনির মালিকরা দেয় না। সেই বকেয়া রয়েলটি আদায়ের জন্য কারও কোনও সম্পত্তি ক্রোক করেছেন কিনা বা কোনও ব্যবস্থা অবলম্বন করেছেন কিনা জানাবেন কি?

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ এখানে প্রশ্ন হচ্ছে ৫০ কোটি টাকা নয়। ২৫ কোটি টাকা এবং তার সঙ্গে সুদ যোগ করলে ৪০ কোটি টাকা হয়। আমাদের কোল ন্যাশনালাইজড যখন হয়ে গেল তখন ভারত সরকারকে জানিয়েছি, যারা ক্ষতিপূরণ করবেন তাদের কাছে দাবি করা হয়েছে ক্ষতিপূরণের জন্য আমাদের যে টাকা পাওনা সেটা দিয়ে তারা ক্ষতিপূরণ করতে পারেন।

Starred Questions
(to which answers were laid on the Table)

কংসাবতীর ভাঙ্গন

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮।) **শ্রী ফণিভূষণ সিংহবাবু ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার চিলতোড় গ্রামটিকে কংসাবতীর ভাঙ্গন হইতে রক্ষা করিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটির কাজ শুরু হইবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ, এই ব্যাপারে একটি পরিকল্পনা রচনা করা হইয়াছে।

(খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলেই কাজ শুরু করা হইবে।

ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন

*২০২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩০।) **শ্রী নিতাইপদ সরকার ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের জন্য গত তিন বৎসরে কোনও কোনও পরিকল্পনা কার্যকর করা হইয়াছে ; এবং

(খ) বর্তমানে ক্ষুদ্র ও কুটির শিল্পে—

(১) মোট লগ্নির পরিমাণ,

(২) সরকারি লগ্নির পরিমাণ, ও

(৩) নিযুক্ত শ্রমিকের সংখ্যা কত?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের জন্য গত তিন বৎসরে যে সমস্ত পরিকল্পনা কার্যকর করা হইয়াছে তাহাদের একটি তালিকা লাইব্রেরি টেবিলে স্থাপন করা হইল।

(খ) (১) বর্তমানে ক্ষুদ্র ও কুটির শিল্পে মোট লগ্নির পরিমাণ বলা সম্ভব নহে। তবে আনুমানিক ৩,৮৫.৮৪ কোটি টাকা লগ্নিকৃত আছে।

(২) সাধারণতা প্রাইভেট সেক্টরের অন্তর্গত ক্ষুদ্রশিল্পে কোনও সরকারি লগ্নি হয় না। তবে অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প অনুযায়ী প্রান্তিক ঋণ হিসাবে সরকারি লগ্নির পরিমাণ আনুমানিক ১ কোটি ৩৬ লক্ষ টাকা। ইহা ছাড়াও হস্ত ও হস্তচালিত তাঁত শিল্পে এবং রেশম শিল্পে সরকারি লগ্নির পরিমাণ যথাক্রমে ১.৮১ কোটি টাকা এবং ২৫ লক্ষ টাকা।

(৩) বর্তমানে ক্ষুদ্র ও কুটির শিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা ১৫ লক্ষ ৯

হাজার ২৪৮ জন।

সেচের কাজে ডি. ভি. সি.-র জল

*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৩।) **ডাঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালে বোরো চাষের জন্য ডি. ভি. সি. হইতে (১) হুগলি ও (২) বর্ধমান জেলার জন কত একর ফুট জল বরাদ্দ করা হইয়াছে ;

(খ) সরকার কি অবগত আছেন যে, (১) বর্তমান বৎসরে জলের যোগান যে থাকার জন্য হুগলি জেলার কিছু খালে (যেগুলিতে গত বৎসরও জল সরবরাহ করা হইয়াছিল) এ বৎসর জল দেওয়া হইতেছে না ; (২) গত ৪/৫ ফেব্রুয়ারি তারিখে দামোদর উপত্যকায় প্রচুর বৃষ্টিপাত হওয়ার ফলে ডি. ভি. সি.-র বাঁধগুলিতে প্রচুর জলের যোগান হইয়াছে ; এবং

(গ) অবগত থাকিলে, এই সকল খালে জল সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

সেচ এবং জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মোটামুটিভাবে স্থির হইয়াছে যে, পর্যাপ্ত পরিমাণে সেচের জল পাওয়া গেলে, (১) হুগলি জেলায় প্রায় ৫০ হাজার একর জমিতে এবং (২) বর্ধমান জেলায় প্রায় ৮০ হাজার থেকে এক লক্ষ একর জমিতে বোরো চাযের জল সরবরাহ করা সম্ভব হবে। সাধারণত বোরো চাযের জন্য প্রতি একর জমিতে ৪ একর ফিট জল লাগে।

(খ) (১) হ্যাঁ।

(২) ইহা সঠিক নহে।

(গ) বিহার সরকারের তেনুঘাট জলাধার এবং ডি. ভি. সি.-র জলাধারগুলি হইতে অতিরিক্ত জল সংগ্রহের চেষ্টা চলিতেছে ; তদুপরি প্রাপ্তব্য জলের অপচয় রোধ করিবার জন্য সংশ্লিষ্ট জেলা কতৃপক্ষদিগকে প্রয়োজনীয় ব্যবস্থা লইতেও অনুরোধ করা হইযাছে।

বিধানসভার মুদ্রণালয়

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৭।) **শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী** ঃ শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য বিধানসভার কার্যাবলী ছাপাইবার জন্য ও অন্যান্য কার্যের সুবিধার্থে বিধানসভার নিজস্ব প্রেস স্থাপনের কথা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকর হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) উপরি লিখিত উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন ওঠে না।

মুর্শিদাবাদ জেলার ত্রিমোহিনী গ্রামের মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি

*২১২। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৩।) **শ্রী নাসিরুদ্দিন খান** ঃ সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নওদা থানার ত্রিমোহিনী গ্রামের মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটিতে সরকারি কত টাকা বিনিয়োগ করা হইয়াছে ;

(খ) উক্ত সোসাইটির বর্তমান মূলধন কত ;

(গ) বর্তমানে উক্ত সোসাইটিতে কতজন সদস্য আছেন ; এবং

(ঘ) উক্ত সোসাইটিতে কোনও বিরাট রকমের চুরি কোনও খবর সরকার পেয়েছেন কিনা?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ ন

(ক) উক্ত সমিতির শেয়ার মূলধনে সরকারি বিনিয়োগ ৬৬,২০০ টাকা। গুদাম নির্মাণের জন্য সমিতিকে সরকার ২২.৫০০ টাকা ঋণ এবং ৭,৫০০ টাকা অনুদান বরাদ্দ করিয়াছেন।

(খ) শেয়ার মূলধন—৮৩,৭৪০ টাকা।

(গ) সমিতির মোট সদস্য—৬৪৬ জন। তন্মধ্যে রাজ্য সরকার—১, সমবায় সমিতিসমূহ—১৭ এবং ব্যক্তি সদস্য—৬২৮।

(ঘ) হ্যাঁ, পাওয়া গিয়াছে। ১৯৬৯ সালের ১৬ই জুন তারিখ রাত্রে সমিতির কার্যালয় হইতে তিন হাজার সাতশ অষ্টাশি টাকা চৌদ্দ পয়সা চুরি হয়। পরে নওদা থানায় এফ. আই. আর. রুজু করা হয়।

বিদ্যুৎ পর্ষদে নিযুক্ত কর্মচারী

***২১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৩০।) **শ্রী শিশিরকুমার ঘোষ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সাল হইতে ১৯৭৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্যদে কোনও শ্রেণীর কত জন শ্রমিক-কর্মচারী নিযুক্ত হয়েছে ; এবং

(খ) উক্ত নিয়োগের ভিত্তি কি ছিল?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্যদে তৃতীয় শ্রেণীতে ৫,৭১৯ জন এবং চতুর্থ শ্রেণীতে ৮,৩২৩ জন মোট ১৪,০৪২ শ্রমিক কর্মচারী নিযুক্ত হয়েছে।

(খ) ঐ সময় গ্রামীণ বৈদ্যুতিকরণ এবং অন্যান্য কাজের বৃদ্ধি হেতু পর্যদের কার্যকলাপের ক্রমাগত সম্প্রসারণ ঘটে। এর জন্য প্রয়োজন অনুযায়ী শ্রমিক কর্মচারী নিয়োগ করা হয়।

কল্যাণী স্পিনিং মিল

***২১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৩।) **শ্রী নরেশচন্দ্র চাকি ঃ** সরকারি সংস্থা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত কল্যাণী স্পিনিং মিলে কত টাকা বিনিয়োগ করা হইয়াছে ;

(খ) বর্তমানে উক্ত মিলে কতজন ব্যক্তি কাজ করেন ;

(গ) (১) ১৯৭৩-৭৪, (২) ১৯৭৪-৭৫ এবং (৩) ১৯৭৫-৭৬ সালে এই কারখানায় কত টাকা লাভ বা লোকসান হইয়াছে ;

(ঘ) উক্ত লাভ বা লোকসানের কারণ কি ; এবং

(ঙ) উক্ত মিলটিকে লাভজনক অবস্থায় লইয়া যাওয়ার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

সরকারি সংস্থা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত বিনিয়োগ পরিমাণ এইরূপ ঃ—

সরকারি বিনিয়োগ		**টাকা**
(১) শেয়ার ক্যাপিটাল	...	১,৫৮,২১,০০০
(২) ঋণ	...	৪,১৬,১২,১৯৬
ব্যাঙ্কের ঋণ	...	১,২৭,১৫,০০০

(খ) ২,৯৬৪ জন।

(গ) সাল	ক্ষতি
১৯৭৩-৭৪	(-) ৫২,৬১,১৭২ টাকা
১৯৭৪-৭৫	(-) ১,৪৭,২৭,৪৩৫ টাকা
১৯৭৫-৭৬ (২৮.২.৭৬) পর্যন্ত	এখনও হিসাব পরীক্ষা হয় নাই

(ঘ) লোকসানের কারণগুলি এইরূপ ঃ—

(১) অক্টোবর ১৯৭৪ সাল হইতে বস্ত্রশিল্প সারা ভারতে অসম্ভব রকম মন্দার ভিতর দিয়া যাইতেছে। এক দিকে তুলার দর উঁচু অন্যদিক সুতার দর নিচু। ইহার ফলে কল্যাণী স্পিনিং মিল সহ অন্যান্য অনেক মিল প্রচন্ড লোকসানের মধ্যে দিয়া চলিতেছে।

(২) অস্বাভাবিক এবং অভূতপূর্ব লোড শেডিং ও লো ভোল্টেজ বিদ্যুৎ সরবরাহের ফলে উৎপাদনে ক্ষতি।

(৩) সুতার উপর কেন্দ্রীয় শুল্ক হারের অস্বাভাবিক বৃদ্ধি।

(৪) ব্যাঙ্ক ঋণ জনিত মোটা টাকা সুদ।

(৫) অনবরত ভেরিএবল ডিয়ারনেস অ্যালাটেন্সর বৃদ্ধির ফলে শ্রমিকদের মজুরি

বৃদ্ধি।

(৬) ক্যানটিন চালাইবার জন্য প্রতি মাসে সাবসিডি হিসাবে মোটা টাকা খরচা।

(৭) বিভিন্ন কারণে উপযুক্ত মানের সুতা তৈয়ারি না হওয়া।

(৮) কল্যাণী স্পিনিং মিলে কর্মীর সংখ্যা কাজের অনুপাতে বেশি হওয়ায় পরও সামগ্রিক উৎপাদন অপেক্ষাকৃত কম।

(৯) মিলটিকে লাভজনক সংস্থায় পরিণত করার জন্য নিম্নলিখিত ব্যবস্থা লওয়া হইয়াছে ঃ—

(১) পরিচালকমন্ডলীকে ঢেলে সাজানো হইয়াছে।

(২) অধিকাংশ ক্ষেত্রে সরকারি সংস্থা হইতে তুলা ক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে এবং ইহার ফলে কাঁচা মালের জন্য খরচ বেশ কিছুটা কমিয়া গিয়াছে।

(৩) মিলের অভ্যন্তরীণ শৃঙ্খলা কার্যকরভাবে নিয়ন্ত্রণ করিয়া কটন ওয়েস্টের হার কমানো হইয়াছে।

(৪) কোম্পানির বিক্রয় বিভাগ ও বিক্রয় নীতিকে পুনর্বিন্যাস করা হইয়াছে এবং স্বীকৃত ডিলারদের মাধ্যমে সূতা বিক্রয় করার ফলে বিক্রয়ের হার এবং সূতার দর উভয়েরই বৃদ্ধি হইয়াছে।

(৫) উন্নতমানের সূতা উৎপাদনের এবং উৎপন্ন সূতার উপর আই. এস. আই.-এর ছাপ মারিবার ব্যবস্থা করা হইয়াছে।

(৬) বিশেষজ্ঞ সংস্থার মাধ্যমে শ্রমিকদের আদর্শ উৎপাদন সূচক মাপকাঠি নির্ণয় করিবার ব্যবস্থা করা হইয়াছে এবং ইহার সাহায্যে অতিরিক্ত শ্রমিকের সংখ্যা নির্ধারণ করা যাইবে।

(৭) মিলের কর্তৃপক্ষ দ্বারা তৈয়ারি ভায়েবিলিটি রিপোর্টকে উপযুক্ত সমীক্ষা করাইবার ব্যবস্থা করা হইয়াছে। কিছু কিছু পুরাতন যন্ত্রপাতির বদলে নূতন যন্ত্রপাতি বসাইয়া মিলটিকে আধুনিকীকরণের ব্যবস্থা লওয়া হইতেছে।

(৮) সূক্ষ্ম সূতার উপর কেন্দ্রীয় শুল্কের হার কিছুটা কমাইবার জন্য কেন্দ্রীয় সরকারের সহিত যোগাযোগ করা হইতেছে।

(৯) মিলের অভ্যন্তর ভাগে শ্রমিকদের আচরণবিধি সংশো...নের জন্য

কোম্পানির স্ট্যান্ডিং অর্ডারকে পর্যালোচনা করা হইতেছে এবং আচরণবিধি সংশোধনের ফলে মিলের অভ্যন্তর ভাগে শৃঙ্খলা কঠোরভাবে বজায় রাখা সম্ভব হইবে।

(১০) সরকার এই মিলটির অবস্থা বিশদভাবে পর্যালোচনার জন্য অর্থমন্ত্রী, শ্রমমন্ত্রী, সরকারি সংস্থার মন্ত্রী ও সরকারি সংস্থার প্রতিমন্ত্রীদের লইয়া একটি কমিটি গঠন করিয়াছে। এই কমিটি মিলটির বর্তমান অবস্থা বিবেচনা করিয়া এই সিদ্ধান্ত লইয়াছে যে, মিলটির সুষ্ঠু পরিচালনার জন্য পরিমিতি আর্থিক অনুদান দিতে হইবে, শ্রমিকদের বিশৃঙ্খলা বন্ধ করিতে হইবে, অতিরিক্ত শ্রমিকের সংখ্যা নিরূপণ করিয়া উপযুক্ত ব্যবস্থা লইতে হইবে, আর একটি নির্দিষ্ট সময়ের মধ্যে মিলটিকে স্বয়ং নির্ভর হইতে হইবে।

চাপড়া থানায় ড্রেনেজ স্কীম

***২২০।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৮।) **শ্রী গিয়াসুদ্দিন আহম্মদ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার চাপড়া থানায় ড্রেনেজ স্কীমটি কেন্দ্রীয় সরকারের গঙ্গা ফ্লাড কন্ট্রোল বোর্ড-এর অনুমোদন লাভ করেছে কিনা ; এবং

(খ) অনুমোদন পেয়ে থাকলে, কাজটি কবে নাগাদ শুরু হবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

হাওড়া জেলার সমবায় সমিতি

***২২১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬১।) **শ্রী সরোজরঞ্জন কাঁড়ার ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হাওড়া জেলায় সেচ সমবায় সমিতি স্থাপনের জন্য কতগুলি প্রস্তাব আসিয়াছে এবং সেগুলি কোনও পর্যায়ে আছে?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ হাওড়া জেলার উদয়নারাণপুর ব্লক হইতে এ পর্যন্ত তিনটি সেচ সমবায় সমিতি গঠনের প্রস্তাব আসিয়াছে। আর্থিক সংস্থান না হওয়ার দরুন সমিতিগুলি এখনও রেজিস্ট্রি করা সম্ভব হয় নাই।

Cottage and Small Scale Industries in Midnapore district

*223. (Admitted question No. *1355.) **Shri Hemanta Dutta, Shri Rajani Kanta Doloi, Shri Braja Kishore Maitry and Shri Prafulla Kumar Maiti :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state the steps taken to foster the growth of cottage and small scale industries in Midnapore district ?

Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department : To foster the growth of cottage and small scale industries in Midnapore district, the following steps have been taken by the Department of Cottage & Small Scale Industries, West Bengal :—

(1) Loans are advanced to the S.S.I. units under he B.S.A.I. Act at a cheaper rate of interest. Loans are also advanced from the R.I.P. nucleus fund. Besides, under the Margin Money Scheme, 10% of the total project cost is given to the entrepreneurs for setting up of new or expansion of existing units.

(2) Subsidy on consumption of power and interest charged on working capital loan from the financial institutions and banks are given to the small scale industrial units.

(3) 10% to 15% subsidy on total fixed assets is also given to the entrepreneurs for setting up of new or expansion of existing small units.

(4) Quotas/Permits for scarce categories of raw materials and Essentiality Certificates for import licences for imported raw materials and spare parts for machineries are issued.

(5) For intensive development of rural industries, the whole of Midnapore District has been declared as Rural Industries project District.

(6) A scheme "Package of Consultancy Services" has also been very recently introduced to render assistance to S.S.I. units at pre-investment, investment and post-investment stages.

(7) Industrial Estates would be set up at Kharagpur, Haldia and Midnapore during the Five Year Plan period to foster further growth of small scale industries.

(8) Efforts are being taken to develop ancillary industries in the district.

(9) Machinery on Hire Purchase basis are given to S.S.I. units by the N.S.I.C.—a Government of India Undertaking and W.B.S.I.C. Ltd., a State Government Undertaking.

(10) For the development of Cashew Nut, one co-operative society has been organised at Ramnagar area of Contai sub-division and has been running for the last two years.

(11) For special development in Jhargram area, the Jhargram Development Board has been frames. A stoneware Scheme has been sanctioned and an amount of Rs. 50,000—is being spent for the said scheme. The scheme is being operated by the West Bengal State Handicrafts Co-operative Society Ltd.

(12) Under the Handicrafts sector, a District Central Mat Marketing Society has been functioning at Sabong and Egra in Midnapore district.

(13) For the development of Horn Industry a Training-cum-Servicing Centre has been running at Vaishnabchak.

(14) For the tile making, blacksmithy, leather, carpentry and handloom industries, the Midnapore District Service-cum-Marketing Industrial Co-operative Union Ltd. with headquarter at Tamluk has been functioning since 1967.

(15) For the development of handloom and powerloom industries in the district three Handloom Development Offices each at Tamluk, Contai and Midnapore Sadar have been set up.

(16) It has been decided to set up a Research Centre for furnishing fabrics at Tamluk. For this purpose, a sum of Rs. 85,000 has since been sanctioned. To implement this scheme, handloom and other essential equipments have already been set up there. It is expected that production will start soon.

(17) For the development of handloom industries in the district, this Dept. have sanctioned the following amounts to the different handloom weavers co-operative societies during the current financial year :—

(i)	Subsidy (rebate) on sales of handloom cloth (up to Jan. 76)	Rs. 1.71 lakhs.
(ii)	Loans/Grant for improved appli ances (up to Dec. 75)	Rs. 15 thousand.
(iii)	Working capital loan (up to Dec. 75)	Rs.1.00 lakh.

(18) Besides, for the development of Handloom industry in the district, bank loan of Rs. 8.34 lakhs has been given to handloom weavers for the period from July 1974 to December 1975.

(19) Permits for 120 powerlooms have so far been given to different powerloom co-operative societies. For this purpose, a loan of Rs. 3/60 lakhs has been given to the societies.

(20) Permits for 92 powerlooms have so far been given to private individuals.

বিদ্যুৎ উৎপাদন

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২।) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৫ সালের জুন মাস হইতে সাঁওতালডিহি, ব্যান্ডেল, ডালখোলা প্রভৃতি বিদ্যুৎ কেন্দ্রগুলিতে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পাইয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি হইতে বর্তমানে গড়ে দৈনিক কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হইতেছে,

(২) বর্তমানে কোন উৎপাদন কেন্দ্রে কয়টি ইউনিট চালু আছে, ও

(৩) কোলাঘাট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কাজ কবে নাগাদ শুরু হইবে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্তমানে ব্যান্ডেলে ৪টি ৭৫ মেগাওয়াট ইউনিট এবং সাঁওতালডিহিতে ২টি ১২০ মেগাওয়াট ইউনিট আছে। একটি ইউনিট বার্ষিক রক্ষাণাবেক্ষণের জন্য বন্ধ রাখিয়া বাকি ৫টি ইউনিট হইতে দৈনিক গড়ে ৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভবপর। বিদ্যুৎ চাহিদা অনুযায়ী এই ৫টি ইউনিট চালু রাখা হইতেছে। ডালখোলায় কোনও বিদ্যুৎ কেন্দ্র নাই।

(খ) (১) রাত্রিকালীন বিদ্যুতের সমস্যার জন্য বর্তমানে ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে গড়ে দৈনিক ৩০০ মেগাওয়াট এবং সাঁওতালডিহি বিদ্যুৎ কেন্দ্রে গড়ে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হইতেছে।

(২) বর্তমানে ব্যান্ডেলে চারটি ও সাঁওতালডিহিতে একটি ইউনিট চালু আছে।

(৩) কোলাঘাটে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রাথমিক কাজ শুর হয়ে গেছে এবং এই কাজ ত্বরান্বিত করার প্রচেষ্টা চলছে।

Pharmaceutical Industrial Estate

***225.** (Admitted question No. *1174.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries

Department be pleased to state—

(a) whether there is any proposal for setting up of a Pharmaceutical Industrial Estate in West Bengal; and

(b) if so,—

(i) the proposed locaion of the estate ;

(ii) the salient features of the proposal, and

(iii) the present position of the proposal ?

Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :

(a) Not at the moment.

(b) (i), (ii) and (iii) Does not arise.

বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির রক্ষণাবেক্ষণ

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩।) **শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশন লিঃ তাহার বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন স্টেশনগুলি সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করিতেছেন না এই মর্মে একটি অভিযোগ বিদ্যুৎ কর্মীদের পক্ষ হইতে সরকারের নিকট পেশ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত অভিযোগের তদন্ত করা হইয়াছে কিনা, ও

(২) হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সাধারণভাবে কলকাতা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের সফল বিদ্যুৎ উৎপাদন স্টেশনগুলি সম্বন্ধে এইরূপ কোনও অভিযোগ সরকার পান নাই। তবে কিছুদিন

পূর্বে কলকাতা ইলেক্ট্রিক সাপ্লাই মজদুর সমিতি এই মর্মে সরকারের নিকট একটি অভিযোগ করেন যে উক্ত বিদ্যুৎ কর্পোরেশনের কাশীপুরস্থ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রটি (জেনারেটিং স্টেশন) ঠিকমতো রক্ষণাবেক্ষণ ও ইহার বয়লার সংস্কারসাধন করিলে ১৫ মেগাওয়াটের বেশি বিদ্যুৎ উৎপাদন করিতে সক্ষম হইত যার ফলে এই কেন্দ্রটি বন্ধ করিবার প্রয়োজন হইত না।

(খ) (১) সরকার উক্ত অভিযোগের ভিত্তিতে এই ব্যাপারে যথাযথ অনুসন্ধান করিয়াছেন।

(২) অনুসন্ধান করিয়া দেখা গিয়াছে যে, উক্ত কেন্দ্রটি চালু রাখা সবদিক হইতেই অলাভজনক (আন-ইকনমিকাল) এবং বিপজ্জনক (হ্যাজারডাস)। সেহেতু কেন্দ্রটি বন্ধ করিবার শেষ তারিখের পরেও কিছুদিন চালু রাখিয়া অবশেষে বন্ধ করিয়া দিতে হয়।

আপার কংসাবতী পরিকল্পনা

***২২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯।) **শ্রী ফণিভূষণ সিংহবাবু ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আপার কংসাবতী পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত পরিকল্পনাটির কাজ শুরু হইবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) আপার কংসাবতী পরিকল্পনাটির ২২ কোটি ৬৬ লক্ষ টাকার একটি মডিফায়েড এস্টিমেট প্রস্তুতির কাজ কিছুদিন হইল সমাপ্ত হইয়াছে এবং উহা কেন্দ্রীয় জল পর্ষদ ও যোজনা পর্ষদের নিকট অনুমোদনের জন্য পাঠানো হইয়াছে।

(খ) কেন্দ্রীয় জল পর্ষদ ও যোজনা পর্ষদের অনুমোদন পাওয়া গেলেই রাজ্য অর্থ বিভাগের সম্মতি লইয়া পরিকল্পনাটির কাজ আরম্ভ করা যাইবে।

ফারাক্কার জলে প্লাবন

***২২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৫।) **শ্রী মহঃ দেদার বক্স ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার সূতি ও রঘুনাথগঞ্জ থানার প্রায় পঞ্চাশটি মৌজা ফারাক্কার জলে ডুবিয়া গিয়াছে, ও

(২) জঙ্গীপুর হইতে নদীয়া জেলা পর্যন্ত ভাগিরথীর তীরে ভাঙ্গন দেখা দিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) (১) হ্যাঁ, ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টের ফিডার ক্যানেল দিয়া জল ছাড়ার ফলে জঙ্গীপুর মহকুমার সুতি ও রঘুনাথগঞ্জ থানার প্রায় পঞ্চাশটি মৌজা জলমগ্ন হইয়াছে।

(২) হ্যাঁ, ভাগিরথীর উভয় তীরে উক্ত অঞ্চল জুড়িয়া জায়গায় জায়গায় ভাঙ্গন দেখা দিয়াছে।

(খ) এই অবস্থার প্রতিকারের জন্য সেচ ও জলপথ বিভাগ পাগলা ও বাঁশলই নদীর উপর দুইটি ক্রুশ বাঁধ নির্মাণের প্রস্তাব দিয়াছে। কিন্তু ভাগিরথী নদীর জলের সমতল উঁচু থাকার জন্য ঐ প্রস্তাব কার্যকর করা সম্ভবপর নয়। বিকল্প ব্যবস্থা হিসাবে ৯ কোটি ৪২ লক্ষ টাকা ব্যয়ে দুইটি পরিকল্পনা তৈয়ারি করা হইয়াছে। ইহা দ্বারা পাগলা ও বাঁশলই নদীর বন্যার জল রেগুলেটারের সাহায্যে পাম্প করিয়া বাহির করিয়া দিবার ব্যবস্থা রহিয়াছে। ইহা ছাড়া উক্ত নদী দুটির প্রান্তদেশে বাঁধ নির্মাণের সংস্থানও ঐ পরিকল্পনায় করা হইয়াছে। পরিকল্পনাটি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

মাছ

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩২।) **শ্রী নিতাইপদ সরকার ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, খোলা বাজারে মাছের দাম দৈনন্দিন বৃদ্ধি পাইতেছে ; এবং

(খ) সত্য হইলে, সুলভে মাছ সরবরাহের জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বাজারে মাছের প্রয়োজনের তুলনায় যোগান অল্প হওয়ায় মাছের দর বৃদ্ধি

পাইয়াছে। মীনপোষ অধিকর্তা কর্তৃক প্রেরিত গত তিন বছরে মাছের (কেজি প্রতি) গড় দর দেওয়া হইল ঃ ১৯৭৩—৭.৬২ টাকা, ১৯৭৪—৮.৩৪ টাকা, ১৯৭৫—৯.৬৫ টাকা।

(খ) জনসাধারণ যাহাতে সুলভে মাছ পাইতে পারেন তাহার জন্য সরকার (১) **স্বল্পমেয়াদি পরিকল্পনায়** ভারতের অন্যান্য রাজ্য ও বাংলাদেশ হইতে সরকারি ও বেসরকারি পর্যায়ে অধিক পরিমাণে মাছ আমদানির চেষ্টা করিতেছে। (২) **দীর্ঘমেয়াদি পরিকল্পনায়** মাছের উৎপাদন বাড়াইবার জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে সরকারি ও বেসরকারি জলাশয়ে মিশ্র মৎস্য চাষের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। অধিক পরিমাণে চারা পোনা সরবরাহেরও ব্যবস্থা করা হইয়াছে। (৩) ফিস ডিলার্স লাইসেন্স অর্ডার, ১৯৭৫ চালু করা হইয়াছে।

হরিজন বস্তির বৈদ্যুতিকরণ

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৯।) **শ্রী শচীনন্দন সাউ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার হরিজন পল্লীর রাস্তায় বিদ্যুৎ সরবরাহের জন্য কোনও বিশেষ ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(খ) গ্রহণ করিয়া থাকিলে—

(১) তাহা কি, ও

(২) বীরভূম জেলায় এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশন আর. ই. সি.-এর আর্থিক আনুকূল্যে পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় হরিজন বস্তির রাস্তায় বৈদ্যুতিক আলোর এক বিশেষ ব্যবস্থা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাজের অন্তর্ভূক্ত। এ পর্যন্ত উক্ত কর্পোরেশন হইতে ১৮৬টি হরিজন বস্তি বৈদ্যুতিকরণের জন্য আর্থিক সাহায্য পাওয়া গিয়াছে। তন্মধ্যে ৫২টির জন্য আর্থিক সাহায্য গত ডিসেম্বরে পাওয়া গিয়াছে। গত ডিসেম্বর পর্যন্ত উক্ত অর্থসাহায্যে ৮০টি হরিজন বস্তির রাস্তায় বৈদ্যুতিক আলোর ব্যবস্থা

করা গিয়াছে। আরও ১১টিতে বৈদ্যুতিকরণের কাজ চলিতেছে।

(২) বীরভূম জেলায় ২২টি হরিজন বস্তিতে বৈদ্যুতিকরণে অনুমতি পাওয়া গিয়াছে। তার মধ্যে ১১টিতে বৈদ্যুতিকরণ করা হইয়াছে ও আরও একটিতে বর্তমানে কাজ চলিতেছে।

বোরো চাষের জন্য সেচের জল

***২৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৬।) **শ্রী অশ্বিনী রায় ঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে—(১) দামোদর উপত্যকা, (২) কংসাবতী উপত্যকা, (৩) ময়ূরাক্ষী উপত্যকায় ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ এবং ১৯৭৪-৭৫ সালে (ং) আমন, (ং) রবি ও (ং) বোরো চাষের চাষের জন্য কত একর জমিতে জল সরবরাহ করা হইয়াছে?

সেচ এ জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৯৭২-৭৩

(১) দামোদর উপত্যক—	আমন	...	৭,৫৭,৫৫৮ একর
	রবি	...	৪৩,১২১ ”
	বোরো	...	৮২,৩৫৯ ”
(২) কংসাবতী উপত্যক—	আমন	...	৩,৪৬,৫৬৩ একর
	রবি	...	৫২৫ ”
	বোরো	...	৪১ ”
(৩) ময়ূরাক্ষী উপত্যক—	আমন	...	৫,৩০,৫২৮ একর
	রবি	...	৭,৫০০ ”
	বোরো	...	নাই

১৯৭৩-৭৪

	আমন	রবি	বোরো
(১) দামোদর উপত্যক	[illegible]	[illegible]	[illegible]

(২)	কংসাবতী উপত্যক	...	৪,৩২,২৭৫	৩৮,৬৫৭	নাই
(৩)	ময়ূরাক্ষী উপত্যক	...	৫,৩৪,৭৬৪	৬২,২২৫	২৪,৭৫২

১৯৭৪-৭৫

			আমন	রবি	বোরো
(১)	দামোদর উপত্যক	...	৭,৬২,৭৬০	৪৯,০১৬	১,৮৯,৯০৩
(২)	কংসাবতী উপত্যক	...	৪,৮৪,১১১	৬১,৩৩৪	নাই
(৩)	ময়ূরাক্ষী উপত্যক	...	৫,৩৫,৫০৯	৩১,৮১৭	৩২,০৯৬

সূতি লিঙ্ক রোডের সজিনীপাড়া ও ইসলামপুর পর্যন্ত বৈদ্যুতিকরণ

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৫।) **শ্রী শীশ মহম্মদ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার সূতি লিঙ্ক রোড হইতে সজিনীপাড়া ও ইসলামপুর পর্যন্ত বিদ্যুৎ সরবরাহের জন্য তার লাগানো হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) কতদিনে ঐ খতে বিদ্যুৎ সরবরাহ করা হইবে, ও

(২) আলো ও পাখা ছাড়া অন্য কি কি কাজে ঐ বিদ্যুৎ ব্যবহার করা হইবে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) বৈদ্যুতিকরণের কাজ প্রায় সম্পূর্ণ হইয়া আসিয়াছে এবং আশা করা যায় ১৯৭৬ সালের মার্চ মাসের মধ্যে বিদ্যুৎ সরবরাহ চালু হইয়া যাইবে।

(২) উপযুক্ত প্রস্তাব পেশ করিলে, ক্ষুদ্র সেচ কার্যে এবং শিল্পের জন্য বিদ্যুৎ দেওয়া যাইবে।

সুন্দরবনে শিল্প

***২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৭।) শ্রী পঞ্চানন সিংহ ঃ** বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার সুন্দরবনে অনগ্রসর এলাকায় কোনও মাঝারি বা বড় শিল্প স্থাপনের পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কোথায় কোথায় এবং কি ধরনের শিল্প স্থাপনের পরিকল্পনা আছে?

বাণিজ্য এবং শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) ২৪-পরগনা জেলার রায়চকে বছরে ১,০০০ টন প্রোসেসড মেরিন প্রোডাক্টস তৈরি করিবার একটি বেসরকারি প্রকল্পের জন্য লেটার অব ইনটেন্ট মঞ্জুর হইয়াছে।

বিদ্যুৎ

***২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫০২।) শ্রী গণেশচন্দ্র হাটুই ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে গড়ে প্রতিদিন কত মেগাওয়াট বিদ্যুতের চাহিদা আছে

(খ) গড়ে প্রতিদিন কত মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাইতেছে ;

(গ) পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে ঐ চাহিদা কি পরিমাণ হইবে ; এবং

(ঘ) কৃষিক্ষেত্রে ও কলকারখানায় বিদ্যুতের চাহিদা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে সরকার উক্ত পরিস্থিতিকে মোকাবিলা করার জন্য কি চিন্তা করিতেছেন?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবাংলায় দৈনিক মোট অনিয়ন্ত্রিত বিদ্যুতের চাহিদা প্রায় ১,১৫৪ মেগাওয়াট। এই চাহিদার বিবরণ নিম্নে দেওয়া হইল ঃ—

		মেগাওয়াট
সি. ই. এস. সি. এলাকার চাহিদা	...	৬১০
পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ—		
দক্ষিণবঙ্গ	...	২৬০
উত্তরবঙ্গ	...	৩৯
ডি. ভি. সি. (উপত্যকা/অঞ্চল)	...	১৯০
ডি. পি. এল.	...	৫৫
		১,১৫৪

(খ) গড় প্রতি দিন ১,০৮৬ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাইতেছে। ইহার বিবরণ নিম্নে দেওয়া হইল ঃ—

		মেগাওয়াট
সি. ই. এস. সি.-র উৎপাদন	...	২৬০
ডি. ভি. সি.-র সরবরাহ	...	৩০৪
ডি. পি. এল.-র উৎপাদন	...	১৬০
পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ	...	৩৪৭
বিহার বিদ্যুৎ পর্ষদ হইতে আমদানি	...	১৫
		১,০৮৬

(গ) পঞ্চম পরিকল্পনার শেষ ঐ চাহিদা প্রায় ১,৭৪৫ মেগাওয়াট হইবে বলিয়া অনুমান করা হয়। ইহার নিম্নে দেওয়া হইল ঃ—

		মেগাওয়াট
নিম্নবঙ্গে সর্বোচ্চ চাহিদা (ডি. ভি. সি. বাদ)	...	১,৩৪২
ডি. ভি. সি.	...	৩৩৫
উত্তরবঙ্গ	...	৬৮
		১,৭৪৫

(ঘ) কৃষিক্ষেত্রে ও কলকারখানায় ক্রমবর্দ্ধমান বিদ্যুৎ চাহিদা মিটাইবার জন্য বিভিন্ন বিদ্যুৎ সংস্থা নিম্ন লিখিত বিদ্যুৎ প্রকল্পগুলি চালু করিবার কাজ হাতে নিয়াছে—

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ ঃ সাঁওতালডিহি ৩য় ও ৪র্থ ১২০ মেগাওয়াট ইউনিট; ব্যান্ডেল ২০০ মেগাওয়াট ৫ম ইউনিট ; কোলাঘাট তিনটি ২০০ মেগাওয়াট ইউনিট।

জলঢাকা ঃ দুইটি ৪ মেগাওয়াট ইউনিট এবং কার্শিয়াং ১ মেগাওয়াট দুইটি ইউনিট ; এবং উত্তরবঙ্গে দুইটি ৩.৫ মেগাওয়াট ডিজেল ইউনিট।

ডি. পি. এল. ১১০ মেগাওয়াট ১টি ইউনিট।

ডি. ভি. সি. চন্দ্রপুরায় ৬ষ্ঠ ১২০ মেগাওয়াট ও দুর্গাপুর ২০০ মেগাওয়াট একটি ইউনিট।

পর্যটন উন্নয়ন কর্পোরেশন

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৫।) **শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের অধীনে রাজ্য পর্যটন উন্নয়ন কর্পোরেশন গঠন করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত কর্পোরেশনের সদস্য সংখ্যা কত ; এবং

(গ) উক্ত কর্পোরেশন আজ পর্যন্ত কি কি কাজ করেছেন?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) নয়।

(গ) রাজ্য পর্যটন উন্নয়ন কর্পোরেশন আজ পর্যন্ত নিম্নলিখিত কাজগুলি করেছে ঃ

(১) পশ্চিমবঙ্গের পর্যটক আকর্ষণযোগ্য স্থানগুলি এবং দার্জিলিং জেলার স্যান্ডাকফু অঞ্চল ও ২৪-পরগনার সুবিস্তৃত সুন্দরবন অঞ্চলসহ বিভিন্ন স্থান সম্বন্ধে খবরাখবর সংগ্রহ করিয়া পর্যটনের উন্নয়নের জন্য

পরিকল্পনা প্রণয়ন।

(২) পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে অবস্থিত ১৪টি টুরিস্ট লজের দায়িত্ব গ্রহণ,

(৩) শিলিগুড়িতে একটি টুরিস্ট লজ স্থাপন,

(৪) হলদিয়াতে একটি টুরিস্ট লজ স্থাপনের ব্যবস্থা গ্রহণ,

(৫) দার্জিলিং-এর মিরিকে একটি পর্যটক কেন্দ্র স্থাপনের পরিকল্পনা প্রণয়ন এবং রূপায়ণের কাযকর ব্যবস্থা গ্রহণ,

(৬) দার্জিলিং-এ লুইস জুবলি স্যানিটোরায় পরিচালনার ভার গ্রহণ।

Salt

***236**. (Admitted question No. *461.) **Shri Md. Safiullah :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if it is a fact that salt is being manufactured in West Bengal as a cottage industry ; and

(b) if so—

(i) the methods utilised for this purpose,

(ii) the areas of loalisation of this industry,

(iii) number of people engaged in this industry, and

(iv) the particulars of financial assistance rendered to the salt manufacturers ?

Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :

(a) Yes.

(b) (i) Through the process of evaporation.

(ii) Diamond Harbour and Gosaba area in 24 Parganas dis-

trict and Contai sea-shore area in Midnapore district.

(iii) Not known.

(iv) The State Government in the Cottage and Small Scale Industries Department did not receive any application for financial assistance from the salt manufacutrers in the small scale sector. They may, however, avail of the facilities that the State Government offer for the small scale industries, in general.

মেজিয়ায় কয়লার ভান্ডার

***২৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৩।) **শ্রী শরৎ দাস ঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া রিপোর্ট দিয়াছেন যে, বাঁকুড়া জেলার মেজিয়ায় প্রচুর পরিমাণে কয়লার ভান্ডার মজুত রহিয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত রিপোর্ট জি. এস. আই. কোনও তারিখে পেশ করিয়াছেন এবং তাহা কোন তারিখে রাজ্য সরকারের হস্তগত হইয়াছে,

(২) ঐ রিপোর্টে কয়লার পরিমাণ কত বলিয়া অনুমিত হইয়াছে,

(৩) ঐ কয়লা উত্তোলনের জন্য এবং উক্ত কয়লা সম্পদকে হলদিয়া পোতাশ্রয় এবং সাঁওতালডিহি তাপবিদ্যুৎ কেন্দ্রে সরবরাহের জন্য যোগাযোগ ব্যবস্থার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

শিল্প এবং বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৭৪ সালের নভেম্বর মাসে জি. এস. আই. রিপোর্ট তৈরি করেছেন। ঐ রিপোর্ট রাজ্য সরকারের হস্তগত হয়েছে ১৯৭৫ সালের আগস্ট মাসে।

(২) খননযোগ্য মোট কয়লার পরিমাণ প্রাথমিক হিসাবে প্রায় ১,৮০০ লক্ষ টন।

(৩) কয়লা উত্তোলনের বিষয় কেন্দ্রীয় সরকাকের বিবেচ্য। তবে কয়লা খনি উন্নয়নের জন্য আরও বিস্তৃত নিরীক্ষা ও দামোদরের উপর ব্রিজ তৈরি করে বাঁকুড়া—মেজিয়া-রাণীগঞ্জ রেল যোগাযোগ স্থাপন করার জন্য পশ্চিমবঙ্গ সরকার ইতিমধ্যে ভারত সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রকের সঙ্গে যাগাযোগ করেছেন। প্রস্তাবিত নূতন রেলপথ হলদিয়া হয়ে কয়লা রপ্তানির সুযোগ বৃদ্ধি করবে এবং অন্যান্য তাপবিদ্যুৎ কেন্দ্রের মধ্যে সাঁওতালডিহিতেও সরবরাহ হতে পারবে।

সুবর্ণরেখা নদীর জল বন্টন

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৫।) **শ্রী সুধীরচন্দ্র দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুবর্ণরেখা নদীর জল বন্টন সম্পর্কে বিহার ও উড়িষ্যা সরকারের সহিত পশ্চিমবঙ্গ সরকারের বৈঠক হইয়াছে কিনা ;

(খ) হইয়া থাকলি, উক্ত বৈঠকে কি সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে ;

(গ) সুবর্ণরেখা নদীর জল মেদিনীপুর জেলার কোনও কোনও এলাকায় প্রবাহিত করিবার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ; এবং

(ঘ) উক্ত পরিকল্পনাগুলির রূপ কি?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) বিহার সরকারের সহিত এ বিষয়ে খুব শীঘ্রই একটি চুক্তি হইবার সম্ভাবনা আছে; কিন্তু উড়িষ্যা সরকারের সহিত এইরূপ কোনও চুক্তি সম্ভাবনা আপাতত নাই। এমতাবস্থায় জনস্বার্থে চুক্তি স্বাক্ষরিত হইবার পূর্বে কোনও সিদ্ধান্ত প্রকাশ করা সমীচীন নয়।

(গ) এবং (ঘ) নদীর আহরণযোগ্য জলের পরিমাপের উপরই কোনও পরিকল্পনা গ্রহণ করা বা না করা নির্ভর করে। সুতরাং সুবর্ণরেখা নদী হইতে পশ্চিমবঙ্গের প্রাপ্য জলের পরমাণ নিরূপিত না হওয়া পর্যন্ত কোনও নির্দিষ্ট

পরিকল্পনা গ্রহণ করা বা ঐ সম্পর্কে বিস্তারিত তথ্য পরিবেশন করা সম্ভব নয়।

Ship Building Yard at Haldia

*239. (Admitted question No. *1357.) **Shri Braja Kishore Maiti, Shri Ranani Kanta Doloi, Shri Prafulla Maiti and Shri Hemanta Dutta :** Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state the present position of the proposal for setting up a Ship Building Yard at Haldia in Midnapore district ?

Minister-in-charge of the Commerce and Industries Department : The final decision on the site has not yet been announced by the Government of India though several techno-economic working groups studied all related questions earlier and foreign consultant teams have reportedly already submitted their reports to the Central Government. The State Government is pursuing the matter.

জলবিদ্যুৎ

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২০) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে সুন্দরবন এলাকায়, দিঘা সমুদ্র এলাকায় এবং কোলাঘাট এলাকায় জলবিদ্যুৎ উৎপাদনের জন্য সরকার অনুসন্ধানকার্য চালাইতেছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) অনুসন্ধান করার জন্য বিদেশ হইতে কোনও বিশেষজ্ঞ আনা হইয়াছে কিনা, ও

(২) উকত পরিকল্পনা কার্যকর হইলে কত পরিমাণ জলবিদ্যুৎ উৎপাদন হইতে পারে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কেবলমাত্র সুন্দরবন এল্লাকার একটি জেয়ার-ভাঁটা হইতে বিদ্যুৎ উৎপাদনের

প্রকল্প (টাইডাল পাওয়ার প্ল্যান) স্থাপনের জন্য প্রয়োজনীয় অনুসন্ধান ও গবেষণা কার্য চালানো হইতেছে। কিন্তু দীঘা বা কোলাঘাটে অনুরূপ কোনও প্রকল্প তৈরির প্রস্তাব সরকারের হাতে নাই।

(খ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের গবেষণা কেন্দ্র (রিসার্চ ইউনিট) বর্তমানে যে অনুসন্ধান কার্য চালাইতেছেন তাহার জন্য বিদে হইতে কোনও বিশেষজ্ঞকে পর্ষদ আমন্ত্রণ জানান নাই। তবে সম্মিলিত জাতিপুঞ্জর উন্নয়ন কর্মচারী (ইউ. এন. ডি. পি.) সহায়তায় জোয়ার-ভাঁটা হইতে বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে বিশেষজ্ঞ অধ্যাপক ই. এস. উইলসন ভারতে যেসকল স্থানে জোয়ার-ভাঁটা হইতে বিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা আছে সেই সমস্ত স্থানগুলি পরিদর্শন করিয়া গিয়াছেন। তিনি গুজরাটের কচ্ছ ও বম্বে উপসাগর এবং সুন্দরবন এলাকার নদী ও খাঁড়িগুলি পরিদর্শন করিয়াছেন। প্রফেসর উইলসনের মতে এই তিনটি সূত্র হইতে যথেষ্ট পরিমাণে বিদ্যুৎশক্তি উৎপাদিত হইতে পারে এবং তিনি সম্মিলিত জাতিপুঞ্জোর উন্নয়ন কর্মসূচির মাধ্যমে ভারত সরকারের নিকট তাহার রিপোর্ট পেস করিয়াছেন। রাজ্য সরকারের সেচ দপ্তর, কলকাতা পোর্ট ট্রাস্ট এবং নদী গবেষণা প্রতিষ্ঠানের (রিভার রিসার্চ ইনস্টিটিউট) সহায়তায় পশ্চিমবঙ্গে বর্তমানে গবেষণার কাজ চলিতেছে।

(২) অনুমিত হইতেছে যে, জোয়ার-ভাঁটা হইতে কচ্ছ উপসাগরে ২০০ হইতে ৫০০ মেগাওয়াট, ... উপসাগরে প্রায় ৫,০০০ মেগাওয়াট এবং সুন্দরবনের বিভিন্ন নদী ও খাঁড়ি হইতে ২০০ হইতে ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাইতে পারে।

Fsih

***241.** (Admitted question No. *1189.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Fisheries Department be pleased to state the steps taken to make the State self-sufficient in fish production ?

Minister-in-charge of the Fisheries Department : As a step towards achieving self-sufficiency in fish production the Government have formulated measures both short term and long term—during the 5th Plan period the main components of which are noted below :

(a) Increased production of quality fish seed by induced breeding

and production and distribution of quality fingerlings amongst the pisciculturist at subsidised rate ;

(b) Setting up of composite fish culture farms in Government tanks and demonstration centres in private parties tanks in the rural areas ;

(c) Setting up of Fish Farmers' Development Agency in the districts for all round development of inland waters ;

(d) Assistance to the educated unemployed youths, psciculturists, fishermen and their co-operatives in setting up fish seed farms, undertaking fishing operations in the coastal areas with assistance from the National Co-operative Development Corporation Ltd. ; and

(e) Construction of a fishing harbour at Roychowk, 24-Parganas and procurement of trawlers for deep sea fishing purpose. Also, construction of a fish landing jetty at Namkhana, work at both of which are going on.

বাঁকুড়া জেলায় শিল্প

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৬।) **শ্রী ফণিভূষণ সিংহবাবু** ঃ শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলাকে শিল্পে অনগ্রসর বলিয়া ঘোষণা করা হয় নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) পশ্চিমবঙ্গ সরকার বিষয়টি কেন্দ্রীয় সরকারের গোচরে আনিবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শিল্প এবং বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সত্য নহে।

(খ) ও (গ) প্রশ্নে ওঠে না।

মাছ

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬০।) শ্রী **মহম্মদ দেদার বক্স** ঃ মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জন্য বছরে কত মাছ প্রয়োজন ; এবং

(খ) রাজ্যের নিজস্ব উৎস হইতে উৎপাদনের পরিমাণ কত?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গে বছরে আনুমানিক ৮ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন মাছের প্রয়োজন

(খ) ১৯৭৪-৭৫ সালে রাজ্যের নিজস্ব উৎস হইতে উৎপাদনের পরিমাণ ছিল ২ লক্ষ ৫৭ হাজার মেট্রিক টন।

হাঙর খাল খনন

*২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৯।) শ্রী **নিতাইপদ সরকার** ঃ সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি- -

(ক) নদীয়া জেলার ২ নং ব্লকের হাঙর খাল খননের প্রকল্প কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) উক্ত প্রকল্পটি কতদিনের মধ্যে সম্পূর্ণ হইবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) স্থানীয় লোকের প্রতিবন্ধকতার জন্য হাঙর খাল খননের কাজ বেশি দূর অগ্রসর হয় নাই।

(খ) এ সম্পর্কে নিশ্চিত করিয়া এখনই কিছু বলা সম্ভব নয়।

হিংলো সেচ প্রকল্প

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩০।) শ্রী **শচীনন্দন সাউ** ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার হিংলো সেচ প্রকল্পের কাজ বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) কত দিনের মধ্যে ইহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) এই প্রকল্পের ফলে কোনও কোনও থানায় কত পরিমাণ জমিতে জলসেচ করা সম্ভব হইবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রস্তর খনন এবং মাটির ড্যামের স্পিল ওয়ে অংশে কাট অফ নির্মাণের কাজ অগ্রসর হচ্ছে। মেইন ক্যানেলে মাটি খননের কাজ অনেকখানি হয়েছে। আনুষঙ্গিক স্ট্র্যাকচার নির্মাণের কাজও অগ্রসর হচ্ছে।

(খ) প্রকল্পটির কাজ পুরাপুরিভাবে আগামী ১৯৭৮ সালের জুলাই মাসের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(গ) এই প্রকল্পটির রূপায়িত হলে নিম্নলিখিত থানায় নিম্নবর্ণিত পরিমাণ জমিতে জলসেচ করা সম্ভব হবে ঃ

থানা		জমির পরিমাণ
		একর
খয়রাশোল	...	৭,০০০
দুবরাজপুর	...	১২,০০০
ইলামবাজার	...	১২,২৫০
	মোট	৩১,২৫০

ডি. ভি. সি. এলাকায় সেচ কর

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৮।) **শ্রী অশ্বিনী রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার ডি. ভি. সি. এলাকায় সেচ করের হার বৃদ্ধির বিষয়ে চিন্তা করিতেছেন ; এবং

(খ) সত্য হইলে, উক্ত বৃদ্ধির সম্ভাব্য হার (১) আমন, (২) বোরো ও (৩) রবি মরশুমে কত হইবে, এবং (৪) কোনও সময় হইতে উহা চালু হইবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ। বিধানসভার বর্তমান অধিবেশনেই এই সম্পর্কে একটি বিল উত্থাপন করা হইতেছে।

(খ) এই সম্পর্কে তথ্যাদি বিলটি সভায় পেস করা হইলে জানা যাইবে। বিলটি সভায় উপস্থিত করিবার পূর্ব জনস্বার্থে উহার বিবরণ প্রকাশ করা বাঞ্ছনীয় নয়।

সুন্দরবন অঞ্চলের পর্যটন ব্যবস্থা

***২৪৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৫।) **শ্রী পঞ্চানন সিংহ ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার সুন্দরবন অঞ্চলে পর্যটন ব্যবস্থার উন্নতিকল্পে গত তিন বৎসরে সরকার কি কি বাবদে কত টাকা ব্যয় করিয়াছেন ;

(খ) সরকার কি অবগত আছেন যে, সুন্দরবনের বিভিন্ন এলাকায় পর্যটকদের আকর্ষণের উপযোগী যথেষ্ট প্রাকৃতিক উপকরণ আছে ; এবং

(গ) অবগত থাকিলে, একটি পর্যটন-নিবাস স্থাপনের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সুন্দরবন সন্নিহিত বকখালিতে ১৯৭২ সালে আড়াই লক্ষ টাকা ব্যয়ে একটি পর্যটন নিবাস স্থাপন করা হইয়াছে। আর্থিক অস্বাচ্ছন্দের জন্য গত তিন বৎসরে আর কোনও পরিকল্পনা গ্রহণ ও তজ্জন্য কোনও অর্থ ব্যয় সম্ভব হয় নাই।

(খ) হ্যাঁ।

(গ) সুন্দরবন অঞ্চলের সন্নিকটে বকখালিতে একটি পর্যটন আবাস স্থাপন করা হইয়াছে। তাছাড়া সুন্দরবনে পর্যটনের উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন কর্পোরেশন একটি পরিকল্পনা রচনা করিয়াছে। পর্যটকদের সুন্দরবন অঞ্চল দেখানোর জন্য লঞ্চ ক্রয় ও জলতরীতে পর্যটকদের জন্য ভাসমান আবাস কেন্দ্র স্থাপনে এই পরিকল্পনার অন্তর্ভুক্ত।

গোবর হইতে গ্যাস

***২৪৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০৩।) **শ্রী গণেশচন্দ্র হাটুই ঃ** কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে গোবর থেকে গ্যাস তৈরির জন্য কোনও জেলায় কতগুলি প্ল্যান্ট বসানো হয়েছে ;

(খ) উক্ত গ্যাস প্ল্যান্ট বসানোর জন্য কি পরিমাণ খরচ হয় ; এবং

(গ) এই প্ল্যান্ট বসানোর জন্য সরকার থেকে সাবসিডি দেওয়া হয় কিনা?

কুটির এবং ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৭৬ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় যে সমস্ত গোবর গ্যাস প্ল্যান্ট বসানোর কাজ করা হয়েছে তা নিম্নরূপ ঃ

(১) ২৪-পরগনা	...	২৫
(২) মেদিনীপুর	...	৯
(৩) নদীয়া	...	১৫
(৪) বর্ধমান	...	২৭
(৫) হুগলি	...	২৮
(৬) পুরুলিয়া	...	×
(৭) মুর্শিদাবাদ	...	১২
(৮) বীরভূম	...	৬
(৯) বাঁকুড়া	...	৩
(১০) হাওড়া	...	১৮
(১১) মালদহ	...	১
(১২) পশ্চিম দিনাজপুর	...	২৫
(১৩) দার্জিলিং	...	১

(১৪) কোচবিহার ... ১

(১৫) জলপাইগুড়ি ... ×

(খ) ১৫ কিউবিক মিটার পর্যন্ত আয়তনের গ্যাস প্ল্যান্টের হিসাব নিম্নে দেওয়া হল ঃ

গ্যাস প্ল্যান্টের কিউবিক মিটার	আয়তন কিঃ ফুট	আনুমানিক খরচ টাকা
২	৭০	২,৩৩২
৩	১০৫	৩,০১৬
৪	১৪০	৩,৩৬০
৬	২১০	৪,১৭৫
৮	২৮০	৫,০০০
১০	৩৫০	৬,১০০
১৫	৫২৫	৮,৫০০

(গ) হ্যাঁ।

Unstarred Questions
(to which writen answers were laid on the Table)

ভিখারির সংখ্যা

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৯২।) **শ্রী মহঃ দেদার বক্স ঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবাংলায় পেশাগত মোট ভিখারির সংখ্যা কত?

ত্রাণ ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ এই সম্পর্কে কোনও পরিসংখ্যান সরকারের জানা নাই।

সমবায় আন্দোলন

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩১।) **শ্রী নিতাইপদ সরকার এবং শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার সমবায় আন্দোলন জোরদার করিবার জন্য ব্যাপক

কর্মসূচি গ্রহণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে, এই বিষয়ে কি কি কর্মসূচি গ্রহণ করা হইয়াছে ; এবং

(গ) ক্ষেতমজুরদের মধ্যে সমবায় প্রথা প্রবর্তনের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী : (ক) হ্যাঁ।

(খ) কৃষিকার্যের জন্য স্বল্পমেয়াদি ঋণ পর্যাপ্ত পরিমাণে যাহাতে পাওয়া যায় সেইজন্য কৃষি ঋণদান সমিতিগুলিকে শক্তিশালী করিবার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। বর্তমান বৎসরের মোট ৩৬ কোটি টাকা স্বল্প এবং মধ্য মেয়াদি ঋণদানের পরিকল্পনা আছে। দীর্ঘমেয়াদি ঋণদানের জন্য কেন্দ্রীয় এবং প্রাথমিক জমি-উন্নয়ন ব্যাঙ্কগুলিকে শক্তিশালী করা হইতেছে। প্রতিটি কৃষি ব্লকে সার, বীজ ইত্যাদি সমবায়ের মাধ্যমে বিতরণ করিবার কার্যসূচি গ্রহণ করা হইয়াছে। প্রধান মন্ত্রীর সার, বীজ ইত্যাদি সমবায়ের মাধ্যমে বিতরণ করিবার কার্যসূচি গ্রহণ করা হইয়াছে। প্রধান মন্ত্রীর বিশ-দফা কর্মসূচি অনুযায়ী বিদ্যালয়ে ও কলেজে সমবায়ের ভান্ডার গড়িয়া তোলার পরিকল্পনা লওয়া হইয়াছে। গ্রামাঞ্চলে সমবায়ের মাধ্যমে মোটা কাপড় ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি বন্টনের পরিকল্পনাও গ্রহণ করা হইয়াছে।

কলকাতা শহর ছাড়াও জেলা এবং মহকুমা স্তরে সমবায় আবাসন সমিতি গড়িয়া তোলার পরিকল্পনাও গ্রহণ করা হইয়াছে।

(গ) এ যাবৎ ক্ষেতমজুরদের জন্য পৃথক কোনও সমবায় প্রথা প্রবর্তিত না হইলেও তাহাদের অর্থনৈতিক উন্নতির জন্য নিম্নলিখিত ব্যবস্থা গৃহীত হইয়াছে ঃ

ভারত সরকারের 'ন্যাশনাল কমিশন অন এগ্রিকালচার'-এর সুপারিশক্রমে পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় পঞ্চাশটি ফারমার্স সার্ভিস সমবায় সমিতি গঠনের পরিকল্পনা গৃহীত হইয়াছে। উক্ত সমিতির মাধ্যমে সমিতির এলাকাধীন ক্ষেতমজুর সভ্যদের অর্থনৈতিক উন্নতি বিধানের জন্য নানাবিধ সুযোগসুবিধা (যেমন হাঁস, মুরগি, ছাগ, শূকর ও মৌমাছি পালন করিবার জন্য অর্থ সাহায্যে, সমিতির মাধ্যমে গঠিত সেচের বাঁধ, কূপ ইত্যাদির নির্মাণ করিবার জন্য উপযুক্ত পারিশ্রমিকের বিনিময়ে ক্ষেতমজুর সভ্যদের নিয়োগ ও বনজ সম্পদ সংগ্রহের ব্যাপারে মজুরি দান ইত্যাদি) দিবার ব্যবস্থা রহিয়াছে। ইতিমধ্যে বাঁকুড়া জেলা একটি, হুগলি জেলায় দুইটি, পশ্চিম দিনাজপুর জেলায় একটি, পুরুলিয়া জেলায় একটি এবং দার্জিলিং জেলায় একটি মোট ৬টি সমিতি গঠিত হইয়াছে এবং সি. এ. ডি. পি. এলাকায় ২০টি, কম্যান্ড এলাকায় (কংসাবতী,

দামোদর ভ্যালি ও ময়ূরাক্ষী) ১৩টি ও অন্যান্য ১১টি সমিতি গঠনের ব্যবস্থা গৃহীত হইয়াছে। ইহা ছাড়া বারত সরকারের নির্দেশক্রমে পশ্চিম দিনাজপুর, মালদহ ও মুর্শিদাবাদ জেলা লইয়া গঠিত গৌড় গ্রামীণ ব্যাঙ্কের এলাকায় এই ধরনের কুড়িটি সমিতি গঠন করিবার প্রস্তাবও রহিয়াছে।

মৎস্যচাষ ও মৎস্যজীবীদের উন্নয়ন প্রকল্প

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৩।) **শ্রী নিতাইপদ সরকার ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার মৎস্যচাষ উন্নয়ন ও মৎস্যজীবীদের উন্নয়নের জন্যে মাস্টার প্ল্যান কমিটি গঠন করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত কমিটি কোনও তারিখে তাহাদের প্রতিবেদন সরকারের নিকট পেশ করিয়াছিলেন,

(২) ঐ প্রতিবেদনে কি কি মৌলিক সুপারিশ আছে, ও

(৩) উক্ত সুপারিশগুলির বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত কমিটি তিন খন্ডে সমাপ্ত একটি প্রতিবেদন সরকারের নিকট ১৯৭৫ সালের জুন মাসে পেশ করিয়াছিলেন।

(২) এবং (৩) প্রতিবেদনটির প্রথম দুইটি খন্ডে বিভিন্ন তথ্য সন্নিবেশ করা হইয়াছে। কমিটি উহার সুপারিশসমূহ তৃতীয় বা শেষ খন্ডে অন্তর্ভুকত করিয়াছেন। বিভিন্ন বিষয়ে কমিটির সুপারিশসমূহ এবং উহার উপর সরকারের উত্তর সম্বলিত একটি ইংরাজি বিবরণ প্রস্তুত করা হইয়াছে। বিবরণীটির এক খন্ড লাইব্রেরি টেবিলে রাখা হইল।

ইছামতিকে নাব্য করার পরিকল্পনা

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৭।) **শ্রী নিতাইপদ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইছামতির উত্তরাংশ সম্পূর্ণ মজিয়া যাইতেছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত অংশকে পুনরায় নাব্য করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

(খ) আপাতত এই রকম কোনও পরিকল্পনা নাই।

যমুনা খাল খনন প্রকল্প

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৮।) **শ্রী শক্তিকুমার ভট্টাচার্য ও শ্রী নিতাইপদ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হরিণঘাটার যমুনা খাল খননের প্রকল্পটি সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) সত্য হইলে, উক্ত প্রকল্পটির কাজ কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(গ) কতদিনের মধ্যে উহা সম্পূর্ণ হইবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হরিণঘাটা থানা এলাকার মধ্য দিয়া প্রবাহিত যমুনা নদী ও উহার শাখা খালগুলির সংস্কারের জন্য "যমুনা বেসিন ড্রেনেজ স্কীম" নামে ৫ কোটি ৪ লক্ষ টাকার একটি প্রকল্প রচনা করা হইয়াছে।

(খ) প্রকল্পটি কিছু সংশোধন সাপেক্ষে রাজ্য টেকনিক্যাল কমিটির অনুমোদন লাভ করিয়াছে এবং উহা গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন ও প্ল্যানিং কমিশনের অনুমোদনের জন্য প্রেরিত হইয়াছে। উক্ত সংস্থাদ্বয়ের অনুমোদন লাভের পর প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলেই প্রকল্প অনুযায়ী কাজ শুরু হইবে।

(গ) প্রোজেক্ট রিপোর্ট অনুযায়ী প্রকল্পটির কাজ শেষ করিতে শুরু হওয়ার পর ৬ বৎসর সময় লাগিবে, অবশ্য যদি প্রতি বৎসর প্রয়োজনীয় অর্থের সংস্থান হয়।

সি. এ. ডি. পি. প্রকল্প

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৩।) **শ্রী নিতাইপদ সরকার ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোনও জেলায় কয়টি সি. এ. ডি. পি. প্রকল্প চালু হইয়াছ ;

(খ) বিভিন্ন ক্ষেত্রে কম্যান্ড এরিয়ায় পরিমাণ কত ;

(গ) উক্ত প্রকল্পগুলির মধ্যে কোনও প্রকল্পে—

(১) কত একর জমিতে সেচব্যবস্থা চালু করা হইয়াছে, ও

(২) কতগুলি গভীর ও অগভীর নলকূপ বসিয়াছে ; এবং

(ঘ) উক্ত প্রকল্পগুলি অবিশষ্ট এলাকাসমূহ কতদিনের মধ্যে সেচের আওতাভুক্ত হইবে বলিয়া আশা করা যায়?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) এ পর্যন্ত অনুমোদিত ২০টি প্রকল্পের মধ্যে, ১৯৭৬ সালের ফেব্রুয়ারি মাসের শেষ পর্যন্ত নিম্নলিখিত ১৫টি প্রকল্প চালু হইয়াছে ঃ

জেলা	প্রকল্প		প্রকল্পের অধীনস্থ জমির পরিমাণ (০০০ একরে)
হুগলি	বৈচি	...	১১
নদীয়া	১। রানাঘাট ২। আড়ংঘাটা	...	১০
	২। হরিণঘাটা	...	১১
বর্ধমান	কালনা ২। বৈদ্যপুর	...	১২
মেদিনীপুর	১। ডেবরা	...	১১
	২। তমলুক ১। নাইকুড়ি	...	১২
২৪-পরগনা	১। গাইঘাটা	...	১১
	২। দেগঙ্গা বেড়াচাঁপা	...	১০
মুর্শিদাবাদ	বহরমপুর	...	১৬
বীরভূম	নলহাটি ১। তেজহাটি	...	৮
মালদহ	রাতুয়া ২। সম্বলপুর	...	১২
পশ্চিম দিনাজপুর	১। কালিয়াগঞ্জ	...	১০
	২। গোয়ালপুকুর ২। চাকুলিয়া	...	১০
জলপাইগুড়ি	ফালাকাটা জটেশ্বর	...	১০
বাঁকুড়া	সোনামুখী	...	১৩
	মোট	...	১৬৭

পুরুলিয়ার সাহারজ্যের প্রকল্পের উপ-আধিকারিক মহোদয় মার্চ মাসের প্রথম সপ্তাহে

কার্যে যোগদান করিবেন বলিয়া আশা করা যায়, তাহা হইলে উপরি-উক্ত ১৫টি প্রকল্প সহ মোট ১৬টি প্রকল্প চালু হইবে।

(খ) উপরি-উক্ত হিসাব মতো ১৫টি প্রকল্পের অধীনস্থ কৃষি জমির (কম্যান্ড এরিয়া) পরিমাণ ১ লক্ষ ৬৭ হাজার একর।

(গ) (১) নিম্নলিখিত প্রকল্পগুলিতে গভীর নলকূপ প্রোথিত হইয়াছে এবং তাহার মধ্যে নিম্নোক্ত প্রোথিত কিছু সংখ্যক নলকূপের বৈদ্যুতিকরণের কাজ সমাপ্ত হইয়াছে ঃ

প্রকল্পের নাম	প্রোথিত গভীর নলকূপের সংখ্যা	বৈদ্যুতিকরণ সমাপ্ত হইয়াছে এইরূপ নলকূপের সংখ্যা
বৈচি	২৪ ...	... ১০
রানাঘাট (২)	১৪ ...	... ১৪
কালনা (২)	২০ ...	... ৩
ডেবরা	৩৫ ...	... ১
বহরমপুর	১০ ...	... ৮
রাতুয়া (২)	২৩ ...	... —
কালিয়াগঞ্জ	১৫ ...	... —
	১৪১	৩৬

প্রোথিত গভীর নলকূপগুলির বৈদ্যুতিকরণের কাজ এবং জলবহনকারী পাইপ বসানোর কাজ সমাপ্ত হইলে গড়ে প্রতিটি গভীর নলকূপের সাহায্যে ১২৫ একর জমিতে সেচব্যবস্থা চালু করা সম্ভবপর হইবে। ইহাদে সাহায্যে অন্তত ১৭,৬২৫ একর জমিতে সারা বছর জলসেচ করা সম্ভব হইবে।

(২) ইহা ছাড়া উপরি-উক্ত ১৫টি প্রকল্প চালাইতে আর্থিক বছরের মধ্যে ১,১৫০টি অগভীর নলকূপ প্রোথন করিবার কাজ হাতে লওয়া হইয়াছে। ১,১৫০টি অগভীর নলকূপ চালু হইলে গড়ে প্রতিটি নলকূপ হইতে ১০ একর হারে আরও ১১,৫০০ একর জমিতে সারা বছর সেচব্যবস্থা চালু করা সম্ভব হইবে।

(ঘ) উক্ত প্রকল্পগুলির মধ্যে হরিণঘাটা এবং দেগঙ্গা প্রকল্প সম্বন্ধে ভূনিম্নস্থ জলের পরিমাণ সম্বন্ধে স্টেট ওয়াটার বোর্ডের নিকট হইতে প্রয়োজনীয় তথ্যাদি চাওয়া হইয়াছে।

অবশিষ্ট প্রকল্পগুলির বাকি সেচব্যবস্থার কাজ ১৯৭৬-৭৭ সালের আর্থিক বছরের মধ্যে সমাপ্ত হইতে পারে যদি ব্যাঙ্কগুলি হইতে প্রয়োজনীয় ঋণের ব্যবস্থা সম্বন্ধে চূড়ান্ত নিষ্পত্তি করা সম্ভবরপর হয় এবং যদি পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ এই গভীর ও অগভীর নলকূপগুলিতে জরুরি ব্যবস্থা অবলম্বন করিয়া প্রয়োজনীয় বৈদ্যুতিকরণের কাজ সমাপ্ত করিতে পারেন।

হিংলো সেচ প্রকল্পে নিযুক্ত স্থানীয় শ্রমিক

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩১।) **শ্রী শচীনন্দন সাউ ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় হিংলো সেচ প্রকল্পের কাজে স্থানীয় শ্রমিকদের নিযুক্ত করা হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে, কতজন লোককে ঐ প্রকল্পে নিযুক্ত করা হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ (ক) হ্যাঁ।

Dankuni Drainage Channel

43. (Admitted question No. 450) **Shri Girija Bhusan Mukhopadhyaya :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is true that the first phase of Dankuni Dranage Channel has been completed and the work for Phase II has been taken up ; and

(b) if so, the extent of time by which the work for Phase It is expected to be completed ?

Minister for Irrigation and Waterways Department :

(a) Work on Dankuni Drainage Channel, Phase I, is nearing completion and expected to be completed by 1976-77. Work on Phase II will be taken up after observing field condition on completion of the Phase I work.

(b) It is not possible to forecast this stage.

বাসন্তী থানা এলাকার বৈদ্যুতীকরণ

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৮।) **শ্রী পঞ্চানন সিংহ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪-পরগণা জেলার বাসন্তী থানার (সুন্দরবন) বিভিন্ন মৌজায় বৈদ্যুতীকরণের কাজ শুরু হইয়া গত বৎসরাধিককাল বন্ধ থাকায় তার, খুঁটি ও অন্যান্য সাজসরঞ্জাম নষ্ট এবং অপহৃত হইতেছে ;

(খ) অবগত থাকিলে, উহা প্রতিকারের জন্য সরকারের কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ; এবং

(গ) ঐ সকল মৌজায় কতদিনের মধ্যে গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় ঃ

(ক) বাসন্তী থানার অন্তর্গত নিম্নলিখিত মৌজাগুলি বিদ্যুতায়িত করা হইয়াছিল ঃ

		জে এল নং
(১) কুমারখালি	....	৫৭
(২) তিতকুমার	....	৭০
(৩) খড়িমাচান	....	৭১
(৪) ধুরি	....	৭২
(৫) চড়বিদ্যারাবাদ	....	৫৮
(৬) আমঝড়া	....	৭৩

উপরোক্ত মৌজাগুলিতে যে ১১ কে ভি ট্রান্সমিশন লাইন-এর মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করার কথা তাহার ব্যাপক অংশ চুরি যাওয়ার ফলে বিদ্যুৎ সরবরাহ করা যায় নাই। প্রতিনিয়ত চুরি হওয়ার ফলে পরবর্তী নির্মাণকার্য ও হাতে লওয়া হইতে পারে নাই।

(খ) এই এলাকায় চুরি বন্ধ করিবার জন্য রাজ্য সরকার ও রাজ্য বিদ্যুৎ পর্যদ্ উচ্চতম পুলিশ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রক্ষা করিয়া চলিতেছেন।

(গ) সুন্দরবন অঞ্চলের স্থল ও জলভাগের অদ্ভুত ভৌগোলিক অবস্থা, ঐ অঞ্চলে

ট্রান্সমিশন লাইন টানিয়া লইয়া যাইবার প্রতিকূল। গোসাবা অঞ্চলে মাইক্রো-ডিজেল বিদ্যুৎ উৎপাদনের জন্য একটি পরিকল্পনা প্রস্তুত করিয়া আর্থিক সহায়তার জন্য আর ই কর্পোরেশান-এর নিকট পেশ করা হইয়াছিল। প্ল্যানিং কমিশন ও সি ডবউি পি সি-র সম্মতি না পাওয়ায় উক্ত পরিকল্পনাটি এখন অনুমোদন পায় নাই।

এই সকল অঞ্চলে বৈদ্যুতীকরণের পরিকল্পনা আর্থিক সহায়তার উপর নির্ভরশীল।

জুনিয়ার কলেজ খোলার পরিকল্পনা

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৯।) **শ্রী শম্ভুনারায়ণ গোস্বামী ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে পশ্চিমবঙ্গে কতগুলি জুনিয়র কলেজ খোলার পরিকল্পনা আছে ;

(খ) তার মধ্যে শহরাঞ্চলে কতগুলি ও গ্রামাঞ্চলে কতগুলি ;

(গ) এজন্য জেলা বা ব্লক ভিত্তিক কোনও কোটা নির্দিষ্ট হয়েছে কিনা ; এবং

(ঘ) হয়ে থাকলে কোন জেলায় এবং কোন্ ব্লকে কতগুলি কলেজ স্থাপিত হবে?

শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় ঃ

(ক) এক হাজারের মত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে স্বীকৃতিদানের পরিকল্পনা আছে।

(খ), (গ) ও (ঘ) সমগ্র বিষয়টি বিবেচনাধীন আছে।

নূতন শিল্প

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৬০।) **শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, জরুরী অবস্থা ও বিশ-দফা কর্মসূচি ঘোষিত হওয়ার পর হইতে—

(ক) কয়টি নতুন (ছোট, মাঝারি ও বড়) শিল্পে উৎপাদনের কাজ শুরু হইয়াছে ;

(খ) ১৯৭২ সাল হইতে যতগুলি লেটার অব ইনটেন্ট দেওয়া হইয়াছিল তাহাদের মধ্যে কতগুলির উৎপাদনের কাজ শুরু হইয়াছে ;

(গ) পুরুলিয়া মিনি স্টিল ও সিমেন্ট কারখানা, বাঁকুড়ায় নাইলন ও খড়্গপুরে স্কুটার কারখানার কাজ শুরু হইয়াছে কিনা ; এবং

(ঘ) না হইলে, তাহার কারণ কী?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় ঃ

(ক), (খ), (গ) ও (ঘ) প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

তালডাংরা বিধানসভা কেন্দ্রের বৈদ্যুতীকরণ

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭।) **শ্রী ফণীভূষণ সিংহবাবু ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫-৭৬ সালে বাঁকুড়া জেলার কতগুলি মৌজায় বৈদ্যুতীকরণ করিবার পরিকল্পনা আছে ;

(খ) ১৯৭৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত কতগুলি মৌজায় বৈদ্যুতীকরণ করা হইয়াছে ;

(গ) তন্মধ্যে কতগুলি মৌজা তালডাংরা বিধানসভাকেন্দ্রের অন্তর্ভুক্ত ; এবং

(গ) ১৯৭৬-৭৭ সালে উক্ত বিধানসভা কেন্দ্রের কোন্ কোন্ মৌজায় বৈদ্যুতীকরণ করিবার পরিকল্পনা রহিয়াছে?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ঃ

(ক) ১৯৭৫-৭৬ সালে বাঁকুড়া জেলার ১৩০টি মৌজায় বৈদ্যুতীকরণ করিবার প্রস্তাব আছে।

(খ) ১৯৭৬ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত বাঁকুড়া জেলায় ৬২৬টি মৌজা বৈদ্যুতীকরণ করা হইয়াছে (১৯৬১ সালের আদমসুমারী অনুযায়ী)।

(গ) ১৭টি মৌজা তালডাংরা থানার অন্তর্ভুক্ত। (রাজ্য বিদ্যুৎ পর্ষদ থানাওয়ারী তথ্য রাখে।)

(ঘ) তালডাংরা থানার ২৯টি মৌজা এবং সিমলাপাল থানার ১৪৬টি মৌজা লইয়া একটি অঞ্চল বৈদ্যুতীকরণের প্রকল্প, গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশন মঞ্জুর করিয়াছেন। এই প্রকল্পটি "মিনিমাম নীডস প্রোগ্রামের" আওতাভুক্ত। এই প্রকল্প অনুসারে ১৯৭৬-৭৭ সালে ৭৮টি মৌজা বৈদ্যুতীকরণ করা ইবে। অবশ্য তালডাংরা থানার কোন্ কোন্ মৌজা ১৯৭৬-৭৭ সালে বৈদ্যুতীকরণ করা হইবে তাহা এখনও ঠিক করা হয় নাই।

বারাকপুর-কলিকাতা মিনি বাস চলাচল ব্যবস্থা

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৭।) **শ্রী শিশিরকুমার ঘোষ ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪ পরগণা জেলার ব্যারাকপুর হইতে কলিকাতা পর্যন্ত মিনি বাস চালাবার কোনও পরিকল্পনা আছে কিনা ;

(খ) থাকিলে, কতদিনে তাহা কার্যকর হইবে ; এবং

(গ) এই অঞ্চলে মিনি বাস চালাইবার জন্য কোন আবেদন সরকারের নিকট জমা পড়িয়াছে কিনা?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ

(ক) হ্যাঁ।

(খ) এই বিষয়ে কয়েকজন হাইকোর্টে মামলা দায়ের করিলে হাইকোর্ট মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ঐ রুটে কোন মিনি বাস দেওয়া হইতে আর টি এ কলিকাতাকে বিরত করিয়াছেন। বিষয়টি এখন বিচারাধীন আছে।

(গ) হ্যাঁ।

হুগলি জেলার দ্বাদশ শ্রেণীর বিদ্যালয়

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৪।) **শ্রী বলাইলাল শেঠ ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত হুগলী জেলায় কতগুলি বিদ্যালয় দ্বাদশ শ্রেণীর বিদ্যালয়ের জন্য দরখাস্ত করিয়াছে?

শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় ঃ ১১৮টি।

Appointments under Judicial Departments

50. (Admitted question No. 100.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) The total number of persons appointed to Calss III and Class IV posts under the Judicial Department by the present Government in the State up to 31st January, 1976; and

(b) the total number of them belonging to—

(i) Muslim community,

(ii) Scheduled Castes, and

(iii) Scheduled Tribes ?

Minister-in-charge of the Judicial Department : (a) 89.

(b) (i) 44.

(ii) 97.

(iii) 7.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : The Minister-in-Charge of the Power Department will please make a statement on the subject of commissioning of Rammam Hydel Project, attention called by Shri Md. Safiullah and three other Members on the 8th March, 1976.

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury : Mr. Speaker, Sir, in reply to the notice of calling attention relating to "Commissioning of the Rammam Hydel Project" in Darjeeling district I would like to inform the House as follows :

Considering that power to be available from Stage II of Jaldhaka would be utilized in meeting the demand of Chukka Project in Bhutan for construction power and the additional demand for the defence installations early implementation of Rammam Project was stressed to the Central Electricity Authority of the Government of India.

The Project Report was initially submitted in January, 1974 to the Central Electricity Authority, revised cost of the Project is now Rs. 24.15 crores for an installed capacity of 50 MW. Technical Advisory Committee of the Planning Commission considered the project report

and wanted a few clarifications which also forwarded in due course. The only point still outstanding is the finalisation of the agreement with the Government of Sikkim for sharing the water of river Rammam and the benefit of electricity to be generated. The Chief Minister of Sikkim in his letter to Chief Minister of West Bengal recognised the necessity of undertaking the project to benefit both the States and intimated that the terms of agreement were under consideration of the Government of Sikkim. The official opinion of the Government of Sikkim is awaited and is being closely pursued.

Meanwhile an amount of Rs. 1 crore has been spent by West Bengal State Electricity Board from its survey and investigation provision with concurrence of the Central Electricity Authority for development of infrastructure for the project site. Geological survey of the project site has also been completed and forwarded to the Central Electricity Authority. Implementation of the project would take about 4/5 year after final clearance from the Government of India. This was discussed at the meeting of the Working Group of the Planning Commission in January, 1976. Acknowledging the necessity for the implementation of the project the Planning Commission preferred to have the project formally cleared from the Central Electricity Authority before any provision could be made specifically in the Plan Programme for the purpose.

শ্রী অনন্তকুমার ভারতী ঃ মাননীয় স্পিকার মহাশয়, আজকে একটা জরুরি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ই. এস. আই.-এর ওষুধ দোকানে এম. বি. আর. ল্যাবরেটারিজ যে ওষুধ সাপ্লাই করে, সেই ওষুধের গায়ে দাম লেখা আছে এবং কত ওষুধ আছে তার মাপ লেখা আছে, এবং সেই শিশিটা সিল করা, সেখানে লেখা আছে ১০০ মিলিগ্রাম ওষুধ আছে—আজকে ই. এস. আই.-এর স্ল্যাব বেড়েছে এক হাজার টাকা পর্যন্ত যারা মাইনে পান তারাও ই. এস. আই.-এর সুযোগ পাবেন। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন এই শিশিতে ২৫ মিলিগ্রাম ওষুধ আছে কি না সন্দেহ। ই. এস. আই.-এর যেসব দোকান আছে, সেইসব দোকান থেকে বিভিন্ন রোগীরা ১০০ মিলিগ্রাম ওষুধ শিল করা শিশিতে পাচ্ছে, কিন্তু তাতে ২৫ মিলিগ্রাম ওষুধ আছে কিনা সন্দেহ এবং

সেইসব ওষুধের মান নিম্ন এবং ডিফেক্টিভ। আমি সেইজন্য বলছি, এই যে কোম্পানি এম. 'বি. আর. ল্যাবরেটারিজ লিমিটেড, এদের ডাকিয়ে এবং সংশ্লিষ্ট যে মন্ত্রী মহাশয় আছেন তার সঙ্গে যোগাযোগ ক'রে যাতে এই জাতীয় দুর্নীতিপরায়ণ কোম্পানি—যারা ই. এস. আই.-এর সুযোগসুবিধা পান, তাদের ক্ষতিগ্রস্ত করবার জন্য এই রকম দুর্নীতি আশ্রয় নেয়, তাদের লাইসেন্স যাতে ইমিডিয়েটলি ক্যান্সেল ক'রে দেওয়া হয় তার ব্যবস্থা করুন।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গভীর বেদনার সঙ্গে একটি গুরুতর ঘটনা আমাদের এই হাউসের সমস্ত সদস্যের বিবেচনার জন্য এবং প্রতিকার করানোর জন্য উপস্থিত করছি। ওল্ড মালদহের কাটোয়ারি মৌজায় ৫৭৪ নং খতিয়ানের ১৪৪৫ নং দাগে ৩২.৬২ একর জম ভেস্টেড হয়েছিল এবং সেই ভেস্টেড জমিতে পাট্টা দেওয়া হয়েছিল। সেই পাট্টা নিয়ে তারা যখন—যারা পাট্টা পেয়েছিল, তারা যখন দখল নিতে গিয়েছিল, তখন আজ সকালবেলা জোতদার ভাগা শেঠ বা বাঘা শেঠ, টেলিফোনে ঠিক নামটা বোঝা গেল না, আজকে সকালবেলা ৬টি গুলি চালিয়েছে এবং সুধীর ঠাকুর নামে একজন মারা গেছে এবং আরও তিনজন আহত হয়েছে। এই যে পাট্টা পাবার পর জমির দখল নিতে গিয়ে জোতদারের হাতে এই যে লোকটি মারা গেল এবং এই যে লোকগুলো আহত হল, এটা হচ্ছে স্বয়ং মুখ্যমন্ত্রীর কনস্টিটিউয়েন্সি। সুতরাং অনতিবিলম্বে এই গুরুতর বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হল, সেই বিষয়ে এই হাউসকে জানিয়ে দেওয়া হোক।

[2-10 — 2-20 p.m.]

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরি ঃ মিঃ স্পিকার, স্যার, আমি মাননীয় সদস্যদের জানাতে পারি যে, আমি শনিবার যাচ্ছি, আমি নিজে যাব এবং আপনারাও আসতে পারেন, ইউ আর ওয়েলকাম টু সি ইওরসেলভস হোয়াট হ্যাজ হ্যাপেনড। এটা আমি মাননীয় সদস্যদের জানিয়ে দিচ্ছি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ আপনি সেখানে তদন্ত করবেন, এটা আমরা ধরে নিতে পারি?

শ্রী সত্য ঘোষাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গত মে মাসে সরকার নিজেই ঘোষণা করেছিলেন যে, সমস্ত পলিটেকনিক স্কুলগুলির পরিচালনার দায়িত্ব সরকার নিজে নেবেন। এই দাবি পলিটিকনিক স্কুলস-এর সমস্ত শিক্ষক কর্মচারীরা দীর্ঘদিন ধরে করে আসছে। অথচ সরকারি তরফ থেকে একথা ঘোষণা করা সত্ত্বেও আজও তা কার্যকর করা

হয়নি এবং ধাপে ধাপে কার্যকর করতে গিয়ে আজকে ভয়ানক অসুবিধা হচ্ছে, সেইজন্য এই বিষয়টা দেখে এই সিদ্ধান্ত যাতে কার্যকর হয় তার জন্য পলিটেকনিক স্কুলস-এর সমস্ত শিক্ষক এবং কর্মচারীরা রাজভবনের সামনে অনশন ধর্মঘট করছেন। আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে এই কথা বলতে চাই যে, তাদের নিজেদের প্রতিশ্রুতি তারা নিজেরাই কার্যে পরিণত করতে চান কিনা, এই কথা তাদের কাছে গিয়ে মন্ত্রিসভার থেকে একজন বলে আসলে ভাল হয়।

LEGISLATION

THE LOWIS JUBILEE SANITARIUM (TAKING OVER OF MANAGEMENT) BILL, 1976

Shri Tarun Kanti Ghosh : Sir, I beg to introduce the Lowis Jubilee Sanitarium (Taking over of Management) Bill, 1976 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

স্যার, এই লুইস জুবিলি স্যানিটরিয়ামটা নেওয়ার জন্য প্রথমে আমাদের এই অর্ডিনেন্স করতে হয়েছিল, কারণ অ্যাসেম্বলি খোলা ছিল না। দার্জিলিং-এ যাতে মধ্যবিত্ত সমাজের মানুষের জন্য একটা আবাসস্থল করতে পারি তার জন্য আমরা এটা করেছি।

(Secretary then read the title of the Bill)

Shri Tarun Kanti Ghosh : I beg to move that the Lowis Jubilee Sanitarium (Taking over of Management) Bill, 1976, be taken into consideration.

আমি আগেই যে কথা বলেছি, এটা অত্যন্ত ছোট বিল। টুরিজিম-এর দিক দিয়ে দার্জিলিং-এ যাতে সাধারণ মানুষ, মধ্যবিত্ত সমাজের মানুষ থাকতে পারে তার সুযোগসুবিধা করবার জন্য এই ম্যানেজমেন্ট আমরা গ্রহণ করেছি। লুইস জুবিলি স্যানিটেরিয়ামে প্রায় ২৫০ মত মানুষের থাকবার বন্দোবস্ত আছে। যখন এটা স্টার্ট করা হয়েছিল তখন যাঁরা এটা শুরু করেছিলেন তাঁদের উদ্দেশ্য ছিল এখানে মধ্যবিত্ত মানুষ এসে যাতে থাকতে পারেন। কিন্তু বেশ কিছু দিন ধরে এটার পরিচালনা ভালভাবে হচ্ছিল না, এবং আমরা মনে করলাম যে, দার্জিলিং ডিস্ট্রিক্টে টুরিস্ট ইনফ্লো বাড়াবার এবং লিমিটেড ইনকাম গ্রুপ-এর লোকেদের থাকবার জন্য একটা সুবন্দোবস্ত করব। এই উভয় উদ্দেশ্য নিয়েই আমাদের দার্জিলিং ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিল এই লুইস জুবিলি স্যানিটেরিয়ামে

ম্যানেজমেন্ট টেকিং ওভারের দাবি করেছিল এবং সেই অনুযায়ী আমরা এটা টেক ওভার করেছি। আমি আশা করব এখানকার উন্নতি করে যাতে সাধারণ মানুষ এখানে থাকতে পারে সে ব্যবস্থা আমরা করতে পারব।

শ্রী সত্য ঘোষাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেশি বক্তৃতা করবার কিছু নেই, সরকার নিয়ে নিয়েছেন এই লুইস জুবিলি স্যানিটেরিয়ামকে, এটা ভাল কথা। সুতরাং আমি এবিষয়ে কিছু বক্তৃতা করতে চাই না। আমি সামান্য একটি কি দুটি মাত্র কথা মন্ত্রী মহাশয়ের বিবেচনার জন্য বলছি। একটা ব্যাপারে একটু লক্ষ্য করবার আছে, সরকারের আগে যে ম্যানেজমেন্ট ছিল সেই ম্যানেজমেন্ট না থাকাই ভাল। কিন্তু সেই সঙ্গে সঙ্গে যারা সেখানে কাজ করছিল তাদের সম্পর্কে একটু আতংক আছে, যদি সরকার মনে করেন যে তারা ঠিক নেই, তাহলে তাদেরকে বাদ দিয়ে দেওয়া যেতে পারা যাবে। এ বিষয়ে তাদের তরফে একটা অ্যাসিউরেন্স পাওয়া দরকার যে, যারা কাজ করছে তাদের ওপর কোনও আঘাত আসবে না।

তারপর আগে এখানে আসন ছিল ২৫০-এর মতন এবং এর জন্য যে টাকা লোকে দেবে তার এইরকম হোটেল দার্জিলিং-এ অনেক আছে। কিন্তু কম পয়সার লোক যারা তারা যদি শখ করে মাঝে মাঝে দার্জিলিং-এ যায় না বলে তাদের জন্য এখানে থাকার ব্যবস্থা হবে কি? সাধারণভাবে সিজন সময় হোটেলে যে টাকা সেটা সাধারণ মানুষের পক্ষে কেনা সম্ভব নয়। সেজন্য নিম্ন মধ্যবিত্ত মানুষ যাতে যেতে পারে—যেমন দীঘায় করা হয়েছে—সেই রকম কম টাকায় ব্যবস্থা হলে ভাল হত। এ বিষয়ে যদি দৃষ্টি না দেন তাহলে শৈল বিহার বড় লোকের বিহার হয়ে যাবে এবং আমাদের দেশের মানুষের নিজের দেশ সম্বন্ধে জানার যে ইচ্ছা সেটা ব্যহত হবে। এই দুটি বিষয়ে তার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা বলব এই দপ্তর আরও ভালভাবে পরিচালিত হওয়া উচিত এবং আরও ভালো লোকের হাতে পড়া উচিত। এই কথা বলে এই বিলটি সমর্থন করে আমি শেষ করছি।

শ্রী অরুণকান্তি ঘোষ ঃ স্যার, উনি যেসব কথা বললেন সেসবই অযুক্তি। আমরা নিশ্চয় ছোট করব যাতে শ্রমিকদের কোন অসুবিধা না হয় আর খরচ এমনভাবে করবার চেষ্টা করব যাতে মধ্যবিত্ত মানুষের পকেট থেকেই সেটা চলতে পারে। কিন্তু লোকসান দিয়ে চালান সম্ভব নয়। কিন্তু আপনাদের সেটা থাকবে উন্নতি করার এবং যতটা সম্ভব সস্তা রাখার এর শ্রমিকদের যতটা পারা যায় কল্যাণ করার তা করা।

The motion of Shri Tarunkanti Ghosh that the Lowis Jubilee Sanitarium (Taking over of Management) Bill, 1976, be taken into

consideration, was then put and agreed to.

Clause 1 to 16 and Preamble

The queston that clauses 1 to 16 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Tarun Kanti Ghosh : Sir, I beg to move that the Lowis Jubilee Sanitarium (Taking over of Mangement) Bill, 1976, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Voting on Demands for Grants

Mr. Speaker : The four demands for grants No. 62, 64, 80 and 82 will be taken up together. I call upon the Hon'ble Minister-in-charge to move.

Demand No. 62

Major Heads : 320—Industries (excluding closed and Sick Industries), 520—Capital Outlay on Industrial Research and Development (excluding Public Undertaking and Closed and Sick Industries), 525— Capital Outlay on Tea-Communication and Electronics Industries and 720— Loans for Industrial Research and Development (excluding Closed and Sick Industries.

Shri Tarun Kanti Ghosh : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,78,59,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : "320—Industries (excluding Closed and Sick Industries), 520—Capital Outlay on Industries Research and Development (excluding Public Undertaking and Closed and Sick Industries), 525—Capital Outlay on Tele-Communication and Electronic's Industries and 720—Loans for Industrial Research and Development (excluding Closed and sick Industries)."

Demand No. 64

Major Heads: 328—Mines and Minerals and 528—Capital Outlay on Mining and Metallurgical Industries

Shri Tarun Kanti Ghosh : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 19,93,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads : "328—Mines and Minerals, and 528—Capital Outlay on Mining and Metallurgical Industries."

Demand No. 80

Major Heads : 526—Capital Outlay on Consumer Industries (excluding Public Undertakings and Closed and Sick Industries)

Shri Tarun Kanti Ghosh : sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 36,00,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "526—Capital Outlay on Consumer Industries (excluding Public Undertakings and Closed and Sick Industries)"

Demand No. 82

Major Head : 530—Investments in Industrial Financial Institutons (excluding Public Undertakings)

Shri Tarun Kanti Ghosh : sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 30,00.000 be granted for expenditure under Demand No. 82, Major Heads : "530—Investments in Industrial Financial Institutons (excluding Public Undertakings)"

[2-20 — 2-30 p.m.]

Sir. in moving these demands I would like to tell the members of the House that what I am going to say may not be heartening to them, but there are certain points which will satisfy them. We are all aware

of the difficulties through which we are passing. The country is still passing through a global recession and the bold steps taken by the Government of India under the dynamic leadership of Shrimati Indira Gandhi have checked the inflation in our country. But the recession throughout the world has affected our industries also. High project costs, tight credit policy, high prices of raw materials have all become a great restraint for starting new industrial ventures in our State. In this State jute is the biggest industry which employs $2^1/_2$ lakh people and millions or people are tied up with this industry. For the last few years, particularly in the year 1975, demand for jute goods in foreign markets went down to a certain extent. It is mainly due to three factors. One is competition from synthetics, secondly, recession in America and other European countries where house building went down to a certain extent, resulting in less demand of jute goods and, thirdly, competition from our neighbour, a friendly country, Bangladesh. But Government of India, as you are aware, have taken proper and timely steps. They have abolished export duty on jute carpet backing and hessian. There is also a possibility of improvement in the economic situation of foreign countries. Therefore, we hope that the demand for jute goods in foreign after the second half of this year will increase. As a matter of fact, for the purpose of an enquiry in the jute industry a Committee has been constituted and it is now studying the whole matter. One of our principal officers is also in that Committee. That Committee's report has not year been submitted. So, I am not in a position to give the House any further details.

As regards the wagon building industry in West Bengal, there are six wagon building companies in West Bengal out of which five wagon building companies are in the public sector and only one is in the private sector, and about sixty thousand people are employed directly or indirectly in this industry. Unfortunately, due to lack of orders for a considerable period of time this wagon building industry was in a very difficult position. Although Railways have placed certain amount of or-

ders we feel that the orders are not enough to make this industry viable ; these orders are not enough to place this industry on an economic level. Now, Sir, the biggest automobile industry in the country is located in West Bengal. Due to high price of petroleum and high cost of motor cars, sale of automobiles has come down and the Government of West Bengal took certain steps in this regard by reducing the sales tax on automobiles. Although the sale has not come up to the level it was there two years back, it has registered certain improvements in the recent past. Now the other thing that I would like to mention in this connection, which is also placed in a very difficult position, is the cotton textile industry. My friends must be knowing that this Government has been trying its utmost to do away with the inustices and unfairness about the cotton price. The textile mills in the western sector are placed in a very advantageous position. They can purchase cotton at a very low price, because when cotton comes to Calcutta the freight charges are much higher. although the Railways have been giving equalisation treatment as far as iron and steel are concerned, they have not done so in regard to cotton textiles. The State Government is trying very hard to extend this euqilisation treatment in regard to railway freight to cotton but up till now no fruitful result has emerged. Although 1975 started in a very bad way the situation improved considerably after the declaration of emergency. The other main factor which was [illegible] eat restraint on the industrialisation of the State was the situation [illegible] We are giving power to the new industries for more than [illegible] After the new generation of power came into operation and the introduction of the rationalisation scheme, power situation has [illegible] d to a great extent and we are now trying to give more power to the new industries. It is being done by pushing some of the shifts from day time to night time. As you know, there was surplus in the [illegible] shift and shortage in the day shift. So if we can push some of [illegible] s with the active co-operation of the labour from day to night, [illegible] more power not only to the new industries but also

we may be able to review the whole position of power restriction that was imposed some time back. Apart from all these things, I may tell you that the industrial development in West Bengal during the last three years and nine months has not been very small but it is substantial. One great proof of industrial development is the total amount of employment that it has created. As a matter of fact, the concern of M.L.A:s and M.P.s or politician for more industries is not to see that some people can become rich, that some capitalists become rich. The concern of them for more industries is to see that more job opportunities are created for the unemployed youth of this State. From that point of view, according to the figure given by the Labour Department of the Government of India in regard to new jobs created among all the States of India, West Bengal tops the list. It is more than Maharastra. During the last three years the total number of new jobs created in West Bengal has been one lakh 97 thousand in the organised sector. The total growth rate is 8.5 per cent., whereas in Maharastra, which is an industrially advanced State, the total number of new jobs created during the same period was one lakh 61 thousand and the growth rate was less than 6.5 per cent.

The total job created in U.P. was 1 lakh 54 thousand, in Tamilandu it was 77 thousand, in Haryana and Panjab combined it was about 80 thousand. These figures will show that the industrial climate has certainly improved in West Bengal, otherwise we would not have been able to top the list in the whole of India in the matter of providing new jobs. During the period of 3 years and 9 months from April, 1972 to December, 1975 a total number of 2,040 new companies with an total authorished capital of Rs. 675 crores were registered in West Bengal. During the 9 months of 1972 alone the authorised capital of the companies registered was Rs. 187 crores which was 60 crores more than the authorised capital of the companies registered between the years 1967 and 1972. This would show that the growth during those 6 years was less than the growth during 9 months of 1972. As a matter of

fact, in the last 3 years the total job increase was 1 lakh 97 thousand whereas during the last 6 years the total number of jobs increased in West Bengal was 31 thousand only.

Sir, I may tell my friends that during the last 3 years a total number of 317 projects have gone ahead considerably and out of that, 180 projects have been fully completed and commissioned and the rest are in advanced stage of being commissioned. I am expecting that within 1976 we will be able to complete them also. This will show that we are really not lagging behind. Apart from this, the total number of projects sanctioned by the Government of India up to 1975, i.e., during the last 5 years was 865 and the total investment of capital of these projects would come to Rs. 999.65 crores. I am sure, the members will agree that this is a picture not to be ashamed of, but certainly there is nothing to be self-complacent because there is huge unemployment problem in this state and we must go ahead for bigger projects creating new jobs. As a matter of fact, for that purpose we have been trying very hard so that the capacity of Haldia Refinery may be increased. At the present moment the capacity of Haldia Refinery is 2.5 million tonnes of crude oil but we are trying to increase the capacity to 3.5 million tones, our object being, by increasing the capacity of refining more crude oil, to get more naptha which will enable us to establish a down-stream petro-chemical complex providing lot of employment for educated youngmen as also skilled and semi-skilled labour in our state. But up till now this has not succeeded although a few days back a month back the Petroleum Minister Mr. Malavya wrote to our Chief Minister and also spoke to him that due to high cost of importing petroleum it was very difficult to consider about increasing the capacity of Haldia Refinery. He also said that due to paucity of fund it was difficult for the Planning Commission to allot more money.

Out point is very simple. We are fortunate that we are finding lot of petroleum, whether it is in Bakultala or Assam or in any other place,

does not matter. Now it is for the Government of India to decide where the refinery will be established. Consumption of petroleum and petroleum products in Eastern India is very substantial. So we feel that instead of transporting all these petroleum finished products from the western and southern coast more crude should be sent here. We shall refine it and we shall use these petroleum products and Naptha in our State which will alleviate the suffering of the unemployed youth.

The second project for which we are clamouring is about Haldia ship-building yard. Sir, you may be aware that this ship-building yard was first contemplated when there was U.F. .Government here, when there was naxal movement and a complete breakdown of law and order. At that time Centre thought that something should be done to improve the unemployment position by strengthening the engineering industry so that new employment opportunities for our unemployed youths might be created. In 1972 the situation improved when Congress Government came to power. The law and order situation also improved. Now many reports have been submitted about this ship-building yard. Unfortunately we do not know what is the fate of it. But we feel that necessary infrastructure for ship-building yard is existing in West Bengal. So we claimed very strongly from this Assembly and from the State that Haldia ship-building yard should be in West Bengal. Whether Paradip which is in Orissa will have a ship-building yard does not concern us. We have much affection for Orissa. It is for the Government of India to decide whether Orissa will have a ship-building yard or not. But I would again say that because of infrastructure and all other facilities which I have already mentioned this ship-building yard should be established in West Bengal.

The other thing which I would like to stress before my friends here is that at one time, i.e., about 10/15 years back the pharmaceutical industry was mostly located in West Bengal but unfortunately after some years the multi-national companies had shown preference for lo-

cations in the west coast. So the position of drug manufacturing deteriorated. But I would say Shri Manubhai Shah, the then Commerce Minister and Shri Moraji Desai, the then Finance Minister, did their best to improve the matter. We have nothing to say against the west coast or any other place but we feel that when we have got doctors, when we have scientists, when we have infrastructure, when we have skilled labour, the pharmaceutical industry should flourish here. If we get necessary help from the Government of India we can again develop this industry because we have all the basic materials for drug manufacturing.

The other thing which I would like to mention is that all the headquarters of the financial institutions are located in western coast, i.e., in Bombay. We have been demanding that at least one department should be located in West Bengal and I do believe that all the members present here will support this move that we are talking about.

[2-40 — 2-50 p.m.]

As far as the help from the financial institution is concerned, I may tell the House that the help that we received during the last three years is hundred per cent more than in previous three years. In any case, I would like to tell the House through you, Sir, that the industrial climate is good. There is lot of interest for the expansion of industry and the progress that we have been able to achieve during the last three years in spite of tremendous constraints in regard to power and other matters. As I have said, Sir, the progress has not been less compared to many other States. I have requested for the distribution of a book entitled "A Review of Industrial Growth in West Bengal" amongst the members. I will be very much helpful to the honourable members if they go through this book and find what has been achieved during the last three years and particularly during the last one year. I believe that West Bengal is marching towards industrilisation and is going ahead. It may be that we are not marching forward as rapidly

as we all want to but we believe that we are not standing still. We are certainly marching forward and we are marching forward more rapidly than many people believe.

With these words, Sir, I commend my motions for the acceptance of the House.

Shri Speaker : All the cut motions are in order and taken as moved. I call upon Shri Harasankar Bhattacharya to speak.

Demand No. 62

Shri Harasankar Bhattacharya : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Netaipada Sarkar : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

Shrimati Ila Mitra : -ditto-

Demand No. 80

Shri Shish Mohammad : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shrimati Ila Mitra : -ditto-

Shri Shish Mohammad : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

Demand No. 82

Shrimati Ila Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

শ্রী হরশঙ্কর ভট্টাচার্য ঃ মাননীয় স্পিকার স্যার, এই একটা বিভাগ আজকে যেখানে আলোচনা হচ্ছে, এই কেটা বরাদ্দ যে সম্পর্কে আলোচনা করতে গেলে আমাদের প্রথমেই বলে নিতে হয় যে এই বিভাগের শিল্পের ক্ষেত্রে—বৃহৎ শিল্পের ক্ষেত্রে সর্বভারতীয় মান থেকে আমরা ক্রমশই নেমে যাচ্ছি। অন্তত এই একটা বিভাগ সম্পর্কে আপনি মাননীয়

স্পিকার স্যার, নিঃসন্দেহে একথা বলতে পারেন। এবং একথা ধরে বিশেষ করে এই মন্ত্রিসভার গত তিন বছরে বিশেষ করে আমরা ক্রমশ নেমেই চলেছি। আমি দুটি মাত্র সূচক সংখ্যা ব্যবহার করব, বেশি তত্ত্বে যাব না। সর্বভারতীয় দুটি মান—একটি হচ্ছে সমস্ত ভারতবর্ষের গোটা গড়ের একটা গ্রোথ রেট আছে শিল্প ক্ষেত্রে। অল ইন্ডিয়া গ্রোথ রেট যা তার হাফ রেট হচ্ছে ওয়েস্ট বেঙ্গলের। এই একটা মান, আর একটা হচ্ছে সমগ্র ভারতবর্ষের শিল্পোৎপাদন যা হয় তার অনুপাত পশ্চিমবঙ্গে কি। ১৯৫১ সালে ছিল ২২.২ পারসেন্ট, এটা ১৯৭৪ সালের হিসাব, ১৯৭৫ সালের হিসাব পাওয়া যায়নি পশ্চিমবঙ্গে তার অর্ধেক অর্থাৎ ১০ পারসেন্ট কি কাছাকাছি। উনি তো বলছেন আমাদের যথেষ্ট দ্রুত অগ্রগতি হচ্ছে, কেমন করে এসব বলেন তা বুঝি না। ওকে তুলনা করে বলতে হবে, অন্যান্য রাজ্যের গড় কি? অনেক উন্নত রাজ্য আছে, অনুন্নত রাজ্যও আছে ; গুজরাট, মহারাষ্ট্র, তামিলনাড়ু, পাঞ্জাব, হরিয়ানার মতো উন্নত রাজ্য আছে আবার অন্ধ্রপ্রদেশের মতো অনুন্নত রাজ্যও আছে। উনি সর্বভারতীয় গড়ে সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গের অগ্রগতি কি করে করালেন? আসল কথা হচ্ছে যে গভীর অন্তর্দৃষ্টি নিয়ে একটা বিভাগ পরিচালনা করতে হয়, ততটা গভীর অন্তর্দৃষ্টি সত্য সত্যই তিনি দিতে পারছেন না।

স্যার, আমি আপনাকে বলি—আপনি দেখবেন উনি যে হেডিং ৩২০—ইন্ডাস্ট্রিস (এক্সক্লুডিং ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিস)—উনি স্যার, ৮ কোটি ৭৮ লক্ষ ৫৯ হাজার টাকা পেয়েছেন ৩২০ ইন্ডাস্ট্রি (এক্সক্লুডিং ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিস) এটা যদি স্যার, মেনে নিন তা হলে তো ওর দপ্তরের হিছু থাকে না। সমস্তই সিক অ্যান্ড ক্লোজড ইন্ডাস্ট্রি বলে ধরে নিতে হয়। এক্সক্লুডিং ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিস ওয়েস্ট বেঙ্গলে কয়টি ইন্ডাস্ট্রিস আছে বলুন। ওর যে কৃতিত্ব ৩২০—ইন্ডাস্ট্রিস এক্সক্লুডিং ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিস—নো ইন্ডাস্ট্রি ইজ নাউ এক্সক্লুডিং ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিস—এত সুন্দর পরিচালনা যে মোটামুটি সবই সিক অ্যান্ড ক্লোজড ইন্ডাস্ট্রিস উনি করে ফেলেছেন।

স্যার, আসুন আমাদের দুটো প্রধান শিল্প—ইঞ্জিনিয়ারিং এবং পাট উনি নিজে স্বীকার করলেন প্রথম শুরুতে একেবারে আই. জে. এম. এ.-র বক্তব্য খবরের কাগজে যা আমরা পাই, চেম্বার অব কমার্স মন্ত্রিসভার কাছে যা পাঠান। তা তিনি রিপিট করে গেলেন—পাটের বৈদেশিক চাহিদা কমে গেছে, পাটের কাঁচামালের যোগান কমে গেছে। আই. জে. এম. এ.-র বাইরে একজন স্বাধীনমন্ত্রী হিসেবে আই. জে. এম. এ.-র কথা ছাড়া আর কিছু বলেননি। গোয়েঙ্কার কথার বাইরে কিছু বলেননি। ওরা তো পাট শিল্পের রপ্তানি দাম কম করে রেখেছেন। তিনি কম্পিটিশন-এর প্রয়োজনে দাম কমাবেন। গত বছর থেকে দাম বৃদ্ধি পাচ্ছে তা তিনি বললেন না। তাতে আই. জে. এম. এ.-

র সুবিধা হবে না। উনি বললেন না আমি চাপ দিয়ে কম্পিটিশন-এ আমাদের পাট বিক্রি করতে পারি। উনি তো বললেন না আমি চাপ দিয়ে তাদের মুনাফা কমাতে বাধ্য করেছি। ঠিকই পাটের কাঁচামাল শর্টেজ হয়েছে। উনি তো বললেন না কারণ যে গত বছর চাষীরা পাটের দাম পায়নি বলে এবার পাটের উৎপাদন কম হয়েছে। উনি তো সে কথা বললেন না যে পাটের বাজার নিয়ে ফাটকাবাজি করে জুট কর্পোরেশন তাদে কাজ করে। মন্ত্রীকে আই. জে. এম. এ.-র স্বার্থের বাইরে পারলেন না।

তারপরে আপনি আসুন ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি-তে। এঞ্জেল ইন্ডিয়া গত পূজার সময় থেকে। আমরা সকলে জানি এঞ্জেল ইন্ডিয়ায় কি হচ্ছে। গভর্নমেন্ট গ্লুকোনেট, ব্রিটিনিয়া ইঞ্জিনিয়ারিং নিয়ে নেবার সিদ্ধান্ত করেছেন। তাদের আর্থিক অবস্থা ভয়ানক খারাপ কিন্তু উনি কোনও কথা উচ্চারন করলেন না সে সম্বন্ধে। প্রত্যেকটা ক্ষেত্রে ভারত সরকারের এই সিদ্ধান্ত—অযোগ্য দুর্নীতি গ্রস্ত পরিচালক বর্গ প্রত্যেকটি শিল্পকে ফাঁপা-ফোঁমরা করে ফেলেছে। এই সমস্ত পরিচালকদের সম্পর্কে কোনও ব্যবস্থা অবলম্বনের কথা বললেন না। এই যে সিক ইন্ডাস্ট্রিস-এর যে লিস্ট, একটা পশ্চিমবঙ্গে ক্রমশ বেড়ে চলেছে এবং প্রত্যেকটি ক্ষেত্রে রয়েছে এই ফিনান্সিয়াল ইরেগুলারিটিস। কিন্তু কোনও ক্ষেত্রেই ভারত সরকার বলেননি শ্রমিকরা ধর্মঘট করেছে, ঘেরাও করেছে। প্রত্যেকটি ক্ষেত্রে একথা উচ্চারিত হয়েছে যে মালিকের পরিচালকের অযোগ্যতা দুর্নীতিগ্রস্ততা ও ফিনান্সিয়াল ইরেগুলারিটিস রয়েছে। যার নাম বাংলা ভাষায় চুরি করেছে বলা যায় একথা তিনি বলেননি।

তারপর সেন র‍্যালের অবস্থা খুব খারাপ, প্রোডাকশন ম্যানেজমেন্ট নিয়ে নেওয়া হল, বিক্রির ব্যবস্থা সঞ্জয়ের হাতে ... হল। পারচেজ অব র-মেটিরিয়াল যে সমস্ত কোম্পানির হাতে পুরানো যার সাপ্লায়ের, তারা কারা ছিলেন? সেন-র‍্যালের মার নামে বা বৌদির নামে। একটা কোম্পানি আপনারা নেবেন তার মাল যারা সাপ্লাই করছে, তাদের আপনি পরিবর্তন করুন।

[2-50 — 3-00 p.m.]

বিক্রি করে যারা তাদের পরিবর্তন করুন। দুটি ক্ষেত্রেই পুরানো মালিকদের বেনামি কোম্পানি রয়ে গেল। খারাপ হচ্ছে এর ফলে। ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে বিশেষ স্থান আছে ওয়াগান ইন্ডাস্ট্রির। এই ক্ষেত্রে আমাদের বহু পূর্বেই প্রতি বছর যখন আলোচিত হয়েছে, যেদিন থেকে বিধানসভায় এসেছি, ডাইভারসিফিকেশন না করলে আর চলবে না। ওয়াগানের অর্ডার রেলওয়ে বোড দিচ্ছে না। যদি বা অর্ডার দেয় দাম অত্যন্ত কম দেয়। যদি বা রপ্তানির অর্ডার আসে যুগোশ্লাভিয়া এত কম দিয়েছে যে ইন্ডাস্ট্রিসের অবস্থা খরাপ হয়ে

গিয়েছে। কিন্তু এটাও দেখেছি ওয়াগান প্রোডাকশন ছাড়া, ডাইভারসিফিকেশনের চেষ্টা কখনও সেই ইন্ডাস্ট্রি করেনি বা সরকার থেকে চাপ দিয়ে সেই ডাইভারসিফিকেশন করাতে পারেননি। আমরা জানি ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিতে ওয়াগনের ব্যাপারে এই অবস্থা। বিড়লা সাহেব চাপ দিয়েছন টেক্সম্যাকোতে দু হাজার ছাঁটাই করে দেব, যদি আমার অর্ডার যোগাড় না করে দাও। বিড়লা সাহেব এই চিঠি দিয়েছেন শিল্প বাণিজ্য দপ্তরে। আমরা কি বিড়লা সাহেবের অর্ডার সাপ্লায়ার হলাম নাকি? উনি দাবি করেছেন এখনই অর্ডার যোগাড় না করে দিলে দু হাজার ছাঁটাই করে দেব। কি অডাসিটি? এটা কোথা থেকে এসেছে? না, উনি বলবেন যদি অর্ডার সাপ্লাই না করতে পারেন তবে কনসেশন দিন, বিক্রয়কর উঠিয়ে দিন, এক্সাইজ কমিয়ে দিন ইত্যাদি। এরা রাইটার্স বিল্ডিংসে ক্রমশ চাপ বাড়িয়ে চলেছে। এটা সুযোগ পেয়েছেন সেলস ট্যাক্স যখন হিন্দ মটরের ক্ষেত্রে কমিয়ে দিয়েছেন। তাই এবারও বলছেন এই রকম কথা। চাপ ক্রমশ বাড়িয়ে চলছেন। তারপরে আসুন চা-বাগানে। ওনাররা কোনও ইনভেস্টমেন্ট করছে না। তারা বন্ধ করে দিয়েছে। তারা বলছে নূতন চারা গাছ লাগাব না, নূতন বাগান তৈরি করব না, যে টাকা আছে সেই টাকা কোনও মতে লুটপাট করে নাও। আমাদের রাজ্য সরকার ভারত সরকারকে লিখেছেন এদের নূতন প্ল্যান্টেশনে সাহায্য কর। প্রথমে ঋণ তারপরে চাপ দিয়েছে, ঋণটা সাহায্যে পরিণত কর। ভাল ব্যবসা। এই রপ্তানির জন্য নানা রকম সাবসিডি পাবে, না্া রকম ইনসেন্টিভ পাবে, কিছু কিছু আন্ডার ইনভয়েসিং করে ফরেন ব্যাঙ্কে কিছু টাকা রাখবে আর মাঝখান থেকে সরকারের ঋণ গ্রান্টে পরিণত হবে—ভাল ব্যবসা। চটের কথা তো আগেই বলেছি, আপনি আসুন, এই যে যারা নামে কোনও মতে মুখে সমাজতন্ত্রের কথা বলেন, সাম্যবাদের কথা বলেন না, তারা একটা পথ খুঁজে পেয়েছেন দেখে আমি আনন্দিত হয়েছি, জাপানের পুঁজিতন্ত্রের মধ্যে দিয়ে সমাজতন্ত্রে যাওয়ার পথ খুঁজে পেয়েছেন। এটা দেখে ভাল লাগল। কিছুকাল ধরে দেখছি সিক ইন্ডাস্ট্রিগুলো স্টেট ইন্ডাস্ট্রিতে এসে গেল। ভাল ব্যবস্থা। মন্ত্রী অথবা ক্যাপিটালিস্ট শুষে নিয়ে সিক করলে স্টেট সেক্টর হবে এবং তারপর সোশ্যালিস্ট সেক্টরে পরিণত হয়ে যাবে। একদিন ওয়েস্ট বেঙ্গলের স্টেট সেক্টরের ইতিহাস লেখা হলে সেখানে লেখা থাকবে মহান সমাজতন্ত্রের আদর্শে অনুপ্রাণিত হয়ে যে জোয়ার এসেছিল আমাদের দেশে সমাজতন্ত্রের সেক্টর তৈরি হয়ে আমাদের একানে সিক ইন্ডাস্ট্রির লিস্ট বাড়িয়েই চলেছি। বার বার তো এই সম্পর্কে আলোচনা করেছি। এই আলোচনা করে কি হবে? এই সরডিডের যে অবস্থা ডাইভারসিফিকেশনের চেষ্টা না করে শুধু ইঞ্জিনিয়ারিং, পাট এবং চায়ের উপর নির্ভর করে এবং যেটা আমার সবচেয়ে আপত্তি শিল্প-বাণিজ্যমন্ত্রীর কছে যেটার প্রাধান্য দরকার—রাষ্ট্রীয় উদ্যোগ, রাষ্ট্রীয় পরিচালনা নিশ্চয়ই নেই, অ্যাগ্রো-বেসড ইন্ডাস্ট্রিস গেল।

উনি সেদিকে না যেয়ে বসে থাকেন কখন কোনও প্রাইভেট সেক্টর লেটার অব ইনটেন্ট চাইবেন, উনি লেটার অব ইনটেন্ট ইস্যু করে দেবেন, পাওয়ার চাইবেন, পাওয়ার ইস্যু করে দেবেন। ওর নিজের কোনও ইনিসিয়েটিভ ড্রাইভ কিছু নেই এবং এই ইনিসিয়েটিভ ড্রাইভ না থাকার জন্য, নিজস্ব ইন্ডাস্ট্রি তৈরি করবার চেষ্টা না থাকার জন্য আজকে পশ্চিমবাংলার এই রকম অবস্থা হয়েছে। শুধু প্রাইভেট সেক্টরের উপর নির্ভর করে চলে যা হয় তাই হয়েছে। স্যার, আমি এখন কিছু ডিটেলসে যাব। ওর যে সব ডিমান্ডগুলি আছে প্রত্যেকটি ডিমান্ডে তিনি কি কি চেয়েছেন, ওর কি কি পরিকল্পনা সেটা আমি আলোচনা করব। প্রথম হচ্ছে ডিমান্ড নং ৬২ ; ৩২০ ইন্ডাস্ট্রিজ। এখানে দেখতে পাচ্ছি ৬ কোটি ৪৯ লক্ষ ৩৯ হাজার টাকা চেয়েছেন। স্যার, আপনি দয়া করে দেখবেন উনি এই টাকার বেশির ভাগই চেয়েছেন ইট উৎপাদনের জন্য। স্যার, গতবারও ওর মাথায় এই ইট ঢুকেছিল। তিনি বৃহৎ শিল্পের মন্ত্রী, ক্ষুদ্র বা কুটির শিল্পের মন্ত্রী, বড় শিল্পের মন্ত্রী—তিনি ৮ কোটি টাকা বাজেটের ভিতর শুধু ইট প্রোডাকশনের জন্য বেশির ভাগ টাকা চেয়েছেন। স্যার, আমি লং লিস্ট পড়লাম না তিনি কেমন করে ইট প্রোডাকশনের মাধ্যমে পশ্চিমবাংলায় সম্পদ সৃষ্টি হবে সেটা বলেছেন। গতবারে বলেছিলাম এই কথা, আজও সেই কথা। পরে আসুন ৩৭৮—ফিফথ ফাইব-ইয়ার প্ল্যানে আইটেমস-এর মধ্যে দেখতে পাচ্ছি প্রোডাক্টিভ ইভেসটন্টে বাড়ল না, প্রশাসন ব্যয় বেড়েই চলেছে আর এই জিনিস প্রতি বাজেটেই উনি এনেছেন। আজকে পশ্চিমবালায় প্রোডাক্টিভ ইনভেস্টমেন্ট বাড়াবার সক্রিয় কোনও ব্যবস্থা নেই। অথচ রিঅর্গানাইজেশন অব দি ডাইরেক্টরেট অব ইন্ডাস্ট্রিজ যেখানে ছিল ১ লক্ষ ৮ হাজার টাকা সে জায়গায় উনি ৩ লক্ষ টাকা করেছেন। প্রত্যেক বারই উনি প্রশাসনিক ব্যয় বাড়িয়ে চলেছেন। আর হচ্ছে কাকে কাকে কোন কোন কোম্পানিকে তিনি ধার দেবেন। ওনার পছন্দমতো ইন্সেটিভ স্কীম যেটা সেটা বাড়ছে। প্রতি বছর লোকসান হচ্ছে আর প্রতি বছর উনি সেই লোকসান বাড়াবার বাজেট পেশ করে যাচ্ছেন। ব্রিক, সিংকোনা কালটিভেশন আর ইপিকা এছাড়া কি আর কিছুই নেই। প্রতি বারই বাজেট বরাদ্দ চাইবেন আর প্রতিবারই বাড়তি লোকসান আরও বাড়তি লোকসান হচ্ছে। এই বাজেটে দেখতে পাচ্ছি ৩৮২ পেজে হেড ৫২০ ক্যাপিটাল আউটলে অন ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট। স্টেট এটনায়ার টাকা দিচ্ছে কিন্তু কিছুই হচ্ছে না। আমার মনে হয় এটা স্টেট প্ল্যানিং বোর্ডের হাতে দেওয়া উচিত। আমরা স্টেট প্ল্যানিং বোর্ডের কাজকর্ম দেখেছি তাদের যে প্রসিডিংস হয় সেটাও দেখেছি। এই ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কিরকম হওয়া উচিত তার একটা গাইডেন্স দিতে পারত এই শিল্প দপ্তর, শিল্পমন্ত্রী কিন্তু সেই দৃষ্টিভঙ্গি তার বা তার আমলাদের নেই। এটা স্টেট প্ল্যানিং বোর্ডের হাতে দেওয়া উচিত বলে মনেকরি। তারপর হেড নং ৫২৫—তাতে কি বলছে—ইলেক্ট্রনিক্স ইন্ডাস্ট্রি কর্পোরেশন—গতবারে বাজেট এস্টিমেটে

ছিল ৫ লক্ষ টাকা। আজকে সেই ইলেক্ট্রনিক্সের জন্য ২৫ লক্ষ টাকা। স্যার, আমি জানি না ইলেক্ট্রনিক্স প্রায়রিটি সম্বন্ধে ওর কোনও ধারণা আছে কিনা।

[3-00 — 3-10 p.m.]

আজকে উনি বোধহয় টেলিভিশনের বাজারটা খোঁজ রাখেননি, টেলিভিশন এখন আর বিক্রি হচ্ছে না। ৫ লক্ষ টাকা ইলেক্ট্রনিক্স যেটা গতবারে ছিল, এবারে ২৫ লক্ষ টাকা টি. ভি. সেট, টকি-টকি তৈরি করবেন—আমাদের দরিদ্র্য পশ্চিমবাংলা কি সুন্দর অবস্থায় আছে দেখুন। নেক্সট হেড ৭২০, পেজ ৩৮৫-৭২০ হেড হচ্ছে ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার ব্যাপার—স্যার, আপনি জানেন আমি গতবারে বলেছিলাম ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে ইকনমিক গ্রোথ হয় না, ইনভেস্টমেন্ট না করলে হয় না। ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন কখন ইকনমিক ডেভেলপমেন্ট ঘটাতে পারে না, আমি গতবারেও এই কথা বলেছিলাম, এইবার আবার সেটা রিপিট করছি। নেক্সটা আপনি দেখুন ডিমান্ড নং ৬৪—৩৯৬ পাতায় দেখা যাচ্ছে মাইনস অ্যান্ড মিনারেলস—স্যার, উনি টি. ভি. সেটে কতটা বাড়ালেন, ইনফ্রাস্ট্রাকচারে কতটা বাড়ালেন সেটা আপনি চিন্তা করুন। স্যার, পশ্চিমবঙ্গের একটি গুরুত্বপূর্ণ জিনিস হচ্ছে খনি। স্যার, আমরা বলি মাটির তলায় অসংখ্য খনিজ দ্রব্য রয়ে গেছে। এই খনিজ দ্রব্য উৎপাদনে বাড়িয়েছেন ২ লক্ষ ৪৮ হাজার টাকা। স্যার, এই খনিজ দ্রব্য উৎপাদনের জন্য আমাদের সার্ভে করতে হয়। এখন এই সার্ভে করার জন্য রিসার্চ এবং ডেভেলপমেন্ট অব মাইনস, এই কাজের জন্য এবং সার্ভে অ্যান্ড ম্যাপিং-এর জন্য বাড়িয়েছেন ২ লক্ষ ৪৮ হাজার টাকা। এর প্ল্যান্টের ভিতর আপনি আসুন—উনি বাজেট বরাদ্দ বাড়ালেন ২ লক্ষ ৪৮ হাজার টাকা, আর রিঅর্গানাইজেশন অব দি জিওলজিক্যাল প্রস্পেক্টিং প্ল্যান্টের প্রশাসনিক ব্যয় বাড়ালেন ২ লক্ষ ৯৫ হাজার টাকা—স্যার, এতে করে কিভাবে খনিজ দ্রব্যের প্রস্পেক্টিং হবে? এর পরে আপনি ডিমান্ড নং মিনার‍্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশনে আসুন। স্যার, মাইনস একটা মস্ত বড় সম্পদ, মিনার‍্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশন একটা মস্ত বড় জিনিস। মাস ৮ আগে স্টেটসম্যান কাগজে একদিন হঠাৎ মিনার‍্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশনের বিজ্ঞাপন দেখলাম। সেখানে তার বলছে আমরা নিজেরা প্রসপেকটিং এবং মাইনিং করব না, তোমরা যারা মাইনিং করতে চাও আমাদের কাছ থেকে লাইসেন্স নাও। স্যার, লাইসেন্স দেবার জন্য মিনার‍্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠিত হয়েছিল? আপনি চিন্তা করুন তারা নিজেরা প্রসপেকটিং করবেন না, মাইনিং করবেন না, খবরের কাগজে বিজ্ঞাপন দিচ্ছেন ইনভাইটিং অ্যাপ্লিকেশন—আমাদের কাছে তোমরা আবেদন কর, আমরা লাইসেন্স দেব। সেই লাইসেন্স অনুযায়ী প্রাইভেট সেক্টরকে ওপেন করে দিচ্ছেন। আমাদের মাটির তলার প্রাকৃতিক সম্পদের জন্য মিনারেল ডেভেলপমেন্ট

কর্পোরেশন হচ্ছে, এটা শুনে আমরা খুব আনন্দিত হয়েছিলাম। আমরা ভেবেছিলাম আমাদের প্রাকৃতিক সম্পদ সরকারের হাতে থাকবে। কিন্তু মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনের পরবর্তী বিজ্ঞপ্তি দেখে আমরা হতাশ হয়ে গেলাম, সেখানে প্রাইভেট সেক্টরকে ঢুকতে দেওয়া হচ্ছে। স্যার, আমাদের কাছে সেকেন্ড অ্যানুয়াল রিপোর্ট অব ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনের যে রিপোর্ট বিতারিত হয়েছে ভেরি ভেরি সরি সেটা পড়তে পারা যায় না। তাতে বলছে আমাদের হাতে মিনারেল ডেভেলপমেন্টের যে ভার দেওয়া ছিল সেখানে গত কয়েক বছর ধরে আমরা শুধুমাত্র বাজারে কেনাবেচার দালালি করেছি, মিনারেল ডেভেলপমেন্টের কাজে হাত দিইনি। এখন এই দালালি করতে গিয়ে আমাদের অনেক ব্যথা পেতে হয়েছে। সরকারি দপ্তরগুলি আমাদের কাছে কোথাও কোনও অর্ডার দেয়নি, লোয়েস্ট টেন্ডার হওয়া সত্ত্বে আমরা অর্ডার পাইনি। দেখা যাচ্ছে ৫টি এন্ট্রাপ্রেনিওর-এর কাছ থেকে কিনে ওরা কলকাতার সি. এম. ডি. এ.-কে সাপ্লাই দিত, এখন সেইসব ছোট ছোট ব্যবসায়ী সরাসরি সি. এম. ডি. এ.-কে সাপ্লাই দেবার চেষ্টা করেছে, ফলে আমাদের উড়ে গেছে। স্টেট গভর্নমেন্টের ডিপার্টমেন্টগুলি তারাও অর্ডার দেয় না। স্যার, এই হচ্ছে ওর মিনারাল ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাজের নমুনা। কাজেই স্যার, আপনি কি করে আশা করবেন আমাদের পশ্চিমবঙ্গে শিল্পে উন্নত হবে। তারপর স্যার, হেড নং ৫২৮, সেখানে দেখা যাচ্ছে লো টেম্পারেচার কারবোনাইজেশন প্ল্যান্ট অ্যাট ডানকুনি সেখানে সেটা হবে। গতবারে বোধ হয় ধরা হয়েছিল ১২ লক্ষ টাকা আর এবারে ধরা হয়েছে ৫ হাজার টাকা। কি হল ব্যাপারটা স্যার, বুঝলাম না। তা হলে কি কারবোনাইজেশন প্ল্যান্ট কাজ শুরু করে দিয়েছে? স্যার, দু-তিনটা কাগজ হাতে থাকলে খুব ক্লোনিনাদ করে অনেক কিছুই বলা যায় কিন্তু স্যার, বাজেটের তথ্যে এসব চালাকি চলবে না। আপনি আজকে বলুন, লো টেম্পারেচার কারবোনাইজেশন প্ল্যান্টের কি হল? তারপর স্যার, ডিমান্ড নং ৮০, হেড নং ৫২৬, পাতা নং ৪৭২—সেখানে দেখা যাচ্ছে ক্যাপিটাল আউটলে অন কনজিউমার ইন্ডাস্ট্রিজ-এ বরাদ্দ চেয়েছেন ৩৬ লক্ষ টাকা। এর মধ্যে ২০ লক্ষ টাকা আমেদপুর সুগার মিল—যেটা কবে প্রফিট করবে জানি না, যার ক্যাপটিভ সুগার প্ল্যান্টেশন এরিয়া এখনও তৈরি হয়নি, তার জন্য। আর দেখা যাচ্ছে ১০ লক্ষ টাকা ইঁটের জন্য। আর একটা গ্যাস সাপ্লাই আন্ডারটেকিং কিনে নেবেন। স্যার, আমরা আগেই বলেছি যে ইঁটের জন্য টাকা খরচ করাটা ইনভেস্টমেন্টে নয়, একটা পুরানো গ্যাস কোম্পানি কিনে নেওয়াটাও ইনভেস্টমেন্ট নয়। আর ঐ যে ২০ লক্ষ টাকা সুগার মিলকে দেওয়া হচ্ছে, সেখানে সেই সুগার মিলের ক্যাপটিভ সুগার প্ল্যান্টেশন এরিয়া যদি আগে তৈরি করে এই টাকাটা দেওয়া হত তা হলে সেটার বেটার ইউটিলাইজেশন হত। তারপর স্যার, ডিমান্ড নং ৮২, হেড ৫৩০—স্যার, এটা খুব মজার জিনিস, এটাই হচ্ছে আসল, এটাই হচ্ছে কিং পিন,

স্টার। স্যার, এই ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন, একে ৩০ লক্ষ টাকা দেবার কথা উনি বলেছেন। স্যার, এটা আজকাল খুব একটা মজার জিনিস হয়ে দাঁড়িয়েছে যে, একটা কর্পোরেশন করে দিলেই লোকচক্ষুর অন্তরালে অনেক জিনিস ঘটানো যায়। একটা কর্পোরেশনের ভেতরের কাজকর্ম অ্যাসেম্বলিতে ততটা আলোচিত হবার সুযোগ পায় না। স্যার, এই ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের কর্পোরেশনের যে কি বাজেট, কি রিপোর্ট সেটা আমরা এখনও পর্যন্ত পাইনি। আজকে আলোচনা হবে তাই মন্ত্রী মহাশয়ের কাগজ অমৃতবাজারে একটা ছোট্ট খবর বেরিয়েছে যে, তাদের ২০.৭০ লক্ষ টাকা প্রফিট হয়েছে এবং এ সম্পর্কে একটা রিপোর্ট এম. এল. এ.-দের মধ্যে বন্টন করা হবে। যদিও এখনও বন্টন করা হয়নি তবে এটা বন্টিত হবে এ খবরটা আজকের কাগজে আছে। এই ওয়েস্ট বেঙ্গল ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাজ কি? ২১টা জয়েন্ট সেক্টার প্রোজেক্টের তৈরির কথা ভাবছে। স্যার, ফিজিবিলিটি রিপোর্ট তৈরি হলেই প্রোডাকশন, এমপ্লয়মেন্ট, গ্রোথ হয় না। এই রিপোর্ট কবে তৈরি হবে ঠিক হচ্ছে।

[3-10 — 3-20 p.m.]

তৃতীয় কথা হচ্ছে, এই জয়েন্ট সেক্টরের নাম করে বড় বড় বিগ হাউস, যারা এম. আর. টি. পি.-তে আটকে যায় তারা বেনামিতে এদের সঙ্গে জয়েন্ট সেক্টরে আসেন। যারা মনোপলি অ্যান্ড ট্রেড রেস্ট্রিকটিভ প্র্যাকটিসেস অ্যাক্টে নিজেরা বাড়াতে পারছে না তারা বেনামিতে এই জয়েন্ট সেক্টরের নাম করে পশ্চিমবঙ্গের সরকারের সুযোগ-সুবিধা, তার টাকা, তার তদবির—এই সমস্তর সুযোগ নিয়ে আজকে আমাদের প্রফিটের একটা অংশ নিয়ে যাবে। কাজেই আমি জয়েন্ট সেক্টরের তীব্র আপত্তি করছি। আগের বারেও আপত্তি করেছিলাম এবং এবারেও আপত্তি করছি যে জয়েন্ট সেক্টরের কখনই আমাদের দেশ সোশ্যালিজমে পৌঁছুতে পারে না। আজকে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর কাজ দেখুন, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন, আপনি দেখুন, একটা ইন্ডাস্ট্রিও নিজের দায়িত্বে হয়নি। ২১টা জয়েন্ট সেক্টর প্রোজেক্ট আর তার জন্য ১ কোটি টাকা—৯৭ লক্ষ টাকার বিভিন্ন কোম্পানির শেয়ার কিনছেন। কার কার শেয়ার কিনছেন এবং কেনই বা কিনছেন? তার জন্য আবার বরাদ্দ চাইছেন এক কোটি টাকা। প্রাইভেট সেক্টরের শেয়ার কেনার জন্য পাবলিক মানি খরচ করার তীব্র আপত্তি করছি। এটা কোনও ধরনের সোশ্যালিজম? এটা কোন ধরনের অর্থনীতি? এটা তো গেল শিল্পমন্ত্রীর কারবার। এবারে আপনি দেখুন, উনি তো বাণিজ্যমন্ত্রীও বটে। বাণিজ্যমন্ত্রী হিসাবেও ওর কিছু কিছু দায়িত্ব আছে। বাণিজ্যমন্ত্রী হিসাবে ওনার দায়িত্ব কি সেটা আমি বাজেটে খুঁজে পাইনি, এমন কি ওনার বক্তৃতার মধ্যেও সেটা দেখিনি। স্যার, একটা কথা আছে যে বাণিজ্যে বসতি লক্ষ্মী। ওনার ঘরে লক্ষ্মী বাঁধা আছে। থাকুক, আরও বাড়ুক তাতে

আমার কিছু আপত্তি নেই। আমার কথা হচ্ছে, আমাদের দেশের যে কষ্ট, যে প্রাইজে মাল বিক্রয় হয় তার মধ্যে স্পেড আছে—যাকে বলা হয় প্রাইস স্প্রেড। উৎপাদক যে দ্রব্য পায় বা উৎপাদনের যা খরচ এবং কনজিউমাররা যে দামে কেনেন কোথাও দ্বিগুণ, তিন গুণ হয়ে যাচ্ছে। এটা তো হোরডিংয়ের ফল? এই হোরিডিং বন্ধ করার দায়িত্ব তো বাণিজ্য মন্ত্রীর। কতবার হোলসেল, কতবার রিটেল খুলতে পারবেন উনি ৩ বছরে একটা আইন আনতে পারতেন, একটা কোম্পানি—একজনকে হোলসেলের এজেন্সি দিল। সেই এজেন্ট আবার সাব-এজেন্ট দিল, সাব-এজেন্ট আবার তস্য সাব-এজেন্ট নিয়োগ করতে পারবেন? একটা সুসভ্য ভদ্র দেশেও তো আইন আছে যে একটা জায়গায় দু-বারের বেশি হোলসেল এজেন্ট হবে না, সাব-এজেন্ট হবে না। আমি জানি, আমাদের অর্থমন্ত্রী, শঙ্কর ঘোষ মহাশয় ঠাট্টা করে বলছিলেন যে হরশঙ্করবাবু সেলস ট্যাক্স ধরব কি করে কারণ ১৮টা স্তর আমি খুঁজে পাচ্ছি? সকলেই বলছে একে বিক্রয় করেছি, ওকে বিক্রয় করেছি। কাজেই ১৮টা সাব-এজেন্সি যদি হয় তা হলে দাম কত বাড়বে? বাপ প্রোডাকশন করল, তার ছেলে সাব-এজেন্ট, ছেলে বলল, আমার মা সাব-এজেন্ট। মা বলল, আমার ছোট ছেলে সাব-এজেন্ট। তারপর ভাইপো, ভাগনে সব সাব-এজেন্ট—এ এক চমৎকার বাণিজ্য জগৎ। উনি তো কমার্স মন্ত্রীও বটে, উনি তো একটা আইন করবেন যে সাব-এজেন্সি কয়টা চলবে? সর্বশেষ উপসংহারে আর কি বলব, শুধু এই কথা বলি খুব রুগ্ন ও ক্ষুদ্র শিল্পের জন্ম দিয়েছেন। উনি জন্মদায়িনী মা। আর নার্স হচ্ছেন আমাদের গোপালবাবু। তিনি আজকে উপস্থিত নেই। তিনি রুগ্ন শিল্পগুলিকে নার্স করবেন। এই মা এবং নার্স মিলে আমাদের পশ্চিমবাংলার শিল্পজগতে কি করবেন আমি বুঝতে পারছি না। সুতরাং এই কথা বলি যে রুগ্ন শিশুদের উৎপাদন হবে। এই কথা বলে কাট মোশন মুভ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অহীন্দ্র মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প বাণিজ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থিত করেছেন, আমি এটা সমর্থন করছি এবং আমার বক্তব্য শিল্প উন্নয়নের ক্ষেত্রে বিশেষ করে হলদিয়ার উপর সীমাবদ্ধ রাখতে চাইছি। স্যার, আপনি জানেন খুব সম্ভব, আমার মনে পড়ে ১৯শে এপ্রিল, ১৯৭৪ সালে এই বিধানসভায় একটা সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করা হয়েছিল, সেটা হচ্ছে হলদিয়াতে একটা শিপ বিল্ডিং ইয়ার্ড করার জন্য। আপনি জানেন, সেদিন সেই প্রস্তাবের উত্থাপক হিসাবে এশিয়ার বৃহত্তর জাহাজ নির্মাণ কারখানা হলদিয়াতে হোক, তার যে যোগ্য স্থান, তার সব কটা যুক্তি এবং তার সপক্ষে যা কিছু পয়েন্টস, তা বিস্তারিতভাবে আলোচনা হয়েছিল এবং সর্বসম্মতভাবে সেই গৃহীত প্রস্তাবের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার ৪ কোটি ৮০ লক্ষ মানুষের যে মনোভাব সেই মনোভাব প্রতিফলন এই হাউসে আমরা দেখেছি। আজকে প্রায় দু বছর হতে চলব, এই প্রস্তাব গৃহীত হবার পর থেকে দু বছর পূর্ণ হতে আর এক মাস আট দিন বাকি,

এখনও আমরা পশ্চিমবাংলার মানুষেরা অন্ধকারে আছি, ঐ জাহাজ কারখানার ভবিষ্যৎ কি হল বা কি হবে। মাননীয় শিল্পমন্ত্রী তার বক্তৃতার মধ্যে এই উদ্বেগটাই প্রকাশ করে গেছেন এবং যথার্থভাবেই তার উদ্বেগ প্রকাশের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার ৪ কোটি ৮০ লক্ষ মানুষের উদ্বেগ প্রকাশিত হয়েছে। এই কথা সকলেই স্বীকার করবেন যে শিল্প-বাণিজ্যের ক্ষেত্রে আজকে যদি আশানুরূপ সফল লাভ না করতে পারি, যদি আমরা আজকে একটা ইন্ডাস্ট্রিয়াল রেভলিউশন, শিল্প বিপ্লব, যেটার একমাত্র সম্ভাবনা হলদিয়ার ক্ষেত্রে আছে ঐ জাহাজ নির্মাণ কারখানার মধ্যে দিয়ে সমস্ত একজিস্টিং ইঞ্জিনিয়ারিং ইউনিটগুলো যা রয়েছে এবং নূতন ইঞ্জিনিয়ারিং ইউনিট গড়ে তোলবার যে বিপুল সম্ভাবনা, সেই সম্ভাবনা আজকে হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা যদি না হয় তা চিরদিনের মতো লুপ্ত হয়ে যাবে এবং পশ্চিমবাংলার যে একটা উজ্জ্বল ভবিষ্যতের স্বপ্ন আমরা দেখছি, প্র্যাকটিক্যালি গত ৪ বছরে পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা রূপান্তরের ক্ষেত্রে, মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমরা কৃতজ্ঞতার সঙ্গে তার অবদান স্বীকার করি এবং এও স্বীকার করি এই পিছিয়ে পড়া পশ্চিমবাংলার প্রতি আমাদের প্রধানমন্ত্রীর যে সস্নেহ এবং সজাগ দৃষ্টি আছে, সেটাও আমরা স্বীকার করি, এই সমস্ত মেনে নিয়ে যদি আজকে দেখা যায় যে পশ্চিমবাংলা তার ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত হয়ে গেল তা হলে পশ্চিমবাংলার ভবিষ্যৎ কোথায় দাঁড়াবে, সেটা বুঝতে পারছেন এবং এটার কারোর আর বুঝতে বাকি থাকে না। আমি বলব, আজকে মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি তার সর্বশক্তি দিয়ে, তার যে ক্ষমতা আছে, তা তিনি প্রয়োগ করুন এবং মাননীয় বাণিজ্যমন্ত্রী, তার সমস্ত ক্ষমতা প্রয়োগ করে দেখুন যে হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা, আমরা দিল্লি থেকে আদায় করতে পারি কিনা, তা যদি না হয় তা হলে পশ্চিমবঙ্গের প্রতি অবিচার করা হবে। আমরা বারবার বলছি, এটা পটেন্সিয়ালিটি, পটেন্সিয়ালিটি ইজ নট অ্যাকচ্যুয়ালিটি, এটা কি করে অ্যাকচ্যুয়ালি জাহাজ নির্মাণ কারখানা করা সম্ভবপর হয় সেটা দেখতে হবে। যেহেতু এটার উপর অনেক অ্যানিসিলিয়ারি ইন্ডাস্ট্রিজ নির্ভর করছে। এছাড়া আর একটা জিনিসের সম্ভাবনা সম্পর্কে সকলের মনে আছে, তারও কোনও হদিশ আমরা পাচ্ছি না। সেটা হল পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রিজ, এই পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স নির্ভর করছে হলদিয়ার রিফাইনারি কাজের উপর আজ পর্যন্ত হলদিয়ায় রিফাইনারি ক্যাপাসিটি যদি ৩.৫ মিলিয়ন টন হয় তা হলে আশা করি কিছু নেই। কিন্তু এর থেকে যে ন্যাপথার প্রোডাকশন হবে, সেটা দুর্গাপুর ফার্টিলাইজার কর্পোরেশনকে সাপ্লাই দিয়ে, এবং হলদিয়ার নিজস্ব যে ফার্টিলাইজার হচ্ছে, তাকে সাপ্লাই দিয়ে এমন কিছু বাড়তি থাকবে না যার উপর পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স গড়ে উঠতে পারে। এই পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্সের দ্বারা ওখানে সিন্থেটিক ফাইবার হতে পারে, সিন্থেটিক রাবার ফ্যাক্টরি হতে পারে এবং আর অনেক অ্যানিসিলিয়ারি ইন্ডাস্ট্রিজ গড়ে উঠতে পারে।

[3-20 — 3-30 p.m.]

কিন্তু এখনও আমরা জানি না বাণিজ্য দপ্তর কি করছে বা সেরকম প্রেসার ক্রিয়েট করছে কিনা, সেখানে অন্ততপক্ষে ঐ হলদিয়া রিফাইনারির ৭ মিলিয়ন টন্স-এ তাদের ক্যাপাসিটিকে এক্সপেন্ডেড করার জন্য চেষ্টা করছে কিনা, কেননা ৭ মিলিয়ন টন্স-এ ক্যাপাসিটি এক্সপেন্ডেড না হলে হলদিয়া রিফাইনারি থেকে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স গড়ে তোলবার মতো আমরা কোনও সহযোগিতা পাব না। সুতরাং পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স এবং হলদিয়ার শিপ বিল্ডিং ইয়ার্ড যা পশ্চিমবাংলার ভবিষ্যতের পক্ষে, যা পশ্চিমবাংলার বর্তমানের পক্ষে অপরিহার্য তা যদি আমরা না করতে পারি তা হলে আমাদের সমস্ত আশা নির্মূল হয়ে যাবে। আগেও বলেছি যে এ বিষয়ে ওয়েস্ট বেঙ্গলে যে ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানের অ্যাপ্রোচ ছিল হলদিয়া রিফাইনারির ক্যাপাসিটি সেখানে ৭ মিলিয়ন টন্স বাড়াবার কথা বলা হয়েছে। আমরা জানি না এ সম্বন্ধে এই দপ্তর কি চিন্তা করছে। কিন্তু আজ পর্যন্ত হলদিয়াতে ৬৮টি মৌজা দখল করা হয়েছে প্রায় ১৮ বর্গমাইল জায়গা নিয়ে, ফলে সেখানকার সমস্ত গ্রামবাসীরা উদ্বাস্তু হয়ে গেছে, ১৪ পুরুষের বাস্তুভিটে ছেড়ে রাস্তায় ভিখারির মতো ঘুরে বেড়াচ্ছে। অথচ ওখানকার এমপ্লয়মেন্ট ক্যাপাসিটি ফার্টিলাইজার কর্পোরেশনের ১,৪০০, আর ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনে হাজার, ১,২০০ বেশি হবে না। এখানে যদি হলদিয়া থমকে দাঁড়ায় তাহলে সারা পশ্চিমবাংলা এবং পূর্ব ভারত যে স্বপ্ন দেখছে, দূর অস্ত, অনেক দূরের কথা। যাদের ঘরবাড়ি চলে গেছে, তাদের ঘরের বেকার ছেলেরা চাকুরির জন্য কুকুরের মত, শিয়ালের মত ঘুরে বেড়াচ্ছে, তাদের কি হবে? কোনও পরিকল্পনা হচ্ছে না, উন্নয়ন কাজ হচ্ছে না, আবার ৫২ গ্রামের ওপর নোটিশ জারি করা হয়েছে। যে সমস্ত গ্রাম দখল করা হয়েছে সেই সমস্ত জায়গায় কোনও উন্নয়নের পদধ্বনি শোনা যাচ্ছে না, তাই আমি অনুরোধ করব মাননীয় মন্ত্রী এবং মন্ত্রীসভার কাছে যে, হলদিয়া না হলে আমরা বাঁচব না, জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে দাঁড়িয়ে শিল্প গড়ার পরিকল্পনা দেখছি—পশ্চিমবাংলার কোটি কোটি মানুষ এবং আমরা গত চার বছর ধরে একটা বিষয়ে একটা স্বপ্ন দেখতে শুরু করেছি এবং উই অর এন্টারিং ইনটু এ নিউ এরা অফ হিস্ট্রি, অবস্থার পরিবর্তন করছি এবং রূপান্তরের পথে চলেছি, একটা শিল্প বিপ্লব এবং অর্থনৈতিক বিপ্লবের পথে চলেছি। সুতরাং আমাদের দাবি, যে দাবিতে ১৯শে এপ্রিল এই হাউসে পশ্চিমবাংলার কোটি কোটি মানুষের মনোভাবের প্রতিফলন ঘটেছে—আমাদের দাবি হলদিয়াতে কেন্দ্রকে জাহাজ নির্মাণ কারখানা ক'রে দিতে হবে এবং পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স গড়ে তুলতে হবে, তার জন্য আমরা পশ্চিমবাংলার মানুষ চিরদিন কেন্দ্রের কাছে এবং এই মন্ত্রী সভার কাছে কৃতজ্ঞ থাকতে পারি। এই কয়টি কথা বলে আজকে এই বাজেট বরাদ্দের যে দাবি উপস্থিত করা হয়েছে তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিতাইপদ ঘোষ ঃ মাননীয় স্পিকার স্যার, মাননীয় শিল্পমন্ত্রী শিল্পখাতের যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে মাননীয় স্পিকার স্যার, আপনি জানেন আজকে হরশংকরবাবু ইণ্ডাস্ট্রি সম্বন্ধে অনেক কথা বলে গেলেন, কিন্তু তাঁকে আমি বলি যে, তাঁদের আমলে ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত ৯২৪টি কারখানা বন্ধ হয়ে ১ লক্ষ ৮৬ হাজার কর্মী ছাঁটাই হয়েছিল, কিন্তু আমাদের সরকারের আমলে এই ৪ বছরে অধিকাংশ কর্মীই কাজ পেয়েছে। শুধু তাই নয়, ১ লক্ষ ৯৭ হাজার কর্মীর নতুন করে কর্মসংস্থান হয়েছে। তারপর ১৯৬৭ সাল থেকে ৭১ সাল পর্যন্ত কত বিনিয়োগ হয়েছিল, আর এখন কত বিনিয়োগ হচ্ছে? ১৯৬৭ সাল থেকে ৭১ সাল পর্যন্ত দেখেছি ১২৮টি কম্পানির রেজিস্ট্রেশন হয়েছিল, সেখানে এইবারে কোম্পানি রেজেস্ট্রি হল ৬৭৫টি।

এক সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে ৬৫টি সংস্থাকে লাইসেন্স দেওয়া হয়েছে যার ক্যাপিটেল হচ্ছে ৯৯৯ কোটি টাকা। এই টাকা লগ্নী করে ১ লক্ষ ৯৭ হাজার লোক কাজ পেয়েছে। অতএব আশা করি নিশ্চয় কিছু কাজ হয়েছে। তিনি বলেন শিল্পগুলি যদি রুগ্ন হয়ে যায় তাহলে কি হবে এর মা ও দায়ের উপমা দিলেন। শিল্পমন্ত্রী কি কারখানা চালাবেন, না এ বিষয়ে তাঁর পার্টিরও কিছু দায়িত্ব আছে। আজ কোন ডাইনির নজরের ফলে ছেলেমেয়েকে বিসর্জন দেবার চেষ্টা করছেন। তিনি বললেন প্রাইভেট সেক্টরে ৮ কোটি টাকা বরাদ্দ আছে। আমাদের সরকার থেকে যতই চেষ্টা করুন না কেন, ৮ থেকে ১৬ কোটি টাকা করুন না কেন, পশ্চিমবাংলায় ব্যবস্থা হবে না যদি না আমরা ভালভাবে তার জন্য চেষ্টা করি। শিল্প রুগ্নতার দিনের ক্ষতি হবে এটা ঠিক। সমাজতান্ত্রিক দৃষ্টি নিয়ে দেখলে সরকারি পরিচালনায় এইসব শিল্পকে আনতে হবে। কিন্তু এই সমস্ত শিল্পে যে লস হচ্ছে তার জন্য দায়ি কি সরকার, না অন্যকিছু। সেজন্য আমি বলব তাদেরও দেখা দরকার যাতে এই সমস্ত শিল্প রূগ্ন না হয়। সরকারের সীমিত ক্ষমতার মধ্যে প্রাইভেট সেক্টরে শিল্প গড়া ছাড়া উপায় নেই। সেইজন্য প্রাইভেট সেক্টরে ডাকা হচ্ছে। আজ জুট অ্যাগ্রো বেসড ইণ্ডাস্ট্রি ডুবছে। এই জুট শিল্পকে না বাঁচাতে পারলে পশ্চিমবাংলার ভবিষ্যৎ অন্ধকার। কাঁচামাল ও বিভিন্ন কারণে পশ্চিমবাংলা শিল্পের নাম একটি উৎকৃষ্ট স্থান। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব অ্যাগ্রো বেসড ইণ্ডাস্ট্রি করার চেষ্টা করুন। বীরভূমে যেসব চিনিকল চালু হয়েছে তাতে ১ কোটি টাকা ইনভেস্ট করেছেন। কিন্তু আখ উৎপাদন ভাল হচ্ছে না। যাতে আখ চাষ ভাল হয় সেজন্য চাষীদের ঘাস জমি বন্টন করার ব্যবস্থা করুন। শেষে, আমি মাইনস সম্বন্ধে বলব পশ্চিমবাংলার কয়লা ও লোহা ছাড়া আরও অনেক ক্ষুদ্র ক্ষুদ্র মিনারেলস আছে। এই মিনারেল নিয়ে বেকাররা যাদের অল্প পুঁজি তারা ভাল ব্যবসা করতে পারে।

[4-00 — 4-10 p.m.]

স্যার, আমরা সবাই মন্ত্রীসভার কাছে বলছিলাম যে মিনারেলের উন্নতির জন্য মিনারালস ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠিত করুন, সেই মিনার্যালস ডেভালপমেন্ট কর্পোরেশান গঠিত হয়েছে, কিন্তু সেই মিনার্যাল ডেভালপমেন্টের নাম তুলে দিয়ে মিনার্যাল ট্রেডিং কর্পোরেশন করে দিন। তারা ডেভেলপমেন্ট করতে চেষ্টা করলেও ডেভেলপমেন্ট করতে পারবে না। আমি বলছি উত্তরবঙ্গে ডলোমাইটের একটা বিরাট স্তর আছে, তারা মাপ করল, দেখল যে সেখানে উন্নত মানের ডলোমাইট আছে। রাজস্থান থেকে দুর্গাপুরে ডলোমাইট আসছে, আমরা উত্তরবঙ্গ থেকে ডলোমাইট দূর্গাপুরে আনতে পারি, কিন্তু ফরেস্ট ডিপার্টমেন্ট বলছে ওখানে পার্মিসান দিতে পারব না। ১৮শো বর্গমাইল যেখানে ফরেস্ট সেখানে ১ বর্গমাইল জায়গা ছাড়লে কি ক্ষতি হত আমি জানি না। এইরকমভাবে যদি একটা ডিপার্টমেন্টের সঙ্গে আর একটা ডিপার্টমেন্টের রেযারেযি চলে যে কার ক্ষমতা বেশি তা হলে উন্নতি হবে না। বীরভূম জেলায় মিনার্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশান হয়েছে, সেখানে পোথর খোলার জন্য ৩৫/৩৬ জন শিক্ষিত বেকার যুবক মিলে একটা সংস্থা করেছেন, তাদের মিনার্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশান থেকে লিজ দেওয়া হয়েছে। তারা পাথরের ব্ল্যাস্ট, চীপস তৈরি করল, ব্যাংক থেকে লোন নিল, লোন নিয়ে দেখল রাস্তার অভাবে মাল আসছে না। বহু মাইল রাস্তা হয়েছে, কিন্তু যেখানে ২০ হাজার লোকের কর্মসংস্থান হতে পারে, যেখানে শিক্ষিত বেকার যুবকদের কর্মসংস্থান হতে পারে সেখানে ৮/১০ মাইল রাস্তা প্রায়োরিটি দিয়ে করে দিলে কি ক্ষতি হত আমি জানি না। এই অব্যবস্থা শুধু নয়, ইলেকট্রিসিটির জন্য ১ বছর আগে টাকা জমা দেওয়া হয়েছে, আমি বহুবার মিনার্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশানে গেছি, কিন্তু আজ পর্যন্ত প্রায়োরিটি দিয়ে ইলেকট্রিসিটি পেল না। কি করে উন্নতি হবে? আজকে বিহারের পাকুড় থেকে পাথর আনা হচ্ছে, বিহার তার জন্য রয়্যালটি পাচ্ছে, সেই রয়্যালটি আমাদের পশ্চিমবঙ্গ পেতে পারত। সেজন্য আমার দাবি ডিপার্টমেন্টের মধ্যে সমন্বয়সাধন করা হোক, না হলে এই মিনার্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশানকে উঠিয়ে দেওয়া হোক। আমরা দেখেছি তারা বিভিন্ন দিক থেকে চেষ্টা করে যাচ্ছে। সামান্য টাকা দিয়ে রাস্তা করে দিলে এক বছরে তার টাকা আদায় হয়ে যেত, কিন্তু সেখানে কোনও রাস্তা হল না। এটা অত্যন্ত দুঃখের। আমি মন্ত্রীসভার কাছে অনুরোধ করব বিভিন্ন ডিপার্টমেন্টের সঙ্গে পরস্পরের প্রতিযোগিতার ক্ষেত্র যেন এই মিনার্যাল ডেভেলপমেন্ট কর্পোরেশান না হয় এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোবিন্দ চ্যাটার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এমন সময়ে এই শিল্প-বাণিজ্য খাতে আলোচনার জন্য উপস্থিত হয়েছি যখন পশ্চিমবঙ্গে প্রকৃতপক্ষে শিল্পে

নাভিশ্বাস উঠেছে। গতকাল শ্রমমন্ত্রী বিধানসভায় বলেছেন যে ১ লক্ষ ৪৪ হাজার লোক জরুরি অবস্থা ঘোষিত হওয়ার পর বেকার হয়েছে এবং বহু শিল্প বন্ধ হয়ে গেছে। প্রাসঙ্গিকভাবে বলতে চাই যে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বহু বড় বড় শিল্প প্রতিষ্ঠানের পরিচালকরা যারা মনোপলি হাউসের মধ্যে পড়ে বা ইনটারকানেকটেড কোম্পানির ক্ষেত্রে পড়ে এরা জাতীয়করণ বা অধিগ্রহণের ভয়ে আর একটা কারণ থাকতে পারে, দায়িত্ববোধহীনভাবে বিভিন্ন কোম্পানির ক্ষেত্রে টাকা নানাভাবে বের করে দিচ্ছে, শিল্পকে ধ্বংস করার রাস্তাতে নিয়ে যাওয়া হচ্ছে। এইসব বড় বড় শিল্প প্রতিষ্ঠানে প্রতি বছর অডিটর আসেন, কন্টিনিউয়াস অডিট হয়, কিন্তু তাঁরা দায়সারা কাজ করে যান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন ক্ষেত্রে ট্রাভেলিং এনটারটেনমেন্ট করে, বিল ম্যানিপুলেট করে, স্টক ম্যানিপুলেট করে, প্রোডাকশানের মালকে বাইরে বের করে দিয়ে বে-আইনিভাবে নানা কায়দায় টাকা সরিয়ে দেওয়ার প্রচেষ্টায় রয়েছে।

এরা এরকমভাবে শুধু যে নিজেদের কোম্পানির সর্বনাশ করছে তা নয়, শেয়ার-হোল্ডারদের সর্বনাশ করছে তা নয়, তারা শ্রমিকদের সর্বনাশের পথে ঠেলে দিচ্ছে। আমি আমার নিজের এলাকার একটা ঘটনা বলছি। সেখানে একটা বড় শিল্প প্রতিষ্ঠান রয়েছে এবং সেখানকার উৎপন্ন মালস্টোর্স অ্যাণ্ড স্টকিস্ট দেখছি রাতের অন্ধকারে বাইরে চলে যায় এবং এই ঘটনাকে উপলক্ষ্য করে সেখানে একটা চক্র গড়ে উঠেছে যাদের কাজ হচ্ছে বড় কোম্পানির চোরাই মাল চালান করার ব্যাপারে এঁদের সাহায্য করা। স্যার, এক উপলক্ষ করে এখানে খুন, জখম পর্যন্ত হয়। এখান ল অ্যাণ্ড অর্ডারের প্রশ্ন জড়িত রয়েছে। স্যার, কলকাতা শহরে যে সমস্ত বড় বড় শিল্প প্রতিষ্ঠান রয়েছে তাদেরও কিছু কিছু ক্ষেত্রে এই অবস্থা হচ্ছে এবং তাদের সংক্যা নগণ্য নয়। এই সমস্ত শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক, কর্মচারিরা খুব শংকিত হয়ে আছে এবং তারা তাদের নিজেদের দাবি-দাওয়া অর্থাৎ মাইনে বৃদ্ধির দাবি ভুলে গিয়ে শুধুমাত্র তাদের শিল্পকে বাঁচাবার কাজে নেমে পড়েছে। স্যার, আমাদের ভারতবর্ষে এবং বিশেষ করে পশ্চিমবাংলায় তো বটেই, মাল্টি ন্যাশনাল কোম্পানীর যারা শোষক রয়েছে তাদের কথা এই প্রসঙ্গে আসে। আমি ১৯৭৩-৭৪ সালের একটা হিসেব দিচ্ছি। গত ১ বছরে অ্যালকালি কেমিক্যাল ১৭৮ লক্ষ টাকা, সিবা ১১৪ লক্ষ টাকা, সাইনামাইড ১১৫ লক্ষ টাকা, গ্ল্যাগসো ১৭৫ লক্ষ টাকা, ফাইজার ২০৯ লক্ষ টাকা, মে অ্যাণ্ড বেকার ২০১ লক্ষ টাকা এরকম রেটে তারা প্রফিট করেছে। এদের মধ্যে অনেকেরই আমাদের পশ্চিমবাংলায় কাজকর্ম আছে। এদের সুপার প্রফিটের ঝোঁক রয়েছে এবং দামের ব্যাপারে এদের কোনও বাদবিচার নেই। সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিস, যেমন ওষধ, তার দাম যখন খুশি ডিকটেটেড প্রাইস করে তারা এইভাবে তাদের লাভের অংক বাড়িয়ে তুলছে এবং অন্যদিকে কিছু কিছু কোম্পানীকে কায়দা করে টুকরো টুকরো করে দিচ্ছে। এর ফলে

সেখানকার শ্রমি এবং কর্মচারীদের ক্ষতি হচ্ছে। এরকম মাল্টি-ন্যাশনাল কোম্পানি বহু রয়েছে এবং এর মধ্যে ব্যাংকও রয়েছে। তাদের হাতে প্রচণ্ড টাকা গিয়ে পড়ছে এবং তার মাধ্যমে নাশকতামূলক কার্য হচ্ছে। আমরা চিলির ঘটনা জানি, সেখানকার আলেনদে সরকারকে গদিচ্যুত করবার জন্য কত টাকা ব্যয় করা হয়েছিল। আমেরিকার খবর যেটা আমাদের এখানে এসে পৌঁছায় তাতে দেখছি বড় বড় কোম্পানি যাদের বিভিন্ন কন্টিনেন্ট ব্যবসা রয়েছে তারা কিভাবে টাকা দিয়ে নাশকতামূলক কার্য করছে নিজেদের ব্যবসা ছাড়া। তারপর লকিং কর্পোরেশনের ঘটনা কাগজে বেরিয়েছে এবং পশ্চিমবাংলায় আমরা এই ঘটনা থেকে বাইরে নয়। তাছাড়া, মনোপলি ক্যাপিটালের আক্রমণ রয়েছে। আমরা সম্প্রতি হিন্দুস্থান মোটরের ঘটনা দেখেছি। বিড়লা ব্রাদার্সের কথা হরশংকরবাবু বলেছেন যে, তারা ক্যাবিনেটকে আল্টিমেটাম দিয়েছে। শুধু তাই নয়, টাটা কোম্পানি সর্বভারতীয় ক্ষেত্রে ভারত সরকারকে আল্টিমেটাম দিয়ে বলেছে তাদের ডিমান্ড চার্টার যদি মেনে না নেওয়া হয় তাহলে তারা টাটা ইণ্ডাস্ট্রিস বনধ করে দেবে।

[4-10 — 4-20 p.m.]

এখন সর্বভারতীয় ক্ষেত্রে আক্রমণ হয়েছে পশ্চিমবাংলার ক্ষেত্রে আক্রমণ আছে। পশ্চিমবাংলার বিশেষ অবস্থা হচ্ছে যে মনোপলিস্টদের ঘাঁটির সবচেয়ে বড়ঘাঁটি ভারতবর্ষের মধ্যে। অন্য কোন রাজ্যে মনোপলি ক্যাটিটালিস্টদের এত বড় তাণ্ডব নেই। মাননীয় শিল্পমন্ত্রী যদি ভাবেন যে এই সমস্ত সমস্যাগুলি কেন্দ্রীয় সরকারের ব্যাপার এবং এই ব্যাপারে রাজ্যের কিছু করণীয় নাই, তা হলে আরও ঘোরতর সর্বনাশের ব্যাপার হবে। এই রাজ্যে অবস্থিত শিল্প সংস্থাগুলি যদি বিপন্ন হয় এবং সরকারের উপর যদি হুমকি দিয়ে চাপ দিয়ে কাজ আদায় করবার চেষ্টা হয়, তাহলে আমাদের রাজ্যে শিল্প মার খাবে এটা বুলে গেলে বলবে না। এদিক থেকে আমাদের শিল্পমন্ত্রীর যে বাজেট বর্ক্তৃতা এবং গতবারের বর্ক্তৃতাও দেখেছিলাম তাতে এই সমস্ত সমস্যাগুলির কোনও উল্লেখ নাই। আমাদের শিল্প দপ্তর এইসমস্ত সমস্যাগুলির ব্যাপারে যদি একটা সেল নিয়োগ করে এগুলিকে স্টাডি করে সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে, তার কোনও ব্যবস্থা বা আয়োজন দেখছি না। সেজন্য আমি বিচার করতে বলব মাননীয় শিল্পমন্ত্রীকে যেমন কেন্দ্রীয় স্তরে প্রধানমন্ত্রীর নিজস্ব রিসার্চ অ্যাণ্ড অ্যানালিটিক্যাল উইং আছে, অনুরূপে কোন সংস্থা আমাদের রাজ্যের ক্ষেত্রে করা যায় কিনা। সেটা শিল্পমন্ত্রী বা মুখ্যমন্ত্রীর কৃতিত্বে হোক যাতে ইচ্ছাকৃতভাবে শিল্পের ক্ষতি করা এবং মানুষকে বেকারত্বের দিকে ঠেলে দেওয়া এই যে সর্বনাশা প্রচেষ্টা রয়েছে তাকে যাতে কাউন্টার অ্যাটাক করা যায় এবং উপযুক্ত সময়ে যাতে ব্যবস্থা গ্রহণ করা যায় সেটা দেখা দরকার। এটা নিঃসন্দেহে পার্লামেন্টের ব্যাপার, সেজন্য পার্লামেন্টকে যাতে প্রভাবিত করতে পারেন, কেন্দ্রীয় সরকার

যাতে এই জিনিসটা টেক আপ করেন সেদিক দিয়ে আমাদের রাজ্য সরকারের নিশ্চয়ই দায়িত্ব আছে। আমরা দেখছি পশ্চিমবাংলার ক্ষেত্রে আমাদের অগ্রগতি খুব একটা হচ্ছে না। আজকে মাননীয় শিল্পমন্ত্রী যে বক্তৃতা করলেন তা সত্ত্বেও আমি বলব যে খুব একটা অগ্রগতি হচ্ছে না এবং মন্ত্রী মহাশয় যে তথ্য সরবরাহ করেছেন যে বইটা আজকে দিলেন দু-একদিন আগে দিলে হয়ত পড়ে দেখতে পারতাম, যাই হোক যে সমস্ত ফিগার আমরা পেয়েছি তাতে দেখছি স্টেট ইনকাম ৩.৯ পারসেন্ট বাড়া মানে সাধারণের মনে হবে যে আমাদের ইণ্ডাস্ট্রিগুলি ভালভাবে চলছে কিন্তু অবস্থা হচ্ছে এই যে আমাদের রাজ্যের ক্ষেত্রে এই যে স্টেট ইনকাম বেড়েছে করেসপণ্ডিং টু ন্যাশনাল ইনকাম এটা প্রধানত হয়েছে এগ্রিকালচারাল প্রোডাকশন উন্নতির ফলে এবং ১৯৪৯-৫০ বেস ইয়ার ধরলে এগ্রিকালচার প্রোডাকশন ইনটেক হিসাবে ধরলে ১৯৭৪-৭৫-এ ১৮২তে পৌঁছে যেখানে ১৯৭৪-৭৫ সালে ১৬৭ ছিল। অন্যদিকে শিল্প উৎপাদন অত্যন্ত সামান্য বেড়েছে, প্রায় স্ট্যাটিক থেকে গেছে। এটা শিল্প দপ্তরের কোনও কৃতিত্ব বহন করবে না। স্টেট ইনকাম বাড়ার সঙ্গে সঙ্গে তার করেসপণ্ডিং রিফ্লেকশান ইণ্ডাস্ট্রিয়াল ইনকাম, ইণ্ডাস্ট্রিয়াল প্রোডাকশান যদি দেখতে না পায় তাহলে এটা একটা রেটগ্রেড স্টেট বলতে হবে। এগ্রিকালচার প্রোডাকশানে যেটা ব্যাকলগ ছিল সেটা ইমপ্রুভ করেছে। এগ্রিকালচারাল প্রোডাকশান ইমপ্রুভ করেছে কিন্তু এটার যদি রিপ্লেকশান স্টেট ইনকাম-এ হয় তাহলে সেটা ইণ্ডাস্ট্রিয়াল বেজে শ্রীবৃদ্ধি করছে না। এই অবস্থায় কাল কুটির শিল্পের ক্ষেত্রে বলেছিলাম আমাদের রাজ্যে ব্যাংকের সংখ্যা কম এবং ব্যাংক ফিনান্সের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে ব্যাংকের ভূমিকা যে গৌরবোজ্জ্বল তা তো নয়। সেখানে সর্বভারতীয় অ্যাভারেজ হচ্ছে ২৯ হাজার মানুযের পিছু একটি করে ব্যাংক সেখানে আমাদের এখানে মানুযপিছু একটা করে ব্যাংক। পেড আপ ক্যাপিটালের ক্ষেত্রে আমাদের রাজ্যে গত বৎসর ২০ কোটি টাকা মাত্র পেড আপ ক্যাপিটাল বেড়েছে। আর অথরাইজড ক্যাপিটাল, যে বই দিয়েছেন তা থেকে দেখছি উইথ অ্যান অথরাইজড ক্যাপিটাল অব ৬.৫৫ ক্রোড় বলেছেন। কিন্তু আপনি নিশ্চয়ই জানেন যে অথরাইজড ক্যাপিটাল আর পেড আপ ক্যাপিটালের মধ্যে পার্থক্য আছে। যেমন ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সাকশন অ্যান্ড ইনস্টল্ড ক্যাপাসিটির মধ্যে পার্থক্য আছে, ক্যাপিটালের ক্ষেত্রেও তাই। অথরাইজড ক্যাপটাল এক কোটি টাকা হতে পারে কিন্তু তার পেড আপ ক্যাপিটাল মাত্র ১০ লক্ষ টাকা, এখানে অথরাইজড ক্যাপিটাল নয়, এখানে পেড আপ ক্যাপিটালটাই ধরতে হবে। যদিও এর মধ্যে ফ্যাক্টরি, ওয়ার্কিং কিভাবে ইউজ হচ্ছে দেখতে হবে। আমাদের এখানে পেড আপ ক্যাপিটাল ইনক্রিজ করেছে ২.৪ পারসেন্ট যেখানে অল ইন্ডিয়া অ্যাভারেজ ৫.৮ পারসেন্ট। অর্থাৎ সর্বভারতীয় ইনক্রিজ হচ্ছে ৫.৮ পারসেন্ট সেখানে আমাদের হয়েছে ২.৪ পারসেন্ট ৫০ পারসেন্ট কম। এবং আমাদের রাজ্যে ফ্লাইট ব্যাক ক্যাপিটাল হচ্ছে না। যে সমস্ত বড় বড় প্রতিষ্ঠান,

মাল্টিন্যাশনাল কর্পোরেশন, মনোপলি ক্যাপিটাল আমাদের এখানে মুনাফা করছে তারা ক্যাপিটাল ফ্লাইট ব্যাক করছে না। এটা এম. আর. টি. পি. অ্যাক্টের আওতায় না পড়লে অন্যভাবে কি করে করা যায় তা চিন্তা করতে হবে। জয়েন্ট সেক্টর প্রোজেক্টে এখানে দেখলাম যে কিছু কিছু মাল্টি-ন্যাশনাল কর্পোরেশনের নাম রয়েছে যে লিস্ট দিয়েছেন, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর যে বুকলেট বিলি হয়েছে তার মধ্যে আছে। আমাদের রাজ্যে এখানে একটা বিশেষ সমস্যা আছে সেটা হচ্ছে অ্যানসিলারি ইন্ডাস্ট্রি গড়ে উঠছে না এবং এটা ক্ষুদ্র শিল্পের ব্যাপারে এবং বৃহৎ শিল্পের ব্যাপারে দরকার। সেজন্য বড় শিল্পের সঙ্গে এটাকে ট্যাগ করে মালিকদের যদি বাধ্য করানো হয় তা হলে অ্যাডিশনাল এমপ্লয়মেন্ট জেনারেটেড হতে পারে। কিন্তু এ সম্বন্ধে মন্ত্রী মহাশয় কিছু বললেন না, বাজেটের মধ্যেও কিছু দেখতে পাচ্ছি না। অধ্যক্ষ মহাশয়, এই অ্যানসিলিয়ারি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পশ্চিমবঙ্গে যে সমস্ত সুযোগ-সুবিধা রয়েছে সেগুলি রাজ্যের স্মল স্কেল ইন্ডাস্ট্রি এবং মিডিয়াম ইন্ডাস্ট্রি, এই দুটিকে নিয়ে পরিকল্পনা করে, দুটি দপ্তরের মধ্যে কো-অর্ডিনেশন করেন এবং এর উপর যদি বেশি গুরুত্ব দেন তা হলে বোধ হয় নূতন এমপ্লয়েমন্ট জেনারেট হতে পারে এবং তা হলে ফারদার অ্যানসিলারি ইন্ডাস্ট্রিস বাড়ানোর জন্য রাস্তা পরিষ্কার হতে পারে অনেকটা। এখন আমাদের রাজ্যে যে সমস্ত বড় সমস্যা সেখানে একজিস্টিং ইউনিটগুলি সিক হয়ে পড়ছে কিন্তু আজকের দিনে এই সমস্ত মুকাবিলা করবার জন্য একটা জিনিস সিরিয়াসলি ভাবা দরকার। এখানে ২০ পয়েন্ট প্রোগ্রামে ওয়ার্কার্স পার্টিসিপেশনের কথা আছে। কিন্তু এখানে যেভাবে নেওয়া হচ্ছে তাতে আমার আপত্তি আছে কারণ সেখানে তারা শুধু এক্সচেঞ্জ অব ইনফরমেশন করবে, আমি মনেকরি তাদের প্লান্ট লেভেলে রাখা উচিত। তা যদি না করেন তা হলে লাভজনক শিল্প গড়ে উঠা সম্ভব নয়। আমি জানি না রাজ্য সরকারের মন্ত্রীরা কি দৃষ্টি দিয়ে এটাকে দেখবেন। এই ব্যাপারে শিল্প দপ্তর ওয়ার্কার্স পার্টিসিপেশন যদি এনসিয়োর করতে না পারেন তা হলে ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন অপটিমাম লেভেলে নিয়ে যাওয়া সম্ভব নয়। কারণ তাদের বহু হ্যাজার্ডস-এর মধ্যে দিয়ে তাদের কাজ করতে হয়। সেই হ্যাজার্ডস-এর মধ্যে জেনুইন থাকতে পারে, কতকগুলি জেনুইন নাও থাকতে পারে।

[4-20 — 4-30 p.m.]

আমি আর একটা বিষয়ের প্রতি শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে শিল্পোৎপাদন এবং শিল্প প্রসারের জন্য বড় সমস্যার সৃষ্টি হয়েছে এনভাইরনমেন্টাল পলিউশন। আপনি হয়ত সংবাদপত্রের দেখেছেন কাল পার্লামেন্টেও এ নিয়ে আলোচনা হয়েছে, হুগলি নদীর জল ভীষণভাবে পলিউটেড হয়ে যাচ্ছে। এই যে ইন্ডাস্ট্রিয়াল এক্সপ্যানশন হচ্ছে তাতে যে এনভাইরনমেন্টাল পলিউশন হয় তার জন্য আমি অনুরোধ

জানাব যে লাইসেন্স দেবার সময় এটা যেন খতিয়ে দেখা হয়। কেননা এই এনভাইরনমেন্টাল পলিউশনের জন্য এমন অবস্থা দাঁড়াচ্ছে যে তাতে শিল্পের প্রসারই রোধ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সমস্ত বিষয়গুলি মাননীয় শিল্পমন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতায় উল্লেখ না থাকার জন্য দুঃখের সঙ্গে আমি তার যে ডিমান্ড তা সমর্থন করতে পারছি না।

শ্রী গঙ্গাধর প্রামাণিক ঃ মাননীয় স্পিকার স্যার, আমি আজকে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি বাজেট সম্পূর্ণভাবে সমর্থন করতে গিয়ে দুই-একটি কথা বলতে চাই। আজকে মন্ত্রীর পর যে প্রথম বক্তা সি. পি. আই. সদস্য হরশঙ্করবাবু তাকে উদ্দেশ্য করেই দুই-একটি বলতে চাই। আমাদের ইন্ডাস্ট্রি মিনিস্টার ফরওয়ারডের লাস্ট মেন্টেনসটি পড়লেই দেখা যাবে তিনি বলেছেন দি ওনলি ম্যাজিক অ্যাজ আওয়ার প্রাইস মিনিস্টার হ্যাজ সেইড দ্যাট ক্যান ব্রিংগ আউট দিস ইজ, "হার্ড ওয়ার্ক, ক্লিয়ার ভিশন, আয়রন উইল অ্যান্ড দি স্ট্রিকটেস্ট ডিসিপ্লিন।" আপনি যদি দেখেন তো দেখবেন ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত তারা যে মূল্যের চাষ করেছিলেন সেই মুল্যে বার করতে পারেননি, লাঙ্গল দিয়ে দিলেন তাতে ধরিত্রী দ্বিধা হও এমন অবস্থা, রক্তপাত হয়ে গেল, মূল্যে তোলা সম্ভব হল না, মূলো ভিতরে চলে গেল, এইরকম একটা অবস্থায় তারা দেশকে এনেছিলেন। আপনি দেখবেন ফোর্থ প্ল্যানে ভারতবর্ষের সেন্ট্রাল প্রোজেক্টের টোটাল ফিনান্সের মাত্র ফোর পারসেন্ট পেয়েছিলেন, অর্থাৎ ফোর্থ প্ল্যানে— ১৯৬৯-৭৪ সালের মধ্যে কেন এত আনরেস্ট? দেশের প্রতি তাদের মমতা একেবারে ছিল না, এইরকম অবস্থার সৃষ্টি করেছিলেন, এইরকম অরাজক অবস্থার সৃষ্টি করেছিলেন যে সেন্ট্রাল থেকে পশ্চিমবঙ্গে টাকা দাদন করতে একেবারে নারাজ হয়েছিলেন। এই নারাজ হবার কারণেই আজকে হরশঙ্করবাবু যে কথা বলছেন যে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ ছিল ২২.৭৫ পারসেন্ট শেয়ার, সেটা এসে দাঁড়াল টেন পারসেন্টে, খুব স্বাভাবিক। তার কারণ হচ্ছে ১৯৫৯ সালে পশ্চিমবাংলায় শান্তি বিরাজ করছিল, সেখানে ইনভেস্টমেন্ট হয়েছে, ইন্ডাস্ট্রি চলেছে, গ্রোথ হয়েছে। কাজে কাজেই পার্টিসিপেশন ইন দি টোটাল ইনভেস্টমেন্ট ইন ইন্ডিয়া ২২.৭৫ পারসেন্ট ইন নর্মাল কন্ডিশনে হয়েছে। আজকে ১৯৭৪-এ উনি বলছেন টেন পারসেন্ট, কারণ হচ্ছে ১৯৬৯ সাল থেকে পশ্চিমবাংলাকে যে অবস্থায় আনা হয়েছে, সেই অবস্থা থেকে আবার নর্মাল স্টেটে আনতে গেলে যে অবস্থা দরকার তা তারা সৃষ্টি করেননি, যার ফলে সেই অবস্থায় ফিরে যাওয়া সম্ভব হয়নি, বড় ইন্ডাস্ট্রি হয়নি। আপনি যদি দেখেন তো দেখবেন, গত ৮/৯ বছরে যেখান থেকে হেভি ইন্ডাস্ট্রি মেইনলি প্রোডাকশন যেটা—যেখানে প্রোডাকশন বাড়ে পার্টিসিপেশন বাড়ে লোকের এমপ্লয়মেন্ট হয় সেগুলি হচ্ছে স্টিল মিল, রিফাইনারি, কেমিক্যাল, ফরটিলাইজার, ফারমাসিউটিক্যাল কম্পানিজ অ্যান্ড শিপ বিল্ডিং—এগুলো ডিউরিং দিস পিরিয়ড—লাস্ট ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান-এ সেন্ট্রাল গভর্নমেন্টের যে টাকা ছিল তা সমস্তই তারা ইনভেস্ট করেছিলেন এক পশ্চিমবঙ্গ

ছাড়া আর সমস্ত প্রদেশে। কাজে কাজেই এখন আপনি জানেন একটি হেভি ইন্ডাস্ট্রি করতে গেলে তাতে যথেষ্ট সময় প্রয়োজন হয়। আজকে হুকুম এল আর কালকে সুইচ টিপে দিলাম এবং সঙ্গে সঙ্গে তার প্রোডাকশন আরম্ভ হয়ে গেল। তা সম্ভব নয়, একটা হেভি ইন্ডাস্ট্রি করতে গেলে তার একটি ব্লুপ্রিন্ট তৈরি করতে হয়, আর জায়গা ঠিক করতে হয়, কনস্ট্রাকশন করতে হয়, প্রয়োজনমতো বাইরে থেকে মেশিন আমদানি করতে হয়, মেশিন এলে তা বসাতে হয়, তার জন্য লোকজন যোগাড় করতে হয়, র-মেটিরিয়ালস ইত্যাদি যোগাড় করে তবে তার প্রোডাকশন আরম্ভ করতে হয়। এই যে টাইম এই টাইমের গ্যাপের মধ্যে অন্যান্য প্রদেশে টাকা এর জন্য ইনভেস্টমেন্ট করা হয়েছে প্রোডাকশন—পার্টিসিপেশন ইন প্রোডাকশন বেশি হতে বাধ্য, কাজেও তাই হয়েছে। সুতরাং এতে নিরাশ হবার কিছু নাই, আপনি নিশ্চয়ই আশা প্রকাশ করতে পারেন—আমাদের সি. পি. আই. ও আর. এস. পি. বন্ধুদের মতো হতাশ হবার কারণ নাই। লো টেম্পারেটার কারবোনাইজেশন প্ল্যান্ট যেটা হয়েছে আমাদের এখানে—আপনার সেই প্ল্যান্ট ২৪ কোটি টাকার প্ল্যান্ট। দু বছরের ভেতর যেখানে কনস্ট্রাকশন আরম্ভ হয়ে গেছে এবং এতে স্টেট পার্টিসিপেশন-এর কথা ছিল। সেন্ট্রাল গভর্নমেন্ট তখন বলেছিলেন—যদি তোমরা ২৬ পারসেন্ট স্টেট পার্টিসিপেট কর, আমরা ২৪ কোটি টাকা দিতে পারি। আজ পশ্চিমবাংলার যা কন্ডিশন যে অবস্থা এসেছে, আমাদের এই সৎ সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হবার পর যে অবস্থা ফিরিয়ে এনেছে আজকে তার পরিপ্রেক্ষিতে সেন্ট্রাল গভর্নমেন্ট ২৪ কোটি টাকার বেশি প্ল্যান্ট স্যাংশন করেছেন, টাকারও ব্যবস্থা তারা করেছেন। যেটা গভর্নমেন্টকে একটা পয়সাও তাতে পার্টিসিপেট করতে হচ্ছে না। ইট ইজ এ কমপ্লিমেন্ট টু দি অ্যাডমিনিস্ট্রেশন রান বাই দিস গভর্নমেন্ট। কাজে কাজেই যারা দেশের অবস্থাকে খারাপ সৃষ্টি করেছিল, আজকে তারা আমরা যারা স্টেট পরিচালনা করছি, তাদের ... দাঁড় করানোর চেষ্টা করে নিজেরা আসামী না হয়ে আজকে কি রকম তারা দিবাস্বপ্ন দেখছেন আশ্চর্য। আজকে তারা বিধানসভায় কি রকম অসত্য কথা বলে দেশকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। যার জন্য আজকে সমস্ত অসত্য প্রচার বন্ধ করবার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট এই ব্যবস্থা করেছেন ; এই কারণে করেছেন— মানুষকে বিভ্রান্ত করে ইন্ডাস্ট্রিয়ালিস্টদের বিভ্রান্ত করে যাতে পশ্চিমবাংলায় কোনও টাকা দাদন করা না যায়। এই অসৎ প্রচেষ্টা বন্ধ করবার জন্য আজকে এই সরকারকে এই ব্যবস্থা নিতে হয়েছে। দেশের যারা শত্রু দেশকে ধ্বংস করবার জন্য অপর দেশের মুখাপেক্ষী হয়ে থাকে, তাদের কথায় যারা ডাইভেস্টেড হয়ে দেশকে বিভ্রান্তির পথে নিয়ে যায়, তাদের মুখ বন্ধ করবার জন্য কাল আর একটি বিল পাস করতে হয়েছে। ফরেন কান্ট্রিস থেকে টাকা আসতে গেলে তার জন্য সরকারি পারমিশন নিতে হবে, কি কি বাবদ সেই টাকা তারা খরচ করছেন তাও সরকারকে দেখাতে হবে। আজকে পশ্চিমবাংলাকে বিভ্রান্ত করবার

জন্য যে সমস্ত রাজনৈতিক উঠে পড়ে লেগেছে, এর দ্বারা তাদের মুখ বন্ধ হয়ে যাবে। আমি আশাকরি এর পরে পশ্চিমবাংলাকে অর্থনৈতিক উন্নতি হতে বাধ্য যদি আমরা সকলে সেইভাবে কাজ করতে পারি।

এখানে আর একটি কথা বলতে চাই—হলদিয়া ও দুর্গাপুরে ইনফাস্ট্রাকচার আছে—এখানে যদি আমরা বেসিক মেটিরিয়াল তৈরি করবার প্লান্ট-এর ব্যবস্থা করি আমি বিশ্বাস করি এই ফারমাসিউটিক্যাল প্রডিউশ-এর জন্য আজকাল যেমন আমরা পরমুখাপেক্ষী হয়ে থাকি, তা আর হতে হবে না। এতে করে পশ্চিমবঙ্গের যে অর্থকরি ব্যবস্থা আছে, তা আরও সুদৃঢ় আমরা করতে পারব।

[4-30 — 4-40 p.m.]

এই সরকারকে দিচ্ছি। ইন্ডাস্ট্রি মিনিস্টার এবং এই ডিপার্টমেন্ট তারা চেষ্টা করছেন সেন্ট্রাল গভর্নমেন্টকে রাজি করাতে যাতে এখানে এইরকম বেসিক মেটিরিয়ালস তৈরি করা যায়। একটা কথা অত্যন্ত আক্ষেপের সঙ্গে বলতে হচ্ছে এবং দৃষ্টি আকর্ষণ করছি ইন্ডাস্ট্রি মিনিস্টারের আজকে বর্ধমান, জলপাইগুড়ি ইত্যাদি কতকগুলো জেলাকে ইন্ডাস্ট্রিয়ালি অনগ্রসর বলা হয়েছে এবং ২৪ পরগনার মাত্র ব্যারাকপুর এবং বজবজে সম্ভবত কিছু সম্ভবত আছে, একথা আমরা অস্বীকার করছি না। কিন্তু ২৪-পরগনার যে আয়তন তাতে এই জেলা অন্তত তিন-চারটে জেলার পরিমাণের সমান। সেই হিসাবে যে ইন্ডাস্ট্রি আছে তা ২৪-পরগনার পরিপূরক নয়। এই কারণে আমি অনুরোধ জানাব ইন্ডাস্ট্রি মিনিস্টারের মাধ্যমে ক্যাবিনেটের কাছে যে ২৪ পরগনাকে ইন্ডাস্ট্রিয়ালি ব্যাকওয়ার্ড হিসাবে ঘোষণা করে সেখানে ইন্ডাস্ট্রির ব্যবস্থা গ্রহণ করা হোক। এই কথা বলে বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী তরুণকান্তি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রথমেই মাননীয় সদস্য শ্রী গঙ্গাধর প্রামাণিক তার বক্তব্যের শেষে যে প্রস্তাব রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাই মনে প্রাণে। ২৪ পরগনার বিস্তীর্ণ এলাকা ব্যারাকপুর সাব-ডিভিশন এবং সদর সাব-ডিভিশন ছাড়া যে কোনও জেলার মতো সমানভাবে ব্যাকওয়ারড। হতে পারে, পুরুলিয়া, বাঁকুড়া, ওয়েস্ট দিনাজপুর এরা হয়ত অত্যন্ত ব্যাকওয়ারড কারণ এইসব জেলাগুলো কলকাতা থেকে বহু দূর আছে এবং ২৪ পরগনা কলকাতার কাছাকাছি হওয়ায় এখানকার লোকদের কলকাতায় কাজ করার সুযোগ থাকতে পারে। কিন্তু ২৪-পরগনা এবং হাওড়া সমানভাবে ব্যাকওয়ার্ড এ বিষয়ে কোনও সন্দেহ নেই। এখানে মাননীয় সদস্য শ্রী অহিন মিশ্র বলে গিয়েছেন তাকে ধন্যবাদ জানাই এবং গঙ্গাধরবাবুও বলে গিয়েছেন হলদিয়ার কথা। আমাদের সবাইকে জোর করে বলতে হবে হলদিয়ার কথা। নিতাই ঘোষ মশাই

জুট ইন্ডাস্ট্রি সম্বন্ধে বলেছেন। জুট সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের যতটুকু করণীয় করা সম্ভব করার চেষ্টা করা হচ্ছে। আমরা ভারত সরকারের কাছে যাগাযোগ করে ভারত সরকারের কাছে তুলে ধরার চেষ্টা করছি যে এই যে এই ইন্ডাস্ট্রিতে লক্ষ লক্ষ কৃষক জড়িত আছেন এবং তার ব্যবস্থা করা হচ্ছে। সুগার মিল সম্বন্ধে নিতাইবাবু যে কথা বলেছেন সে সম্পর্কে নিতাইবাবু এবং বীরভূমের এম. এল. এ.-দের বলব এখানে আখ যা হয় অন্যভাবে কাজে লাগানো হয়, চিনির জন্য আসে না। নিজেরা যাতে কাজে না লাগায় এবং সুগার কেনের জন্য আসে সেদিকে দৃষ্টি দিতে তাদের আমি অনুরোধ করব। সুগার মিলের ব্যাপারে এইটুকু বলতে পারি আমি সেদিকে দৃষ্টি রেখেছি। গোবিন্দবাবু বক্তব্য রেখে গেলেন, তিনি ও হরশঙ্করবাবু একই পার্টির সদস্য। কিন্তু তার বক্তৃতার মধ্যে একটা কনস্ট্রাকটিভ সুর ছিল তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি যে কথা বলেছেন তা নিশ্চয় মনে রাখব এবং শেষ কালে আমার অত্যন্ত স্নেহভাজন ভাই হরশঙ্করবাবু, তিনি আমাকে তরুণদা বলেন, তার বক্তব্যের উপর বলব। তিনি কমিউনিস্ট পার্টির সদস্য। তিনি যে কথা বলেন সেটা সব সময় তার মনের কথা নাও হতে পারে, বেশির ভাগ মনের কথা না হতে পারে। কারণ কমিউনিস্ট পার্টির সদস্য হওয়াতে যে নির্দেশ আসে সেই নির্দেশ অনুযায়ী তাকে বক্তব্য রাখতে হয়। অতএব ব্যক্তিগতভাবে তাকে আমি কিছু বলতে চাইছি না। তবে এইটুকু বলতে চাইছি তারা পশ্চিমবঙ্গে প্রোডাকশন কোনও রকম বাড়াতে পারেননি সেজন্য দায়ী করব হরশঙ্করবাবুর পার্টিকে। ইউ এফ গভর্নমেন্টের আমলে গত ১৯৬৬ সালে তাদের শেয়ার ছিল ২০% অব দি টোটাল অল ইন্ডিয়া প্রোডাকশন। সেই প্রোডাকশন ১৯৭০ সালে ১৪%। আমি তাকে জানিয়ে দিচ্ছি যখন তারা মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লেজুড় হিসাবে কাজ করেছিলেন তখন এই পশ্চিমবাংলায় এমন অবস্থা সৃষ্টি হয়েছিল যে এখানে একটি বড় শিল্প ভারত সরকারের কাছ থেকে আসেনি। ১৯৬৭ সালের পর থেকে যত স্টিল মিল, ফার্টিলাইজার ফ্যাক্টরি রিফাইনারি ক্যাপাসিটি যা উৎপাদন হয়েছে বা বেড়েছে তা পশ্চিমবাংলার বাইরে গেছে। Thanks to Communist leadership and thanks to members who supported teh U.F. Govt. এটা ডোন্ট ফরগেট ইট ইন এনি কেস। আজকে লো কারবনাইজেশ প্ল্যান্ট কেন কমে গেল বলছেন। আমাদের দিকে আঙ্গুল দেখাচ্ছেন। কিন্তু একটা আঙ্গুল আমাদের দিকে দেখাতে গিয়ে তিনটি আঙ্গুল আপনাদের দিকে থাকছে এটা মনে রাখবেন। আজকে লো ইনসিডেন্ট্যালি এক্সপেন্স-এর জন্য ৫ হাজার টাকা দিয়েছি। আশাকরি উনি লেখাপড়া জানেন, প্রফেসারি করেন, তিনি মূর্খ নন এটা জানা উচিত। গঙ্গাধরবাবু অবশ্য বলেছেন একথা এবং এটা ওরও জানা উচিত ২২ কোটি টাকা প্ল্যান্টের জন্য ২৬% পশ্চিমবঙ্গ সরকার দিতে রাজি হয়েছিল এবং তার জন্য ২৬% রাখাও হয়েছিল। কিন্তু সিদ্ধার্থ রায়ের প্রচেষ্টায় এবং সকলের আন্তরিকতায় ভারত